GOV-GAZZ
JANU-JUNE

1868

Das
Librarian
Uttarpara Joykrishna Public Library
Govt. of West Bengal

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 14, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৪ জানুআরি।

HOME DEPARTMENT

LEGISLATIVE

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 3rd January 1868, and is hereby promulgated for general information —

ACT No I OF 1868

An Act for shortening the language used in Acts of the Governor General of India in Council and for other purposes

[Preamble]

WHEREAS it is expedient to shorten the language used in Acts made by the Governor General of India in Council, and to make certain provisions relating to such Acts, It is hereby enacted as follows —

[Short title]

1 This Act may be cited as "The General Clauses' Act, 1868"

[Interpretation clause]

2. In this Act and in all Acts made by the Governor General of India in Council after this Act shall have come into operation,—unless there be something repugnant in the subject or context,—

[Gender]

(1) Words importing the masculine gender shall be taken to include females;

[*Government Gazette*, 14*th January* 1868]

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইনেতে উক্ত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ৮৬৮ সালের জানুআরি মাসের ৩ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইনের কথা সংক্ষেপ করণার্থ ও অন্য২ অভিপ্রায়ার্থ আইন।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইনের বাক্যবাহুল্য সংক্ষেপ করা এবং ঐ২ আইন সম্পর্কীয় কোন২ বিধান করা বিহিত। এই হেতু নিম্নলিখিত বিধান করা গেল।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন ১৮৬৮ সালের "সাধারণ ধারাবিষয়ক আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[অর্থ করিবার ধারা।]

২ ধারা। এই আইনেতে, এবং এই আইন প্রচলিত হইবার পর মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে সকল আইন প্রণয়ন করেন, সেই সকল আইনেতে, যদি লিখিত বিষয়ের ও পূর্ব্বাপর কথার বিপরীত অর্থ না হয়, তবে

"লিঙ্গ।"

(১) পুংলিঙ্গবোধক শব্দে স্ত্রীবাচক শব্দ।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, JANUARY 7, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ৭ জানুআরি।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্তিহার।

জেলা ২৪ পরগনা।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা।

এতদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে এই জেলার অন্তর্গত নিম্নোক্ত খাসমহাল গবর্ণমেন্টের জমিদারি স্বত্ব জেলা ২৪ পরগনা কালেক্টরি কাছারিতে সন ১৮৬৮ সালের ১৩ জানুআরি মোতাবেক ১২৭৪ সালের ১ মাঘ সোমবার দিবসে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীন থাকিবেন ইতি।

নম্বর ষ্টেটমেন্ট।	নম্বর তৌজি।	নাম মহাল ও পরগনা।	জমির কমি বা বেসী পরিমাণ।	সদর জমা			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			একর কড পোল	নির্দ্ধারিত জমা।	রোড ফণ্ড।	মোট।		
১০৩	১০৫৩	প গুটনেকাটী মহাল গুটনেকাটী	এ ক প ৫২। ।০ ৩২।	ইং ১২৭৪ সাল না- ১২৮৩ দশ সন নিষ্কর			১১৭৸৶৪	
			কাত— বিঘা কাঠা ছটাক ১৫৭ ।১ ০	১২৮৪ সাল ফি বিঘা ৶০ আনা হিং ১৪৷৷৵১১	৶৪	১ ৪৸৶৩		
			ইহার মধ্যে চতুর্থাংশের একাংশ চিরদিনের জন্য নিষ্কর রহিল	১২৮৫ সাল ফি বিঘা ।০ আনা হিং ২৯।৵ ০	।৯	২৯৸৭		
			৩৯ ।১ ৷৷০	১২৮৬ সাল ফি বিঘা ।৶ আনা হি- ৪৪৵৯	।৵১	৪৪৷৷৶১০		
			বাকী বার আনার কম ১১৭৸৪৷৷০	১২৮৭ সাল হইতে প্রতি সাল ফি বিঘা ৷৷০ আনা হিং ৫৮৸৶৮	৷৷৵৫	০		

২৯ নবেম্বর ১৮৬৭ সাল।

A. Smith,
Collector

জিলা হুগলী।

কাছারি কালেক্টরি জিলা হুগলী।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলী জিলার অন্তর্গত নিম্নলিখিত খাস মহাল লাখেরাজস্বরূপে ৮৬৮ সালের ১০ই জানুআরি মোং ১২৭৪ সালের ২৭ পৌষ শুক্রবার এই জিলার কালেক্টরী কাছারিতে নীলাম ইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি এই ক্রোড় পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রে র সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীন থাকিবেন ইতি ১৮৬৭ সাল ১০ই ডিসেম্বর।

	জিলার তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	ভুমির পরিমাণ ন্যূনাধিক।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				নির্দ্ধারিত রাজস্ব।	রোড ফণ্ড।	একুন।		
			এ রু পো					
০৪	২২১৬	চাকবান বাজেযাপ্তী কলুপুকুরিয়া প০ জাহানাবাদ	০।২।৩২	০	০	০	২১৸৵০	এই মহালে গবর্ণমেন্টের যে স্বত্ব আছে তাহা লাখেরাজ স্বরূপে বিক্রয় হইয়া খরিদারকে অর্শিবে।

J S PARK
Deputy Collector, in charge

জিলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মেদিনীপুর।

ইহার দ্বারায় সংবাদ দেওযা যাইতেছে জেলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নের লিখিত খাস মহালে গবর্ণমন্টের মালিকী স্বত্ব সন ১৮৬৮ সালের ৮ জানুআরি মোতাবক বাঙ্গলা ১২৭৪ সালের ২৫ পৌষ আমলি ১২৭৫ সালের ২৬ পৌষ বুধবার জেলা মেদিনীপুরের কালেক্টরী কাছারিতে নিলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেক তাহারা এই ক্রোডপত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রযের নিযমের অধীনে থাকিবেন ইতি।

গবর্ণমেন্টে মহালের নম্বর।	তৌজীর নম্বর।	মহালের ও পরগনার নাম।	একবেত্তে ভুমির ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব।	রোড ফণ্ড।	একুন।		
			এ রু প					
২৫	১২১৬	হিজলতলা পং রাণী টাকি	৯৮।০।০	৩২৲	৵	৩২।৵	৬৪৲	এই মহালের বন্দোবস্তের ম্যাদ গত আমলি ১২৭৪ সালের শেষে সমাপ্ত হইয়াছে খরিদার বর্ত্তমান আমলি ১২৭৫ সালের প্রথম অবধি দখল পাইবেন।

মেদিনীপুর
১৩ই নবেম্বর ১৮৬৭।

T H H SHORTT,
Offg Collector

জিলা চট্টগ্রাম,।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলার মধ্যবর্ত্তী নীচের লিখিত খাস মহালের গব
মেন্টের মালিকী স্বত্ব আগামি ১৮৬৮ ই-রেজীর ১৫ জানুআরি মোতাবেক ১২৭৪ বাঙ্গালার ২ মাঘ বুধবার অ
জেলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রে
সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৭ ইংরেজী তারিখ ২৭ নবেম্বর।

রাজকীয় মহালের তৌজিনবিসের নম্বর।	জেলার বহির নম্বর।	মহালের এবং পরগনার নাম।	ন্যূনাধিক পরিমাণে যত একর	সদর জমা।			নীলামের প্রথম ডাকের মূল্য।	মন্তব্য।
				সাব্যকরা রাজস্ব।	রাস্তার টেক্স	সর্ব্বশুদ্ধ		
			এ রু প গ					
১	৫২৯	তরফ গোবিন্দরাম ডাক্তর থানে বউ-আন	১।১।৩৩।৭৸	১৵০	২	১৵২	২।০	নীলাম খরিদার ১২ বাঙ্গলার প্রথমহই দখল পাইবেক।
৮	৩৯৪৬৯	কাযেমি জমীদারি ভৈরবচন্দ্র বাবতে তালুক উমেদআলি থানে সাতকালিয়া	২।১।৩৪।২৭				৮৸০	এই মহাল নি সূত্রে বিক্রী হইে নীলাম খরিদার ১২ বাঙ্গলার প্রথম তে দখল পাইে
৯	৬০৫২	তালুক আলকাবিবি থানে শহর	০।০।১১।১৭				॥৵০	এই মহাল নি সূত্রে বিক্রী হইে নীলাম খরিদার ১ বাঙ্গলার প্রথম তে দখল পাইবেব
১১	৪৮৮৯	তালুক বৈদ্যনাথ ঠাকুর থানে পটীয়া	০।০।১০।৯॥				৸০	এই মহাল নি সূত্রে বিক্রী হই নীলাম খরিদার ১ বাঙ্গলার প্রথম তে দখল পাইবে
১২	২৬০৭	তালুক কাইচনী ও জিওরাম ও আত্মারাম থানে পটীয়া	০।০।৯।১৫৸				৸৬	এই মহাল নি সূত্রে বিক্রী হই নীলাম খরিদার ব দের তারিখাবধি পাইবেক।

G L Harris,
Offg Collector.

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বাকরগঞ্জ।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকরগঞ্জের অন্তর্গত নিম্নের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব সন ১৮৬৮ সালের ১৯ ফেব্রুআরি মোতাবেক বাঙ্গলা সন ১২৭৪ সালের ৮ ফাল্গুণ বুধবার জেলা বাকরগঞ্জের কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেক তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি।

গবর্ণমেণ্টের মহালের নম্বর।	তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরেতে ভূমির ন্যুনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				মালগুজারি রাজস্ব।	রোড ফণ্ড।	একুন।		
			এ ক প					
১৬০	৪৫৭৬	জজিরা বাহের চর কদম তলী	৮৪।০।০	১০৭৸/	১/	১০৮৭৶	২১৫।৶	
১৯৬	৪৭৯৩	জজিরা চর নিপত্তাসী তৃতীয় খণ্ড	১২৯	৬৩৪৲	৬।৶	৬৪০।৶	১২৬৮৲	
১৯৮	৪৭৭৭	জজীরা চর পাতা	১১৯	৫৮৮৲	৫৸৶	৫৯৩৸৶	১১৭৬৲	
২১৫	২৬০১	তর্পে লস্কীরদিয়া শিবচন্দ্র রাজচন্দ্র দাস ভাং	২	১।।০	৵৩	১।।৩	৩৲	
২৭৪	৭০৬	পরগনে বৈকুণ্ঠপুর রাম মাণিক্য সেন ভাং	৩	৫৲	৵৯	৫৵৯	১০৲	
২৭৬	১৬৬৩	পং বোজর্গ উমেদপুর শিব নারায়ণ দাস ভাং	২	৬৲	/	৬/	১২৲	
ঐ ১৩।৭	১৪০৬নং ১১৫।২২৫ ১৬।১৩৯ ৬২।২২০ ১৪১	পং ঐ কিং ভেওলা ও মানওয়ার ওগয়রহ মুং আনন্দীরাম তাঁতী	১৫০	৫০৯৲	৫৶	৫১৪৶	১০১৮৲	
১৮	৫৬	পং ঐ কিং মানপাসা ও কুসঙ্গল সদর হাওলা নন্দরাম দাস	২	৯।০	/৬	৯।/৬	১৮।।০	
	ঐ	পং ঐ কিং ঐ	০।২	২।৶	৲৬	২।৶৬	৪৸০	
	ঐ	পং ঐ কিং ঐ	৩	১৩৸/	৶	১৩৸৶	২৭।।৶	
	ঐ	পং ঐ কিং ঐ	৪	১৬।।/	৶	১৬৸০	৩৩৶	
২২	৮৪	পং ঐ কিং মাজনি মুং গঙ্গাপ্রসাদ মৌলিক	১	৮৸৶	৶	৯৲	১৭৸০	
২৩	৯২	পং ঐ কিং মোকামিয়া মুং অজা কানু	২৬	১৪৫৲	১।৶	১৪৬।৶	২৯০৲	
ঐ	৯২	পং ঐ কি- ভবিবকাটী	০।৩	৬৲	/৬	৬/৬	২৲	
ঐ	৯২	পং ঐ কিং বিরাট	১৪	৬৯৲	।।৶	৬৯।।৶	১৩৮৲	
ঐ	৯২	কিং মহেশপুর	১২	৭৮৲	৸৬	৭৮৸৬	১৫৬৲	
২৭	১১৪	পং ঐ কিং কুসঙ্গল দেবী প্রসাদ সেন ভাং	১৪	৫৭৲	।।/৬	৫৭।।/৬	১১৪৲	
৩৯	১৪৭	পং সুমুর্গ ওমেদ পুর কিং ঝিলবুনিয়া সদর হাওলা মির ফজলে আলি	২৪।০।০	১৪৮৲	১।।	১৪৯।।০	২৯৬৲	
৪৫	১৬২	পং ঐ কিং কুসাংজল সাং মুং মুলুকচাঁদ কর্ম্মকার	১।০।০	৬৲	/	৬/	১২৲	
৪৭	১৬৪	পং ঐ কিং মোকামিয়া সাং মং কাশীনাথ দাস রাম সুন্দর মুখোপাধ্যায়	২৭।০।০	১৬১৲	১।।৶	১৬২।।৶	৩২২৲	
৪৮	১৭৩	পং ঐ কিং কাঠালিয়া মুং নরোত্তম দাস	১১।০০	৫৪৲	।।/	৫৪।।/	১০৮৲	

গবর্ণমেণ্ট মাহালের নম্বর	তৌজীর নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরেতে ভূমির ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা। খাস্তা করারজমা।	সদর জমা। রোড সেস।	সদর জমা। জুমলা।	নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			এ রু প					
৫২	১৭৮	পং বোজর্গ ওমেদপুর কিং মুখিয়াসুং চন্দ্রনারায়ণ দাস	৫।০ ০	১৮৲	৶	১১৮৶	৩৬৲	
৬১	৯৭	প. ঐ কিং ভগ্তকাটী মু- শ্রীনারায়ণ হাজরা।	১১।০।০	৫৭৲	।।৵	৫৭।।৵	১১৪৲	
৬২	১৯৮	প ঐ কিং কয়া বির নারায়ণ মুং সেদাদ্দীন।	৭।০।০	২৮৲	।৵	২৮।৵	৫৬৲	
৬৪	২০০	পং ঐ কিং রাজনগর মু- ভেলাবেগ।	৮।০।০	১৫০৲	১।।০	১৫১।।০	৩০০৲	
৭০	২০৭	পং ঐ কিং বোয়ালিয়া মু রামনরসিংহ রায়।	১১।০ ০	৫৪৲	।।০	৫৪।।০	০৮৲	
৭১	২০৮	পং ঐ কি- রামনগর।	৫।০।০	২৫৲	।০	২৫।০	৫০৲	
ঐ	২০৮	পং ঐ কিং ঐ	।০।০	৭৲	৵	৭৵	১৪৲	
৭২	২০৯	প- ঐ কিং পুনিহাট তাং মদেব দাস	৭।০।০	২৯৲	।৵	২৯।৵	৫৮৲	
৭৫	২১৪	পং ঐ হাট বিরঞ্জণ	৯ ০।০	১১১৲	৵	১১১৵	২২২৲	
৭৬	২১৫	পং ঐ কিং পুনিহাট	১।০।০	৬৲	/	৬/	১২৲	
৭৭	২১৭	প- ঐ কি- বোয়ালিয় মুং বৈষ্টবদাস তৈ	২২।০ ০	১১১৲	১/	১১২/	২২২৲	
৮২	২৩০	প ঐ হাট আমিনগঞ্জ	৪।০।০	২০৲	।০	২০।০	৪০৲	
৯০।৯	১২	প ঐ কিং বেতাসার লাখেরাজ ব্রহ্মোত্তর হরিদেব বিদ্যাবাগীশ	২৩ ০।০	১৩১৲	১।/	১৩২।/	২৬২৲	
৯২	৮	প ঐ কি- কেওয়াবুনিয় নাখেরাজ	৮।০ ০	৩৭৲	।৶	৩৭।৶	৭৪৲	
১০৯	২১	প ঐ কি কাফিলার মেমক তাফাল	।০।০	৮৲	৵	৮৵	১৬৲	
১২৮	৭	প ঐ কিং মোনারখালির দবিচর	০।০।০	৩৮৲	।৵	৩৮।৵	৭৬৲	
১৩৫	৮	প- ঐ কিং স্যাটিবুনিয়া দাবচর	।০ ০	৪৲	/	৪/	৮৲	
ঐ	৮	প ঐ কি ঐ	।০।০	৪৲	/	৪/	৮৲	
ঐ	৮	পং ঐ কি ঐ	০ ০	৫৲	/	৫/	১০৲	
ঐ	১৮	প ঐ কিং ঐ	০ ২।০	২৲	৻৬	২৻৬	৪৲	
১৪	১৫৭ ৪	প- ঐ দবিচর মোতালক কি- মোকারমের দবিচর	৩৫ ৩।০	১৭৭৲	৸০	১৭৬৸০	৩৫০৲	
১৬	৬	কিং বিরঞ্জনের দবিচর	৮৭।০।০	৪৮৭৲	৪৸৵	৪৯১৸৵	৯৭৪৲	
ঐ	১৬	কিং ঐ	৮৭।০।০	৪৯৪৲	৫৲	৪৯৯৲	৯৮৮৲	
২৯	৩১	প- ঐ কিং বৈদ্যাপাসার দরিচর	৩৭।০।০	১৫৬৲	১। /	১৫৭।।/	৩১২৲	
৫	৫৫	পং ঐ কিং কেওয়াবুনিয়া দবিচর	১১	৫৬৲	।।/	৫৬।।/	১১২৲	
৫২	৫৭	পং ঐ কি- কুমারখালির দবিচর	২	৫৲	/	৫/	১০৲	
ঐ	৫৭	প- ঐ কিং তিমিরকাটীর দবিচর	৬৭	৩৪৬।০	৩।৶৬	৩৪৯।।৶৬	৬৯২।।০	

গবর্ণমেণ্টের মহালের নম্বর।	তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরেতে ভুমির ন্যুনাধিক পরিমাণ।	সদর জমা।			নিলামে প্রথম ডাক।	মন্তব্য
				সরকারী রাজস্ব।	রোড ফণ্ড।	একুন।		
			এ রু পো					
৫৩	৬০	পং বোজর্গ ওমেদপুর কিং আণ্ডলিযাপুরের দরিচর	৩।০	৬/	/	৬৶	১২৶	
৫৫	৬৩	পং ঐ বামপুরের দরিচর	৬।০	২৬	।০	২৬।০	৫২৲	
৫৯	৬৮	পং ঐ দেওলির দবিচর	৪।০	১৭৲	।০	১৭ ০	৩৪৲	
৬৩	৭৩	পং ঐ শুকবির দরিচর	১২৪।০	৫৮৯৲	৬৲	৫৯৫৲	১ ৭ ৲	
৬৪	৭৪	পং ঐ কিং হরিদেবপুর ও হোগলা বুনিযাব দবিচব	৪৮১।	৯৭৫৲	৯৬৲	৯৯৫৸০	৩৯৯০৲	
২৫২	২৮ ২	উত্তর সাহবাজপুর কাশী রাম কৃষ্ণজীবন গুপ্ত	৬।২	২৫৸৶	।২	২৬৶২	৫১৸৶	
১৩০	১৪০৬ ১১	পং সুমুর্গ ওমেদপুর কিং আমুরা দরিচর	১৫২।	৫০১৲	৫৶	৫০৬৶	১০০২৲	
২৫৪	৩৫৭৯	রাজস্বের দশগুণ হায মূল্য পং শ্রীরামপুর আসককাযেম পাকা তালুক	০।১				১০	

H C SUTHERLAND,
Offg Collectr

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এক জে বাদো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 14, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৪ জানুআরি।

HOME DEPARTMENT.

LEGISLATIVE

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 3rd January 1868, and is hereby promulgated for general information —

ACT NO I OF 1868

An Act for shortening the language used in Acts of the Governor General of India in Council and for other purposes

[Preamble]

WHEREAS it is expedient to shorten the language used in Acts made by the Governor General of India in Council, and to make certain provisions relating to such Acts, It is hereby enacted as follows :—

[Short title]

1 This Act may be cited as "The General Clauses' Act, 1868 "

[Interpretation clause]

2 In this Act and in all Acts made by the Governor General of India in Council after this Act shall have come into operation,—unless there be something repugnant in the subject or context,—

[Gender]

(1.) Words importing the masculine gender shall be taken to include females,

[*Government Gazette*, 14*th January* 1868]

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইনেতে উক্ত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ৮৬৮ সালের জানুআরি মাসের ৩ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইনের কথা সংক্ষেপ করণার্থ ও অন্য২ অভিপ্রায়ার্থ আইন।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইনের বাক্যবাহুল্য সংক্ষেপ করা এবং ঐ২ আইন সম্পর্কীয় কোন২ বিধান করা বিহিত। এই হেতু নিম্নলিখিত বিধান করা গেল।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন ১৮৬৮ সালের "সাধারণ ধারাবিষয়ক আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[অর্থ করিবার ধারা।]

২ ধারা। এই আইনেতে, এবং এই আইন প্রচলিত হইবার পর মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে সকল আইন প্রণয়ন করেন, সেই সকল আইনেতে, যদি লিখিত বিষয়ের ও পূর্ব্বাপর কথার বিপরীত অর্থ না হয়, তবে

"লিঙ্গ।"

(১) পুংলিঙ্গবোধক শব্দে স্ত্রীলোকও গণ্য।

[Number]

(2) Words in the singular shall include the plural and *vice versa*

["Person"]

(3) "Person" shall include any company or association or body of individuals whether incorporated or not

["Year" and "month"]

(4) "Year" and "month" shall respectively mean a year and month reckoned according to the British calendar

[Immoveable property']

(5) "Immoveable property" shall include land, benefits to arise out of land and things attached to the earth, or permanently fastened to anything attached to the earth,

['Moveable property"]

(6) "Moveable property shall mean property of every description except immoveable property;

['Her Majesty"]

(7) "Her Majesty" shall include Her heirs and successors to the Crown

['British India']

(8) "British India' shall mean the territories for the time being vested in Her Majesty by the Statute 21 & 22 Vic cap 106 (*An Act for the better government of India)*, other than the settlement of Prince of Wales Island, Singapore and Malacca,

[Government of India']

(9) 'Government of India' shall denote the Governor General of India in Council or during the absence of the Governor General of India from his Council the President in Council, or the Governor General of India alone as regards the powers which may be lawfully exercised by them or him respectively

[Local Government']

(10) "Local Government' shall mean the person authorized by law to administer executive government in the part of British India in which the Act containing such expression shall operate and shall include a Chief Commissioner

["High Court"]

(11) "High Court' shall mean the highest Civil Court of appeal in such part,

["District Judge"]

(12) 'District Judge" shall mean the Judge of a principal Civil Court of original jurisdiction but shall not include a High Court in the exercise of its ordinary or extraordinary original civil jurisdiction,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১৪ জানুআরি।]

"বচন।"

(২) এক বচনান্ত শব্দে বহুবচনান্ত ও বহুবচনান্ত শব্দে এক বচনান্ত শব্দ গণ্য।

"ব্যক্তি।"

(৩) ব্যক্তি শব্দেতে কোন কোম্পানি কি সমাজ এবং সমবায়িত ও অসমবায়িত লোকসমাজ গণ্য।

"বৎসর ও "মাস।"

(৪) বৎসর ও মাস শব্দে ব্রিটনীয় পঞ্জিকামতে গণিত বৎসর ও মাস বুঝা ইবে।

"স্থাবর সম্পত্তি।"

(৫) ভূমি ও ভূমিহইতে উৎপাদনীয় লভ্য ও মৃত্তিকা সংলগ্ন দ্রব্য ও মৃত্তিকা সংলগ্ন দ্রব্যেতে চিরস্থায়ীরূপে নিবদ্ধ দ্রব্য "স্থাবর সম্পত্তি' শব্দে গণ্য।

"অস্থাবর সম্পত্তি।"

(৬) "অস্থাবর সম্পত্তি' শব্দে স্থাবরভিন্ন সকল প্রকারের সম্পত্তি বুঝাইবে।

"শ্রীশ্রীমতী মহারাণী।"

(৭) "শ্রীশ্রীমতী মহারাণী" শব্দে তদীয় উত্তরাধিকারিগণ ও তত্তৎপদধারিগণকে বুঝাইবে।

' ব্রিটনীয় ভারতবর্ষ।"

(৮) ভারতবর্ষের সুশাসনার্থ আইন নামে মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ক্রমে শ্রীশ্রীমতীর প্রতি যে সময়ে যে দেশ বর্ত্তে, "ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে পুলপিনাঙ ও সিংহপুর ও মালাকা উপনিবেশভিন্ন সেই সকল দেশ বুঝাইবে।

"ভারতবর্ষের গবর্ণমেণ্ট।"

(৯) "ভারতবর্ষের গবর্ণমেণ্ট শব্দে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব, কিম্বা মন্ত্রিসভাতে তাঁহার অনুপস্থানকালে মন্ত্রিসভার সভাপতি সাহেব কিম্বা ভারতবর্ষের গবর্ণর জনরল সাহেব একাকী লক্ষিত হন। তিনি কি তাঁহারা আইন অনুসারে ক্রমশ যে সকল ক্ষমতাক্রমে কার্য্য সম্পাদন করিতে পারেন তৎসম্পর্কে উক্ত শব্দে তাঁহাকে কি তাঁহাদিগকে বুঝাইবে।

"স্থানীয় গবর্ণমেণ্ট।"

(১০) 'স্থানীয় গবর্ণমেণ্ট" এই শব্দ যে আইনেতে থাকে সেই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে অংশে প্রচলিত হইবে, সেই অংশে যিনি আইনমতে কর্ত্তৃত্ব-কার্য্য নির্ব্বাহ করিবার ক্ষমতা প্রাপ্ত হন, স্থানীয় গবর্ণমেণ্ট শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে। প্রধান কমিস্যনর সাহেবও সেই শব্দে গণ্য।

"হাই কোর্ট।"

(১১) "হাই কোর্ট শব্দে উক্ত অংশের মধ্যে আপীলের উচ্চতম দেওয়ানী আদালত বুঝাইবে।

"জিলার জজ।"

(১২) "জিলার জজ" এই শব্দে মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাপন্ন প্রধান দেওয়ানী আদালতের জজ সাহেবকে বুঝাইবে। কিন্তু আদৌ মোকদ্দমা বিচার করিবার সাধারণ কি বিশেষ অধিকারপ্রাপ্ত হাই কোর্ট সেই শব্দে গণ্য নহে।

["Magistrate."]

(13) "Magistrate" shall include all persons exercising all or any of the powers of a Magistrate under the Code of Criminal Procedure,

["Barrister"]

(14) "Barrister" shall mean a barrister of England or Ireland, or a member of the Faculty of Advocates in Scotland,

["Section"]

(15) "Section" shall denote a section of the Act in which the word occurs;

["Will"]

(16) "Will" shall include a codicil and every writing making a voluntary posthumous distribution of property,

["Oath," "swear" and "affidavit"]

(17) "Oath" "swear" and affidavit" shall include affirmation, declaration, affirming and declaring in the case of persons by law allowed to affirm or declare instead of swearing,

["Imprisonment"]

(18) "Imprisonment" shall mean imprisonment of either description as defined in the Indian Penal Code,

["Son" "Father"]

(19) And in the case of any one whose personal law permits adoption, "son" shall include an adopted son, and "father" an adoptive father

3 In all Acts made by the Governor General of India in Council after this Act shall have come into operation —

[Revival of repealed enactments]

(1) For the purpose of reviving, either wholly or partially, a Statute, Act or Regulation repealed it shall be necessary expressly to state such purpose,

[Commencement of time]

(2) For the purpose of excluding the first in a series of days or any other period of time, it shall be sufficient to use the word "from,"

[Termination of time]

(3) For the purpose of including the last in a series of days or any other period of time, it shall be sufficient to use the word "to,"

[Official chiefs and subordinates]

(4) For the purpose of expressing that a law relative to the chief or superior of an office, shall apply to the deputies or subordinates lawfully executing the duties of such office in the place of their superior, it shall be sufficient to prescribe the duty of the superior;

[*Government Gazette*, 14th *January* 1868]

"মাজিষ্ট্রেট।"

(১৩) যে ব্যক্তি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে মাজিষ্ট্রেটের সকল কি কোন শক্তিক্রমে কর্ম্ম করেন "মাজিষ্ট্রেট" শব্দে সেই সকল ব্যক্তি গণ্য।

"বারিষ্টর।"

(১৪) "বারিষ্টর" শব্দে ইঙ্গলণ্ডের কি ঐরলণ্ডের বারিষ্টরকে অথবা স্কটলাণ্ডের আডবোকেটের ফাকল্টীর অন্তর্গত ব্যক্তিকে বুঝাইবে।

"ধারা।"

(১৫) কোন আইনেতে "ধারা" শব্দ থাকিলে সেই শব্দে সেই আইনের ধারা লক্ষিত হয়।

"উইল।"

(১৬) উইলের ক্রোড়পত্র এবং মরণোত্তর সম্পত্তি নিরূপণ বিষয়ে অভীষ্টসূচক প্রত্যেক লিপি "উইল" শব্দে গণ্য।

"শপথ" "শপথ করা" ও "আফিডেবিট।"

(১৭) যে ব্যক্তিদের প্রতি আইনমতে শপথ করণের পরিবর্ত্তে ধর্ম্মতঃ কি সত্য প্রতিজ্ঞা করিবার অনুমতি আছে তাঁহাদের পক্ষে শপথ ও শপথ করা ও আফিডেবিট এই২ শব্দের অর্থের মধ্যে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা ও সত্য প্রতিজ্ঞা ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করণ ও সত্য প্রতিজ্ঞা করণ গণ্য।

"কারাবন্ধন।"

(১৮) "কারাবন্ধন" শব্দে ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের নির্দ্দিষ্ট একতর প্রকারের কারাবন্ধন বুঝাইবে।

"পুত্র" "পিতা।"

(১৯) কোন ব্যক্তির স্বদেশীয় ব্যবস্থামতে যদি দত্তকপুত্র গ্রহণ করিবার অনুমতি থাকে তবে তাঁহার সম্পর্কে "পুত্র" শব্দের মধ্যে দত্তক পুত্র গণ্য ও পিতা শব্দের মধ্যে দত্তক গৃহীতা গণ্য ইতি।

৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইন প্রচলিত হইবার পরে যে সকল আইন প্রণয়ন করেন তন্মধ্যে

[রহিত বিধান পুন প্রবল করণের কথা।]

( ) রহিত কোন ব্যবস্থা কি আইন অংশতঃ কিম্বা সম্পূর্ণরূপে পুনশ্চ প্রবল করিবার অভিপ্রায় থাকিলে সেই অভিপ্রায় স্পষ্টরূপে ব্যক্ত করা আবশ্যক।

[সময়ারম্ভের কথা।]

(২) দিনশ্রেণীর কিম্বা নিরূপিত সময়ের আরম্ভসূচক শব্দের পরে "অবধি" শব্দ থাকিলে প্রথম দিন না ধরিবার অভিপ্রায় বুঝাইবে।

[সময়শেষের কথা।]

(৩) দিনশ্রেণীর কিম্বা নিরূপিত সময়ের অন্তসূচক শব্দের পরে "পর্য্যন্ত" শব্দ থাকিলে তন্মধ্যে শেষ দিন ধরিবার অভিপ্রায় বুঝাইবে।

[রাজকীয় প্রধান ও অধীন কার্য্যকারকদের কথা।]

(৪) কোন পদের প্রধান ব্যক্তির কি কর্ত্তৃপক্ষের প্রতি যে আইন বর্ত্তে, তদীয় প্রতিনিধি কি অধীন কর্ম্মকারক আইনমতে উপরিস্থ কার্য্যকারকের স্থলে ঐ পদের কর্ম্ম সম্পাদন করিলে ঐ আইন তাঁহারও প্রতি বর্ত্তে, উপরিস্থ কার্য্যকারকের কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দিষ্ট করিলেই উক্ত অভিপ্রায় জানা যাইবে।

[Successor]

(5) For the purpose of indicating the relation of a law to the successors of any functionaries, or of corporations having perpetual succession, it shall be sufficient to express its relation to the functionaries or corporations, and

[Substitution of functionaries]

(6) For the purpose of indicating the application of a law to every person or number of persons for the time being executing the functions of an office, it shall be sufficient to mention the official title of the officer at present executing such functions or that of the officer by whom the functions are commonly executed

[Duty may be taken *pro rata*]

4. Whenever by any Act or Regulation now in force or hereafter to be in force, any duty of customs or excise or in the nature thereof is leviable on any given quantity by weight measure or value of any goods or merchandize, a like duty shall be leviable according to the same rate on any greater or less quantity

[Recovery of fines]

5 The provisions of sections sixty three to seventy, both inclusive, of the Indian Penal Code, and of section sixty one of the Code of Criminal Procedure, shall apply to all fines imposed under the authority of any Act hereafter to be passed, unless such Act shall contain an express provision to the contrary

[Matters done under an enactment before its repeal to be unaffected]

6 The repeal of any Statute, Act or Regulation, shall not affect anything done or any offence committed or any fine or penalty incurred or any proceedings commenced before the repealing Act shall have come into operation

[Judicial notice to be taken of Acts]

7 All Courts of Justice, whether exercising civil or any other jurisdiction and all persons having by law or consent of parties authority to receive evidence, shall take judicial notice of all Acts and Regulations heretofore made, or hereafter to be made, by the Governor General of India in Council, the Governor of Madras in Council, the Governor of Bombay in Council and the Lieutenant-Governor of Bengal in Council or by the like authority in other parts of British India, whether the same be of a public or of a private nature

[Recital to be *primâ facie* evidence of truth of fact recited]

8. Any recital contained in any Act of the Governor General of India in Council heretofore

[উত্তরপদাধিকারি কথা।]

(৫) কর্ম্মসম্পাদকদিগের কিম্বা নিরন্তর পর্য্যায়বিশিষ্ট লোকসমাজের উত্তরপদাধিকারিদের সহিত আইনের যে সম্পর্ক থাকে ইহা প্রদর্শন করিবার জন্যে ঐ কর্ম্মকারকদিগের কি লোকসমাজের পক্ষে ঐ সম্পর্ক ব্যক্ত করাই প্রচুর।

[কর্ম্মসম্পাদকদিগের প্রতিনিধির কথা।]

(৬) যিনি কি যাঁহারা যে সময়ে কোন পদের কর্ম্ম সম্পাদন করেন তাঁহার কি তাঁহারদের পক্ষে কোন ব্যবস্থা যেরূপে প্রয়োগ হইবে ইহা দর্শাইবার জন্যে, যে কার্য্যকারক তৎকালে ঐ কর্ম্মসম্পাদন করিতেছেন কিম্বা তাহা সামান্যত যে কার্য্যকারকদ্বারা সম্পাদন হইয়া থাকে তাঁহার পদখ্যাতি ব্যক্ত করাই প্রচুর ইতি।

[হারানুসারে মাসুল লইতে পারিবার কথা।]

৪ ধারা। যে আইন এইক্ষণে প্রচলিত থাকে কি পরে প্রচলিত হইবে, তদ্দ্বারা যদি কোন মালের কি বাণিজ্য দ্রব্যের ওজন কি মাপ কি মূল্যানুসারে অবধারিত পরিমাণের উপর কষ্টম কি আবকারী মাসুল কিম্বা তত্তুল্য প্রকারের শুল্ক আদেয় হয়, তবে সেই দ্রব্যের ন্যূনাধিক পরিমাণের উপর সেই হারে তদ্রূপ মাসুল আদেয় হইবে ইতি।

[অর্থদণ্ড আদায় করিবার কথা।]

৫ ধারা। ইহার পরে যে সকল আইন প্রচারিত হইবে তাহাতে যদি প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকে, তবে সেই আইনের শক্তিক্রমে যে অর্থদণ্ডের আজ্ঞা হয় তৎ প্রতি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৬৩ অবধি ৭০ পর্য্যন্ত সমস্ত ধারার এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[কোন আইন রহিত হইবার পূর্ব্বে তদ্দ্বারা যে ক্রিয়া করা যায় তাহার বৈলক্ষণ্য না হইবার কথা।]

৬ ধারা। যদি কোন ব্যবস্থা কি আইন রহিত করা যায়, তবে যে আইনদ্বারা রহিত করা গেল সেই আইন প্রচলিত হইবার অগ্রে যে কোন ক্রিয়া করা যায় কিম্বা যে অপরাধ হইয়া থাকে, কিম্বা যে দণ্ডের কি অর্থদণ্ডের যোগ্যতা বর্ত্তিয়া থাকে কিম্বা যে মোকদ্দমা প্রভৃতি আরম্ভ হইয়া থাকে তাহার কোন প্রকারে বৈলক্ষণ্য হইবে না ইতি।

[বিচার কার্য্যে আইন স্বীকার করিবার কথা।]

৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ও মান্দ্রাজের মন্ত্রিসভাধিষ্ঠিত গবর্ণর সাহেব ও বোম্বাইয়ের মন্ত্রিসভাধিষ্ঠিত গবর্ণর সাহেব এবং বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, এবং ব্রিটনীয় ভারতবর্ষের অন্য অংশে তত্তুল্য ক্ষমতাবিশিষ্ট কর্ত্তৃপক্ষ ইতিপূর্ব্বে যে সকল আইন প্রণয়ন করিয়াছেন কি পরে করেন, তাহা সাধারণ কি বিশেষভাবাপন্ন হইলেও, দেওয়ানী ও অন্য প্রকারের বিচারাধিপত্যক্রমে কর্ম্মকারি সকল আদালত ও যে সকল ব্যক্তি আইনক্রমে কিম্বা উভয় পক্ষের সম্মতিক্রমে সাক্ষ্য গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হন তাঁহারা বিচারকার্য্যে সেই সকল আইন স্বীকার করিবেন ইতি।

[আইনের উল্লিখিত কথা সেই কথার সত্যতার প্রমাণ হইবার কথা।]

৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইতিপূর্ব্বে যে আইন প্রণয়ন করিয়া-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১৪ জানুয়ারি।]

made or hereafter to be made, shall be deemed by all such Courts and persons to be *primâ facie* evidence of the truth of the fact recited.*

WHITLEY STOKES,
Asst Secy to the Govt of India,
Home Department, (Legislative)

INDIAN RAILWAY BILL

A Bill to consolidate and amend the Law relating to Railways in India

(As altered by the Select Committee)

[Continued from page 10]

PART II

CONSTRUCTION OF RAILWAYS

A *Preliminary proceedings*

[Certificate authorizing surveys &c, necessary for prosecution of Railway]

4 The Local Government may from time to time issue certificates authorizing any Company which shall have entered into an agreement with the Secretary of State or the Governor General of India in Council, for the construction of a Railway, their servants and agents, to enter upon any lands, and to undertake such surveys, levels, or other examinations as may be necessary for the proper prosecution of the said Railway also to dig and bore into the subsoil and to indicate by suitable landmarks the boundaries of the land proposed to be taken, and the positions of the works proposed to be made and to perform all other necessary preliminary acts of the like nature

[Contents of Certificate]

Such certificates shall declare the persons entitled to use them, the time for which they shall be in force, and the districts or locality for which they shall be valid They shall be published in the official *Gazette*, they shall be judicially noticed,

And all persons acting under the authority so given shall be deemed to be public servants, within the meaning of Clause 10 of Section 21 of the Indian Penal Code and of Chapter IX of the same Code

[Proviso limiting authority]

Provided that they shall not enter any house, building or enclosure without having given twenty four hours notice to the occupier thereof, or without his assent, nor shall they injure or destroy any property, unless such injury or destruction be necessary

কেন কি পশ্চাৎ করেন তাহাতে কোন কিবা ব্যক্ত হইলে সকল আদালত ও সকল ব্যক্তি দৃষ্টিমাত্রে ঐ ব্যক্ত বিষয়ের প্রমাণস্বরূপ আইনের সেই কথা গ্রাহ্য করিবেন ইতি।

উইটলী ষ্টোক্স
দেশীয় ব্যবস্থাপক কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengale Translator*

ভারতবর্ষের রেলপথের পাণ্ডুলিপি।

(বিশেষ কমিটীর দ্বারা পরিবর্ত্তিত)

ভারতবর্ষের রেলপথবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

[১০ পৃষ্ঠা হইতে চলিতেছে।]

দ্বিতীয় খণ্ড।

রেলপথ প্রস্তুত করণসংক্রান্ত বিধি।

(A) প্রথমস্থলীয় কার্য্য।

[রেলপথ প্রস্তুত করণার্থে জরীপপ্রভৃতি করিবার ক্ষমতাপত্র আবশ্যক হওয়ার কথা।]

৪ ধারা। যখন কোন কোম্পানি শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সঙ্গে রেলপথ করিবার সম্বিৎ করেন, তখন উক্ত রেলপথসংক্রান্ত কার্য্য উপযুক্তমতে নির্ব্বাহ করিবার জন্যে ভূমিতে যাইবার এবং তাহা মাপিবার ও মৃত্তিকার সমতা দৃষ্টি করিবার ও অন্য বিষয়ের পরীক্ষা করিবার যে ক্ষমতাপত্র আবশ্যক, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ ঐ কোম্পানিকে ও তাঁহাদের চাকরদিগকে ও নিয়োগিদিগকে সেই ক্ষমতাসূচক সর্টিফিকট দিবেন। এবং মৃত্তিকা খনন করিয়া নিম্ন ভূমিতে গর্ত্ত করিবার, ও যে ভূমি লইবার প্রস্তাব হয় উপযুক্ত চিহ্নদ্বারা সেই ভূমির সীমা এবং যে কার্য্য করিবার প্রস্তাব হয় তাহার স্থান নিরূপণ করিবার ও অগ্রে কর্ত্তব্য তদ্রূপ অন্যান্য কার্য্য করিবার ক্ষমতাপত্র দিবেন ইতি।

[ঐ পত্রের মর্ম্মের কথা।]

যে ব্যক্তিরা উক্ত সর্টিফিকটের ব্যবহার করিবার অধিকারী হন তাঁহাদের নাম, ও সেই পত্র যত কাল ও যে জিলার কি স্থানের মধ্যে প্রবল থাকিবে তাহা ঐ পত্রে ব্যক্ত থাকিবে। পত্র রাজকীয় গেজেটে প্রকাশ হইবে এবং বিচার আদালতে তাহার প্রবলতা স্বীকার করা যাইবে।

এর যে সকল ব্যক্তি তদ্রূপ দত্ত ক্ষমতাক্রমে কার্য্য করেন তাঁহারা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২১ ধারার ১০ প্রকরণের ও সেই আইনের ৯ অধ্যায়ের অর্থমতে রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন।

[ক্ষমতার সীমা নিরূপণার্থক উপবিধি।]

কিন্তু তাঁহারা কোন গৃহনিবাসিকে চব্বিশ ঘণ্টার সম্বাদ না দিয়া ও তাহার অনুমতি না পাইয়া কোন ঘরে কি কোটায় কি আবৃত স্থানে যাইবেন না। এবং কোন দ্রব্যের হানি কি নাশকরা আবশ্যক না হইলে কোন বিষয়ের হানি কি নাশ করিবেন না ইতি।

B Occupation of lands and payment therefor

[Issue of declaration as to land required Taking of land]

5 When the boundaries of the land required for the construction of any Railway shall have been settled by the Consulting Engineer the Company shall cause the land to be measured and suitable land plans to be prepared of the same and thereupon the Local Government shall notify in the official *Gazette* that such land is required for the Railway and may then proceed to take any such land as if it had been required to be taken at the public expense and for public purposes, and as if a declaration to that effect had been made as required by Act No VI of 1857, (*for the acquisition of land for public purposes*)

All such land shall vest absolutely in the Local Government

[Provision as to boundaries, plans and measurements]

6 The boundaries, as determined by the Consulting Engineer and the plans and measurements aforesaid, when verified and found to be correct, or when duly corrected by the Collector or other officer appointed to proceed under the said Act No VI of 1857 shall be held to be the boundaries plans and measurements, required under Section 4 of the same Act so far as the said land is concerned

[Land required for extending or adding to Railway]

7 If at any time land shall be required for any necessary or reasonable extension of or addition to, any Railway constructed under agreement with the Secretary of State, the Local Government may make all requisite declarations for the purpose of taking such land and all proceedings for the actual taking possession of the land shall be had in accordance with the provisions of the said Act No VI of 1857

[Taking land for temporary purpose]

Land may be taken under this Act for a temporary purpose, in like manner as under the said Act No VI of 1857

[Company when to be placed in possession]

8 When the transfer of the land to the Local Government shall have been completed the Government shall cause the Company to be placed in possession of such land in accordance with their agreement with the Secretary of State The title of the Local Government or of the Company to such land or any part thereof, shall

B ভূমির অধিকার করণের ও তাহার মূল্য দেওনের বিধি।

[যে ভূমির প্রয়োজন হয় তদ্বিষয়ের কথা প্রচার করণের ও ভূমি গ্রহণের কথা।]

৫ ধারা। কোন রেলপথ প্রস্তুত করিবার জন্যে যে ভূমির প্রয়োজন হয়, কনসল্টিং ইঞ্জিনিয়র তাহার সীমা নির্দ্ধার্য্য করিলে পর, কোম্পানি ঐ ভূমি মাপ করাইবেন, ও তাহার উপযুক্ত নকৃশা প্রস্তুত করাইবেন, তাহা হইলে পর রেলপথের জন্যে সেই ভূমি লওয়া প্রয়োজন স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে এই কথা প্রচার করিবেন, এবং সেই ভূমি যেন রাজকীয় অর্থব্যয়ে রাজকীয় কর্ম্মের নিমিত্ত লওয়া প্রয়োজন হইল এবং রাজকীয় কর্ম্মের নিমিত্তে ভূমি গ্রহণার্থ ১৮৫৭ সালের ৬ আইনের আজ্ঞামতে যেন সেই মর্ম্মের জ্ঞাপনপত্র প্রকাশ হইল, এই বিবেচনায় স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত ভূমি গ্রহণ করিতে প্রবর্ত্ত হইবেন।

তদ্রূপ সমস্ত ভূমি একান্ত ভাবে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি অর্শিবে ইতি।

[সীমা ও নকশা ও পরিমাণ বিষয়ক বিধি।]

৬ ধারা। কনসলটিং ইঞ্জিনিয়র সীমা নির্দ্ধার্য্য করিলে এবং পূর্ব্বোক্ত নকশা ও মাপ পরীক্ষিত হইয়া শুদ্ধ দেখা গেলে, কিম্বা যে কালেক্টর সাহেব কি অন্য কার্য্যকারক ১৮৫৭ সালের উক্ত ৬ আইনঅনুসারে সেই কর্ম্মে নিযুক্ত হন তিনি তাহা উচিতমতে সংশোধন করিলে ঐ আইনের ৪ ধারাতে যে সীমা নিরূপণের ও নকশার ও পরিমাপণের আজ্ঞা আছে উক্ত ভূমি সম্পর্কে তাহাই সেই সীমা নিরূপণ ও নকশা ও পরিমাপণ জ্ঞান হইবে ইতি।

[রেলপথ বিস্তৃত কি বৃদ্ধি করিবার জন্যে যে ভূমির প্রয়োজন তাহার কথা।]

৭ ধারা। শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সহিত সম্বিৎ হইয়া যে রেলপথ প্রস্তুত করা যায়, যদি কোন সময়ে তাহার আবশ্যক কি যুক্তিমত বিস্তৃত কি বৃদ্ধি করণের জন্যে ভূমি লওয়ার প্রয়োজন হয়, তবে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ ভূমি লইবার আবশ্যক সকল কথা প্রচার করিবেন। এবং সেই ভূমি অধিকার করণের সমস্ত কার্য্য ১৮৫৭ সালের উক্ত ৬ আইনের বিধান মতে করা যাইবে।

[কিঞ্চিৎকালের নিমিত্তে ভূমি গ্রহণের কথা।]

১৮৫৭ সালের উক্ত ৬ আইনমতে ভূমি যেমন কিঞ্চিৎকালের নিমিত্তে লওয়া যাইতে পারে, এই আইনমতেও তেমনি লওয়া যাইতে পারিবে ইতি।

[কোম্পানি যে সময়ে অধিকার প্রাপ্ত হইবেন তাহার কথা।]

৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি সেই ভূমির হস্তান্তর করণ কার্য্য সমাপ্ত হইলে পর, কোম্পানি শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সহিত যে সম্বিৎ করিয়াছেন গবর্ণমেণ্ট তদনুসারে ঐ কোম্পানিকে ভূমির অধিকার দেওয়াইবেন। এই আইনঅনুযায়ি কোন কার্য্যেতে নিয়মের ব্যতিক্রম হইলেও তৎপ্রযুক্ত সেই ভূমির কি তাহার কোন অংশের প্রতি স্থানীয়

not be questioned on account of informality in any proceeding taken under this Act

[Power to enter upon adjoining lands to repair accidents.]

9 The Local Government may authorize any Company, in case of any accident or slip happening or being apprehended to any cutting, embankment, or other work belonging to them to enter upon any lands adjoining their Railway for the purpose of repairing or preventing such accident, and to do such works as may be necessary for the purpose

Provided that in case of necessity, any Company may enter upon such lands and do such works as aforesaid, without having obtained the authority of the Local Government, but in every such case the Company shall, within forty eight hours after such entry make a report to the Local Government specifying the nature of such accident or apprehended accident, and of the works necessary to be done Such powers shall cease if the Local Government shall after considering the said report, certify that their exercise is not necessary for the public safety

Provided also that such works shall be as little injurious to the said adjoining lands as the nature of the accident or apprehended accident will admit of, and shall be executed with all possible despatch

[Compensation]

Subject to the provisions of any contract that shall have been entered into between the Secretary of State, or the Government of India and the Company, full compensation shall be made to the owners and occupiers of such lands for the loss or injury or inconvenience sustained by them respectively by reason of such works The amount of such compensation, in case of any dispute about the same, shall be settled by the Local Government

C *Mines near or under Railways*

[Provision as to mines lying under land]

10 Whenever land shall be taken under this Act, for the construction of any Railway the taking thereof shall not be held to comprise the right to any mine of coal or other minerals, lying under such land, except only such part thereof as it shall be necessary to dig or carry away, or use in the construction of the Railway, unless compensation for such right shall have been expressly allowed in the award made in favour of the persons interested in the land

[Working mines under or near Railway

11 If the owner, lessee or occupier of any mine of coal or other mineral, lying immediately

[*Government Gazette*, 14*th January* 1868]

গবর্ণমেণ্টের কি কোম্পানির অধিকারের অপত্তি হইবে না ইতি।

[বিঘটনাজন্য ক্ষতির প্রতিকারের নিমিত্তে সন্নিহিত ভূমিতে যাইবার কথা।]

৯ ধারা। কোম্পানির কোন কাটা ভূমিতে কি বাঁধে কি তাঁহারদের কোন কর্ম্মে যদি কোন বিঘটনা হয়, কিম্বা মাটি আলগা হইয়া পড়ে কি পড়িবার সম্ভাবনা থাকে, তবে সেই বিঘটনার প্রতিকার কি নিবারণ করিবার জন্যে এবং তদর্থে যে কর্ম্ম আবশ্যক তাহা করিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ কোম্পানিকে আপনারদের রেলপথের লাগাও কোন ভূমিতে যাইবার ক্ষমতা দিতে পারিবেন।

কিন্তু আবশ্যক হইলে কোন কোম্পানি স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি না পাইয়াও পূর্ব্বোক্ত ভূমিতে গিয়া সেই কর্ম্ম করিতে পারিবেন। এমন স্থলে কোম্পানি সেই ভূমিতে যাইবার পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট রিপোর্ট করিয়া সে বিঘটনার কি সম্ভাবিত বিঘটনার ভাব ও যে কর্ম্ম করা আবশ্যক হইল তাহা জানাইবেন। স্থানীয় গবর্ণমেণ্ট সেই রিপোর্ট বিবেচনা করিলে পর, সর্ব্বসাধারণের নিরাশঙ্কার জন্যে সেই ক্ষমতামতে কার্য্য করা অনাবশ্যক যদি এই মর্ম্মের সর্টিফিকট দেন, তবে সেই ক্ষমতা রহিত হইবে।

আরো বিঘটনার কি সম্ভাবিত বিঘটনার ভাব বিবেচনায় পূর্ব্বোক্ত কর্ম্ম দ্বারা সন্নিহিত ভূমির যথা সাধ্য অল্প হানি করিতে ও সেই কর্ম্ম সাধ্যমতে ত্বরায় নিষ্পন্ন করিতে হইবে।

[ক্ষতিপূরণের কথা।]

ষ্টেট সেক্রেটারী সাহেবের কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের এবং কোম্পানির মধ্যে যে সম্বিৎ হইয়া থাকে তাহার বিধান বলবৎ রাখিয়া উক্ত কর্ম্ম হেতুক ঐ ভূমির স্বামিদের কি অধিকারিদের যে ক্ষতি কি হানি কি ক্লেশ হয় তাহার সম্পূর্ণ প্রতিকার করিতে হইবে। কত টাকার ক্ষতিপূরণ করা আবশ্যক যদি এই বিষয়ে বিবাদ হয়, তবে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা নিষ্পত্তি করিবেন ইতি।

C রেলপথের তলভাগে কি নিকট খনিবিষয়ক বিধি।

[ভূমির তলভাগে যে খনি থাকে তদ্বিষয়ক বিধান।]

১০ ধারা। এই আইনমতে যখন রেলপথ করিবার জন্যে ভূমি লওয়া যায়, তখন সেই ভূমির নীচে কয়লার কি অন্য ধাতুর খনি থাকিলে ঐ রেলপথ প্রস্তুত করিবার জন্যে ঐ খনির যে অংশ খনন করা কি তুলিয়া ফেলা কি ব্যবহার করা আবশ্যক তদ্ভিন্ন ভূমি গ্রহণ হেতুক খনির প্রতি অধিকার প্রাপ্তি বোধ হইবে না। কিন্তু ঐ ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের পক্ষে নিষ্পত্তি হইয়া যদি ঐ খনির অধিকার গ্রহণের জন্যে হানি পূরণের স্পষ্ট নিয়ম করা গিয়া থাকে, তবে ঐ অধিকার প্রাপ্ত হইবে ইতি।

[রেলপথের তলভাগে কি তন্নিকট খনিতে কার্য্য করণের কথা।]

১১ ধারা। কোন রেলপথের তলভাগে কিম্বা তাহা হইতে চল্লিশ গজের মধ্যে কয়লার কি অন্য ধাতুর যে

under any Railway, or within forty yards therefrom, shall work the same, the Local Government may on the application of the Company require him to abandon such working, or so to work the mine as not to damage the works of the Railway

[Compensation]

Compensation shall be awarded to him, in manner provided in the said Act No VI of 1857, for any loss sustained by him from being compelled to abandon or alter his mode of working the mine

If any damage or obstruction be occasioned to the works of the Railway by improper working of such mine the damage or obstruction shall be forthwith repaired or removed as the case may require, by and at the expense of the owner, lessee or occupier, and at his own expense

If such repair or removal be not forthwith effected by the owner, lessee or occupier or if the Company shall so think fit without waiting for the same to be effected by him the Company may effect the same and recover from him the expense occasioned thereby in any Court of competent jurisdiction

D Construction and Inspection of Works

Crossings Roads and Gates

[Crossing over roads]

12 (1) If the Railway cross any road, the Local Government shall determine whether the road shall be continued and, if so whether the crossing shall be by a bridge or on a level

(2) If the crossing is to be by a bridge, the height and width of such bridge and the gradients of approach thereto shall be determined by the Consulting Engineer

(3) If the crossing is to be on a level the Company shall erect and at all times maintain, sufficient gates across the Railway and across the road on each side of the Railway and shall employ proper persons to open and shut such gates

[Roads over Railways]

(4) At any time after a Railway is constructed it shall be lawful for the Local Government to make or to authorize any person to make, roads across the Railway

(5) Every such road shall either be carried over or under such Railway by means of a bridge or tunnel of the height and width, and with the gradients of approach approved of by the Consulting Engineer, or it shall cross the Railway on a level,

(6) If the road cross the Railway by means of a bridge or tunnel, such bridge or tunnel, as

খনি থাকে, যদি তাহার স্বামী কি পাট্টাদার কি অধিকারী তাহা খনন করিয়া তাহাতে কার্য্য চালাইয়া থাকেন, তবে কোম্পানির প্রার্থনা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট সেই স্বামিপ্রভৃতিকে সেই কার্য্য ত্যাগ করিতে কিম্বা যাহাতে রেলপথের হানি না হয় এমতে কার্য্য চালাইতে আজ্ঞা করিতে পারিবেন।

[ক্ষতিপূরণের কথা।]

সেই খনি ত্যাগ করিতে হইলে কিম্বা তৎসংক্রান্ত কার্য্য চালাইবার নিয়ম পরিবর্ত্তন করিতে হইলে যদি তাঁহার ক্ষতি হয়, তবে ১৮৫৭ সালের উক্ত ৬ আইনের বিধানমতে তাহার ক্ষতিপূরণ পাইবার আজ্ঞা হইবে।

সেই খনির কার্য্য অনুপযুক্তমতে নির্ব্বাহ হওয়াতে যদি রেলপথের কর্ম্মের কোন হানি কি বাধা হয়, তবে সেই ক্ষতির প্রতিকার কিম্বা বিষয়বিশেষে সেই বাধকতার নিবৃত্তি স্বামির কি পাট্টাদারের কি অধিকারির নিজ খরচে অগোণে করিতে হইবে।

যদি সেই প্রতিকার কি নিবৃত্তি স্বামির কি পাট্টাদারের কি অধিকারির দ্বারা অগোণে না করা যায় অথবা কোম্পানি বিহিত বোধ করিলে তাঁহার দ্বারা সেই কর্ম্ম সম্পাদন হইবার অপেক্ষা না করিয়া স্বয়ং সেই কর্ম্ম করিতে পারিবেন ও তদ্দ্বারা তাঁহাদের যে খরচ হয় তাহা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে তাঁহার স্থানে আদায় করিতে পারিবেন ইতি।

D বিষয় নির্ম্মাণ ও তত্ত্বাবধারণ করিবার বিধি।

ক্রসিং ও পথ ও ফটকের কথা।

[পথের উপর দিয়া যাইবার পারের কথা।]

১২ ধারা। (১) রেলপথ যদি কোন রাজপথের উপর দিয়া যায়, তবে সেই পথ থাকিবে কি না, ও থাকিলে রেলপথের জন্যে সাঁকো করিতে হইবে কি তাহা সমভূমিতে চলিবে স্থানীয় গবর্ণমেণ্ট এই কথা নিরূপণ করিবেন।

(২) যদি সাঁকো দ্বারা পার হইতে হয়, তবে সেই সাঁকো কত উচ্চ ও কত চৌড়া ও দুই দিগে কি পরিমাণে ঢালু হইবে কন্সলটিং ইঞ্জিনিয়র সাহেব ইহা নিরূপণ করিবেন।

(৩) যদি লোকগমনের পথ ও রেলপথ সমভূমিতে থাকে তবে কোম্পানি রেলপথের দুই দিগে লোকগমনের পথে উপযুক্ত ফটক করিয়া তাহা সর্ব্বদাই উপযুক্তমতে রাখিবেন ও সেই ফটক খুলিবার ও বন্দ করিবার নিমিত্তে উপযুক্ত লোককে নিযুক্ত করিবেন।

[রেলপথের উপর লোক গমনের পথের কথা।]

(৪) রেলপথ প্রস্তুত করা গেলে পর স্থানীয় গবর্ণমেণ্ট সেই রেলপথ পার হইবার জন্যে লোক গমনের পথ করিতে পারিবেন কিম্বা কোন ব্যক্তিকে তাহা করিবার ক্ষমতা দিতে পারিবেন।

(৫) তদ্রূপ প্রত্যেক পথ রেলপথের উপর সাঁকো করিয়া কিম্বা তাহার তলে সুড়ঙ্গ করিয়া কিম্বা সমভূমিতে করা যাইবে। যদি সাঁকো কি সুড়ঙ্গ করা যায় তবে তাহা কত উচ্চ ও কত চৌড়া হইবে, ও কি পরিমাণে ঢালু হইবে, কন্সলটিং ইঞ্জিনিয়র ইহা নিরূপণ করিবেন।

(৬) যদি রেলপথ পার হইবার সেই পথ সাঁকো কি সুড়ঙ্গ হয়, তবে কোম্পানি ইচ্ছা করিলে আপনি সেই

the case may be, with the immediate approaches thereto, and all other necessary works connected therewith, may be constructed, and at all times maintained, by the Company if it shall so desire but at the expense of the Local Government,

[Company to erect and maintain gates]

(7) If the road cross the Railway on a level, the Company shall erect, and at all times maintain, sufficient gates across the Railway and across the road on each side of the Railway in manner to be approved by the Consulting Engineer, and shall employ proper persons to open and shut such gates;

(8) The Local Government shall, if the Company so require, pay for the erection and maintenance of such gates and the wages of the persons so employed,

(9) All gates constructed under any of the provisions of this section shall be kept constantly closed across the road, except during the time when persons, animals or vehicles passing along the same shall have to cross the Railway,

Provided that the Local Government may authorize any such gate to be kept constantly closed across the Railway except when carriages passing along the Railway shall have to cross the road

[Fine for not erecting or maintaining gates]

13 Any Company wilfully failing to comply with the provisions of Section 12, shall be liable to a fine not exceeding fifty Rupees for every day during which such failure shall continue

[Power to compel erection or maintenance of gates]

14 If any Company shall fail, whether wilfully or not, to erect or maintain sufficient gates according to the provisions of Section 12 of this Act, or to employ proper persons to open and shut them, any Magistrate may, after a summons for that purpose shall have been served on the said Company, order the Company to erect or maintain such gates within a time to be specified in the order Such order may be made by a Magistrate whether the Company itself shall have been charged with, or convicted of, wilful failure under Section 12 of this Act or not In case of wilful failure on the part of the Company to comply with such order they shall, on conviction before a Magistrate, be liable to a fine not exceeding two hundred Rupees for every day that they shall have so wilfully failed to comply

[Fine for continued neglect to comply with provisions of Sections 13 and 14]

15 If after any conviction under Sections 13 or 14 of this Act, the Company so convicted shall, without lawful excuse, the burden of proving which

সাঁকো কি সুড়ঙ্গ ও তাহাতে গমনের সন্নিহিত স্থান ও তৎসংক্রান্ত আবশ্যক সকল বিষয় করিতে ও সর্ব্বকালে উপযুক্তমতে রাখিতে পারিবেন, কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট তাহার খরচ দিবেন।

[কোম্পানির ফটক করিয়া রাখিতে হইবার কথা।]

(৭) যদি রেলপথ পার হইবার পথ সমভূমিতে থাকে, তবে কন্সলটিং ইঞ্জিনিয়র সাহেব যে প্রকারের ফটক বিষয়ে সম্মত হন কোম্পানি রেলপথের উপর ঐ পথের দুই দিগে সেই প্রকারের উপযুক্ত ফটক করিয়া তাহা খুলিবার ও বন্ধ করিবার নিমিত্তে উপযুক্ত লোককে নিযুক্ত করিবেন।

(৮) যদি কোম্পানি ইচ্ছা করেন, তবে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ ফটক করিবার ও রাখিবার খরচ এবং উক্ত প্রকারের নিযুক্ত লোকদের বেতন দিবেন।

(৯) এই ধারার কোন বিধানমতে যে সকল ফটক করা যায় তাহা রাজপথের দিগে সর্ব্বদা বন্ধ থাকিবে। সেই পথগামি মনুষ্য ও পশু ও যানবাহনাদি যে সময়ে রেলপথ পার হইয়া যাইবে কেবল সেই সময়ে খোলা যাইবে।

কিন্তু সেই ফটক রেলপথের দিগে সর্ব্বদাই বন্ধ থাকে কেবল সেই রেলপথগামি গাড়ীর যে সময়ে যাইতে হইবে সেই সময়ে খোলা যায় স্থানীয় গবর্ণমেণ্ট এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[ফটক না করিবার ও সুনিয়মমতে না রাখিবার দণ্ডের কথা।]

১৩ ধারা। যদি কোন কোম্পানি ইচ্ছাপূর্ব্বক ১২ ধারার বিধানমত কর্ম্ম না করেন, তবে যত দিন সেই কর্ম্ম করিতে ত্রুটি করেন, দিনপ্রতি তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

[ফটক বলপূর্ব্বক প্রস্তুত করাইবার ও রক্ষা করাইবার ক্ষমতার কথা।]

১৪ ধারা। যদি কোন কোম্পানি এই আইনের ১২ ধারার বিধানমতে ইচ্ছাপূর্ব্বক কি অমনোযোগে উপযুক্ত ফটক করিয়া রাখিতে ত্রুটি করেন, কিম্বা তাহা খুলিবার ও বন্ধ করিবার উপযুক্ত লোককে নিযুক্ত না করেন, তবে সেই কোম্পানিকে আহ্বানপত্র দেওয়া গেলে পর কোন মাজিষ্ট্রেট আজ্ঞাপত্র লিখিয়া কোম্পানিকে সেই পত্রের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ ফটক করিয়া রক্ষা করিবার আজ্ঞা দিতে পারিবেন। ঐ কোম্পানির নামে এই আইনের ১২ ধারামতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করণাপরাধের অভিযোগ হইলে ও তাহা সপ্রমাণ হইলে কি না হইলেও মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক সেই আজ্ঞা করা যাইতে পারিবে। কোম্পানি যদি ইচ্ছাপূর্ব্বক সেই আজ্ঞামতে কর্ম্ম করিতে ত্রুটি করেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাঁহারা যত দিন সেই কর্ম্ম করিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করেন, তাহার দিনপ্রতি তাঁহাদের দুইশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[১৩ ও ১৪ ধারার বিধানমতে কর্ম্ম করিবার ত্রুটি হইতে থাকিলে দণ্ডের কথা।]

১৫ ধারা। এই আইনের ১৩ কি ১৪ ধারামতে দোষ সপ্রমাণ হইলে পর যে কোম্পানির সেই দোষ প্রমাণ হইয়াছে সেই কোম্পানির পক্ষে যে কর্ম্মের

shall be upon the said Company, neglect within seven days to perform the acts for wilful failure to do which it shall have been convicted, it shall be liable to be again from time to time summoned before a Magistrate, and upon conviction of such continued neglect, shall be liable to a fine not exceeding three hundred Rupees for every day during which such neglect shall have continued since the date of the former conviction, or if more than one conviction shall take place under this section since the date of the last preceding conviction

ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করা প্রমাণ হয়, যদি সেই কোম্পানি ন্যায্য হেতু না থাকিলেও সাত দিনের মধ্যে সেই কর্ম্ম করিতে শৈথিল্য করিয়া থাকেন, তবে কোম্পানিকে সময়ে২ পুনশ্চ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আহ্বান করা যাইতে পারিবে। এবং সেই শৈথিল্য হইতে থাকিবার প্রমাণ হইলেই পূর্ব্বদোষ প্রমাণ হইবার তারিখের পর অথবা যদি এই ধারামতে তৎপূর্ব্বে দুই কি অধিকবার ঐ দোষ প্রমাণ হইয়া থাকে, তবে তৎপূর্ব্ব শেষবার দোষ প্রমাণ হইবার তারিখ অবধি ঐ শৈথিল্য যত দিন হইয়া থাকে তাহার দিনপ্রতি ঐ কোম্পানির তিন শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। পূর্ব্বোক্ত হেতুর ন্যায্যতা প্রমাণ করণার্থে ঐ কোম্পানি সাধ্যবান ইতি।

[Service of summons under Sections 13 14, or 15]

৩৪ ধারা। যদি কোন কোম্পানি তদ্রূপে সম্বাদ না দেন, তবে যত দিন সম্বাদ না দেন, তাহার দিনপ্রতি পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ডের দায়ী হইবেন ইতি।

[বিঘটনার রিটর্ণ গবর্ণমেণ্টে দিবার কথা।]

৩৫ ধারা। কোন কোম্পানির রেলপথে যে সময়াবধি লোকাদির গমনাগমন হইয়া থাকে সেই অবধি কিম্বা পথ প্রস্তুত কি রক্ষা করণ কি মারাণ কার্য্যেতে যে২ বিঘটনা হইয়াছে ও তাহাতে কোন ব্যক্তির কায়িক হানি হইয়াছে কি না, স্থানীয় গবর্ণমেণ্ট সেই কোম্পানিকে সময়২ সেই বিষয়ের রিটর্ণ লিখিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। ঐ গবর্ণমেণ্ট যে পাঠ আবশ্যক বোধ করেন, ঐ রিটর্ণ সেই পাঠে লিখিতে হইবে ইতি।

লোক ও দ্রব্যাদির রিটর্ণ দিবার বিধি।

[ট্রাফিকের রিটর্ণের ও মাসুলের টেবিলের কথা।]

৩৬ ধারা। ভিন্ন২ শ্রেণীমতে যত জন ও যত গোমেষাদি ও দ্রব্যসামগ্রী রেলপথে গমনাগমন করে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই বিষয়ের রিটর্ণের পাঠ নির্দ্দিষ্ট করিয়া প্রত্যেক কোম্পানিকে সময়ে২ সেই পাঠানুসারে রিটর্ণ প্রস্তুত করিয়া দিবার, এবং রেলপথে গমনাগমনকারি প্রত্যেক শ্রেণীর চড়নদারের স্থানে ও পশু ও দ্রব্যাদির নিমিত্তে সময়ে২ যত মাসুল ও ভাড়া ও খরচ আদায় হয় তাহার টেবিল দিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু উক্ত সকল কোম্পানিকে একিপ্রকারে একি সময়ে সেই রিটর্ণ পাঠাইতে আজ্ঞা হইবে। কেবল মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তদ্রূপ কোন কোম্পানিকে নিষ্কৃতি দেওয়া বিহিত বোধ করিলে দিতে পারিবেন ইতি।

[রিটর্ণ না দিলে অর্থদণ্ডের কথা।]

৩৭ ধারা। এই আইনমতে যে রিটর্ণ দিবার আজ্ঞা হয়, গবর্ণমেণ্ট সেই রিটর্ণ চাহিলে যদি তাহা ত্রিশ দিনের মধ্যে দেওয়া না যায়, তবে ঐ আজ্ঞা হইবার তারিখ অবধি ত্রিশ দিন গত হইলে পর উক্ত কোম্পানি যত দিন ঐ রিটর্ণ দিতে গতিক্রিয়া করেন তাহার দিনপ্রতি তাঁহারদের পঞ্চাশ টাকার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[সম্বাদ কি রিটর্ণ দিবার নিরন্ত শৈথিল্য হইলে দণ্ডের কথা।]

৩৮ ধারা। এই আইনের ৩৩ কি ৩৫ কি ৩৬ ধারার নির্দ্দিষ্ট বিবরণ জানাইবার ত্রুটি কি গতিক্রিয়া হইয়া প্রমাণ হইলে পর, যে কোম্পানির দোষ নির্ণয় হইল তাঁহারদের সম্বাদ না দেওনের কি রিটর্ণ অর্পণ না করণের দোষ প্রমাণ হইবার তারিখ অবধি যদি সাত দিনের মধ্যে উপযুক্ত হেতু না থাকিতেও ঐ সম্বাদ কি রিটর্ণ না দেওয়া যায়, (না দেওনের হেতু উপযুক্ত কি না ঐ, কোম্পানি ইহার প্রমাণ করিবার দায়গ্রস্ত) তবে দোষ নির্ণয় হইবার তারিখ অবধি অথবা যদি এই ধারামতে,

during which the neglect shall have continued from the date of the former conviction, or if more than one conviction shall take place under this section, since the date of the last preceding conviction.

[Service of summons under this Chapter]

39 Any summons issued under this Chapter may be served upon the Company by leaving the same at their head office, or by serving the same on their principal agent or manager in India.

B —*Carriage of Mails*

[Governor General in Council may require Companies to convey the mail]

40 The Governor General of India in Council may, by notice in writing under the hand of the Director General of the Post Office or of any other Officer duly authorized in this behalf delivered to any Company, require that the mails shall from the day to be named in any such notice be conveyed and forwarded by such Company on their Railway, either by the ordinary trains of carriages, or by special trains, as need may be at such hours or times as the Governor General in Council shall direct, together with the guards appointed and employed by the Governor General in Council in charge thereof, and any other officers of the Post Office

Thereupon the said Company shall, from the day to be named in such notice, at their own costs, provide sufficient carriages and engines on their Railway for the conveyance of such mails to the satisfaction of the Governor General in Council and receive and convey by such ordinary or special trains of carriages or otherwise as need may be all such mails as shall for that purpose be tendered to them, or any of their officers or servants, by any officer of the Post Office and also receive and convey in and upon the carriages carrying such mails the guards in charge thereof and any other officers of the Post Office, and shall receive and leave such mails, guards and officers at such places in the line of such Railway on such days at such hours or times in the day or night, and subject to all such reasonable regulations and restrictions as to speed of travelling places, times and duration of stoppages and times of arrival as the Governor General in Council shall in that behalf from time to time direct

The Company shall not be entitled to any remuneration for the conveyance of such mails guards and officers

পূর্ব্বে দুই কি অধিকবার দোষ নির্ণয় হইয়া থাকে তবে অব্যবহিত পূর্ব্ব দোষনির্ণয়ের তারিখ অবধি যত দিন তদ্রূপ গতিক্রিয়া করিয়া থাকেন তাহার দিনপ্রতি কোম্পানির পঁচাত্তর টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[এই অধ্যায়মতে আহ্বানপত্র দিবার কথা।]

৩৯ ধারা। এই অধ্যায়মতে যে আহ্বানপত্র বাহির হয় কোম্পানির প্রধান কার্য্যালয়ে দিয়া কিম্বা ভারতবর্ষে তাহারদের প্রধান এজেন্টের কি কর্ম্মাধ্যক্ষের প্রতি অর্পণ করিয়া, ঐ আহ্বানপত্র দেওয়া যাইতে পারিবে ইতি।

B —ডাকপত্র চালান করিবার বিধি।

[কোম্পানিদিগকে ডাকপত্র চালান করিতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞা দিবার ক্ষমতার কথা।]

৪০ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কোন কোম্পানির নামে ডাকঘরের ডিরেক্টর জেনরল সাহেবের কিম্বা তৎকর্ম্মার্থে নিয়মিতরূপে ক্ষমতা প্রাপ্ত অন্য কার্য্যকারকের স্বাক্ষরিত অনুজ্ঞাপত্র দিয়া আজ্ঞা করিতে পারিবেন যে, সেই পত্রের নিরূপিত দিবসাবধি ডাকপত্র ঐ কোম্পানির দ্বারা নিয়মিত ট্রেনের গাড়িতে কিম্বা প্রয়োজনমতে বিশেষ ট্রেনে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে২ ঘণ্টা কি যে২ সময় আজ্ঞা করেন সেই২ ঘণ্টায় কি সেই২ সময়ে রেলপথে চালান ও প্রেরণ করা যায়, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই পত্রাদির রক্ষা করণার্থে যে রক্ষককে নিযুক্ত করেন ও কর্ম্ম দেন তাঁহাকে এবং ডাকঘরের অন্য কর্ম্মকারকদিগকে ঐ পত্রাদির সঙ্গে লওয়া যায়।

তাহা হইলে উক্ত কোম্পানি ঐ অনুজ্ঞাপত্রের নিরূপিত দিবসাবধি আপনারদের খরচে আপনারদের রেলপথে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সন্তোষমতে ঐ ডাকপত্র চালান করিবার উপযুক্ত গাড়ি ও কলের গাড়ি নিরূপণ করিবেন। এবং ডাকঘরের কোন কর্ম্মকারকেরা তাহারদিগকে কি তাহারদের কোন কর্ম্মকারকদিগকে কি চাকরদিগকে যে সকল পত্র চালান করিবার জন্যে দেওয়া যায় নিয়মিত কি বিশেষ ট্রেনের গাড়িতে কিম্বা প্রয়োজনমতে অন্য প্রকারে ঐ পত্রাদি গ্রহণ করিয়া চালান করিবেন। এবং যে গাড়িতে সেই পত্রাদি দেওয়া যায়, সেই গাড়িতে ঐ পত্রাদির রক্ষকদিগকে এবং ডাকঘরের অন্য কার্য্যকারকদিগকে লইয়া চালান করিবেন। এবং গাড়ি যত বেগে যাইবে ও যে স্থানে যে সময়ে যত ক্ষণ দাঁড়াইবে ও যে সময়ে পঁহুছিবে এই২ বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুতগবর্ণর জেনরল সাহেব সময়ে২ যুক্তিমত যে বিধি ও যে নিষেধাজ্ঞা করেন তাঁহারা তাহা মানিয়া ঐ পত্রাদির রক্ষক ও কার্য্যকারকদিগকে লইয়া রেলপথের সন্নিহিত সেই২ স্থানে সেই২ দিনে ও দিবা কি রাত্রি ভাগের সেই২ ঘণ্টায় কি সময়ে উত্তরাইয়া দিবেন।

সেই পত্রাদি ও রক্ষক ও কার্য্যকারকদিগকে চালান করিবার জন্যে কোম্পানির পারিশ্রমিক পাইবার অধিকার নাই ইতি।

[*Government Gazette*, 21*st January* 1868]

[Exclusive use of carriage if necessary]

41 The Governor General in Council may by such notice as aforesaid, require that the whole of the inside of any carriage used on any Railway for the conveyance of mails, shall be exclusively appropriated for the purpose of carrying the mails

[Separate carriage for sorting letters]

42 The Company shall, on being required in manner aforesaid, so to do by the Governor General in Council, provide (in addition to the carriages aforesaid) a separate carriage fitted up as the Governor General in Council shall direct, for the purpose of sorting letters therein, and shall forward the same carriage by their Railway, at such hours or times, and subject to all such reasonable regulations as the Governor General in Council shall direct The Company shall receive and convey in any such last mentioned carriage all such mails and officers of the Post Office as the Governor General in Council shall reasonably require and shall deliver and leave any mails and officers of the Post Office at such places on the line of the Railway as the Governor General in Council shall from time to time reasonably direct

[Companies to be subject to directions of Government respecting conveyance]

43 For the greater security of the mails so to be carried or conveyed by Railways the Company and their officers and servants shall obey all such reasonable regulations respecting the conveyance delivering, and leaving of such mails guards and officers of the Post Office on any such Railway as the Governor General in Council shall from time to time make

Provided that it shall not be lawful for any officer or servant of the Post Office to interfere with or give orders to the engineer or other person having the charge of any engine upon any Railway along which mails shall be conveyed, but if any cause of complaint shall arise the same shall be stated to the officer of the Company having charge of the train or to the chief officer at any station upon the Railway, and in case of any default or neglect on the part of any officers or servants of the Company to comply with any of the regulations of the Governor General in Council, the Company shall be wholly responsible for the same

[Penalty for refusing or neglecting to convey mails]

44 Any Company, or any officers or servants of a Company, refusing or neglecting to carry or convey any mails when tendered to them

[প্রয়োজন হইলে ডাকপত্রের গাড়িতে অন্য দ্রব্যাদি না দিবার কথা।]

৪১ ধারা। কোন রেলপথে ডাকপত্র লইবার যে গাড়ি নিরূপণ করা যায় তাহার অন্তর্ভাগ কেবল ডাকপত্রাদি ভিন্ন অন্য বিষয় লইবার কার্য্যে নিরূপণ করা না যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্বোক্ত প্রকারের অনুজ্ঞাপত্র লিখিয়া এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[পত্রাদি বাছিয়া রাখিবার জন্যে স্বতন্ত্র গাড়ির কথা।]

৪২ ধারা। কোম্পানি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের স্থানে পূর্ব্বোক্ত প্রকারে আজ্ঞা পাইলে, উক্ত সকল গাড়ির অতিরিক্ত, পত্র বাছাইয়া রাখিবার উপযুক্ত অন্য গাড়ি নিরূপণ করিবেন। ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ঐ গাড়িতে যে প্রকার সাজ সরঞ্জাম দিতে আজ্ঞা করেন তাহা দিবেন, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে২ ঘণ্টা কি সময় নিরূপণ করেন ও যুক্তিমত যে সকল বিধান করেন তদনুসারে ঐ গাড়ি রেলপথে চালাইবেন। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব শেষোক্ত গাড়িতে যুক্তিমতে যে সকল পত্রাদি এবং ডাকঘরের যে কার্য্যকারকদিগকে লইবার আদেশ করেন কোম্পানি তাঁহারদিগকে সেই গাড়িতে লইয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ রেলপথের ধারের যে২ স্থানে ঐ পত্রাদি ও ডাকঘরের কার্য্যকারকদিগকে উত্তরাইয়া দিবার যুক্তিমত আজ্ঞা করেন তদ্রূপ করিবেন ইতি।

[পত্রাদি চালান করিবার বিষয়ে গবর্ণমেন্টের আদেশ মতে কোম্পানির কর্ম্ম করিতে হইবার কথা।]

৪৩ ধারা। রেলপথে পত্রাদি নির্ব্বিঘ্নে লইয়া যাইবার কি চালান করিবার নিমিত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ তদ্রূপ কোন রেলপথে পত্রাদি ও রক্ষকদিগকে ও ডাকঘরের কর্ম্মকারকদিগকে চালান ও সমর্পণ করিবার ও উত্তরাইয়া দিবার যুক্তিসিদ্ধ যে বিধি করেন, কোম্পানির ও তদীয় কর্ম্মকারক ও চাকরদিগের সেই সকল বিধি মানিতে হইবে।

কিন্তু পত্রাদি যে রেলপথ দিয়া চালান হয়, ডাকঘরের কোন কর্ম্মকারক কি চাকর সেই রেলপথের কোন ইঞ্জিনিয়রের কর্ম্মে কিম্বা কলের গাড়ি যাঁহার তত্ত্বাধীনে থাকে তাঁহার কর্ম্মে হস্তক্ষেপ করিতে কিম্বা তাঁহাকে কোন আজ্ঞা দিতে পারিবেন না। যদি আক্ষেপের কোন কারণ হইয়া থাকে তবে ট্রেন ঐ কোম্পানির যে কর্ম্মকারকের তত্ত্বাধীনে থাকে তাঁহাকে কিম্বা রেলপথে কোন ষ্টেশনের প্রধান কর্ম্মকারককে সেই বিষয় জানাইতে হইবে। যদি কোম্পানির কোন কর্ম্মকারক কি চাকরগণ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কোন আইনঅনুসারে কর্ম্ম করিতে কোন প্রকারে ত্রুটি কি শৈথিল্য করেন তবে কোম্পানি তাহার জন্যে সম্পূর্ণ দায়ী ইতি।

[ডাকপত্রাদি চালান করিতে অসম্মত হইলে কি চালান না করিলে দণ্ডের কথা।]

৪৪ ধারা। ডাক ঘরের কোন কর্ম্মকারক পত্রাদি চালান করিবার জন্যে কোন কোম্পানিকে দিতে প্রস্তাব করিলে, যদি সেই কোম্পানি কিম্বা তদীয় কোন কর্ম্ম-

[গবর্ণমেন্ট গেজেট, ১৮৫৮। ২১ জানুআরি।]

for such purpose by any officer of the Post Office, or refusing or neglecting to receive and deliver any such mails, mail-guards or other officers of the Post Office, at such places, at such times, on such days, and subject to such regulations as to speed of travelling, places, times, and duration of stoppages as the Governor-General in Council shall from time to time reasonably direct as hereinbefore provided, or not obeying all such regulations respecting the conveyance of the mails on any such Railways as the Governor General in Council shall make for the purposes aforesaid, shall for every such offence forfeit and pay a sum not exceeding two hundred Rupees

[Service of notices]

45 All notices under the provisions of this Part of this Act by the Governor General in Council to any Company, shall be considered as duly served on the Company in case the same shall be given or delivered to the Agent of such Company

C —Conveyance of Troops

[Companies to convey Military and Police at certain charges

46 Whenever the Governor General of India in Council or the Local Government shall determine to move any of the officers or soldiers of Her Majesty's Forces or any other persons to whom the provisions of the Mutiny Act, or the Articles of War made by the Governor General in Council, for the time being in force shall be applicable, or any officers or privates of the police together with prisoners or other persons (if any) in their charge or custody, or any artizans in the employment of Government, by any Railway, the Company shall permit such persons respectively, with their baggage, stores, arms, ammunition and other necessaries and things, to be conveyed, on the production of a route or order for their conveyance signed by the proper authorities

The Company shall be bound to provide such conveyance as aforesaid for each Officer proceeding on duty, such Officers being entitled to conveyance in a first class carriage at second class fares the soldiers, privates of the police and European artizans being entitled to conveyance in second class carriages at the lowest fares, and all other persons at the lowest fares.

Every officer so conveyed shall be entitled to take with him two maunds of personal luggage without extra charge, and every soldier and

[*Government Gazette*, 21*st January* 1868]

কারক কি চাকর তাহা লইতে কি চালান করিতে সম্মত না হন কি গ্রহণ পূর্ব্বক চালান না করেন, কিম্বা ঐ পত্রাদি ও পত্ররক্ষকদিগকে কিম্বা ডাকঘরের অন্য কর্ম্মকারকদিগকে গ্রহণপূর্ব্বক যে স্থানে যে সময়ে ও যে দিনে উত্তরাইয়া দিবেন এবং গাড়ি যত বেগে চালাইবেন ও যে২ স্থানে যে সময়ে যত কাল থামাইবেন এই২ বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্বোক্ত বিধানক্রমে সময়ে২ যুক্তিমত যে আজ্ঞা করেন, যদি ঐ কোম্পানি কি তদীয় কর্ম্মকারক কি চাকরগণ সেই আজ্ঞামতে পত্রাদি গ্রহণ ও সমর্পণ করিতে সম্মত না হন কি ত্রুটি করেন, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্বোক্ত অভিপ্রায়ে তদ্রূপ কোন রেলপথে পত্রাদি চালান করিবার যে সকল বিধি করেন ঐ কোম্পানি প্রভৃতি যদি তাহা না মানেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহাদের দুই শত টাকার অনধিক দণ্ড দিতে হইবে ইতি।

[নোটিস দিবার কথা।]

৪৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইনের এই খণ্ডের বিধানমতে কোন কোম্পানির নামে যে অনুজ্ঞা দেন, তাহা ঐ কোম্পানির এজেণ্ট সাহেবকে দেওয়া গেলে কি তাঁহার প্রতি সমর্পণ করা গেলে, কোম্পানিকে নিয়মিতরূপে দেওয়া গেল জ্ঞান হইবে ইতি।

C —সৈন্যদিগকে লইবার বিধি।

[নিরূপিত ভাড়া পাইয়া কোম্পানির সৈন্যদিগকে ও পোলীসকে লইবার কথা।]

৪৬ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা স্থান বিশেষের গবর্ণমেণ্ট যদি কোন সময়ে শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদলগত কোন সেনাপতিদিগকে কি সৈন্যদিগকে কিম্বা রাজবিদ্রোহবিষয়ক আইন কি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত যুদ্ধ বিষয়ক যে বিধান যে সময়ে প্রবল থাকে তাহা যে ব্যক্তিদের প্রতি বর্ত্তে তাহারদিগকে কিম্বা পোলীসদলের কোন অধ্যক্ষদিগকে কি লোকদিগকে কিম্বা বন্দুযানপ্রভৃতি যে ব্যক্তিরা তাঁহারদের সতর্কতায় কি রক্ষণে থাকে তাহারদিগকে, কিম্বা গবর্ণমেণ্টের অধীন নিযুক্ত কোন কারিগরদিগকে রেলপথে এক স্থান হইতে অন্য স্থানে পাঠাইতে মনস্থ করেন, তবে তাহারদিগকে চালান করিবার পথ প্রদর্শন কি আজ্ঞাসূচকপত্র উপযুক্ত কর্ত্তৃপক্ষদ্বারা স্বাক্ষরিত হইয়া কোম্পানিকে দর্শান গেলে, ঐ কোম্পানি সেই ব্যক্তিদিগকে ও তাঁহারদের দ্রব্যসামগ্রী ও সাজ সরঞ্জাম ও অস্ত্রশস্ত্রাদি প্রয়োজনীয় সকল দ্রব্যের চালান হইবার অনুমতি দিবেন।

কর্ম্মোপলক্ষে যে প্রত্যেক সেনাপতিকে পূর্ব্বোক্ত মতে চালান করা যাইবে তাঁহার গমনের জন্যে উক্ত কোম্পানির এই২ নিয়ম করিতে হইবে। সেনাপতি সাহেবেরা দ্বিতীয় কেলাসের ভাড়া দিয়া প্রথম কেলাসের গাড়িতে যাইতে পাইবেন। সৈন্যেরা ও পোলীস দলের লোকেরা ও ইউরোপীয় কারিগরেরা অতি ন্যূন হিসাবে ভাড়া দিয়া দ্বিতীয় কেলাসের গাড়িতে যাইতে পারিবে ও অন্য সকলে অতি ন্যূন হিসাবে ভাড়া দিয়া যাইতে পাইবে।

যে প্রত্যেক সেনাপতিকে তদ্রূপে চালান করা যায় তিনি নিজ ব্যবহারের দুই মণ দ্রব্য বিনাখরচে লইতে পারিবেন ও সৈন্যেরা ও পোলীসদলের লোকেরা

private shall be entitled to take with him half a maund of personal luggage without extra charge, all excess of the said weights being paid for at the rate of not more than one pie per maund per mile

All public baggage, stores arms, ammunition and other necessaries and things, except gun powder and other combustible matters which the Company shall only be bound to convey at such prices and on such conditions as may be from time to time contracted for between the Government of India and the Company, shall be conveyed at charges not exceeding one pie per maund per mile, the assistance of the soldiers or police being given in loading and unloading such goods

The privileges of conveyance and carriage hereby stipulated for shall at all times be used and enjoyed in preference to and priority over the public use of the Railway for conveyance and carriage

D —Cheap Daily Trains

[Companies to provide one cheap train each way daily]

17 All Companies not specially exempted from the operation of this section by the Governor General of India in Council shall by means of one train at the least to travel along their Railway from one end to the other of each trunk branch or junction line belonging to or leased by them, so long as they shall continue to carry other passengers over such trunk branch or junction line once at the least each way on every day provide for the conveyance of passengers to and from the terminal and other ordinary passenger stations of the Railway under the following conditions (that is to say) —

(*a*)—Such train shall start at an hour to be from time to time fixed by the Company subject to the approval of the Local Government

(*b*)—Such train shall travel at an average rate of speed not less than ten miles an hour for the whole distance travelled including stoppages

( )—Such train shall, if required take up and set down passengers at every passenger station which it shall pass on the line

(*d*)—The carriages in which passengers shall be conveyed by such train shall provide a space of at least three and a half square feet for each passenger and shall be protected from the sun and weather in a manner satisfactory to the Local Government

(*e*)—The fare or charge for each passenger by such train shall not exceed two pies for each mile or fraction of a mile travelled,

প্রত্যেকে নিজ ব্যবহারের আধ মণ দ্রব্য বিনাখরচে সঙ্গে লইতে পারিবে, তাহার অধিক দ্রব্যের এক২ মণের উপর মাইলপ্রতি ইংরেজী এক পাই হিসাবে ভাড়া লইতে হইবে।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট ও কোম্পানি সময়ে২ বারুদ ও আগুনদাহনীয় দ্রব্য লইবার যত ভাড়া ও যে নিয়ম পরস্পর স্থির করেন কোম্পানির কেবল সেই ভাড়া লইয়া ও সেই নিয়মমতে সেই দ্রব্য লইতে হইবে। তদ্ভিন্ন রাজকীয় সকল মালপত্রাদি ও অস্ত্রশস্ত্রাদি আবশ্যক সকল দ্রব্য সামিগ্রীর এক২ মণের উপর মাইলপ্রতি ইংরেজী এক পাই হিসাবে ভাড়া লইয়া চালান করা যাইবে। সেই সকল দ্রব্য গাড়ীতে বোঝাই করিবার ও নামাইবার কার্য্যে সৈন্যেরা কি পোলীসদলের লোকেরা সাহায্য করিবেন।

সাধারণ লোকদিগকে ও তাঁহারদের দ্রব্যসামগ্রী চালান করণ ও লওন অপেক্ষা, এই ধারামতে যাঁহারদিগকে ও যে২ দ্রব্য চালান করিবার ও লইবার নিয়ম করা গেল, তাহা সর্ব্বদাই প্রধান ও অগ্রগণ্য হইবে ইতি।

D —প্রতিদিন অল্পভাড়ার ট্রেনের বিধি।

[কোম্পানির প্রতিদিন যাইবার আসিবার অল্প ভাড়ার ট্রেন চালাইবার কথা।]

৪৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কোম্পানিকে এই ধারার কার্য্যহইতে বিশেষমতে নিষ্কৃতি দেন তদ্ভিন্ন প্রত্যেক কোম্পানি নিজের কি পাট্টা করিয়া লওয়া মূল কি শাখা পথে কি সংযুক্ত পথে চড়নদারদিগকে লইবার জন্যে যত কাল ট্রেন চালাইয়া থাকেন, তত কাল, ঐ প্রত্যেক পথের আদি অন্ত অবধি দুই দিগে রেলপথের শেষ ষ্টেশন ও পথিমধ্যে চড়নদারদের উত্তরিবার সাধারণ অন্য ষ্টেশনহইতে ও সেই২ ষ্টেশনে প্রতিদিন ন্যূনকল্পে একবার চড়নদারদের যাইবার জন্যে নিম্নলিখিত নিয়মমতে ন্যূনকল্পে এক ট্রেন যাইবার ও আসিবার বিধান করিবেন।

(*a*) কোম্পানি সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে যে ঘণ্টা নিরূপণ করেন, সেই ট্রেন সেই ঘণ্টায় খুলিয়া যাইবে।

(*b*) সেই ট্রেন যত দূর যায়, থামিবার সময় শুদ্ধ ঘণ্টায় দশমাইলের ন্যূন হারে যাবে না।

(*c*) পথে চড়নদারদের উত্তরিবার যে২ স্থান থাকে, প্রয়োজন হইলে ঐ ট্রেন সেই প্রত্যেক ষ্টেশনে লোকদিগকে উঠিবার ও নামিবার জন্যে থামিবে।

(*d*) তদ্রূপ ট্রেনে চড়নদারদের যাইবার যে গাড়ি থাকে তাহাতে প্রত্যেক জনের নিমিত্তে সাড়ে তিন বর্গ ফুট নিরূপণ হইবে। স্থানীয় গবর্ণমেণ্টের বোধমতে লোকদের রৌদ্র ও জলবাতাসহইতে রক্ষা পাইবার নিয়ম করা যাইবে।

(*e*) সেই ট্রেনে যত মাইল যাওয়া যায় তাহার প্রত্যেক মাইলের কি মাইলের কোন অংশের নিমিত্তে এক২ জন চড়নদারের স্থানে ইংরেজী দুই পাইয়ের অধিক ভাড়া লইতে হইবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২১ জানুআরি।]

(*f*)—Each passenger by such train shall be allowed to take with him twenty pounds weight of luggage not being merchandize or other articles carried for hire or profit, without extra charge and any excess of luggage shall be charged by weight at a rate not exceeding the lowest rate of charge for passengers' luggage by other trains,

(*g*)—Children under three years of age accompanying passengers by such trains shall be taken without any charge, and children three years and upwards but under ten years of age, at half the charge for an adult passenger

If any Company shall refuse or wilfully neglect to comply with the provisions of this section within a reasonable time or shall attempt to evade the operation of such provisions or any of them such Company shall be liable to a fine not exceeding two hundred Rupees for every day during which such refusal, neglect, or evasion shall continue

The Governor General in Council may from time to time, by notification in the *Gazette of India*, relieve any Railway Company from the whole or any part of any liability imposed upon it by the former part of this section

CHAPTER II —*As to Passengers, their Fares and Luggage*

[Fares to be prepaid]

48 No person shall enter any carriage used on a Railway for the purpose of travelling therein without having first paid his fare, and obtained a ticket

[Tickets to be furnished Tickets to be given up on demand]

Every person desirous of travelling on a Railway shall, upon payment of his fare, be furnished with a ticket, specifying the class of carriage and the place to which the fare has been paid, and shall when required show his ticket to any officer or servant of the said Company duly authorized to examine the same, and shall deliver up such ticket, upon demand, to any of the Company's officers or servants duly authorized to collect tickets

[Penalty]

Any person not producing or delivering up his ticket, as aforesaid shall be liable to pay the fare from the place whence the train originally started

(*f*) উক্ত ট্রেনে যে লোক যায় তাহারা প্রত্যেক জন নিজব্যবহারের দশ সের সামগ্রী বিনা খরচে লইতে পারিবে। কিন্তু ব্যবসায়ের দ্রব্য এবং ভাড়া পাইবার কি লাভ করিবার আশয়ে কোন দ্রব্য বিনা খরচে লইতে পারিবে না। যদি নিজ ব্যবহারের উক্ত সামগ্রী ১০ সেরের অধিক হয়, তবে অন্য ট্রেনে চড়নদারেরদের দ্রব্যসামগ্রীর নিমিত্ত অত্যল্প যে হিসাবে লওয়া যায় ঐ অতিরিক্ত দ্রব্যের নিমিত্তে সেই হিসাবের অধিক ভাড়া লইতে হইবে না।

(*g*) উক্ত ট্রেনে তিন বৎসরের ন্যূন বয়স্ক বালক কোন চড়নদারের সঙ্গে গেলে তাহার ভাড়া লাগিবে না। ৩ বৎসরাবধি ১০ বৎসর পর্য্যন্ত বয়সের বালকের জন্যে সম্পূর্ণ বয়স্ক চড়নদারের অর্দ্ধেক ভাড়া লাগিবে।

যদি কোন কোম্পানি উপযুক্ত সময়ের মধ্যে এই ধারার বিধানমতে কর্ম্ম করিতে সম্মত না হন, কি ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করেন কিম্বা ঐ সকল কি তন্মধ্যে কোন বিধানের কার্য্যহইতে এড়াইতে চেষ্টা করেন, তবে যত দিন অসম্মত হইতে কি ত্রুটি করিতে কি এড়াইবার চেষ্টা করিতে থাকেন তাহার দিন প্রতি কোম্পানির দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

এই ধারার পূর্ব্ব ভাগক্রমে রেলওয়ে কোম্পানির প্রতি যে দায় অর্পণ হইয়াছে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কোন রেলওয়ে কোম্পানিকে সেই সমস্ত দায় কি তাহার কোন অংশ হইতে নিষ্কৃতি দিতে পারিবেন ইতি।

দ্বিতীয় অধ্যায়।—চড়নদারেরদের, ও ভাড়ার ও দ্রব্যের বিধি।

[ভাড়া অগ্রিম দিবার কথা।]

৪৮ ধারা। কোন ব্যক্তি ভাড়া না দিয়া ও টিকিট না পাইয়া রেলপথগামি কোন গাড়িতে স্থানান্তরে যাইবার জন্যে উঠিবে না।

[টিকিট পাইবার ও দাওয়া হইলে ফিরিয়া দিবার কথা।]

কোন ব্যক্তি রেলপথে কোন স্থানে যাইতে চাহিয়া ভাড়া দিলে, তাহাকে টিকিট দেওয়া যাইবে। যে কেলাসের গাড়িতে ও যে স্থানে যাইবার ভাড়া দেওয়া গেল তাহা সেই টিকিটে নির্দ্দিষ্ট থাকিবে। উক্ত কোম্পানির যে কোন কার্য্যকারক কি চাকর ঐ টিকিট দেখিবার নিয়মিত ক্ষমতা পান তিনি দেখিতে চাহিলে তাহা দেখাইতে হইবে। এবং কোম্পানির যে কার্য্যকারকেরা কি চাকরেরা টিকিট সংগ্রহ করিয়া লইবার নিয়মিত ক্ষমতা পান তাঁহারা চাহিলে তাঁহারদের হাতে দিতে হইবে।

[দণ্ডের কথা।]

যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে টিকিট না দেখান কি ফিরিয়া না দেন, তবে প্রথম যে স্থানহইতে ট্রেন খুলিয়া আইল সেই স্থানঅবধি তাহার ভাড়া দিবার দায় হইতে পারিবে ইতি।

[Enforcing payment of fare by passenger not producing ticket]

49 Payment of any fare to which any passenger not producing or delivering up his ticket shall be liable under Section 48 may be enforced in the same manner as any fine imposed under this Act

[Penalty for fraud]

50 Whoever defrauds or attempts to defraud any Company by travelling or attempting to travel upon their Railway without having previously paid his fare or by riding in or upon a carriage of a higher class than that for which he shall have paid his fare or by continuing his journey in or upon any of the carriages of the Company beyond the place for which he shall have paid his fare without previously paying the fare for the additional distance and with intent to avoid payment thereof or who shall knowingly and wilfully refuse or neglect on arriving at the point to which he shall have paid his fare to quit such carriage or who shall in any other manner whatever attempt to evade the payment of his fare shall be liable to a fine not exceeding fifty Rupees for each offence

[At intermediate stations, fares and tickets to be conditional]

51 At the intermediate stations, the fares shall be deemed to be accepted and the tickets furnished only upon condition that there be room in the train for which the tickets shall be furnished

In case there shall not be room for all the passengers to whom tickets shall have been furnished, those who shall have obtained tickets for the longest distance shall have the preference and those who shall have obtained tickets for the same distance shall have the preference according to the order in which they shall have received their tickets

[Proviso]

Provided that all officers and troops of Her Majesty on duty and all other persons on the business of Her Majesty who, by virtue of any contract with the East India Company or Her Majesty shall be entitled to be conveyed on such Railway in preference to or in priority over the public shall be entitled to such preference and priority without reference to the distance for which or the order in which, they shall have received their tickets

[Penalty for entering private room or carriage]

52 If any special carriage, or portion of a carriage or any private room or apartment shall be provided by any Company for the exclusive use of females, any male person,

[চড়নদার টিকিট না দেখাইলে তাহার স্থানে বলক্রমে ভাড়া লইবার কথা।]

৪৯ ধারা। কোন চড়নদার টিকিট না দেখাইলে কি না দিলে ৪৮ ধারামতে তিনি যে ভাড়ার দায়ী হন, তাহা এই আইনের অবধারিত অর্থদণ্ড আদায় করিবার বিধিমতে তাঁহার স্থানে লওয়া যাইতে পারিবে ইতি।

[প্রতারণার নিমিত্ত দণ্ডের কথা।]

৫০ ধারা। যদি কোন ব্যক্তি অগ্রে ভাড়া না দিয়া কোন রেলপথদ্বারা গিয়া কি যাইবার উদ্যোগ করিয়া কিম্বা যে ক্লাসের গাড়ির ভাড়া দিয়াছে যদি তাহার উচ্চ শ্রেণীর গাড়িতে কি গাড়ির উপর চড়িয়া, কিম্বা যে স্থানে যাইবার ভাড়া দিয়াছে কোম্পানির কোন গাড়িতে কি গাড়ির উপরে তদধিক দূরের ভাড়া ফাঁকী দিবার মনস্থ করিয়া, অধিক দূরে গিয়া অথবা যে স্থানের ভাড়া দিয়াছে সেই স্থানে গাড়ি পঁহুছিলে যদি জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক গাড়ির বাহিরে আসিতে অসম্মত হইয়া কি শৈথিল্য করিয়া কিম্বা অন্য কোন প্রকারে ভাড়া না দিয়া ফাকি দিবার উদ্যোগ করিয়া কোম্পানির প্রাপ্য টাকা হরণ করে কি করিবার উদ্যোগ করে তবে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[মধ্যস্থ ষ্টেশনে ভাড়া গ্রহণ ও টিকিট দেওন নিয়মাধীন হইবার কথা।]

৫১ ধারা। গাড়ি যে স্থানহইতে খুলিয়া যায় ও যে স্থানপর্য্যন্ত চলিবে এই দুই স্থানের মধ্যে যে সকল ষ্টেশন থাকে সেই২ ষ্টেশনে যে ভাড়া লওয়া যায় ও যে টিকিট দেওয়া যায়, তাহা ট্রেনে স্থান থাকে এই অনুমানে লওয়া ও দেওয়া গেল বোধ হইবে।

যাহারদিগকে টিকিট দেওয়া গেল যদি ট্রেনে তাঁহারদের সকলের স্থান না কুলায়, তবে যাহারা অতি দূরে যাইবে তাহারা অগ্রগণ্য। ও যাহারা একি স্থানে যাইবে তাহারা সমস্বর যে ক্রমে টিকিট পাইয়াছে সেই ক্রমানুসারে অগ্রগণ্য হইবে।

[উপবিধি।]

কিন্তু কোম্পানি বাহাদুরের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে চুক্তি হওনতে রাজকীয় কর্ম্মে গমনোদ্যত শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদলের যে সেনাপতিদের ও সৈন্যেরদের এবং শ্রীশ্রীমতী মহারাণীর কর্ম্মে গমনোদ্যত অন্য সকল ব্যক্তির সেই রেলপথে সাধারণ লোক অপেক্ষা শ্রেষ্ঠতর কি অগ্রভাবে যাইবার অধিকার থাকে তাঁহারদের গমনীয় স্থানের দূরত্ব কিম্বা টিকিট পাইবার ক্রম বিবেচনা না করিয়া তাঁহারা সেই শ্রেষ্ঠতার ও অগ্রগণ্যতার অধিকারী হইবেন ইতি।

[পৃথক ঘরে কি গাড়িতে যাইবার দণ্ডের কথা।]

৫২ ধারা। যদি কোন কোম্পানি কেবল স্ত্রীলোকের ব্যবহারের জন্যে কোন বিশেষ গাড়ি কি গাড়ির একাংশ কিম্বা কোন পৃথক ঘর কি ভাগ নিরূপণ করেন, তবে কোন পুরুষ ন্যায্য হেতু না থাকিতেও এবং সেই গাড়ি

who without lawful excuse shall enter such carriage, or portion of a carriage, or any such room or apartment, knowing the same to be exclusively appropriated as aforesaid, or shall remain therein after having been informed of its exclusive appropriation shall be liable to a fine not exceeding one hundred Rupees, and may be removed therefrom, and also from the premises of the Company, by any of the servants of the Company, and shall forfeit his fare

[Non liability for luggage, unless booked and paid for]

53 No such Company shall in any case be answerable for loss or injury to any passengers' luggage, unless it shall have been booked and separately paid for

CHAPTER III —*Rules as to Goods*

[Non liability for loss of gold, silver, &c unless in the case of special engagement]

54 No Company shall in any case be answerable for loss of or injury to any gold or silver coined or uncoined manufactured or unmanufactured or any precious stones pearls, jewellery watches clocks or time pieces of any description, trinkets Government securities, bills of exchange, hundis promissory notes, bank-notes orders, or other securities for payment of money Government stamp paper, Government stamps of any description, maps writings, title deeds printings engravings prints, photographs pictures, plated articles, glass, china opium silks in a manufactured or unmanufactured state, and whether wrought up or not wrought up with other materials shawl lace, cloths and tissue embroidered with the precious metals or of which such metals form parts, articles of ivory, ebony or sandal wood musical instruments, or any of them contained in any parcel or package which shall have been delivered to the Company either to be carried for hire or to accompany the person of any passenger or for loss of, or injury to, any horses cattle or other animals, delivered as aforesaid, unless the value and nature of such articles or animals shall have been declared by the person or persons sending or delivering the same, and an increased charge for the safe conveyance of the same shall have been accepted by some person specially authorized to enter into such engagements on behalf of the said Company

Provided that nothing in the former part of this section shall be deemed to apply to articles contained in any mails conveyed by the Company for Government,

[Public notice or private contract not to limit liability]

55. The liability of a Company for loss of, or injury to, any articles or goods to be carried by them,

কি গাড়ির সেই অংশ কি তদ্রূপ কোন ঘর কি ভাগ পূর্ব্বোক্তমতে কেবল স্ত্রীদের জন্যে নিরূপিত জানিয়াও সেই গাড়িপ্রভৃতিতে প্রবেশ করিলে কিম্বা কেবল স্ত্রীদের জন্যে নিরূপিত এই কথা তাহাকে জ্ঞাত করা গেলে পর সেই গাড়িপ্রভৃতিতে থাকিলে, তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে এবং কোম্পানির কোন চাকরের দ্বারা তাহাকে কোম্পানির গাড়িহইতে এবং বাড়ীহইতেও বাহির করিয়া দেওয়া যাইতে পারিবে, ও তাহার ভাড়ার দণ্ড হইবে ইতি।

[দ্রব্যাদি বহীতে লেখা না গেলে ও ভাড়া দেওয়া না গেলে দায় না থাকার কথা।]

৫৩ ধারা। কোন চড়নদারের দ্রব্য সামগ্রী বহীতে লেখা না গেলে ও তাহার ভাড়া স্বতন্ত্র দেওয়া না গেলে তাহার ক্ষতি কি হানি হইলেও উক্ত কোন কোম্পানি তাহার জন্যে দায়ী হইবেন না, ইতি।

তৃতীয় অধ্যায়। মালের বিষয়ি বিধি।

[বিশেষ করার না হইলে সোণা রূপা প্রভৃতি হারাণ গেলেও দায় না থাকিবার কথা।]

৫৪ ধারা। যদি ভাড়া দিয়া স্থানান্তরে পাঠাইবার জন্যে কিম্বা কোন চড়নদারের সঙ্গে যাইবার নিমিত্তে নিম্নলিখিত কোন দ্রব্য কি পশু কোম্পানিকে অর্পণ করা যায় তবে যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহা প্রেরণ কি অর্পণ করেন তিনি কি তাঁহারা সেই২ দ্রব্যের কি পশুর মূল্য ও ভাব প্রকাশ না করিলে এবং তদ্রূপ বিষয়ে উক্ত কোম্পানির পক্ষে করার করিবার বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তিকে সেই দ্রব্যাদি নিরাপদে চালান করিবার জন্যে অধিক ভাড়া না দিলে ঐ দ্রব্যাদির ক্ষতি কি হানি হইলেও কোম্পানি তাহার জন্যে দায়ী হইবেন না। সেই দ্রব্যাদি এই২। সোণা ও রূপা এবং সোণার কি রূপার মুদ্রা কি অন্য দ্রব্য, ও মণি ও মুক্তা ও রত্নখচিত আভরণ। ও ট্যাকঘড়ি ও বাক্স ঘড়ি ও সময় নিরূপণের কোন প্রকারের যন্ত্র ও অলঙ্কার ও গবর্ণমেণ্ট সিক্যুরিটী ও বিল অফ একুসচেঞ্জ ও হুণ্ডী ও প্রতিজ্ঞা পত্র ও ব্যাঙ্কনোট ও অর্ডর কি টাকা দিবার অন্য নিদর্শন পত্র ও গবর্ণমেণ্টের ষ্টাম্পকাগজ ও গবর্ণমেণ্টের কোন প্রকারের ইষ্টাম্প ও মানচিত্র ও লিপি ও আগম বা অধিকারপত্র ও চিত্র ও খোদিত আলেখ্য ও মুদ্রিত লেখা ও ফটগ্রাফ ও ছবিও গিল্টি ও কাঁচের দ্রব্য ও চিনের বাসন ও আফিম ও রেশমী সূত্র ও কাপড়প্রভৃতি ও অন্য দ্রব্য সহিত মিশ্রিত কি অমিশ্রিত রেশম, ও শাল ও লেস ও সোণা রৌপ্যাদির বুটা তোলা কাপড় কিম্বা তাসের কাপড় ও হস্তিদন্ত ও আবলুস ও চন্দন কাষ্ঠনির্ম্মিত দ্রব্য ও বাদ্যযন্ত্র কিম্বা বস্তা কি বাক্স প্রভৃতি বদ্ধ উক্ত কোন দ্রব্য এবং ঘোড়া ও গোমেষাদি কোন পশু।

কিন্তু উক্ত কোম্পানি গবর্ণমেণ্টের নিমিত্তে যে ডাকপত্র চালান করেন, তাহাতে বদ্ধ কোন দ্রব্যের প্রতি এই ধারার কথা বর্ত্তে না ইতি।

[প্রকাশিত জ্ঞাপনি কিম্বা গোপনীয় চুক্তিদ্বারা দায়সঙ্কোচ না হইবার কথা।]

৫৫ ধারা। কোম্পানির দ্বারা যে দ্রব্যাদি কি মাল চালান করিতে হইবে, তাঁহারা তদ্বিষয়ের জ্ঞাপনি

[*Government Gazette*, 21*st January* 1863]

shall not be affected by any public notice given or any private contract made by them; but the Company shall be answerable for such loss or injury only when it shall have been caused by negligence or misconduct on the part of themselves, their agents officers or servants

[Remedy for non payment of the carriage of goods

56 If any person shall fail to pay on demand any sum due to any Company for the conveyance of any goods on its line, or due to any other Company for the conveyance of any such goods on its line when the two lines form portions of one continuous line of railway communication, the former Company may detain all or any part of such goods or if the same shall have been removed from the premises of such Company any other goods of such person which shall then be on their premises or shall thereafter come into their possession and may also sell by public auction sufficient of such goods to realize the sum payable as aforesaid and all charges and expenses of such detention and sale and out of the proceeds of the sale retain the sum so payable together with the charges and expenses aforesaid

The surplus if any of the said proceeds and such of the goods as shall remain unsold, shall be rendered to the person entitled thereto

Or the Company may recover any sum so due by suit in any Court of competent jurisdiction

[Written account of goods to be given on demand]

57 The owner or person having the care of any goods which shall have been carried upon such Railway or shall be brought on to the premises of any Company for the purpose of being carried on their Railway shall, on demand by any officer or servant of the Company, appointed to receive goods to be carried on that part of the Railway on which such goods shall have been carried or shall be about to be carried deliver to such officer or servant an exact account in writing signed by him of the number or quantity and description of such goods

[Penalty for false account]

58 If any such owner or person as aforesaid shall wilfully fail to give such account to such officer or servant of the Company, or if he shall wilfully give a false account thereof he shall for every such offence be liable to a fine not exceeding one hundred Rupees for every ton of goods or for any parcel exceeding one hundred weight , and to a fine not exceeding fifty Rupees

প্রকাশ করিলে কিম্বা গোপনে চুক্তি করিলেও যদি ঐ দ্রব্যের ক্ষতি কি হানি হয়, তবে তাহারদের দায়ের খর্ব্বতা হইবে না। কিন্তু তাঁহারদের নিজের কি নিযোগিদের কি কার্য্যকারকদের কি চাকরদের শৈথিল্য কি অসদাচারদ্বারা ঐ ক্ষতি কি হানি না হইলে, কোম্পানি দায়ী হইবেন না ইতি।

[মালের ভাড়া না দিলে তাহার প্রতিকারের কথা।]

৫৬ ধারা। কোন কোম্পানি যদি আপন রেলপথে কোন ব্যক্তির মাল চালান করিয়া তাহার পাওনা ভাড়া চাহেন কিম্বা এক টানা রেলপথের ভিন্ন২ অংশে দুই কোম্পানির স্বত্ব থাকিলে যদি উক্ত কোম্পানি অন্য কোম্পানির প্রাপ্য টাকা চাহেন এবং সেই ব্যক্তি ঐ ভাড়া না দেন, তবে পূর্ব্বোক্ত কোম্পানি ঐ সমুদয় দ্রব্য কি তাহার কোন অংশ আটক করিয়া রাখিতে পারিবেন। যদি সেই দ্রব্য ঐ কোম্পানির বাড়ীহইতে স্থানান্তর করা গিয়া থাকে তবে তৎকালে তাহারদের বাড়ীর মধ্যে ঐ ব্যক্তির অন্য যে দ্রব্য থাকে কি পশ্চাৎ তাঁহারদের অধিকারে আইসে সেই দ্রব্য আটক করিয়া রাখিতে পারিবেন। এবং তন্মধ্যে যত দ্রব্যাদি বিক্রয় করিলে পূর্ব্বোক্ত পাওনা টাকা এবং ঐ দ্রব্য আটক রাখিবার ও বিক্রয় করিবার সকল খরচ খরচা আদায় হইতে পারে তত দ্রব্য বিক্রয় করিতে পারিবেন। ও তদ্দ্বারা যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে ঐ প্রাপ্য টাকা এবং পূর্ব্বোক্ত খরচ খরচা বাদ দিয়া রাখিতে পারিবেন।

উক্ত প্রকারে যে টাকা উৎপন্ন হয়, যদি তাহার কিছু অবশিষ্ট থাকে তবে সেই অবশিষ্ট টাকা এবং উক্ত যে দ্রব্যাদি বিক্রয় না হইয়া থাকে তাহা পাইবার অধিকারিকে দেওয়া যাইবে।

কোম্পানি পূর্ব্বোক্ত কার্য্য না করিয়া উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে নালিশ করিয়া ঐ পাওনা টাকা আদায় করিতে পারিবেন ইতি।

[দাওয়া হইলে দ্রব্যাদির লিখিত বর্ণনা দিবার কথা।]

৫৭ ধারা। উক্ত কোন রেলপথে যে দ্রব্যাদি চালান করা যায় কি চালান হইবার নিমিত্তে কোন কোম্পানির বাড়ীতে উপস্থিত করা যায়, রেলপথের সেই অংশে চালান করিবার নিমিত্তে কোম্পানির যে কার্য্যকারক কি চাকর ঐ দ্রব্যাদি গ্রহণ করিতে নিযুক্ত থাকেন তিনি ঐ দ্রব্যের স্বামির নিকটে কিম্বা দ্রব্য যাঁহার জিম্মায় থাকে তাহার নিকটে ঐ দ্রব্যের সংখ্যার কি পরিমাণের ও প্রকারাদির বর্ণনা চাহিলে, সেই ব্যক্তি ঐ দ্রব্যাদির যথার্থ বর্ণনা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া তাঁহাকে দিবেন ইতি।

[মিথ্যা বর্ণনা দিবার দণ্ডের কথা।]

৫৮ ধারা। যদি উক্ত স্বামী কি পূর্ব্বোক্ত ব্যক্তি কোম্পানির উক্ত কার্য্যকারককে কি চাকরকে ইচ্ছাপূর্ব্বক ঐ বর্ণনা দিতে ত্রুটি করেন কিম্বা ইচ্ছাপূর্ব্বক তাহার মিথ্যা বর্ণনা দেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে দ্রব্যাদির প্রত্যেক টনের উপর, কিম্বা এক হন্দর ওয়েটের অধিক ওজনের প্রত্যেক পুলিন্দার উপর তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এবং এক টনের ন্যূন ওজনের কোন দ্রব্যের

for any quantity of goods less than a ton, or for any parcel less than one hundred weight

All penalties imposed under this section shall be in addition to the toll chargeable for such goods or parcel

[Carriage of goods of a dangerous nature]

59 No person shall carry upon any Railway any dangerous goods, or be entitled to require any Company to carry upon their Railway any luggage or goods which in the judgment of the Company or any of their officers or servants, shall be of a dangerous nature

Whoever carries upon any Railway any dangerous goods or delivers to any Company any such goods for the purpose of being carried upon their Railway, without distinctly marking their nature on the outside of the package containing the same, or otherwise giving notice in writing of the nature thereof to the book keeper or other servant of the Company to whom the same shall be delivered for the purpose of being so carried shall, for every such offence, be liable to a fine not exceeding five hundred Rupees, or to imprisonment for a term which may extend to six months, or to both

Any such Company or any of their officers or servants may refuse to carry any luggage or parcel that they may suspect to contain goods of a dangerous nature and require the same to be opened to ascertain the fact previously to carrying the same, and in case any such luggage or parcel shall be received by the Company for the purpose of being carried on the Railway, the Company, or any of their officers or servants may stop the transit thereof, until they shall be satisfied as to the nature of the contents of the luggage or parcel

Traffic Arrangements

[Duty of Companies to arrange for receiving and forwarding traffic without delay or partiality]

60 Every Company shall, according to its powers, afford all reasonable facilities for the receiving and forwarding and delivering of traffic upon and from the Railway belonging to or worked by such Company, and for the return of carriages

No such Company shall make or give any undue or unreasonable preference or advantage to or in favour of any particular person or Company, or any particular description of traffic, in any respect whatsoever,

Nor shall any such Company subject any particular person or Company, or any particular

ও এক হন্দর ওয়েটের ন্যূন ওজনের প্রত্যেক পুলিন্দার উপর তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

ঐ দ্রব্যের কি পুলিন্দার উপর যে মাশুল আদায় হইতে পারে, এই ধারার নির্দ্ধারিত উক্ত সকল দণ্ড তদতিরিক্ত ইতি।

[আশঙ্ক ভাবাপন্ন দ্রব্য চালান করিবার কথা।]

৫৯ ধারা। কোন কোম্পানির কি তাঁহারদের কার্য্যকারকদের কি চাকরদের বিবেচনায় যে কোন বস্তাদি কি যে দ্রব্য সামগ্রী আশঙ্ক ভাবাপন্ন হয় কোন ব্যক্তি রেলপথে সেই প্রকারের দ্রব্যাদি লইতে পারিবেন না, এবং কোন কোম্পানিকে আপনারদের রেলপথে তাহা চালান করিবার আদেশ করিতে পারিবেন না।

আশঙ্ক ভাবাপন্ন দ্রব্য যে বস্তাতে বদ্ধ থাকে তাহার বহির্ভাগে সেই দ্রব্যের ভাব স্পষ্টরূপে অঙ্কিত না করিয়া, কিম্বা কোম্পানির যে বুক কীপরকে কি অন্য চাকরকে তাহা চালান করিবার জন্যে দেওয়া যায়, তাঁহার নিকট লিখনক্রমে সেই দ্রব্যের ভাব জ্ঞাত না করিয়া, যে কোন ব্যক্তি সেই প্রকারের দ্রব্য কোন রেলপথে লইয়া যান কিম্বা কোন কোম্পানিকে রেলপথে চালান করিবার জন্যে দেন, তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা তাহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড কি ঐ দুই দণ্ড হইতে পারিবে।

তদ্রূপ কোন কোম্পানি কিম্বা তাঁহারদের কোন কার্য্যকারক কি চাকর কোন বস্তার কি পুলিন্দার মধ্যে আশঙ্ক ভাবাপন্ন দ্রব্য থাকার বিষয় সন্দেহ করিলে, তাহা লইয়া যাইতে অসম্মত হইতে পারিবেন এবং সেই বিষয় নিশ্চিতমতে জানিবার জন্যে তাহা লইয়া যাইবার অগ্রে সেই বস্তাদি খুলিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি কোম্পানি তদ্রূপ কোন বস্তা কি পুলিন্দা রেলপথে লইয়া যাইবার জন্যে গ্রহণ করিয়া থাকেন তবে ঐ কোম্পানি কি তাহার কোন কার্য্যকারক কি চাকর ঐ বস্তা কি পুলিন্দাবদ্ধ দ্রব্যের ভাব সন্তোষমত না জানা পর্য্যন্ত তাহার চালান বন্ধ করিতে পারিবেন ইতি।

মালবিষয়ক নিয়মের বিধি।

[অবিলম্বে ও বিনাপক্ষপাতে মাল গ্রহণ ও চালান করিবার নিয়মবিষয়ে কোম্পানিদের কর্ত্তব্য কর্ম্মের কথা।]

৬০ ধারা। কোন কোম্পানির যে রেলপথ থাকে কিম্বা কোন কোম্পানি যে রেলপথের কার্য্য চালাইতেছেন তাহাতে ও তাহাহইতে সেই কোম্পানি আপনার ক্ষমতামতে মাল গ্রহণ ও চালান ও সমর্পণ করিবার ও গাড়ির ফিরিয়া আসিবার যুক্তিসিদ্ধ সকল সুবিধা করিবেন।

তদ্রূপ কোন কোম্পানি বিশেষ ব্যক্তির কি কোম্পানির পক্ষে কিম্বা বিশেষ প্রকারের মালের পক্ষে কোন বিষয়ে অনুপযুক্তরূপে কি অযুক্তিমতে কোন প্রাধান্য কি অগ্রগণ্যতা স্বীকার কি প্রদান করিবেন না।

এবং উক্ত কোন কোম্পানি কোন বিষয়ে বিশেষ ব্যক্তির কি কোম্পানির প্রতি কিম্বা বিশেষ প্রকারের

description of traffic, to any undue or unreasonable prejudice or disadvantage in any respect whatsoever

Every Company having or working a Railway which forms part of a continuous line of Railway communication, or which has the terminus or station of the one near the terminus or station of the other, shall afford all due and reasonable facilities for receiving and forwarding all the traffic arriving by one of such Railways by the other without any unreasonable delay and without any such preference or advantage, or prejudice or disadvantage as aforesaid and so that no obstruction may be offered to the public desirous of using such Railways as a continuous line of communication and so that all reasonable accommodation may by means of the Railways of the several Companies, be at all times afforded to the public in that behalf

[Parties complaining that reasonable facilities for forwarding traffic &c are withheld may apply to the High Court]

61 The Advocate General or any Company or person complaining against any Company of any thing done, or omission made in violation or contravention of the last preceding section may apply in a summary way by motion or summons, to the High Court and such Court may hear and determine the matter of such complaint and for that purpose if the Court shall think fit may direct and prosecute, in such mode and by such engineers advocates or other persons as they shall think proper all such inquiries as may be deemed necessary to enable such Court to form a just judgment on the matter of such complaint

If it be made to appear to such Court on such hearing, or on the report of any such person, that anything has been done or omission made in violation or contravention of this Act, by such Company the Court may issue an injunction restraining such Company from further continuing such violation or contravention, and enjoining obedience to the same

In case of disobedience of any such injunction the Court may enforce the same by imprisoning the agent or manager of the Company, or any owner lessee contractor or other person, failing to obey such injunction for a term not exceeding two years, and the Court may also, if it shall think fit, make an order directing the payment by the Company of such sum of money as the Court shall determine not exceeding the sum of two thousand Rupees for every day after a day to be named in the order that such Company shall fail to obey the injunction

মালের পক্ষে অনুচিত কি অযুক্তিমত দুরাগ্রহ কি অনিষ্টভাব প্রকাশ করিবেন না।

যে রেলপথ একটানা রেলপথের একাংশ হয়, কিম্বা যে একি রেলপথের শেষ স্থান কি ষ্টেশন অন্য রেলপথের শেষ স্থানের কি ষ্টেশনের নিকট থাকে তাহা যে কোম্পানির হয় কিম্বা যে কোম্পানি ঐ রেলপথের কর্ম্ম করেন, ঐ কোম্পানি উক্ত এক রেলপথদ্বারা আগত দ্রব্যাদি গ্রাহ্য করিয়া অযুক্তি বিলম্ব ভিন্ন অন্য রেলপথে চালান করিবার উপযুক্ত ও যুক্তিযুক্ত সুবিধা করিবেন, এবং পূর্ব্বোক্ত প্রকারে প্রাধান্য কি গুরুত্ব স্বীকার করিবেন না ও অপ্রাধান্য ও অনিষ্টভাব মানিবেন না। এবং সাধারণ যে ব্যক্তিরা উক্ত দুই রেলপথ একটানা রেলপথের ন্যায় ব্যবহার করিতে ইচ্ছুক হন তাঁহারদের তদ্রূপ ব্যবহারের কিছু বাধা করিবেন না, এবং তদর্থে সেই ভিন্ন২ কোম্পানির দ্বারা সর্ব্বদাই সাধারণ লোকদের যুক্তিমত সুবিধা করিবেন ইতি।

[দ্রব্যাদি চালান করিবার যুক্তিমত সুবিধা করা যায় না, যাঁহারা এই মর্ম্মের অভিযোগ করেন, তাঁহারদের হাই কোর্টে আবেদন করিবার কথা।]

৬১ ধারা। ইহার পূর্ব্বধারার নির্দ্দিষ্ট বিধান লঙ্ঘন পূর্ব্বক কি তদ্বিপক্ষ কোন কর্ম্ম করা গেলে কি করিবার ত্রুটি হইলে, তদ্বিষয়ে যে আডবোকেট জেনরল সাহেব কিম্বা যে কোম্পানি কি ব্যক্তি কোন কোম্পানির নামে অভিযোগ করিতে চাহেন, তিনি সরাসরী মতে প্রার্থনা কি আহ্বানপত্রক্রমে হাই কোর্টে নিবেদন করিতে পারিবেন। ও সেই কোর্ট ঐ নালিশের বিষয় শুনিয়া নির্ণয় করিতে পারিবেন। এবং ঐ নালিশের বিষয়ের যথার্থ বিচার করিবার নিমিত্তে যে সকল অনুসন্ধান লওয়া আবশ্যক, ঐ কোর্ট যদ্রূপে বিহিত বোধ করেন তদ্রূপে ইঞ্জিনিয়র ও আডবোকেটপ্রভৃতি যে ব্যক্তিদিগকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহারদের দ্বারা ঐ অনুসন্ধান লইবার আজ্ঞা করিতে ও তৎকার্য্য চালাইতে পারিবেন।

তদ্রূপ শ্রবণ হইলে কিম্বা তদ্রূপ কোন ব্যক্তির রিপোর্ট হইলে ঐ কোম্পানি এই আইন লঙ্ঘনপূর্ব্বক কি তদ্বিপক্ষে কোন ক্রিয়া করিয়াছেন কিম্বা কোন কার্য্যের ত্রুটি করিয়াছেন, যদি উক্ত কোর্ট ইহা দৃষ্টি করিতে পান, তবে ঐ কোম্পানির সেই বিধি লঙ্ঘন কি তদ্বিপক্ষতা করণ নিবারণার্থ আজ্ঞা প্রচার করিয়া তৎপালনের আজ্ঞা করিতে পারিবেন।

সেই নিবারণসূচক আজ্ঞা অমান্য হইলে, কোম্পানির যে এজেন্ট কি কর্ম্মাধ্যক্ষ কিম্বা যে স্বামী কি পাট্টাদার কি কন্ট্রাক্টর কি অন্য ব্যক্তি ঐ আজ্ঞা অমান্য করেন, কোর্ট তাঁহাকে দুই বৎসরের অনধিক কাল কারাদণ্ড দিয়া আপনার সেই আজ্ঞা বলবৎ করিতে পারিবেন। এবং যদি বিহিত বোধ করেন তবে ঐ আজ্ঞাপত্রে দিন নিরূপণ করিয়া, ঐ কোম্পানি সেই দিনের পর ঐ নিবারণসূচক আজ্ঞা যত দিন অমান্য করেন, কোর্ট দুই সহস্র টাকার অনধিক যত টাকা নিরূপণ করেন ঐ কোম্পানির দিন প্রতি তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

Such monies shall be payable as the Court may direct, either to the party complaining, or into Court to abide the ultimate decision of the Court, or to the Local Government, and payment thereof may, without prejudice to any other mode of recovering the same, be enforced in like manner as if the same had been recovered by decree in any High Court

In any such proceeding, the Court may order all or any costs thereof or therein incurred to be paid by or to the one party or the other, as the Court shall think fit and any such engineer, advocate or other person, if directed so to do by the Court, may receive evidence on oath relating to the matter of any such inquiry, and may administer such oath

(*To be continued.*)

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L P

DECEMBER, 1867

No 6

THE Government having in the orders on the Report on Wards' Estates for 1865 66, noticed the liability which Collectors incur by not tendering payment of rents due from Wards Estates to superior landlords as such rents fall due, the special attention of District Officers is called to the Ruling of the High Court in the case of Ranee Surat Soondry Dabea *vs* The Court of Wards, which will be found at page 57 of the Selected Rulings of the High Court in Rent Suits for 1866 Officers acting in the capacity of the Court of Wards should not wait for the rent to be demanded, but should tender payment at once as the rent falls due

No 7

The following should be added to the note to Rule 2, Section III, Cahpter X, page 164 under "from 20 years upwards"

Under no circumstances of ordinary zealous duty will more than six months' pay as gratuity, on discharge, be given to men not entitled to pension, whose service is less than 40 years

[*Government Gazette*, 21*st January* 1868]

কোর্ট যদ্রূপ আজ্ঞা করেন তদ্রূপে সেই টাকা অভিযোক্তাকে দেওয়া যাইবে, অথবা কোর্টের শেষ নিষ্পত্তির অপেক্ষায় সেই কোর্টে গচ্ছিত থাকিবে অথবা স্থানীয় গবর্ণমেণ্টকে দেওয়া যাইবে। এবং কোন হাই কোর্টের ডিক্রীমতে টাকা আদায় করণের নিয়ম ক্রমে ঐ টাকা আদায় করা যাইতে পারিবে, কিন্তু এইপ্রযুক্ত ঐ টাকা আদায় করিবার অন্য কোন নিয়মের ব্যাঘাত হইবে না।

Mr J Westland, Officiating Joint Magistrate and Deputy Collector of Nuddea is appointed, under Section 5, Act IV (B C) of 1867, to exercise the powers of a Collector of a District for the purpose of hearing and determining appeals under Act X of 1859, and Act VI (B C) of 1862

Mr O G R McWilliam to be an Assistant Commissioner of the Second Grade in Cachar, and to exercise the powers of a Magistrate Deputy Collector, and Principal Sudder Ameen in that District

Mr W H Thompson Assistant Magistrate and Collector to have charge of the Sub Division of Serajgunge, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in the Districts of Pubna and Bogra

Mr J R E Gouldsbury to be an Extra Assistant Commissioner of the First Grade in Chota Nagpore, and to exercise the powers of a Subordinate

[*Government Gazette*, 28*th January* 1868]

১৮৬৮ সাল ১৮ জানুআরি।

কক্সবাজারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডবলিউ বারবর সাহেব চট্টগ্রাম জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইযাছেন।

নিম্নলিখিত যে ডেপুটী কালেকুটরেরা বাঁধ সংক্রান্ত কার্য্যের অনুসন্ধানার্থ এইক্ষণে নিযুক্ত আছেন তাঁহারা কটক খণ্ডের সকল জিলাতে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেকুটরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব।
, বাবু সীতাকান্ত মুখোপাধ্যায।
,, বাবু হরিনাথ চট্টোপাধ্যায।

১৮৬৮ সাল ২০ জানুআরি।

লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত এচ এস বিবার সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত পি টি কার্ণেগি সাহেব কাশীযা ও জযন্তী পর্ব্বতের ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন এব ঐ জিলাতে সিবিল জজের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২১ জানুআরি।

বনগাঁযের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু আনন্দমোহন মজুমদার ফরীদপুরে ও যশোহরে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইযাছেন, ও ১৮৬২ সালের বঙ্গদেশীয ৬ আইনের ১৯ ধারামতে ফরীদপুর জিলাতে ও যশোহর জিলার অন্তর্গত নড়াইল ও মাগুড়া শাখাখণ্ডের সীমার মধ্যে ঐ আইন ও ১৮৫৯ সালের ১০ আইনমত মোকদ্দমা গ্রহণ করিতে বিশেষ ক্ষমতা পাইযাছেন।

মেজর শ্রীযুত ডবলিউ রেবিলী সাহেব পোলীসের প্রথম শ্রেণীর ডেপুটী ইনিস্পেকুটর জেনরল হইয়া পোলীসের পঞ্চম চক্রের ডেপুটী ইনিস্পেকুটর জেনরল হইবেন।

মেজর শ্রীযুত জে এম গ্রেহাম সাহেব কলিকাতার পোলীসের ডেপুটী কমিস্যনর হইবেন।

নদীযার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত জে ওয়েষ্টলণ্ড সাহেব ৮৫৯ সালের ১০ আইন ও ৮৬২ সালের বঙ্গদেশীয ৬ আইনমতের আপিলী মোকদ্দমা শ্রবণ ও তাহার বিচার করণাভিপ্রাযে ১৮৬৭ সালের বঙ্গদেশীয ৪ আইনের ৫ ধারামতে জিলার কালেকুটরের ক্ষমতাক্রমে কার্য্যকরণার্থে নিযুক্ত হইযাছেন।

শ্রীযুত ও জি আর মাক উলিয়ম সাহেব কাছাড়ের দ্বিতীয শ্রেণীর আসিষ্টান্ট কমিস্যনর হইবেন এবং ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের ও প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকুটর শ্রীযুত ডবলিউ এচ তামসন সাহেব শেরাজগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং পাবনা ও বগুড়া জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে আর ই গুলসবরি সাহেব ছোট নাগপুরে প্রথম শ্রেণীর অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনর হইবেন এবং উক্ত খণ্ডের সকল জিলাতে অধস্থ প্রথম

Magistrate of the First Class, and Moonsiff in all the Districts of that Division

The 22nd January 1868

Mr G J S Hodgkinson Assistant Magistrate of Tajpore, is vested with the powers of a Magistrate and Deputy Collector in Tirhoot

Mr J G Charles Assistant Magistrate and Collector, Tirhoot is vested with the powers of a Magistrate and Deputy Collector in that District

Baboo Chunder Narain Sing Deputy Magistrate and Deputy Collector, Hooghly is vested with the powers of a Magistrate in that District

Baboo Kristo Chunder Dutt, Deputy Magistrate and Deputy Collector Mymensing is vested with the powers of a Magistrate in that District

LEAVE OF ABSENCE

The 16th January 1868

Baboo Gopal Chunder Mookerjee Deputy Magistrate and Deputy Collector of Serampore for one month under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules in extension of the leave granted to him under orders of the 10th ultimo

The 17th January 1868

Mr T T Allen, Joint Magistrate and Deputy Collector of Jessore, for fifteen months together with twenty eight days preparatory leave, from the 20th instant under Section 11 of the Covenanted Service Absentee Rules

The 18th January 1868

Mr J A Craven Deputy Magistrate and Deputy Collector Cox's Bazar for fourteen days from the 3rd ultimo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

Mr P Hurley Assistant Magistrate and Collector Chittagong for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules from the date on which he may have availed himself of the leave

Mr J Scobell Armstrong Assistant Magistrate and Collector Bhaugulpore for one month from the 1st February next under Section 6 of the Covenanted Service Absentee Rules

The 20th January 1868

Lieutenant Colonel H S Bivar Deputy Commissioner of the Cossyah and Jynteah Hill for two months under Section 6 of the Covenanted Service Absentee Rules Lieutenant Colonel Bivar will make over charge of his office to Mr J B Shadwell until the arrival of Mr P T Carnegy or until further orders

Dr J M Cameron, Civil Assistant Surgeon, Monghyr, for one month under Section 6 of the

শ্রেণীর মাজিষ্ট্রেটের ও মুনসেফের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২২ জানুআরি।

তাজপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত জি জে এস হজকিন্সন সাহেব ত্রিহুতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ত্রিহুতের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে জি চার্লস সাহেব ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দত্ত ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬৮ সাল ১৬ জানুআরি।

শ্রীরামপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় গত মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১৭ জানুআরি।

যশোহরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি টি আলেন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে এই মাসের ২০ তারিখ অবধি আটাইশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১৮ জানুআরি।

কক্সবাজারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এ, ক্রেবেন্ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত মাসের ৩ তারিখ অবধি চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত পি, হলে সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, স্কোবেল আম্‌ষ্ট্রং সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি ফেব্রুআরি মাসের ১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২০ জানুআরি।

কাশীয়া ও জয়ন্তী পর্ব্বতের ডেপুটী কমিসানর লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত এচ, এস, বিবার সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত পি, টি, কার্ণেগি সাহেবের না পঁহুছন, কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত বিবার সাহেব আপন কর্ম্মের ভার শ্রীযুত জে বি শ্যাডওয়েল সাহেবের প্রতি অর্পণ করিবেন।

মুঙ্গেরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে, এম, কামিরন্ সাহেব চিহ্নিত কার্য্যকারকদের

Covenanted Service Absentee Rules The Jail Native Doctor will remain in charge of the Civil Station during Dr Cameron's absence on leave

The 21st January 1868

Baboo Luchmmaram Pundit, Deputy Magistrate and Deputy Collector, employed on the duty of trying rent suits in Jessore and Furreedpore, is allowed leave of absence for three months under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of it

NOTIFICATION

The 16th January 1868

Mr E V Westmacott, Assistant Commissioner of Gobindpore having resumed charge of his duties on the forenoon of the 24th November last, the unexpired portion of the leave granted to him under orders of the 22nd idem, is cancelled

H L DAMPIER,
Offg Secy to the Govt of Bengal

ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কালে দেশীয় জেল ডাক্তর উক্ত সিবিল ষ্টেশনের কর্ম্মের ভার প্রাপ্ত থাকিবেন।

১৮৬৮ সাল ২১ জানুআরি।

যশোহর ও ফরীদপুরের খাজানার মোকদ্দমা বিচার করণ কার্য্যে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ পণ্ডিত যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসে ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

৮৬৮ সাল ১৬ জানুআরি।

গোবিন্দপুরের আসিষ্টাণ্ট কমিসনর শ্রীযুত ই, বি, ওয়েষ্ট মাকট সাহেব গত নবেম্বর মাসের ২৪ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে ঐ মাসের ২২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

APPOINTMENTS

The 17th January 1868

Baboo Kishen Chunder Chatterjee, B L, Moonsiff of Hurhurparah, Zillah Moorshedabad, to officiate as Moonsiff of Kishengunge, Zillah Purneah

The 20th January 1868

The Additional Moonsiff of Nuseerabad Zillah Mymensing to have charge of the Madargunge Moonsiffee, until a successor is appointed

The 21st January 1868

Baboo Muddun Mohun Turkobhoosun, Moon iff of Gowas, to be Moonsiff of Hurhurparah, Zillah Moorshedabad

LEAVE OF ABSENCE

The 21st January 1868

Baboo Poornoo Chunder Roy, Moonsiff of adargunge, Zillah Mymensing, for two months nder paragraph 11 of the Uncovenanted Absen e Rules

Baboo Hur Kanto Buroonh, Moonsiff of owgong, Zillah Assam, for two months, under ragraph 12, Clause 1 of the Uncovenanted Ab ntee Rules

The 23rd January 1868

Moulvie Gholam Jalanee, Moonsiff of Chumpa n, Zillah Sarun, for three months, under para ph 11 of the Uncovenanted Absentee Rules.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৮ সাল ১৭ জানুআরি।

মুরশিদাবাদ জিলার হরহরপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায় বি, এল, পুরণিয়া জিলার কৃষ্ণগঞ্জের মুনসেফের কর্ম্ম করিবেন।

৮৬৮ সাল ২০ জানুআরি।

মাদারগঞ্জের মুনসেফের উত্তর পদধারী নিযুক্ত না হওন পর্য্যন্ত ময়মনসিংহ জিলার নসিরাবাদের অতিরিক্ত উক্ত মুনসেফীর কর্ম্মের ভার প্রাপ্ত হইবেন।

১৮৬৮ সাল ২১ জানুআরি।

গোয়াসের মুনসেফ শ্রীযুত বাবু মদন মোহন তর্কভূষণ মুরশিদাবাদ জিলার হরহরপাড়ায় মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬৮ সাল ২১ জানুআরি।

ময়মনসিংহ জিলার মাদারগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় অচিহ্নিত কার্য্যকারকের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

আসাম জিলার নৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু হর কান্ত বড়ুয়া অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

৮৬৮ সাল ২৩ জানুআরি।

সারণ জিলার চাম্পারণের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম জেলানী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

Baboo Chunder Prosunno Dutt, Moonsiff of Bamunara Zillah East Burdwan, for five days, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules

Baboo Roodro Kanto Biswas Moonsiff of Mohamedpore Zillah East Burdwan, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules

C D FIELD
Registrar

HIGH COURT &c
The 24th January 1868

পূর্ব্ব বর্দ্ধমান জিলার বামুনাড়ার মুনসেফ শ্রীযুক্ত বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

পূর্ব্ব বর্দ্ধমান জিলার মহম্মদপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু রুদ্রকান্ত বিশ্বাস অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

সি ডি ফিল্ড
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ২৪ জানুআরি।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE

IT is hereby notified that a large "Mela" or Fair will be held at Gowhatty in Kamroop, Assam in February 1868 commencing on Wednesday, the 5th day of February 1868 corresponding with the 23rd of Maugh 1274 *B S* and continuing for as many days as may be deemed necessary

J T SHERER
Dy Commr of Kamroop

DY COMMR s OFFICE,
GOWHATTY, ASSAM
The 26th November 1867

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে আসাম প্রদেশান্তর্গত জিলা কামরূপের ‘গোহাটী শহরে’ আগামি ইঙ্গরাজী ৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ৫ই তারিখ বাঙ্গালা ১২৭৪ সালের মাঘ মাসের ২৩সা” তারিখ বুধবার অবধি এক বৃহত মেলা আরম্ভ হইবেক ও তাহা যত দিবস রাখা আবশ্যক বোধ হয় তত দিবস রাখা যাইবেক ইতি।

ডেপুটী কমিসানর
জিলা কামরূপ, কলেক্টর

আসাম গোহাটীর ডেপুটী কমিসানর সাহেবের কার্য্যালয়
তারিখ ২৬সা নবেম্বর ১৮৬৭ ইঙ্গরাজী।

LAND ADVERTISEMENTS

ভূমিবিষয়ক ইশতিহার।

TO BE SOLD

To the highest bidder at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack on Thursday the 23rd January 1868 at the hour of 12 o clock noon the right and interests of the Defendant Raja Luddonabh Deb of Killah Aul in the said Killah of Aul and also in the undermentioned Zemindaries in satisfaction of certain Decrees held by Kunhyalall Pundit and others Plaintiffs and execution of which has been taken out against him The Killah in question is a fixed Tributary Estate the permanent jumma of which is Rs 28 139 2 7 per annum Twenty five per cent on the amount bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale

Name of Zemindary	*Amounts of Sudder Jumma*		
	Rs	As	P
Talook Burree Pergunnah Kullamatea	5 359	14	10¼
Talook Niriampore Pergunnah Ditto	4 876	11	4
Kismut Talook Baligan Nagpore Pergunnah Kaima,	317	8	5
Lutna Goolnugger Pergunnah Soojabad	608	7	2
Kismut Talook Nupoom Killah Kaima	839	5	11
Do Do Deoolturra, Pergunnah Burrooah,	2 288	8	3
Mouzah Uigul Pergunnah Hasimoonda	873	1	3
And Kismut Killah Ghagra Damurpore Killah Ghagra Damurpore	850	7	1¼

W WRIGHT
Principal Sudder Ameen

CUTTACK
The 12th December 1867

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৮ জানুআরি।]

TO BE SOLD

"To the highest bidder at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack on Monday the 24th February 1868 at the hour of 12 o'clock, noon the rights and interests of the Defendant Rajah Bidyadhor Sendh Nurrinder Bahadoor, of Killah Coojung in the said Killah of Coojung in satisfaction of certain Decrees held by Goluck Chunder Bose Chowdry Rughoonauth Doss and others and execution of which has been taken out against him The Killah in question is a fixed Tributary Estate the permanent jumma of which is Rupees 7,503 9 7 per annum

Twenty five per cent on the amount bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale

W WRIGHT
P S Ameen

এস্তাহার নামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ।

সন ১৮৫৯ ইং ১১ আক্টের ৬ ধারানুসারে জিলা বাকরগঞ্জের অন্তবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল সন ১৮৬৮ ইং ১২ জানুআরি বন্দের দিন থাকায় ১২ জানুআরি তারিখের প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকট অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ১৮৬৮ ইং ১৯ ফেব্রুআরি মোতাবেক সন ১২৭৪ বাঙ্গলা ৮ ফাল্গুন রোজ বুধবার অত্র জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্যে নীলামে দেওয়া যাইবেক ইতি সন ১৮৬৮।

শ্রেণীর নং	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নং	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী রাজস্ব	মন্তব্য
৩	ইস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল	৪৮৭২	বোতর্গওমেদপুর পরগনা বাঞ্ছা রাম বসু ও লুকহি ।।০	আমজাদালি খোন্দকার সেখ পান মণ্ডল	১৫৫০।/৭	৩৯।৭	চতুর্থ দরের লিখিত মহাল নীলাম হইবেক।

H C SUTHERLAND
Offg Collector

MISCELLANEOUS ADVERTISEMENT সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার

বিজ্ঞাপন।

এলবরুলিং সাহেব কর্ত্তৃক সংগৃহীত দায় ও দান ও উইল ও বিক্রয় ও বন্ধকের বিধানের সার সংগ্রহ ওকালতী পরীক্ষার নিমিত্তে বঙ্গভাষায় অনুবাদিত হইয়া থাকর স্পিঙ্ক কোম্পানি লেপেজ কোম্পানি ও ডিরোজারিও কোম্পানির পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মূল্য ২।।০ টাকা মাত্র।

[*Government Gazette* 28*th January* 1868]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এফ জে রাসেল সাহেব কর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, JANUARY 28, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ২৮ জানুআরি।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা ত্রিপুরা।

এস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জিলা ত্রিপুরা এই যে।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তী নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইং রোজী ১৮৬৮ সালের ১৮ ফেব্রুআরি মোতাবেক ২৭৪ সালের ৭ ফাল্গুণ রো মঙ্গলবার অত্র জিলার কালেক্‌টরীর কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডে সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। সরকার জমিদারস্বরূপ গ্রামের চৌকীদারের যে খরচ এপর্য্যন্ত দিয়াছেন তাহা ভবিষ্যতে ইহা লিখিত মহালের সদর জমার অতিরিক্ত খরিদাবান আদায় করিবেক ইতি। সন ১৮৬৭ ইং ২৪ ডিসেম্বর।

রাজকীয় মহালের কৈফীয়তের নম্বর।	জিলার বহির নম্বর।	মহাল ও পরগনার নাম।	ন্যূনাধিক যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টাকুস।	মোট।		
			এ রু পো					
১ ১৮৫৯ই	১৭৮	প৹ বরদাখাত তং কুবিখাই মধ্যে সন ১৮১৯ ই ২ কানুনের ডিক্রীর ১৬৪ নং বাহের চর।	৭২৮৬।০।১৪	৫৬৩০	৫৬।/০	৫৬৮৬।/০	১১২৬০	

F, G Millett,

Collector

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বাকরগঞ্জ।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকরগঞ্জের অন্তর্গত নিম্নের লিখিত খাস মহালে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব সন ১৮৬৮ সালের ১৯ ফেব্রুআরি মোতাবেক বাঙ্গলা সন ১২৭৪ সালের ৮ ফাল্গুন বুধবার জেলা বাকরগঞ্জের কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেক তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি।

গবর্ণমেণ্টের মাহালের নম্বর।	তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরেতে ভূমির ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				মালিকের রাজস্ব।	রোড ফণ্ড।	জুম্লা।		
			এ ক প					
১৬০	৪৫৭৬	জজিরা বাহের চর কদমতলী	৮৪।০।০	১০৭৸৴	১৴	০৮৭৵	২১৫৷৷৵	
৯১	৪৭৯৩	জজিরা চর নিপত্তাসী তৃতীয় খণ্ড	১২৯	৬৩৪৲	৬৵	৬৪০৷৵	২৮৮৲	
১৯৮	৪৭৭৭	জজিরা চর পাতা	১১৯	৫৮৮৲	৫৸৵	৫৯৩৸৵	১১৭৮৲	
২১৫	২৬০১	তর্পে লস্করদিয়া শিবচন্দ্র রাজচন্দ্র দাস ভা-	২	১৷৷০	৩	১৷৷৩	৩৲	
২৭৪	১৭০৬	পরগনে বৈকুণ্ঠপুর রাম মাণিক্য সেন ভাং	৩	৫৲	২	৫৲২	১০৲	
২৭৬	১৬৬৩	পং বোজর্গ উমেদপুর শিব নারায়ণ দাস ভাং	১	৬৲	৴	৬৴	১২৲	
ই ১ল।৭	১৪০৬নং ১১৫।২২৫ ১৬।১৩৯ ৬২।২২০ ১৪১	প- ঐ কিং তেওলা ও মানওয়ার ওগয়রহ মুং আনন্দীরাম তাঁতী	১৫০	৫০৯৲	৫৵	৫১৪৵	১০১৮৲	
১৮	৫৬	পং ঐ কিং মানপাসা ও কুসঙ্গল সদর হাওলা নন্দরাম দাস	২	৯।০	৴৬	৯।৴৬	১৮৷৷০	
	ঐ	পং ঐ কি ঐ	০।২	২।৵	৴৬	২।৵৬	৫৸০	
	ঐ	পং ঐ কি ঐ	৩	৩৸৴	৵	১৩৸৶	২৭৷৷৵	
	ঐ	প- ঐ কিং ঐ	৪	১৬৷৷৴	৶	১৬৸০	৩৩৶	
২২	৮৪	পং ঐ কিং নাজনি মুং গঙ্গাপ্রসাদ মৌলিক	১	৮৸৵	৵	৯৲	১৭৸০	
২৩	৯২	প- ঐ কি- মোকামিয়া মু- ব্রজা কানু	২৬	১৪৫৲	১৷৶	১৪৬৷৶	২৯০৲	
ঐ	৯২	পং ঐ কি- তবিবকাটী	০।৩	৬৲	৴৬	৬৴৬	২৲	
ঐ	৯২	প- ঐ কি- বিবাট	১৪	৬৯৲	৷৷৶	৬৯৷৷৶	৩৮৲	
ঐ	৯২	কি- মহেশপুর	১২	৭৮৲	৸১	৭৮৸১	১৫৬৲	
২৭	১১৪	প ঐ কিং কুসঙ্গল দেবী প্রসাদ সেন ভা-	১৪	৫৭৲	৷৷৴৬	৫৭৷৷৴৬	১১৪৲	
৩৯	১৪৭	প- সুমুর্গ ওমেদপুর কি- ঝিলবুনিয়া সদর হাওলা মির ফজলে আলি	২৪।০।০	১৪৮৲	১৷৷	১৪৯৷৷০	২৯৬৲	
৪৫	৬২	পং ঐ কিং কুসাঙ্গল সাং মুং মুলুকচাঁদ কম্মকার	১।০।০	৬৲	৴	৬৴	১২৲	
৫৭	৬৪	পং ঐ কিং মোকামিয়া সাং মং কাশীনাথ দাস রাম সঙ্কর মুখোপাধ্যায়	২৭।০।০	৬১৲	১৷৷৵	৬২৷৷৵	১২২৲	
৪৮	১৭৩	পং ঐ কি কাঠালিয়া মুং নরোত্তম দাস	১।০।০	৫৪৲	৷৷৴	৫৪৷৷৴	১০৮৲	

গবর্ণমেণ্ট মাহালের নম্বর।	তৌজীর নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরেতে ভুমির ন্যুনাধিক পরিমাণ।	সদর জমা। ধার্য্য করা রাজস্ব।	সদর জমা। রোড ফণ্ড।	সদর জমা। একুন।	নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			এ র প					
৫২	১৭৮	পং বোজর্গ ওমেদপুর কিং মুশিদা মুং চন্দ্রনারায়ণ দাস	৫।০।০	১৮৲	৶	১৮৶	৩৬৲	
৬১	৯৭	পং ঐ কিং ভরতকাটী মুং শ্রীনারায়ণ হাজরা।	১১।০।০	৫৭৲	।।/	৫৭ ।/	১ ৪৲	
৬২	১৯৮	প ঐ কিং কম বির নারায়ণ মুং সৈদ দ্দীন।	৭০।০	২৮৲	।/	২৮।/	৫৬৲	
৬৪	২০০	পং ঐ কিং রাজনগর মুং ভেলাবেগ।	৩ ।০।০	১৫০৲	১।।০	১৫১।।০	৩০০৲	
৭০	২০৭	প- ঐ কিং বোয়ালিয়া মু রামনরসিংহ রায়।	১১।০ ০	৫৪৲	।।০	৫৫ ।০	০৮৲	
৭১	২০৮	পং ঐ কিং রামনগর।	৫।০ ০	২৫৲	।০	২৫ ০	৫০৲	
ঐ	২০৮	পং ঐ কিং ঐ	১।০।০	৭৲	৶	৭৶	১ ৲	
৭২	২০৯	পং ঐ কিং পুনিহাট তাং মদেব দাস	৭।০।০	২৯৲	।/	২৯।/০	৫৮৲	
৭৫	২১৪	পং ঐ হাট বিরজল	৲৯।০।০	১১১৲	৶	১১৶	২২২৲	
৭৬	২১৫	পং ঐ কিং পুনিহাট	।০ ০	৬৲	/	৬/	২৲	
৭৭	২ ৭	পং ঐ কিং বোয়ালিয়া মুং বৈষ্ণবদাস হৈতং	২২।০ ০	১১১৲	১/	১১২/	২২২৲	
৮২	২৩০	প ঐ হাট আমিরগঞ্জ	৪।০।০	২০৲	।০	২০।০	৪০৲	
৯০।৯১	।২	পং ঐ কিং বেতাসীব লা খেরাজ ব্রহ্মোত্তর হবিদেব বিদ্যাবাগীশ	২৩।০।০	১৩১৲	১।/	১৩২।/	২৬২৲	
৯২	৮	পং ঐ কিং কেওযাবুনিযা নাখেরাজ	৬ ।০।০	৩৭৲	।৶	৩৭।৶	৭৪৲	
১০৯	২১	পং ঐ কি কাফিলার নেমক তাফাল	১।০।	৮৲	৶	৮৶	৲১৬৲	
১২৮	৭	পং ঐ কিং মোনারখালির দরিচর	৲০।০।০	৩৮৲	।৶	৩৮।৶	৭৬৲	
৩৫	৮	প- ঐ কি ঝাটিবুনিয়া দবিচব	।০ ০	৪৲	/	* ৪/	৮৲	
ঐ	৮	প ঐ কি ঐ	০।০	৪৲	/	৪/	৮৲	
ঐ	৮	পং ঐ কি ঐ	১।০।০	৫৲	/	৫/	১০৲	
ঐ	১৮	প ঐ কিং ঐ	০ ২।০	২৲	৲৩	২৲৩	৪৲	
১৪	১৫৫৭	প- ঐ দবিচর মোতালক কিং গোকাবনের দবিচর	৩৫ ৭।০	১৭৭৲	৸০	১৭৭৸০	৩৫০৲	
	৪							
১৬	১৬	কিং বিরজলের দবিচর	৮৭।০।০	৪৮৭৲	৪৸৶	৪৯১৸৶	৯৭৪৲	
ঐ	১৬	কিং ঐ	৮৭।০।০	৪৯৪৲	৫৲	৪৯৯৲	৯৮৮৲	
২৯	৩১	পং ঐ কিং বৈদ্যপাসার দরিচর	৩৭।০ ০	১৫৬৲	১। /	১৫৭।।/	৩ ২৲	
৫১	৫৫	প- ঐ কিং কেওযাবুনিয়া দবিচর	১১	৫৬৲	।।/	৫৬।।/	১১২৲	
৫২	৫৭	প- ঐ কি, কুমারখালির দরিচর	২	৫৲	/	৫/	১০৲	
ঐ	৫৭	পং ঐ কিং তিমিরকাটীর দরিচর	১৭	৩৪৬।০	৩।৶৩	৩৪৯।।৶৩	৬৯২।।০	

গবর্ণমেণ্টের মহালের নম্বর।	তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরেতে ভূমির ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা। ধার্য্যকরা রাজস্ব।	রোড ফণ্ড।	একুন।	নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			এ রু পো					
৫৩	৬০	পং বোজর্ষ ওমেদপুর কিং আগুলিয়াপুরের দরিচর	৩।০	৬৴	৴	৬৵	২৵	
৫৫	৬৩	পং ঐ রামপুরের দরিচর	৬।০	২৬৲	।০	২৬।০	৫২৲	
৫৭	৬৮	পং ঐ দেওলির দরিচর	৪।০	১৭৲	।০	১৭।০	৩৭৲	
৬৩	৭৩	পং ঐ শুচবির দরিচর	১২৪।০	৫৮৯৲	৬৲	৫৯৫৲	১১৭০৲	
৬৪	৭৪	পং ঐ কিং হরিদেবপুর ও হোগলা বুনিয়াদ দরিচর	৪২১।	৯৭৫৲	১৯৸৲	৯৯৪৸০	৩৯৫০৲	
২৫২	২৮ ২	উত্তর সাহবাজপুর বাশী রাম কৃষ্ণজীবন গুপ্ত	৬।২	২৫৸৶	।২	২৬৶২	৫১৸৵	
১৩০	৪০৬ ১১	পং সুমুর্গ ওমেদপুর কিং জামুরা দরিচর	১৭২।	৫০১৲	৫৴	৫০৬৴	১০০২৲	
২৫৪	৮৫৭৯	রাজস্বের দশগুণ হায় মূল্য পং শ্রীরামপুর আসককায়েম পানা তালুক	০।১				১০	

H C SUTHERLAND,
Offg Collector

জিলা রঙ্গপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা রঙ্গপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে রঙ্গপুর জেলার মধ্যবর্ত্তি নিম্ন লিখিত মহাল গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৮ সালের ৪ ফেব্রুআরি মোতাবেক সন ১২৭৪ সালের ২৩ মাঘ রোজ মঙ্গলবার জেলা রঙ্গপুরের কালেক্টরী কাছারিতে ছানী বিক্রয় হইবেক।

১। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাহারা গবর্ণমেণ্ট গেজেটের প্রকাশিত রেবিনিউ বোর্ডের সেক্রেটারি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের অধীনে থাকিবেন ইতি ৮৬৮। ৭ জানুআরি।

সরকারী সম্পত্তির কৈফিত্তের নম্বর।	* জিলার তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	একরের ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা। ধার্য্যকরা রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট।	নীলামে প্রথম ডাকের মূল্য।	মন্তব্য।
			এ রু প					
৩	৩২৫	কিসমত খামার হারাগাছ পরগণে বামনডাঙ্গা।	৩১।৩।২৬	৮৫৲	৸৵	৮৫৸৵	১৭০৲	ইজারার ম্যাদ ১৮৬৮ সালের ৩০ আপ্রিল শেষ হইবেক।

J ANDERSON
Offg Collector

জিলা ত্রিপুরা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ত্রিপুরা।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্তী নীম্নের ইস্তেটমেন্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরেজি ১৮৬৮ সনের ১৬ মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৭৫ সনের ৪ চৈত্র রোজ সোমবার অত্র জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহালাত যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। সরকার জমিদার স্বরূপ গ্রামের চৌকিদারের যে খরচ এপর্য্যন্ত দিয়াছেন তাহা ভবিষ্যতে ইহার লিখিত মহালাতের সদর জমার অতিরিক্ত খরিদারান আদায় করিবেক ইতি সন ৮৬৮ ইং তারিখ ১১ জানুআরি।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর।	জিলার বহির নম্বর।	মহাল ও পরগনার নাম।	ন্যূনাধিক মত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য ক
				মালিক। রাজস্ব।	রাস্তার চাকুস	মোট।		
			একর প					
৩৫ ১৮৫৯ইং	০৭	পং বরদাখাত মধ্যে জোওয়ার বলরামপুর	৯৩৫।০।৩২	১৯০৩৲	৯৲	১৯২৭৲	৮০৬৲	এই মহালের বিক্রি ১২৭৪ সন বাঙ্গলা হইতে গণ্য হইবেক ইতি।
২৮ ১৮৫৯ইং	১৩১	পং মহবতপুর ১৮১৯ ইং ২ কানুনের ডিক্রির ১৭৩ নং বো বোচর	২০৩৫।০।২৪	১৫৬৯৲	৫৸	১৫৮৫৸৹	৩১৩৮৲	তথা।
৯৬ ১৮৫৯ইং	১২৪	পরগনে বরদাখাত ১৮১৯ ইং ২ কানুনের ডিক্রির ২৫ নং চর বিষ্ণুরামপুরের সিকস্তির পয়বস্তি-চর মিলখি	৩৩৭।২।২৫	৫৩২৲	।৫।৵	৫৩৭৵	০৮২৲	এই মহালের বি ১২৭৫ সন বাঙ্গল হইতে গণ্য হইবে ইতি।

F G MILLETT
Collector

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুক্ত এক জে বালো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 4, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ৪ ফেব্রুআরি।

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

(CRIMINAL SIDE)

No 1

To the Magisterial Authorities in the Lower Provinces —(dated Calcutta the 10th January 1868)

CONSIDERABLE inconvenience having been experienced in consequence of Sub Assistant Surgeons or Native Doctors at Sub Divisions being summoned from their Stations without the knowledge of the Civil Surgeon of the District, to whom they are subordinate for the purpose of giving evidence in cases in which they have held *post mortem* examinations, or when their attendance may be otherwise required by the Judicial Authorities, the High Court are pleased to direct that in future all summonses on these Medical Subordinates be served through the Magistrate or other Executive Head of the District to enable him, in communication with the Civil Surgeon, to make arrangements for the conduct of their medical duties during their absence

By order &c ,
(Sd) C D FIELD
Registrar

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর।

ফৌজদারী পক্ষ।

১ নম্বর।

বঙ্গপ্রভৃতিদেশের মাজিষ্ট্রেটী কার্য্যকারক সমীপেষু।

কলিকাতা, ১৮৬৮ সাল ১০ জানুআরি।

কোন ব্যক্তির মৃত্যুর পর শাখাখণ্ডের সব আসিষ্টান্ট চিকিৎসকের কি এদেশীয় ডাক্তরের দ্বারা শব পরীক্ষা হইলে সেই বিষয়ের প্রমাণ দিবার জন্যে অথবা অন্য কারণে যখন তাঁহারদিগকে আদালতে উপস্থিত করা কর্ত্তৃপক্ষেরদের প্রয়োজন হয় তখন তাঁহারা জিলার যে সিবিল চিকিৎসক সাহেবের অধীন থাকেন তাঁহার অজ্ঞাতসারে তাঁহারদিগকে আপনারদের কর্ম্মস্থানহইতে আহ্বান করা গিয়া থাকে। ইহাতে অত্যন্ত ক্লেশ হয়। এইহেতুক হাই কোর্টের সাহেবেরা এই আদেশ করিলেন, চিকিৎসাসংক্রান্ত উক্ত অধীন কার্য্যকারকদের নামে যখন আহ্বানপত্র দিতে হয়, তখন মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জিলার কর্ত্তৃত্বকার্য্য সম্পাদক অন্য প্রধান কার্য্যকারকের দ্বারা ঐ পত্র প্রেরণ করা যায়। তাহা হইলে তিনি সিবিল চিকিৎসক সাহেবের সঙ্গে পরামর্শ করিয়া ঐ অধীন চিকিৎসকদের অনুপস্থানকালে তাঁহারদের কার্য্য নির্ব্বাহ হইবার নিয়ম করিতে পারিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
সি ডি ফীলড,
রেজিষ্ট্রার।
JOHN ROBINSON, *Bengalee Translator*

HOME DEPARTMENT

NOTIFICATION

Public

Fort William the 24th January 1868

No 348

IN modification of Rule 35 of the Rules relating to emigration from the Port of Calcutta published in Notification No 2932 dated the 31st March 1865 the Governor General in Council is pleased to direct, under Section 63 Clause 1 of Act XIII of 1864 that for the future the proportion of femals shall be fifty per cent to male emigrants embarked

LEGISLATIVE

The 22nd January 1868

No 39

HIS Excellency the Governor General under the authority vested in him by the Act XXIV and XXV Vic, cap 67, Section 10 is pleased to nominate James Innes Minchin, Esq of the Madras Civil Service to be an Additional Member of the Council of the Governor General for making Laws and Regulations only

E C BAYLEY
Secy to the Govt of India

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

পবলিক।

ফোর্ট উলিয়ম। ১৮৬৮ সাল ২৪ জানুআরি

৩৪৮ নম্বর।

কলিকাতা বন্দরহইতে মজুরদের গমনসম্পর্কীয় যে বিধি ৮৬৫ সালের মার্চ মাসের ৩১ তারিখের ২৯৩২ ন বিজ্ঞাপনে প্রকাশিত হয় তাহার ৩৫ বিধি মতান্তর করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ৮৬৪ সালের ৩ আইনের ৬৩ ধারার ১ প্রকরণমতে আজ্ঞা করিতেছেন যে ইহার পর যত জন পুরুষ জাহাজে গমন করে তাহার শতজন প্রতি পঞ্চাশ জন স্ত্রী গমন করিবে।

ব্যবস্থাপন।

১৮৬৮ সাল ২২ জানুআরি।

৩৯ নম্বর।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ১ ধারামতে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি মান্দ্রাজের সিবিল কার্য্যস ক্রান্ত শ্রীযুত জেমস্ ইনিস মিনচিন সাহেবকে কেবল আইন ও ব্যবস্থাকরণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অতিরিক্ত মেম্বরের পদে মনোনীত করিলেন।

ই সি বেলী
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

FINANCIAL DEPARTMENT

NOTIFICATION

Fort William the 22nd January 1868

No 517

READ the following Despatch from the Right Hon'ble the Secretary of State for India —

FINANCIAL INDIA OFFICE
No 455 *London, the 16th December* 1867

To His Excellency the Right Hon'ble the Governor General of India in Council

SIR —I have considered in Council your Financial letter of the 1st October last No 217, recommending that, in lieu of gratuities at present allowed moderate compassionate allowances not exceeding Rupees 1 per mensem, should be conferred upon all servants of Government in the inferior and inelligible grades who may be thrown out of employment on reductions of Establishment after completing thirty years service

2 I concur with your Government that servants discharged from no fault of their own, after completing so long a period of Service as thirty years have claim to liberal treatment and I there

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম ১৮৬৮ সাল ২২ জানুআরি।

৫১৭ নম্বর।

ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের পশ্চাৎ লিখিত পত্র পাঠ করা গেল।

ফিনান্সীয়ল ইণ্ডিয়া আফিস।
৪৫৫ নম্বর। লণ্ডন ১৮৬৭ সাল ১৬ ডিসেম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সমীপেষু।

গবর্ণমেণ্টের নিম্ন শ্রেণীর যে চাকরেরা পেন্‌শ্যনের বিধিমতে উপকার পাইতে না পারে, তাহারা সম্পূর্ণ ত্রিশ বৎসর কর্ম্ম করণানন্তর শিরিস্তা ন্যূন করণহেতু কর্ম্মচ্যুত হইলে তাহারদিগকে পারিতোষিক দানের পরিবর্ত্তে অনুগ্রহ করিয়া মাসিক ৫৲ টাকার অনধিক সামান্য বৃত্তি দিবার অনুরোধসূচক আপনকার গত অক্টোবর মাসের ১ তারিখের ২১৭ নং রাজস্বস-ক্রান্ত পত্র আমি মন্ত্রিসভায় বিবেচনা করিয়াছি।

যে চাকরেরা ত্রিশ২ বৎসর দীর্ঘ কাল কর্ম্ম করণানন্তর নিরাপরাধে কর্ম্মচ্যুত হয় তাহাদের অনুগ্রহ প্রাপণের দাওয়া আছে বলিয়া দয়াপূর্ব্বক বৃত্তি দিবার নিমিত্ত আপনি যে প্রস্তাব করেন

fore sanction the grant to them of compassionate allowances as proposed by you

I have, &c ,

(Sd) **Stafford H Northcote**

Ordered, that the above Despatch be published in the *Gazette of India*

E H Lushington,
Secy to the Govt of India

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

No 331

Appointments

The 22nd January 1868

Mr C C Stevens to be an Assistant to the Magistrate and Collector of Maldah, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in that District

The following gentlemen to be Members of the Municipal Committee at Nattore *viz* —

The Moonsiff of Nattore *ex officio*
Koomar Komudnath Roy
Mahomed Prosad Khan Chowdry

Captain H P W Wynch to officiate as District Superintendent of Police, Bhaugulpore during the absence on leave of Major A Francis or until further orders

The following gentlemen to be Members of the Committee for the management of the charitable Dispensary at Jessore *viz* —

Mr C H Vowell
Baboo Doorga Das Chowdry
„ Doorga Prosad Ghose
Dukhina Prosad Bose
„ Harinath Dutt
Moonshee Gyazuddin
Baboo Uma Churn Mitter

Lieutenant W G Maitland to be Secretary to the Local Committee of Public Instruction at Debrooghur

Mr E Harris to be a Municipal Commissioner for the Town of Burdwan

The 23rd January 1868

Mr R Finney to officiate as Principal Sudder Ameen of Tipperah, during the absence on leave of Moulavy Anwar Ally Khan or until further orders

Moulavy Noorool Hossein to officiate as Sudder Ameen of Noakhally, and Moonsiff of the Sudder Station of that District

[*Government Gazette, 4th February* 1868]

তাহাতে আমি সম্মত হইয়া সেই বৃত্তি দান অনুমোদন করিলাম।

এষ্টাফর্ড এচ নর্থকোট।

আজ্ঞা হইল যে উক্ত পত্র ইণ্ডিয়া গেজেটে প্রকাশ হয়,

ই এচ লশিংটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৩৩১ নম্বর।

নিয়োগ।

৮৬৮ সাল ২২ জানুআরি।

শ্রীযুত সি সি ষ্টিবেনস সাহেব মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, ও ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমত ক্রমে কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা নাটোরের মুনিসিপল কমিটীর মেম্বর হইবেন।

আপন পদোপলক্ষে নাটোরের মুনসেফ।
শ্রীযুত কুমারকুমদনাথ রায়।
„ মহম্মদ প্রসাদ খাঁ চৌধুরী।

মেজর শ্রীযুত এ ফ্রান্সিস্ সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কাপ্তান শ্রীযুত এচ, পি ডবলিউ উইঞ্চ সাহেব ভাগলপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা যশোহরের দাতব্য ঔষধালয়ের কর্ম সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত সি এচ বোয়েল সাহেব।
বাবু দুর্গাদাস চৌধুরী।
„ বাবু দুর্গাপ্রসাদ ঘোষ।
বাবু দক্ষিণাপ্রসাদ বসু।
বাবু হরিনাথ দত্ত।
মুনশী গয়াজুদ্দীন।
„ বাবু উমাচরণ মিত্র।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ জি মৈটলণ্ড সাহেব দেবরুগড়ের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

শ্রীযুত ই, হারিস্ সাহেব বর্দ্ধমান নগরের এক জন মুনিসিপল কমিসানর হইবেন।

১৮৬৮ সাল ২৩ জানুআরি।

শ্রীযুত মৌলবী আনওয়ার আলী খাঁর ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর ফিনি সাহেব ত্রিপুরার প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

শ্রীযুত মৌলবী নূরুল হুসেন নওয়াখালীর সদর আমীনের ও ঐ জিলার সদর স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন।

The 24th January 1868

Baboo Gurgoram Burwah to be a Municipal Commissioner for the Town of Gowhatty

Mr W J C Beresford to officiate, until further orders as Conservator of Port Canning

Mr J D White Sub Assistant Commissioner Nulla, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the Sonthal Pergunnahs

Mr A C Bolst Assistant Superintendent of Police Durrung is transferred temporarily to Seebsaugor

Mr P A Humphrey to officiate until further orders as Magistrate and Collector of Pubna

Mr T Norman to officiate as Joint Magistrate and Deputy Collector of Rajshahye

Mr N S Alexander to officiate as Magistrate and Collector of Mymensing during the absence on leave of Mr H J Reynolds or until further orders

Mr F Wyer to officiate as Joint Magistrate and Deputy Collector of Purneah

Dr R Deacon to be Civil Assistant Surgeon of Sylhet

Dr H M Davis to be Medical Officer of Pubna

The 28th January 1868

The 3rd Grade Sub Assistant Surgeon Taraprosono Roy to be House Surgeon to the Eye Infirmary Wards of the Medical College Hospital *vice* Baboo Ram Lall Dey deceased

LEAVE OF ABSENCE

The 22nd January 1868

Lieutenant Colonel W Agnew Judicial Commissioner of Assam for eighteen days under Section 6 of the Covenanted Service Absentee Rules in extension of the leave granted to him under orders of the 23rd October last

Baboo Kooldeepnarain Sing Deputy Magistrate and Deputy Collector of Sarun for two months under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules in extension of the leave granted to him under orders of the 28th September last

Major A Francis District Superintendent of Police Bhaugulpore for one month from the 1st February next, or any other day within one month of that date on which he may avail himself of the leave to enable him to appear before the Standing Medical Committee at the Presidency

Mr W V G Tayler Magistrate and Collector of Pubna for two months and one week from the 7th February next under Section 6 of the Covenanted Service Absentee Rules

১৮৬৮ সাল ২৪ জানুআরি।

শ্রীযুত বাবু গর্গরাম বড়ুয়া গৌহাটী নগরের এক জন মুনিসিপল কমিসনর হইবেন।

শ্রীযুত ডবলিউ জে সি বেরেসফর্ড সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কানিং বন্দরের রক্ষকের কর্ম্ম করিবেন।

নালার সব আসিষ্টান্ট কমিসনর শ্রীযুত জে, ডি, ওয়াইট সাহেব সাঁওতাল পরগনার অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

দরঙ্গের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, সি, বোল্স্ট সাহেব কিয়ৎকালের নিমিত্তে শিবসাগরে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত পি এ হমফ্রে সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি নর্ম্মাণ সাহেব রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ জে রেনল্ডস সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ ওয়াইযর সাহেব পূরণিয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ডাক্তর শ্রীযুত আর ডিকন সাহেব শ্রীহট্টের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

ডাক্তর শ্রীযুত এচ এম ডেবিস সাহেব পাবনার চিকিৎসক হইবেন।

১৮৬৮ সাল ২৮ জানুআরি।

বাবু রামলাল দের মৃত্যু হওয়াতে তৃতীয় শ্রেণীর সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু তারাপ্রসন্ন রায় মেডিকাল কালেজ হাসপাতালে চক্ষুরোগের হৌস সর্জ্জন হইবেন।

ছুটী।

৮৬৮ সাল ২২ জানুআরি।

আসামের জুডিসিয়ল কমিসনর লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত ডবলিউ আগনিউ সাহেব গত অক্টোবর মাসের ২৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আঠার দিনের ছুটী পাইয়াছেন।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কুলদীপ নারায়ণ সিংহ গত সেপ্টেম্বর মাসের ২৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট মেজর শ্রীযুত এ ফ্রান্সিস সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে আগামি ফেব্রুআরি মাসের ১ তারিখ অবধি অথবা তৎপরে এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি ফেব্রুআরি মাসের ৭ তারিখ অবধি দুই মাসের ও এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৪ ফেব্রুআরি।]

The 23rd January 1868

Moulavy Anwar Alli Khan Principal Sudder Ameen of Tipperah for six weeks, from the 6th instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

The 24th January 1868

Mr C C Wood, Special Deputy Magistrate and Deputy Collector Moorshedabad is allowed leave of absence up to the 31st instant under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules in extension of the leave granted to him under orders of the 14th December last

Baboo Bemola Churn Bhuttacharjee Deputy Magistrate and Deputy Collector of Moonsheegunge for three weeks from the 31st instant under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

The 27th January 1868

Baboo Rungolall Banerjee Deputy Magistrate and Deputy Collector of Cuttack on special duty for one month from the 22nd instant under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

The 28th January 1868

Baboo Nobocoomar Banerjee Principal Sudder Ameen of Beerbhoom for seven days under paragraph 12 Clause 1 of the Uncovenanted Service Absentee Rules

NOTIFICATIONS

The 23rd December 1867

On the report of the Board of Examiners the following Police Officers are declared to have passed the Second Standard of Examination at the examination held in November 1867, *viz* —

Mr G H French
„ W W Daly
„ W F Trotter { Subject to a further examination in Bengali

The 22nd January 1868

The appointment of Mr H C Sutherland to special duty in Maldah and that of Mr F H Pellew to officiate as Magistrate and Collector of Backergunge, notified in the *Calcutta Gazette* of the 15th instant are cancelled

The 24th January 1868

The services of Dr J Browne, Civil Assistant Surgeon of Sylhet are placed at the disposal of the Government of India, in the Military Department

The 25th January 1868

The Right Hon'ble the Secretary of State for India has granted extensions of leave to the

৮৬৮ সাল ২৩ জানুআরি।

ত্রিপুরার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আনওয়ার আলী খাঁ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ৬ তারিখ অবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

৮৬৮ সাল ২৪ জানুআরি।

মুরশিদাবাদের বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি সি উড সাহেব গত ডিসেম্বর মাসের ১৪ তারিখের আজ্ঞাতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

মুনশীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এই মাসের ৩১ তারিখ অবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

৮৬৮ সাল ২৭ জানুআরি।

বিশেষ কার্য্যে নিযুক্ত কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ২২ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮ ৮ সাল ৮ জানুআরি।

বীরভূমের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু নবকুমার বন্দ্যোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে সাত দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

৮৬৮ সাল ২৩ জানুআরি।

পরীক্ষক বোর্ডের রিপোর্টমতে প্রকাশ করা যাইতেছে যে ১৮৬৭ সালের নবেম্বর মাসে যে পরীক্ষা হইয়াছিল তাহাতে পোলীসের নিম্ন লিখিত কার্য্যকারকেরা দ্বিতীয় কক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

শ্রীযুত জি এচ ফ্রেঞ্চ সাহেব।
„ ডবলিউ ডবলিউ ডেলী সাহেব।
„ ডবলিউ এফ ট্রটর সাহেব { বঙ্গভাষায় পুনর্ব্বার পরীক্ষা দিতে হইবে।

১৮ ৮ সাল ২২ জানুআরি।

মালদহে শ্রীযুত এচ সি সদরলণ্ড সাহেবের বিশেষ কর্ম্মে নিযুক্ত হওনের এবং শ্রীযুত এফ এচ পেলিউ সাহেবকে বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের কর্ম্মে নিযুক্ত হওনের যে অনুজ্ঞা বর্ত্তমান মাসের ২১ তারিখের গেজেটে প্রকাশ হইয়াছিল তাহা রহিত করা গিয়াছে।

৮৬৮ সাল ২৪ জানুআরি।

শ্রীহট্টের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে ব্রৌন সাহেব মিলিটারী ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

৮৬৮ সাল ২৫ জানুআরি।

ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব নিম্নলিখিত অচিহ্নিত কার্য্যকারকদিগকে

following Uncovenanted Officers for the periods specified against their names *viz* —

Mr O S Stack District Superintendent of Police for one month without pay

Mr C G Baker v c Deputy Inspector General of Police for six months, on Medical Certificate

Mr J Sanders, Professor, Presidency College Calcutta for six months on Medical Certificate

The 27th January 1868

Baboo Kalikinker Roy late Officiating Judge of the Small Cause Courts of Kooshteah Chooadangah, and Meherpore having proceeded on the 1st December last to join his appointment as Principal Sudder Ameen of Tirhoot the unexpired portion of the leave granted to him under orders of the 24th September preceding is cancelled with effect from the 1st ultimo

---

DECLARATION

The 21st January 1868

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose *viz* for a road from Jellasore to Raibaniah it is hereby declared that a strip of land about 8 miles in length and 36 feet broad, more or less between the Trunk Road upon the North side of Jellasore Patna in Pergunnah Jellasore and the northern boundary of Raibaniah in Pergunnah Bhitarband in the District of Balasore is required

This Declaration is made under the provisions of Section 2 Act VI of 1857 to all whom it may concern

---

DECLARATION

The 25th January 1868

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken at the public expense for a public purpose *viz* for the construction of a Section of the Culpee Road from Soonarpore to Nachangachha in the district of 24 Pergunnahs it is hereby declared that for the above purpose a strip of land measuring about 50 feet wide and 2,700 feet long more or less running from north to south and passing through the villages of Soonarpore Alipore and Nachangachha in Pergunnah Medanmulla is required

This Declaration is made under Section 2, Act VI of 1857 to all whom it may concern

H L DAMPIER
Offg Secy to the Govt of Bengal

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ ফেব্রুআরি।]

তাঁহারদের নামের পার্শ্বের লিখিত অতিরিক্ত ছুটী দিয়াছেন।

পোলীশের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ও এস ষ্টাক সাহেব বিনা বেতনে এক মাস।

পোলীসের ডেপুটী ইনস্পেকটর জেনরল শ্রীযুত সি জি বেকর সাহেব বি সি চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাস।

কলিকাতার প্রেসিডেনসী কালেজের অধ্যাপক শ্রীযুত জে সাণ্ডর্স সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাস।

১৮৬৮ সাল ২৭ জানুআরি।

কুষ্ঠিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ভূতপূর্ব্ব একটিং জজ শ্রীযুত বাবু কালী কিঙ্কর রায় গত ডিসেম্বর মাসের ১ তারিখে ত্রিপুরায় আপন প্রধান সদর আমীনী কর্ম্মে গমনকরাতে তৎপূর্ব্ব সেপ্টেম্বর মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা গত মাসের তারিখ অবধি রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২১ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ জলেশ্বর অবধি রাইবেণিয়া পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে, জলেশ্বর পরগনার পাটনা জলেশ্বরের উত্তর দিগের পথের ও বালেশ্বর জেলার অন্তর্গত ভতিয়াবাঁধ পরগনার রাইবেণিয়ার উত্তর সীমার মধ্যে ন্যূনাধিক ৮ মাইল দীর্ঘ ও ৩৬ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক থাকে তাহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধান মতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৫ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত সোণারপুর অবধি নাচনগাছা পর্য্যন্ত কালপীর পথের একাংশ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ২৭০০ ফুট দীর্ঘ ও ৫০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন। উক্ত ভূমি উত্তর দক্ষিণ মেধামাল্লা পরগনার সোণারপুর ও আলীপুর ও নাচনগাছা গ্রামের মধ্য দিয়া যায়।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধান মতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

APPOINTMENTS

The 25th January 1868

Baboo Ram Monee Sein Moonsiff of Rangoneea, to be additional Moonsiff of Satkaneea Zillah Chittagong in addition to his present duties and until further orders

The Serishtadar to be placed in charge of the current duties of the Rangoneea Moonsiffee, during the absence of Baboo Ram Monee Sein from the jurisdiction of Rangoneea

C D Field
Registrar

High Court &c
The 1st February 1868

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৮ সাল ২৫ জানুআরি।

রঙ্গনীয়ার মুনসেফ শ্রীযুত বাবু রামমণি সেন আপনার কর্ম্মের অতিরিক্ত ও অন্য আজ্ঞা না প্রাপণ পর্য্যন্ত জিলা চট্টগ্রামের সাতকন্যার অতিরিক্ত মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু রামমণি সেন যখন রঙ্গনীয়াতে না থাকেন তখন সিরিশ্তাদার রঙ্গনীয়ার মুনসেফী কাছারীর চলিত কর্ম্মের ভার পাইবেন।

সি ডি ফিল্ড
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ১ ফেব্রুআরি।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE

It is hereby notified that a large 'Mela' or 'Fair' will be held at Gowhatty in Kamroop, Assam, in February 1868 commencing on Wednesday, the 5th day of February 1868, corresponding with the 23rd of Maugh 1274 *B S*, and continuing for as many days as may be deemed necessary

J I Sherer
Dy Comnr of Kamroop

Dy Commr's Office
Gowhatty Assam
The 26th November 1867

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আসাম প্রদেশান্তর্গত জিলা কামরূপের গোহাটী শহরে আগামি ইঙ্গরাজী ১৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ৫ই তারিখ বাঙ্গালা ১২৭৪ সালের মাঘ মাসের ২৩সা তারিখ বুধবার অবধি এক বৃহত মেলা আরম্ভ হইবেক ও তাহা যত দিবস রাখা আবশ্যক বোধ হয় তত দিবস রাখা যাইবেক ইতি।

ডেপুটী কমিস্যনর
জিলা কামরূপ, আসাম।

আসাম গোহাটীর ডেপুটী কমিস্যনর
সাহেবের কার্য্যালয়,
তারিখ ২৬সা নবেম্বর ১৮৬৭ ইঙ্গরাজী।

[*Government Gazette, 4th February* 1868]

বিক্রী নেমকের মাস্তাবারি হিসাব সন ১৮৬৭ সাল ৩১ ডিসেম্বর।

১ ডিপো	২ পাঙ্গা	৩ করকচ	৪ দর ফি ০০ মোন
হিজলী	মোন	মোন	টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর	৪,৮৩৩/	০	৩৮৫৲
ঐ ঐ কৃষ্ণনগর	৭০,০৬৭/	০	
ঐ ঐ রামনগর	১,২১,৮২৫/	০	
ঐ ঐ কালীনগর	১৯ ৯৪৪/	০	
ঐ ঐ পুরীঘাট্টা	১৯ ১৫৪/	০	
একুন।	২,৩৫ ৮২৩/	০	
শালিখা।			
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	০	১,২০ ৫০৬/	৩৬৫৲
ঐ ঐ সিন্ধু	০	৩,৬৪,০৯০/	৩৭৫৲
মিশ্রিত করকচ নেমক	০	১৭৯/	
একুন।	০	৪ ৮০,৭৭৫/	
পুরী।			
পাঙ্গা নেমক	১ ৬৪ ২৫৯/	০	৩৮৫৲
করকচ নেমক	০	৪,২৭,১৮১/	৩৪০৲
একুন।	১,৬৪ ২৫৯/	৪ ২৭ ১৮১/	
মোট একুন	৩,৮০ ০৮২/	৯,১১ ৯৫৬/	

মন্তব্য।—শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দফ্তরখানা হইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিলে যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহারদিগকে ৪ ঘরের লিখিত ১ ডিসেম্বর তারিখের ইস্তেহার দেওয়া কম নিরখ দরে ১ ঘরের লিখিত সরকারী গোলা হইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটরী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৮ সাল ২৭ জানুআরি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৪ ফেব্রুআরি।]

নং ৮৩।

আফিমের ইস্তাহার।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৮ সাল তারিখ ১০ই ফিব্রুআরি সোমবার পূর্ব্বাহ্ণ দিবা এগার ঘন্টার সময়ে যোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৬। ৬৭ সালের উৎপন্ন আফিমের দ্বিতীয় নীলাম হইবেক, ঐ নীলামে ৪০০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক, তাহার বিশেষ এই।

বেহার এজেন্সীর উৎপন্ন আফিম	২৩০০
বানারস এজেন্সীর উৎপন্ন আফিম	১৭০০
জুমলা সিন্দুক	৪০০০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইস্তাহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৭ সালের ১লা অক্টোবর তারিখের লিখিত ইস্তাহার দৃষ্টি গোচর অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৮ সালের ১৫ই এবং ২৫সে ফিব্রুআরি এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল, অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন, তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ, কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৮ সালের ১৫ই ফিব্রুআরি শনিবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পর আর লওয়া যাইবেক না, এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল বেঙ্কের রসিদ সন ১৮৬৮ সালের ২৫সে ফিব্রুআরি মঙ্গলবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইস্তাহারের লিখিত পরিমাণ আফিমভিন্ন বর্ত্তমান বর্ষের উৎপন্ন নীচের লিখিত বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক, আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান আলীশান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমল সিন্দু
সন ১৮৬৮	সাল তারিখ	১১ই মার্চ বুধবার	অথবা কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৯ই এপ্রেল বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৩০০	১ ৭০০	৪,০০০
ঐ	ঐ	৭ই মে বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	১০ই জুন বুধবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৯ই জুলাই বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪ ০০০
ঐ	ঐ	১০ই আগষ্ট সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	১০ই সেপ্টেম্বর বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪ ০০০
ঐ	ঐ	৯ই অক্টোবর শুক্রবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৯ই নবেম্বর সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৭ই ডিসেম্বর সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
				একুন	২৩,০০০	১৭,০০০	৪০,০০০

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম সন ১৮৬৮ সাল তারিখ ৭ জানুআরি।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, FEBRUARY 18, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৮ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

২৭২	১৫৬৫	খাস মহাল আইস চোকলা পং হাবিলি।	২	৪॥৵০	/০	৪॥৶০	৯।০	

বিজ্ঞাপন কাছারি কালেক্টরি জিলা হুগলী।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলী জিলার অন্তর্গত নিম্নলিখিত খাস মহল সকল তফসিলের ১১ ঘরের লিখিতমত নিয়মে আগামী ২৬ মার্চ মোতাবক সন ১২৭৪। ১৪ চৈত্র বৃহস্পতিবার এই জিলার কালেক্টরিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীন থাকিবেন ইতি সন ১৮৬৮ সাল তাং ১৩ ফেব্রুআরি।

বাজকীয় মহালের নম্বর। ১	জেলার বহীর নম্বর। ২	মহাল ও পরগনার নাম। ৩	ভূমিব ন্যূনাধিক পরিমাণ। ৪ ৫ ৬	সদর জমা। নির্দ্ধারিত রাজস্ব। ৭	রোড ফণ্ড। ৮	মোট। ৯	নীলামের প্রথম ডাক। ১০	মন্তব্য। ১১
			এ ক প					
১০২	৩৭৭১	প্রসাদপুর প- পাণ্ডুয়া	১।০ ৭	৩৷৶৬	৶	৩৸৩	৭৷৶০	গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহাই নীলাম হইবেক।
১১০	৩৫৭৬	ছেলমাবাদ সামিল হালাড়া পরগনে হাবেলী	০।৩।৫	১/৩	৩	১/৬	২৶৬	সন ১৮৬৮ সালের ১ আপ্রিল মোতাবেক সন ১২৭৫ সালের সুরুহইতে খরিদানের স্বত্ব জন্মিবেক এবং ৯ ঘরের লিখিত রাজস্ব নিয়মমত খরিদার দিতে বাধ্য হইবে।
১ ২	৩৬১৪	দ্বারপাড়া সামিল কবুবাদিগর প- অম্বিকা	১।২।২০	১৶১	২	১৶৩	২।২	
		৩						
১১১	৩৬০৮	দ্বারপাড়া প- অম্বিকা	০।০।২৯				৸৶১০	এই তিন মহালে গবর্ণমেণ্টের যে স্বত্ব আছে তাহাই নাখেবাজ স্বরূপে বিক্রয় হইয়া খরিদারকে অর্শিবেক ইতি।
১১৩	৩০২৭ পূর্ব্বে ৩০৭৮ নং ছিল।	চাঁদড়া প- বাণীহাটী	০।১।৮				৬।৶৪	
১০৪	২২১৬	চাকবান বাজেয়াপ্ত কলুপুখুরিয়া প- জাহানাবাদ	০।২।৩২				০৸৶০	
		৩						

R V Cockerell,
Collector

জিলা ফরিদপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে জেলা ফরিদপুরের অন্তর্গত নিম্নের লিখিত খাসমহাল গবর্ণমেন্টের মালিকী স্বত্ব সন ১৮৬৮ সালের ৩ আপ্রিল মোতাবেক বাঙ্গালা সন ১২৭৪ সালের ২২ চৈত্র শুক্রবার জেলা ফরিদপুরের কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেক তাহার এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটারি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ৮২৮ সাল তারিখ ১৮ ফেব্রুআরি।

গবর্ণমেন্টের হালের নাম নম্বর।	তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরেতে ভুমির ন্যুনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব।	রোড ফণ্ড।	একুন।		
			এ রু পো					
২১৭	৫৭৮	সরকারী খরিদা জাএগীর তালুক আলী মির পং জালালপুর।	১				৫॥৵০	নিষ্কর বিক্রয় হইবেক।

CHUNDER MOHUN ROY,
Deputy Collector

জিলা ঢাকা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জেলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালের গবর্ণমেন্টের মালিকিস্বত্ব ইংরেজী ১৮৬৮ সনের ২৮ মার্চ মোতাবেক ১২৭৪ সনের ১৬ চৈত্র শনিবার জেলা ঢাকার কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক ইতি।

এই সকল মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৮ ইং তারিখ ১১ ফেব্রুআরি। মোতাবেক সন ১২৭৪ বাঙ্গলা তারিখ ২৯ মাঘ।

ইষ্টেটমেন্টের নম্বর।	জেলার তৌজির নম্বর।	পরগনা ও মহালের নাম।	জমির পরিমাণ ন্যুনাধিক।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধায্যহওযা সদর জমা	বোড ফণ্ড।	মোট জমা		
			এ রু পো					
২৫৪ নং অন্তর্গত ১০০ নং	৮৬৬১	পরগণে রাজনগর হিস্যা পীতাম্বর সেন কিসমত পোমা	৬।০।২৭	৭।৬।	০	৭।৬।	১৪॥⁄।।	৮৬৮ সনের ১ আপ্রিল হইতে খরিদারের স্বত্ব জন্মিবেক এবং ঐ তারিখঅবধি ক্রয় কারক সরকারী রাজস্ব নিয়মমতে দিতে বাধ্য হইবেন ইতি।

A LEVIEN,
Collector

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এক জে বালো সা[illegible] মুদ্রিত[illegible]কাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 24, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ২৪ মার্চ।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L P

FEBRUARY, 1868

No 5

The following addition should be made to Rule 1, Section I, Chapter IX of the Board Rules, at page 1o7, immediately after the list therein given of the Hindu Holidays

Mahomedan officers and employés attached to the Magisterial Courts and Revenue Offices may be allowed to absent themselves from Office on the following day —

	Days
Moharrum	5
Akhar-i-chahár shamba	1
Fóteha i-dwazooham	1
Shob-i-Borát	1
I'd ul fitr	2
I'd-[illegible]	2
Total	12

No 6

Under instructions from Government, Commissioners are requested, after careful enquiry,

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৬৮ সাল ফেব্রুআরি মাস।

৫ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১৭৭ পৃষ্ঠায় ৯ খণ্ডের ১ অধ্যায়ের বিধির ১ ধারাতে হিন্দু পর্ব্বের যে নির্ঘণ্ট প্রকাশ হইল তাহতে এই কথা সংযোগ করিতে হইবে।

মহম্মদীয় যে আমলাগণ ও অন্য ব্যক্তিরা মাজিষ্ট্রেটী আদালতে ও রাজস্বের কার্য্যালয়ে নিযুক্ত থাকেন, তাঁহারা নিম্নলিখিত কএক দিন ছুটী পাইতে পারিবেন।

মহরম	৫ দিন।
আখেরিচাহার শম্বা	১ ,,
ফাতেহে দোআজদহম	১ ,,
শবেবরাৎ	১ ,,
ইদুল ফিত্র	২ ,,
ইদুলঅজ্‌হা	২ ,,
মোট	১২

৬ নম্বর।

গবর্ণমেণ্টের আদেশমতে কমিস্যনরদের প্রতি আজ্ঞা করা গেল, যে তাঁহারা মনোযোগ পূর্ব্বক আপনং খণ্ডের

to report, as early as practicable, on the condition of the Sub Divisional Treasury Buildings in their respective Divisions, and to state in each case what is necessary to render them secure

অন্তর্গত শাখাখণ্ডের রাজকীয় অর্থাগারের অবস্থ অনুসন্ধান লইয়া, সাধ্যমতে ত্বরায় তাহার রিপোর্ করেন, ও যাহা হইলে প্রত্যেক ঘর সুদৃঢ় হয় ইহা জ্ঞাপ করেন।

No 7

৭ নম্বর।

The Return No VIB regarding Government Decrees is to include all outstanding amounts and to be submitted for each month regularly Where no recoveries may have been made in the month, the reasons should be explained briefly in column 7 of the Return

গবর্ণমেণ্টের সপক্ষ ডিক্রী বিষয়ে ৬ B নম্বরের যে রিটর্ণ আছে, তাহার মধ্যে বাকী সকল টাকা ধরিতে হইবে। ও মাসে২ নিয়ত দিতে হইবে। যদি মাসের মধ্যে কিছু আদায় না হইয়া থাকে, তবে রিটর্ণের ৭ ঘরে তাহার সংক্ষেপ হেতু লিখিতে হইবে।

No 8

৮ নম্বর।

In the penultimate line of Clause 5 page 81 of the Board's Rules expunge the words ‘can be” and *substitute* ‘is applied for in the following form and” The form to be appended to the Clause is given below —

বোর্ডের বিধিপুস্তকের ৮১ পৃষ্ঠার ৫ ধারার মধ্যে “রেবিনিউ বোর্ডের আজ্ঞা না প্রাপণ পর্য্যন্ত” এই কথা ত্যাগ করিতে হইবে, তৎপরিবর্ত্তে “নিম্নলিখিত পাঠে রেবিনিউ বোর্ডের অনুমতি প্রার্থনা হইয়া যত কাল না পাওয়া যায়”, এই কথা দিতে হইবে। ঐ ধারার পর যে পাঠ থাকিবে তাহা এই।

District	Particulars of the case	AMOUNT OF FINE				Date on which period of appeal expired, or appeal was rejected	REMARKS.
		Imposed	Realized	Distributed *at once*	Balance *to be* distributed		
1	2	3	4	5	6	7	8

জিল।	মোকদ্দমার বৃত্তান্ত।	যত টাকা অর্থদণ্ড				আপীলের মিয়াদ যে তারিখে অতীত হয় কি আপীল যে তারিখে অগ্রাহ্য হয়।	মন্তব্য।
		ধার্য্য হইল।	আদায় হইল।	একবারে বণ্টন করা গেল।	অবশিষ্ট যত টাকা বণ্টন করিতে হইবে।		
১	২	৩	৪	৫	৬	৭	৮

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৪ মার্চ।]

No 9

Forms in which statistics of physical, political, and fiscal geography are to be furnished, will be supplied immediately to all District Officers by the Superintendent of Stationery Last year very little care was bestowed on the filling up of the forms, and the Board request that the instructions issued in Circular Order No 8 of August 1867, may be strictly attended to in the preparation of the Returns for 1867 68

No 10

It has been ruled by Government that Collectors are not to exercise the power conferred on them by Section 25 of Regulation VII of 1799, of selling lands summarily at the end of the year for arrears of revenue in estates under their direct management The Collectors in such cases will proceed by suit and sell only in execution of decree

2 Commissioners of Divisions will carefully see that this ruling is observed by their subordinates They will further report after six months experience, the extent to which rent suits have been increased in consequence of these orders and whether any such practical inconvenience has arisen as to render it desirable that the power of sale without decree, should be left in full exercise

3 Pending further orders or legislative enactment, the Board of Revenue with the approval of Government, and under Clause 6 Section 23 of Regulation VII of 1799, prescribe the following rules, to be observed by all officers holding sales of under tenures for arrears of revenue under the Regulation above named

I All such sales shall be public, and be conducted by the Collector, his Deputy, or duly authorized Assistant

II Ten days' notice shall be given of such sales by advertisement to be stuck up at the Cutcherry of the Zillah Court, or local Adawlut, and at that of the Collector

৯ নম্বর।

প্রাকৃতিক ও বার্ত্তিক ও রাজস্বসংক্রান্ত ভূগোলের স্থিতি যে পাঠে লিখিয়া দিতে হইবে, ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব অবিলম্বে সকল জিলার কর্তৃপক্ষ সাহেবদিগকে ঐ পাঠ দিবেন। গত বৎসর ঐ পাঠের কথা লিখনে অতি অল্প মনোযোগ হইয়াছিল, অতএব বোর্ডের সাহেবেরা আদেশ করিতেছেন যে, ৮৬৭ সালের আগষ্ট মাসের ৮ তারিখের সরকুলার অর্ডরে যে উপদেশ প্রচারিত হইয়াছে, ৮৬৭। ৬৮ সালের রিটর্ণ প্রস্তুত করণ কালে সেই উপদেশের প্রতি দৃঢ় মনোযোগ থাকে।

১০ নম্বর।

কালেক্টর সাহেবদিগের নিজ অধীনে যে মহাল থাকে সেই মহালের রাজস্ব বাকী হইলে, ১৭৯৯ সালের ৭ আইনের ২৫ ধারাক্রমে তাঁহারদিগকে বৎসরের অবসানে সরাসরীমতে সেই মহাল বিক্রয় করিবার ক্ষমতা প্রদান হইয়াছে, কিন্তু গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়াছেন যে তাঁহারা সেই ক্ষমতামতে কার্য্য না করেন। তদ্রূপ স্থলে কালেক্টর সাহেব মোকদ্দমা করিয়া, কেবল ডিক্রীজারীক্রমে বিক্রয় করিতে পারিবেন।

২। কালেক্টর সাহেবেরা উক্ত বিধিমতে কর্ম্ম করেন খণ্ডের কমিসানর সাহেবেরা এই বিষয়ে মনোযোগ পূর্ব্বক অবধান করুন। এবং এই আজ্ঞা প্রযুক্ত খাজানার মোকদ্দমা কত দূর বৃদ্ধি হয়, ও কার্য্যক্রমে বিশেষ ক্লেশ হওয়াতে ডিক্রীভিন্ন বিক্রয় করিবার ক্ষমতা সম্পূর্ণ বলবৎ থাকা ইষ্ট বোধ হয় কি না, ছয় মাস কার্য্য দেখিলে পর এই বিষয়ের রিপোর্ট দেখুন।

৩। যত কাল অন্য আজ্ঞা কিম্বা কোন আইন না করা যায় রেবিনিউ বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে এবং ৭৯৯ সালের ৭ আইনের ২৩ ধারার ৬ প্রকরণক্রমে, তত কাল প্রচলনার্থ নিম্নলিখিত বিধি করিয়াছেন। যে সকল কার্য্যকারক পূর্ব্বোক্ত আইনমতে বাকী রাজস্বের নিমিত্তে পেটাও তালুক নীলাম করিয়া থাকেন সেই বিধিমতে তাঁহারদের কার্য্য করিতে হইবে।

। তদ্রূপ সকল বিক্রয় প্রকাশরূপে হইবে। কালেক্টর সাহেব কিম্বা তাঁহার ডেপুটী কিম্বা উচিত ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টাণ্ট সেই নীলাম করিবেন।

২। জিলার কি স্থানীয় আদালতে এবং কালেক্টরী কাছারীতে দশ দিন থাকিতে নীলামের ইশ্তিহার আটকাইতে হইবে।

John Robinson, *Bengalee Translator*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

No 1104

Appointments

The 7th March 1868

Mr R S T McEwen to officiate as Fifth Judge of the Calcutta Court of Small Causes, in addition to his present duties as Clerk of the Court

[*Government Gazette, 24th March* 1868]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

০৪ নম্বর।

নিয়োগ।

৮৬৮ সাল ৭ মার্চ।

শ্রীযুত আর এস টি ম্যাকুইউএন সাহেব কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ক্লার্কের যে কর্ম্ম করিয়া থাকেন তদতিরিক্ত ঐ আদালতের পঞ্চম জজের কর্ম্ম করিবেন।

The 10*th March* 1868

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Charitable Dispensary at Mymensing —

Mr E S Andrew
Syud Abdoollah
Moulvi Basiroeddeen
Baboo Rajendro Kissore Roy Chowdry
,, Kally Chunder Banerjee

The following gentlemen to be Members of the Ferry Fund Committee at Pubna and of the Municipal Committee of that Station —

Mr P Nolan
,, D W Dundas
,, Hill Davis

Mr P Nolan to be a Member of the Local Committee of Public Instruction at Pubna

Mr W B Power to be a Member of the Local Committee of Public Instruction at Beerbhoom

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Hazareebaugh, *viz* —

Baboo Parbati Coomar Mitter
,, Judoonath Mookerjee

The 11*th March* 1868

Mr E D Lockwood to officiate as Magistrate and Collector of Hooghly, during the absence, on leave of Mr R V Cockerell, or until further orders Mr Lockwood will continue to perform the special duty on which he is at present employed

Mr R T Sevestre, Deputy Magistrate and Deputy Collector to have charge of the Sub Division of Raneegunge, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class and those of a Deputy Collector in Bancoorah, during the absence, on leave, of Mr J A Hopkins, or until further orders Mr Sevestre is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose

The 12*th March* 1868

Lieutenant M O Boyd to be Secretary to the Local Committee of Public Instruction at Gowhatty This cancels the appointment of Mr W O A Beckett sanctioned in orders of the 9th January last

The 13*th March* 1868

Mr F W R Cowley to be a Municipal Commissioner and Vice Chairman of the Municipal Commissioners for the Town of Kishnaghur

১৮৬৮ সাল ১০ মার্চ।

নিম্নলিখিত মহোদয়গণ ময়মনসিংহের দাতব্য ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ স্থানীয় সভার সভ্য হইবেন।

শ্রীযুত ই এস এণ্ড্রু সাহেব।
,, সায়েদ আব্দুল্লা।
,, মৌলবী বাসিরুদ্দীন।
,, বাবু রাজেন্দ্রকিশোর রায় চৌধুরী।
,, বাবু কালীচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

নিম্নলিখিত মহাশয়েরা পাবনাতে খেয়াঘাটের প্রাপ্ত টাকার কর্ম্মসম্পাদনার্থ এবং নগর পরিপাটী করণার্থ সভার সভ্য হইবেন।

শ্রীযুত পি নোলান সাহেব।
,, ডি ডবলিউ ডণ্ডাস সাহেব।
,, হিল ডেবিস সাহেব।

শ্রীযুত পি নোলান সাহেব পাবনায় সাধারণের বিদ্যাধ্যাপনার্থ স্থানীয় সভার সভ্য হইবেন।

শ্রীযুত ডবলিউ বি পোয়র সাহেব বীরভূমে সাধারণের বিদ্যাধ্যাপনার্থ স্থানীয় সভার সভ্য হইবেন।

নিম্নলিখিত মহাশয়েরা হাজারিবাগে সাধারণের বিদ্যাধ্যাপনার্থ স্থানীয় সভার সভ্য হইবেন।

শ্রীযুত বাবু পার্ব্বতীকুমার মিত্র।
,, বাবু যদুনাথ মুখোপাধ্যায়।

১৮৬৮ সাল ১১ মার্চ।

শ্রীযুত আর বি কক্রেল সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই ডি লকউড সাহেব হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন তিনি এক্ষণে যে বিশেষ কর্ম্মে নিযুক্ত আছেন তাহা করিতে থাকিবেন।

শ্রীযুত জে এ হপকিন্স সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থান কালে কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর টি সেবেষ্টর সাহেব রাণীগঞ্জ শাখাখণ্ডের ভার প্রাপ্ত হইয়া বাঁকুড়াতে অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের এবং ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কর্ম্ম করিবেন আরও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে তিনি শেসন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইবার এবং সেই শেসন আদালতের সম্মুখে বিচার হইবার জন্যে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার কিম্বা দর্শনপ্রতিভূ লইবার এবং তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কার্য্য করিবার ক্ষমতাপন্ন হইয়াছেন।

১৮৬৮ সাল ২ মার্চ।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এম ও বয়ড সাহেব গৌহাটীতে সাধারণের বিদ্যাধ্যাপনার্থ স্থানীয় সভার সেক্রেটারী হইবেন। গত জানুয়ারি মাসের ৯ তারিখের আজ্ঞাক্রমে শ্রীযুত ডবলিউ ও এ বেকেট সাহেবের নিযুক্ত হওনের কথা রহিত হইল।

১৮৬৮ সাল ১৩ মার্চ।

শ্রীযুত এফ ডবলিউ আর কৌলি সাহেব কৃষ্ণনগরের নগর পরিপাটী করণার্থ সভার কমিসনর ও সেই কমিসনরদিগের প্রতিনিধি সভাপতি হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৪ মার্চ।]

Mr W D Fox to be a Member of the Local Committee for Public Instruction at Moorshedabad for the management of the Nizamut School at that Station

Mr J G Charles, Assistant Magistrate and Deputy Collector, to have charge of the Sub Division of Hajeepore The Magistrate of Tirhoot will take charge of the Sub Division of Seetamurhee until further orders

Baboo Bhoopati Roy, Officiating Principal Sudder Ameen of Tirhoot, is vested temporarily with the powers of a Small Cause Court Judge at Mozufferpore, which powers he will exercise during the absence, on leave, of Moulvie Syed Imdad Ali, or until further orders

The 14*th March* 1868

Baboo Sreenath Bhudder, Assessor of License Tax under Act XXI of 1867, in Fureedpore, is transferred to Mymensing and vested with the powers of a Collector for the purposes of that Act in the latter District

The 16*th March* 1868

Mr W M Souttar, Assistant Magistrate and Deputy Collector of Magoorah, to have charge of the Sub Division of Nurail, in addition to his present duties, during the absence, on leave, of Mr W G Deare or until further orders

Mr E W Molony to officiate as Civil and Sessions Judge of Cuttack, in addition to his present duties as Famine Commissioner, during the absence, on leave, of Mr R Alexander, or until further orders

The appointment of Mr W Macpherson to officiate as Judge of Cuttack, notified in the *Calcutta Gazette* of the 26th ultimo is cancelled

The following gentlemen to be Members of the Board of Examiners —

Mr R B Chapman
„ S Wauchope C B
„ A Smith

Baboo Rungololl Banerjee to be Secretary to the Local Committee of Public Instruction at Cuttack

Mr T F W Smith to be Secretary to the Local Committee of Public Instruction at Burrisaul, and the following gentlemen to be Members of the Committee, *viz* —

Baboo Peary Lall Roy
„ Heera Loll Mookerjee
„ Hurro Nath Roy

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Motihary —

Mr J M E Gouldsbury
Baboo Jodunath Bose, B A.
Moulvie Mahomed

শ্রীযুত ডবলিউ ডি ফক্স সাহেব মুরশিদাবাদে নিজামত স্কুলের কার্য্য সম্পাদন করিবার জন্যে ঐ স্থানের বিদ্যাধ্যাপনার্থ সভার সভ্য হইবেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে জি চার্লস সাহেব হাজিপুর শাখাখণ্ডের ভার পাইবেন ত্রিহুতের মাজিষ্ট্রেট সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সীতামারি শাখাখণ্ডের ভার গ্রহণ করিবেন।

ত্রিহুতের একটিং প্রধান সদর আমীন শ্রীযুত বাবু ভূপতি রায় মজফরপুরে কিয়ৎকালের নিমিত্তে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন শ্রীযুত মৌলবী সায়দ ইম্দাদ আলী ছুটী লওয়াতে তিনি তাঁহার অনুপস্থান কালে কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

১৮৬৮ সাল ১৪ মার্চ।

ফরিদপুরে ১৮৬৭ সালের ২১ আইনমতে লাইসেন্স টাক্সের আসেসর শ্রীযুত বাবু শ্রীনাথ ভদ্র ময়মনসিংহে প্রেরিত হইয়াছেন ও তিনি সেই জিলাতে ঐ আইনমত কার্য্য সম্পাদনার্থে কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৬৮ সাল ১৬ মার্চ।

শ্রীযুত ডবলিউ জি ডিয়র সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থান কালে কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মাগুরার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এম সুটর সাহেব আপনার বর্ত্তমান কর্ম্মের অতিরিক্ত নড়াইল শাখাখণ্ডের ভার প্রাপ্ত হইবেন।

শ্রীযুত আর আলিকসাণ্ডার সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থান কালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই ডবলিউ মলনি সাহেব দুর্ভিক্ষসংক্রান্ত কমিসানরস্বরূপ আপনার বর্ত্তমান কর্ম্মের অতিরিক্ত কটকের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

গত মাসের ২৬ তারিখের কলিকাতা গেজেটে শ্রীযুত ডবলিউ মাকফরসন সাহেব কটকে জজের কর্ম্ম করিবেন এই যে আজ্ঞা প্রকাশ হইয়াছিল তাহা রহিত হইল।

নিম্নলিখিত মহাশয়েরা পরীক্ষার্থ সভার সভ্য হইবেন।

শ্রীযুত আর বি চ্যাপমান সাহেব।
,, এস ওয়াকোপ সাহেব সি, বি,।
,, এ স্মিথ সাহেব।

শ্রীযুত বাবু রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় কটকে বিদ্যাধ্যাপনার্থ স্থানীয় সভার সেক্রেটারী হইবেন।

শ্রীযুত টি এফ ডবলিউ স্মিথ সাহেব বরিশালে বিদ্যাধ্যাপনার্থ স্থানীয় সভার সেক্রেটারী হইবেন, এবং নিম্নলিখিত মহোদয়গণ সভ্য হইবেন।

শ্রীযুত বাবু পিয়ারিলাল রায়।
,, ,, হীরালাল মুখোপাধ্যায়।
,, ,, হরনাথ রায়।

নিম্নলিখিত মহোদয়গণ মতিহারীতে বিদ্যাধ্যাপনার্থ স্থানীয় সভার সভ্য হইবেন।

শ্রীযুত জে এম ই গুলসবরি সাহেব।
,, বাবু যদুনাথ বসু বি, এ,।
,, মৌলবী মহম্মদ।

Mr Christopher Marshall, on leave to be Collector of Customs and Conservator of the Port of Chittagong

The 17th March 1868

Mr V Irwin Officiating Joint Magistrate and Deputy Collector of Tipperah, to officiate as Magistrate and Collector of that District with effect from the afternoon of the 12th instant until further orders

Baboo Kamini Koomud Mookerjee to be Special Sub Registrar of Assurances of the Sub District of Chittagong, *vice* Baboo Tariny Persad Roy transferred to the regular branch of the Subordinate Executive Service

Baboo Tariny Persad Roy, Deputy Magistrate and Deputy Collector, Chittagong, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class in that District

Mr A J Nickle to be Special Sub Registrar of Assurances of the Sub Districts of Mozufferpore and Durbhungah *vice* Baboo Gopal Chunder Das transferred to the regular branch of the Subordinate Executive Service

Baboo Gopal Chunder Das is appointed to be a Deputy Magistrate under Act XV of 1843, and a Deputy Collector under Regulation IX of 1833 in Jessore and vested with the powers of a Magistrate in that District Baboo Gopal Chunder Das will be borne in the Fifth Grade of the Subordinate Executive Service

Baboo Romesh Chunder Mookerjee is appointed to be a Deputy Magistrate, under Act XV of 1843 and a Deputy Collector, under Regulation IX of 1833, in the District of Mymensing is posted to the Sub Division of Jamalpore and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in the District of Mymensing

This cancels the appointment of Baboo Romesh Chunder Mookerjee to the District of Chittagong notified in the *Calcutta Gazette* of the 26th ultimo

Baboo Kedarnath Dutt, to be a Deputy Magistrate, under Act XV of 1813, and a Deputy Collector under Regulation IX of 1833 in the District of Dinagepore and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class in that District

Mr A H Warde Jones to be Special Sub Registrar of Assurances of the Sub District of Burrisaul, *vice* Baboo Lolit Mohun Chatterjee transferred to the regular branch of the Subordinate Executive Service Mr Jones will not join his new appointment until the settlement work in the Rajshahye Division, in which he is at present engaged, has been completed

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৪ মার্চ।]

শ্রীযুত কৃষ্টফর মার্শল সাহেব চট্টগ্রাম বন্দরে হাসিলের কালেকুটর ও বন্দর রক্ষক হইবেন তিনি এক্ষণে ছুটী লইয়াছেন।

১৮৬৮ সাল ১৭ মার্চ।

ত্রিপুরার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত আর বি উইন সাহেব বর্ত্তমান মাসের ১২ তারিখের অপরাহ্ণ অবধি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু তারিণীপ্রসাদ রায় অধঃশ্রেণীর কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহার্থ নিয়মিত শাখাতে নিযুক্ত হইলেন তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত বাবু কামিনীকুমদ মুখোপাধ্যায় চট্টগ্রাম সব ডিষ্ট্রিকুটে দলীলের বিশেষ সব রেজিষ্ট্রার হইবেন।

চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু তারিণীপ্রসাদ রায় ঐ জিলার অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু গোপালচন্দ্র দাস অধঃশ্রেণীর কর্তৃত্ব কার্য্যের নিয়মিত শাখায় নিযুক্ত হওয়াতে শ্রীযুত এ জে নিকল সাহেব মজফরপুর ও দরভঙ্গা সব ডিষ্ট্রিকুটে দলীলের বিশেষ সব রেজিষ্ট্রার হইবেন।

শ্রীযুত বাবু গোপালচন্দ্র দাস যশোহরে ৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের এবং ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলার মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন তিনি অধঃশ্রেণীর কর্তৃত্ব কার্য্যে পঞ্চম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু রমেশচন্দ্র মুখোপাধ্যায় ময়মুনসিংহ জিলাতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের এবং ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেকুটরের পদে নিযুক্ত হইয়াছেন তিনি জামালপুর শাখাখণ্ডে অবস্থিত হইয়াছেন এবং ময়মুনসিংহ জিলার মধ্যে অধস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

গত মাসের ২৬ তারিখের কলিকাতা গেজেটে শ্রীযুত বাবু রমেশচন্দ্র মুখোপাধ্যায়ের চট্টগ্রাম জিলাতে নিযুক্ত হইবার যে কথা প্রকাশ হয় তাহা রহিত করা গেল।

শ্রীযুত বাবু কেদারনাথ দত্ত দিনাজপুর জিলাতে ৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেকুটরের পদে নিযুক্ত হইয়াছেন এবং ঐ জিলার অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু ললিতমোহন চট্টোপাধ্যায় অধঃশ্রেণীর কর্তৃত্ব কার্য্যের নিয়মিত শাখায় নিযুক্ত হওয়াতে শ্রীযুত এ এচ ওয়ার্ড জোনস সাহেব বরিসাল সব ডিষ্ট্রিকুটে দলীলের বিশেষ সব রেজিষ্ট্রার হইবেন তিনি এক্ষণে রাজশাহীখণ্ডে বন্দোবস্ত কার্য্যে নিযুক্ত আছেন সেই কার্য্য যত কাল সমাপ্ত না করেন তত কাল পর্য্যন্ত তিনি আপন নূতন পদে গমন করিবেন না।

LEAVE OF ABSENCE.

The 10*th March* 1868

In supersession of the orders of the 26th ultimo, Captain E. Y Walcott, Assistant Commissioner, recently appointed to Hazareebaugh is allowed one month's leave, on private affairs, from the 14th idem

The 11*th March* 1868

Mr C F Montresor, Commissioner of Burdwan, for fifteen months, under Section 11 of the Covenanted Service Absentee Rules

Mr J A Hopkins, Assistant Magistrate of Raneegunge, for fifteen days from the 1st instant under Section 6 of the Covenanted Service Absentee Rules.

The 12*th March* 1868

Mr C A S Bedford, Extra Assistant Commissioner, Hazareebaugh, for three months, from the 21st May next, under orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865

Mr G Field, Head Assistant to the Opium Agent of Behar, for three months, from the 7th April next, under orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865

Mr R M Towers Officiating Judge of the Court of Small Causes, Kishnaghur, is allowed leave of absence, from the 1st to the 7th April next, under the Financial Resolution No 2749, dated the 24th September 1867, to enable him to present himself for examination by the Standard of High Proficiency in Sanscrit at the ensuing Examination which will be held next month

Mr F Tucker, Judge of Dinagepore, for fifteen months, under Section 11 of the Covenanted Service Absentee Rules, together with twelve days' preparatory leave, in addition to the ten days sanctioned under orders of the 11th ultimo

The 13*th March* 1868

Syed Abdoollah, Principal Sudder Ameen of Mymensing, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules The Additional Principal Sudder Ameen of Mymensing will have charge of the office of Principal Sudder Ameen during Syed Abdoollah's absence, or until further orders

Moulavy Syed Imdad Ali, Judge of the Small Cause Court at Mozufferpore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

[*Government Gazette*, 24*th March* 1868]

ছুটী।

১৮৬৮ সাল ১০ মার্চ।

গত মাসের ২৬ তারিখের আজ্ঞা রহিত করা গেল আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত কাপ্তান ই ওয়াই ওয়ালকট সাহেব যিনি সম্প্রতি হাজারীবাগে নিযুক্ত হইলেন তিনি ঐ মাসের ১৪ তারিখ অবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১১ মার্চ।

বর্দ্ধমানের কমিস্যনর শ্রীযুত সি এফ মণ্টেসর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন।

রাণীগঞ্জের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত জে এ হপকিন্সন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১২ মার্চ।

ভারতবর্ষের পক্ষ মান্যবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখে যে আজ্ঞা করেন হাজারিবাগের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত সি এ এস বেডফোর্ড সাহেব সেই আজ্ঞাক্রমে আগামি মে মাসের ২১ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

ভারতবর্ষের পক্ষে মান্যবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখে যে আজ্ঞা করেন বেহারের আফীম এজেন্টের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত জি ফীল্ড সাহেব সেই আজ্ঞাক্রমে আগামি আপ্রেল মাসের ৭ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

কৃষ্ণনগরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের একটিং জজ শ্রীযুত আর এম টৌয়ার্স সাহেব আগামি মাসে যে পরীক্ষা হইবে তাহাতে সংস্কৃত ভাষায় উৎকৃষ্ট কষ্টিমতে পরীক্ষা দানার্থে উপস্থিত হইবার জন্যে ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৭ সালের সেপ্টেম্বর মাসের ২৪ তারিখের ২৭৪৯ নম্বরের নির্দ্ধারণমতে আগামি আপ্রেল মাসের ১ তারিখ অবধি ৭ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের জজ শ্রীযুত এফ টকর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ১৫ মাস এবং গত মাসের ১১ তারিখের আজ্ঞাক্রমে যে দশ দিন লইবার অনুমতি পান তদতিরিক্ত প্রস্তুত হইবার জন্য আর বারো দিন ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১৩ মার্চ।

ময়মনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত সায়েদ আবদুল্লা অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ময়মনসিংহের এডিস্যনল প্রধান সদর আমীন ঐ প্রধান সদর আমীনের কার্য্যের ভার গ্রহণ করিবেন।

মজফরপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত মৌলবী সায়দ ইম্দাদ আলী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর, বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

Mr P Hurley, Assistant Magistrate and Collector, Chittagong for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 18th January last

The 14th March 1868

Mr T A Donough Deputy Magistrate and Deputy Collector of Madareepore, for twelve months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

Mr E C Craster, Officiating Judge of Gya for one month from the 10th instant under Section 6 of the Covenanted Service Absentee Rules Mr Craster is authorized to make over charge of his Office to the Principal Suddor Ameen of Gya.

Mr T Walton, Magistrate and Collector of Sylhet, for ten days preparatory to proceeding to Europe on Furlough

Mr J S Drummond Officiating Magistrate and Collector of Gya, for twenty days to enable him to appear before the Standing Medical Committee at the Presidency

The 16th March 1868

Mr W H D'Oyly, Officiating Magistrate and Collector of Bhaugulpore, for fifteen days from the 5th April next under Section 6 of the Covenanted Service Absentee Rules

Mr W G Deare, Deputy Magistrate and Deputy Collector of Nurail for one month under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Dr C T O Woodford, Police Surgeon for six weeks, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, with effect from the date on which he may be relieved by his successor

Mr A E Russell, Judge of East Burdwan, for one month under Section 6 of the Covenanted Service Absentee Rules Mr Russell will make over charge of the current duties of his Office to the Principal Sudder Ameen of Burdwan

The 17th March 1868.

Moulavy Faqueer Ahmed, Extra Deputy Magistrate and Deputy Collector, Jamalpore for four months under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

NOTIFICATIONS.

The 11th March 1868

As it will be necessary for the Commissioner of the Rajshahye Division to exercise in future the powers of a Commissioner in Bograh, and for the Collector of Bograh to exercise the powers of a Collector, under Acts XXI and XXIX of 1867, the powers of a Commissioner under those Acts

চট্টগ্রামের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত পি হরলি সাহেব গত জানুআরি মাসের ১৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন ।

৮৬৮ সাল ৪ মার্চ ।

মাদারিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত টি এ ডনো সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১ ধারামতে বারো মাসের ছুটী পাইয়াছেন ।

গয়ার একটিং জজ শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে বর্ত্তমান মাসের ১০ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন তিনি আপন কর্ম্মের ভার গয়ার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবার অনুমতি পাইয়াছেন ।

ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি ওয়াল্টন সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে যাইতে প্রস্তুত হইবার জন্যে দশ দিন ছুটী পাইয়াছেন ।

গয়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেব রাজধানীর চিকিৎসকদের স্থায়ি সভার সম্মুখে উপস্থিত হইবার জন্যে বিশ দিনের ছুটী পাইয়াছেন ।

১৮৬৮ সাল ১৬ মার্চ ।

ভাগলপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ ডয়লি সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি আপ্রেল মাসের ৫ তারিখ অবধি পনের দিনের ছুটী পাইয়াছেন ।

নড়াইলের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জি ডিয়র সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন ।

ভারতবর্ষের পক্ষ মন্ত্রিবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখে যে আজ্ঞা করেন পোলীস চিকিৎসক শ্রীযুত সি টি ও উডফোর্ড সাহেব যে তারিখে উত্তর পদধারির প্রতি কার্য্যার্পণ করেন সেই তারিখ অবধি উক্ত আজ্ঞাক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন ।

পূর্ব্ব বর্দ্ধমানের জজ শ্রীযুত এ ই রসেল সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার বর্দ্ধমানের প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন ।

১৮৬৮ সাল ১৭ মার্চ ।

জামালপুরের অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ফকীর আহম্মদ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে চারিমাস ছুটী পাইয়াছেন ।

বিজ্ঞাপন ।

১৮৬৮ সাল ১১ মার্চ ।

এই অবধি রাজশাহী খণ্ডের কমিস্যনর সাহেবের বগুড়াতে কমিস্যনরের ক্ষমতাক্রমে কার্য্য করা এবং বগুড়ার কালেক্টর সাহেবের ১৮৬৭ সালের ২১ ও ২৯ আইনমতে কালেক্টরের ক্ষমতাক্রমে কার্য্য করা আবশ্যক এই হেতুক ১৮৬৭ সালের আপ্রেল মাসের ২৫ তারিখের আজ্ঞাক্রমে উক্ত আইন অনুসারে শেষোক্ত সাহেবের

with which the latter Officer was vested, under orders of the 25th April 1867, are hereby withdrawn

The 14th March 1868

Mr J Beames, c s, reported his departure from India per Steam ship *Mooltan*, which was left at sea by the Pilot on the 4th instant

Mr T Walton having resumed charge of his duties, on the 11th instant, the unexpired portion of the leave, granted to him under orders of the 9th December last, is cancelled

---

DECLARATION

The 11th February 1868

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose *viz*, for clearing the approaches to the Pooree Jail, and for sanitary improvements in that Jail it is hereby declared that, for the above purpose, the following strips of land are required —

1st—A strip of land bounded on the North and East by the new road from the Utternulla to the Burrodaud, on the South by the Burrodaud on the West by the old Utternulla and Burrodaud road

2nd—A strip of land bounded on the North and East by the new Utternulla and Burrodaud road, on the South by the Jail Garden and Jail, on the West by a line from the North West corner of the Jail Garden, at right angles with the North hedge, up to its junction with the new Utternulla and Burrodaud road

2 This declaration is made, under the provisions of Act VI of 1857, to all whom it may concern

H L DAMPIER

Offg Secy to the Govt of Bengal

প্রতি কমিস্যনরের যে ক্ষমতা অর্পণ হইয়াছিল তাহা এতৎক্রমে রহিত কর গেল।

৮৬৮ সাল ১৪ মার্চ।

সিবিলসংক্রান্ত কার্য্যের শ্রীযুত জে বিমস সাহেব মুলতান নামক ষ্টীমরে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন আড়কাটি সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে ঐ জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

শ্রীযুত টি ওয়ালটন সাহেব বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন এই হেতু গত ডিসেম্বর মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

৮৬৮ সাল ১১ ফেব্রুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পুরীর জেলে যাইবার পথ পরিষ্কার করিবার জন্যে এবং সেই জেল খানায় স্বাস্থ্য বৃদ্ধি করিবার নিমিত্তে রাজকীয় অর্থ ব্যয়ে ভূমি লওয়া প্রয়োজন এই হেতু নিম্নলিখিত ভূমিখণ্ড লওয়ার আবশ্যক প্রকাশ হইল। সেই২ ভূমি খণ্ডের এই২ সীমা।

১। এক খণ্ডের উত্তর ও পূর্ব্ব সীমা উত্তর নালা অবধি বরদাউদ পর্য্যন্ত নূতন রাস্তা। দক্ষিণ সীমা বরদাউদ নদ। পশ্চিম সীমা উত্তর নালার ও বরদাউদের পুরাতন রাস্তা।

২। দ্বিতীয় খণ্ডের এই২ সীমা। উত্তর ও পূর্ব্ব দিগে উত্তর নালার ও বরদাউদের নূতন রাস্তা। দক্ষিণ সীমা জেল বাগান ও জেল। জেল বাগানের উত্তর বেড়ার উত্তর পশ্চিম কোণ অবধি উত্তর নালা ও বরদাউদের নূতন রাস্তা, যে স্থানে ঐ বেড়ার সঙ্গে যোগ হয় সেই স্থান পর্য্যন্ত সরল রেখা টানিলে সেই রেখা পশ্চিম সীমা।

২। উক্ত বিষয়ে যাহাদের সম্পর্ক থাকে ৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে তাঁহাদিগকে এই সংবাদ দেওয়া গেল।

এচ এল ডাম্পিয়র,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT

ESTABLISHMENT

No 95

ADDENDA

Fort William the 17th March 1868

In paragraph 6 of Notification No 75, dated 10th March 1868, after the words "Mymensing" read "*and Jamalpore*"

In paragraph 7 of the above Notification after the words "24 Pergunnahs" read '*Damoodah*'

পবলিক ওকস ডিপাটমেণ্ট।

৯৫ নম্বর।

নূতন কথার সংযোগ।

ফোর্ট উলিয়ম ১৮৬৮ সাল ৭ মার্চ।

১৮৬৮ সালের মার্চ মাসের ০ তারিখের ৭৫ নম্বরের যে বিজ্ঞাপন প্রকাশ করা গেল তাহার ৬ ধারাতে ময়মনসিংহ এই কথার পর "ও জামালপুর এই কথা পাঠ করিতে হইবে।

ঐ বিজ্ঞাপনের ৭ ধারাতে চব্বিশ পরগনা শব্দের পর দামোদর পাঠ করিতে হইবে।

LOCAL COMMUNICATIONS.

No 96

Fort William, the 17th March 1868

Declaration under Sections II and XXXIII of Act IV of 1857

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz*, for the protection of and repairs to, the existing road called the Burriarpore and Khurruckpore Railway Feeder, in the District of Bhaugulpore and Monghyr, it is hereby declared that for the above purpose small strips of land, measuring in the aggregate 11*l* 12*c* 9½*d* more or less, are required on both sides of the road in Jageers of Jeearam Sepoy, Gooman Sing Soobedar, Newaz Khan Jemadar, Daood Khan Sepoy, Joodcram Burgarea and of Syud Hossein Havildar, and in the village of Chandpore and Amunt Surcar in Mouzah Pidhar and Byjnathpore, through which the road passes

This Declaration is made, under the provisions of Act VI of 1857 to all whom it may concern

---

No 97

Declaration under Sections II and XXXIII of Act VI of 1857

Whereas it appears to the Lieutenant Governor of Bengal, that land is required to be taken by Government at the public expense for a public purpose, *viz*, for the protection and repairs to the 1st and 2nd Sections of the Modehpoorah Railway Feeder in the District of Bhaugulpore it is hereby declared that for the above purpose small strips of land measuring in the aggregate 11*bgs* 19*cts* 3½*chs* more or less, are required on the side of the Road in question in villages Purmesurpore (Lakhiraj) Gobindpore Gobind (Lakhiraj) Amanut Foolout Bishenpore Arrar, (Lakhiraj) Pama and Manikpore, through which the Road passes

This Declaration is made under the provisions of Act VI of 1857 to all whom it may concern

By Order of the Lieutenant Governor of Bengal,

H LEONARD, *C E*,
Offg Secy to the Govt of Bengal,
P W D

গমনোপায়সংক্রান্ত বিজ্ঞাপন।

৯৬ নম্বর।

ফোর্ট উলিয়ম, ১৮৬৮ সাল ১৭ মার্চ।

১৮৫৭ সালের ৪ আইনের ২ ও ৩৩ ধারামত জ্ঞাপনি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ভাগলপুর ও মুঙ্গের জিলার অন্তর্গত বরিয়ারপুর ও খড়ক পুরের শাখা রেলপথ উপযুক্তমতে রক্ষা করিবার ও সারাইবার জন্যে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্নমেন্টের ভূমি লওয়া প্রয়োজন এই হেতু জ্ঞাত করা যাইতেছে যে উক্ত পথ নিম্নলিখিত যেং গ্রামাদি দিয়া যায় সেইং গ্রামাদিতে ঐ পথের দুই দিগের ভিন্নং স্থানে কিঞ্চিৎং করিয়া সর্ব্বসুদ্ধ এগার বিঘা বারো ছটাক সওয়ানয় ক্রোশ ভূমি লওয়া প্রয়োজন গ্রামাদির নাম এইং জিযারাম সিপাহীর ও গুমান সিংহ সুবেদারের ও নেওযাজ খাঁ জমাদারের ও দাওদ খাঁ সিপাহীর ও যুদ্ধরামের জাযগীর ও বরগরিয়া এবং সায়েদ হুসেন হাওলদারের জাযগীর ও পিধর ও বৈজনাথপুর মৌজার অন্তর্গত চাঁদপুর ও আমন্ত সরকার।

এই বিষয়ে যাহাদের সম্পর্ক থাকে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে তাঁহাদিগকে সম্বাদ দেওয়া গেল।

---

৯৭ নং।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামত জ্ঞাপনি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইযাছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ভাগলপুর জিলার অন্তর্গত মধ্যপুরার শাখা পথের প্রথম ও দ্বিতীয় খণ্ড সুবিধামতে রাখিবার ও সারাইবার জন্যে রাজকীয় অর্থ ব্যযে গবর্ণমেন্টের ভূমি লওয়া প্রয়োজন এই হেতু জ্ঞাত করা যাইতেছে যে নিম্নলিখিত যে গ্রাম দিযা ঐ পথ যায় তন্মধ্যে সেই পথের দুই পার্শ্বে কিঞ্চিৎং করিযা সর্ব্বসুদ্ধ এগার বিঘা উনিশ ছটাক সাড়ে তিন কাঁচ্চা ভূমি লওয়া প্রয়োজন গ্রামের নাম এইং।

পরমেশ্বরপুর (লাখেরাজ) গোবিন্দপুর, গোবিন্দ (লাখেরাজ,) আমানত, ফুলৌত, বিষ্ণুপুর, আরর, (লাখেরাজ,) পামা ও মাণিকপুর।

উক্ত বিষযে যাঁহাদের সম্পর্ক আছে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে তাঁহাদিগকে সম্বাদ দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে।

এচ লেনর্ড, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ২৪ মার্চ।]

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

APPOINTMENTS

The 16th March 1868

Moonshee Mohomed Azimoollah Khan, to officiate as Moonsiff of Puttya, Zillah Chittagong

LEAVE OF ABSENCE

The 14th March 1868

Moonshee Dubeeroodden, Moonsiff of Shazadpoor, Zillah Rajshahye, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules, placing his Serishtadar in charge of the current duties of his office

The 16th March 1868

Moonshee Syed Nusseerooddeen Moonsiff of Sundeep, Zillah Chittagong, for four months, under paragraph 12 of the Uncovenanted Absentee Rules, placing his Serishtadar in charge of the current duties of his office

Moonshee Deedar Buksh Moonsiff of Nugwan, Zillah Midnapoor, for one month, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, placing his Serishtadar in charge of the current duties of his office

Baboo Sree Nath Dutt, Moonsiff of Puttya, Zillah Chittagong, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules

C D Field,
Registrar

High Court, &c,
The 20th March 1868

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৮ সাল ১৬ মার্চ।

শ্রীযুত মুনশী মহম্মদ আজিম উল্লা খাঁ জিলা চট্টগ্রামের পটিযার মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

৮৬৮ সাল ১৪ মার্চ।

জিলা রাজশাহীর শাজাদপুরের মুনসেফ শ্রীযুত মুনশী দবীরুদ্দীন আপন চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের প্রতি অর্পণ করিযা অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১৬ মার্চ।

চট্টগ্রাম জিলার শন্দ্বীপের মুনসেফ শ্রীযুত মুনশী সৈয়দ নসীরুদ্দীন আপন কার্য্যালযের চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের হাতে সমর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারামতে চারি মাসের ছুটী পাইযাছেন।

মেদিনীপুর জিলার নগওযানের মুন্সেফ শ্রীযুত মুনশী দিদারবক্স আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের হাতে সমর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রাম জিলার পটিযার মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ দত্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইযাছেন।

সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ২০ মার্চ।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

WANTED

For the Court of the Additional Judge of Tirhoot

A Translator,	Salary 90 Rupees
A Head Clerk,	„ 50 „

Morris Beaufort,
Addl Judge of Tirhoot

[*Government Gazette*, 24*th March* 1868]

INSOLVENT COURT

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the Matter of HAJEE JAFFER MOOSA an Insolvent

On Saturday, the 7th day of March instant, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Rupees 3 618 in his hands pay a Dividend at the rate of Rupees ten (which will amount to the sum of Rupees 2 863 15 6) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee

Notice whereof is hereby given

OFFICIAL ASSIGNEE'S OFFICE
Calcutta 16*th March* 1868 }

In the Matter of JOSEPH AGABEG, an Insolvent

Notice is hereby given, that Saturday, the 4th day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee, from the 25th day of July 1867 until the 2nd day of March instant, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

OFFICIAL ASSIGNEE'S OFFICE
Calcutta, 16th March 1868 }

The like notice in the matter of ROBERT COLLINS MACDONALD an Insolvent, wherein the Account of the Assignee is filed from 5th October 1850 to 2nd March instant

---

The like notice in the matter of WILLIAM MOLLOY STEWART, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 11th February 1867 to 2nd March instant

---

যোত্রহীনের আদালত।

কলিকাত্তা যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

১

যোত্রহীন হাজি জাফর মুসার বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান মার্চ মাসের ৭ তারিখ শনিবার এই বিষয়ে যে প্রার্থনা করেন তাহাতে আজ্ঞা হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলের যে সকল দাওয়া স্বীকার হইয়াছে, তাহা উক্ত আসৈনি সাহেবের মনোমতে প্রমাণ হইবামাত্র তাঁহার হাতে যে ৩,৬১৮৲ টাকা আছে তাহাহইতে তিনি উক্ত প্রত্যেক দাওয়ার উপর শতকরা ১০৲ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ২,৮৬৩৸৶৬ টাকা ডিবিডেণ্ড দেন।

ইহাতে সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। }
কলিকাত। ৮৬৮ সাল ১৬ মার্চ। }

যোত্রহীন জোসেফ আগাবেগের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আপ্রেল মাসের ৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে, এব ১৮৬৭ সালের জুলাই মাসের ২৫ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। }
কলিকাতা ১৮৬৮ সাল ১৬ মার্চ। }

যোত্রহীন রাবর্ট কলেন্স মাকডোনাল্ড সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ৮৫০ সালের আক্টোবর মাসের ৫ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

যোত্রহীন উলিয়ম মলয় ষ্টুআর্ট সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ১১ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৪ মার্চ।]

The like notice in the matter of **JOHN WEBB**, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 24th September 1867 to 2nd March instant

---

The like notice in the matter of **GEORGE GREGOR GRANT** and **JAMES HENRY GRANT** Insolvents, wherein the Account of the Assignee is filed from 26th July 1867 to 2nd March instant

---

The like notice in the matter of **MAUDUB CHUNDER GHOSE**, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 22nd September 1862 to 2nd March instant

---

The like notice in the matter of **RAMCHUNDER BONNERJEE**, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 28th February 1867 to 2nd March instant

---

দেউলিয়া জান ওএব সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৭ সালের সেপ্টেম্বর মাসের ২৪ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

দেউলিয়া জর্জ গ্রিগর গ্রান্ট ও জেমস্ হেনরি গ্রান্ট সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৭ সালের জুলাই মাসের ২৬ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

দেউলিয়া মাধবচন্দ্র ঘোষের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ৮৬২ সালের সেপ্টেম্বর মাসের ২২ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

দেউলিয়া রামচন্দ্র বাঁড়ুয্যার বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ২৮ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

MISCELLANEOUS ADVERTISEMENT সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার

কুঠী মোল্লাহাটী কানসরণ।

নিউ বেঙ্গাল ইণ্ডিগো কোম্পানির সম্পত্তি।

সন ১৮৬৮ সালের ১৫ এপ্রেল মোতাবেক বাঙ্গলা ১২৭৫ সাল ৪ বৈশাখ বুধবার দিবা দুই প্রহর এক ঘণ্টার সময় কুঠী মোল্লাহাটী মোকামে নিম্ন লিখিত তালুক, পত্তনি ও দরপত্তনি তালুক এবং দোএম কানন মোদামি বন্দবস্তী মহল এবং মকররি জোত গাঁতি প্রভৃতি মোল্লাহাটী কানসরণের অন্তর্গত স্থাবর সম্পত্তি সমুদয় দায় সমেত পর্য্যায়ক্রমে পত্তনি দরপত্তনি বন্দবস্ত করণার্থ প্রকাশ্য নীলাম আরম্ভ হইয়া যে পর্য্যন্ত সকল মহল বন্দবস্ত সমাপ্ত না হয় তাবৎ প্রত্যহ ঐ একই সময় নীলাম হইবেক। অন্তত আড়াই গুণ পণের ন্যূন নহে, অধিক পণ যিনি যত ডাকিবেন তন্মধ্যে সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকনিয়াকে নীচের লিখিত নিয়মাবলিতে আবদ্ধ রাখিয়া বন্দবস্ত করিয়া দেওয়া যাইবেক।

১। যে সমস্ত তালুক আছে তাহা পত্তনি, পত্তনি মহল দরপত্তনি, দরপত্তনি মহল সে পত্তনি বিলি এবং দোএম কানন মহলেতে পত্তনি অথবা ক্রেতার ইচ্ছা হইলে মৌরশী দেওয়া যাইবেক।

২। সন ১২৭৩ সালের হস্তবুদ জমা হইতে শতকরা ১০ দশ টাকা মালিকানা বাদে যে অবশিষ্ট থাকিবেক তাহাই পত্তনি প্রভৃতির বার্ষিক জমা সাব্যস্ত হইবেক।

৩। যে সমস্ত মহল ইজারা বিলি আছে সে মহলের বার্ষিক ইজারায় যে জোল জমা ধার্য্য আছে তাহা হইতে মালিকানা বাবত শতকরা ১০ টাকা হিসাবে বাদ দেওয়া যাইবে।

৪। যে পণে ডাক মঞ্জুর হইবেক তাহার চারি অংশের একাংশ ডাক বন্দ হইবামাত্র ফিচ স্বরূপ তৎক্ষণাৎ দিতে হইবেক। এবং পণের বক্রী টাকা ডাকের দিনাবধি ৩০ ত্রিশ দিনের মধ্যে বেবাক পরিশোধ করিবেন তাহা না করিলে বন্দবস্ত রদ ও বাতিল এবং ফিচের বাবত দেওয়া সকল টাকা জব্দ হইবেক। এবং বিক্রেতা ঐ বস্তু বিনা বিজ্ঞাপনে স্বেচ্ছামতে যে সময়ে ও যে স্থানে হউক তাঁহাদিগের স্বকীয় স্বার্থ অনুসারে পুনরায় বন্দবস্ত করিবেন। দ্বিতীয় বন্দবস্তে যে কিছু লভ্য হয় তাহা বিক্রেতা পাইবেন, যে কিছু ক্ষতি খেশারত ও ব্যয় হয় তাহা সমুদয় প্রথম ডাক নিয়া পূরণ করিবেন। ডাক মঞ্জুর হইবামাত্র তৎক্ষণাৎ ক্রেতা নীলামের সমুদয় নিয়মে আবদ্ধ হইয়া ইষ্টাম্প কাগজে এক চুম্বক একরার লিখিয়া দিবেন।

৫। বন্দবস্ত হওয়া সম্পত্তির বয়নামা পাট্টা কবুলিয়ত প্রভৃতি লিখিত পড়িতের সমুদয় ব্যয়, খশড়া বা যাবতা সকলের, ও তাবৎ দলিল রেজেষ্টরি খরচ, ইষ্টাম্প কাগজের মূল্য ও বন্দবস্ত গ্রহীতার নাম, জমিদারি ও পত্তনি, দরপত্তনিদারের শেরেস্তায় খারিজ দাখিল করার খরচ ইত্যাদি যে কিছু আবশ্যক তাহা সমুদয় বন্দবস্তগ্রহীতা দিবেন।

৬। সমস্ত মহল প্রত্যেক গ্রাম পৃথক পৃথক অথবা ক্রেতার সুবিধামত ভিহি ভিহি কিম্বা তরফ তরফ নীলাম করা যাইবেক।

৭। বিক্রেতাদিগের কর্ম্মাধ্যক্ষ নীলাম সম্বন্ধীয় নিয়মাদি এবং প্রত্যেক ডাকের উপর যে পরিমাণ বৃদ্ধি

ডাকিবেন তাহা ধার্য্য করিবেন। ডাক সম্বন্ধে কোন বিরোধ উৎথান হইলে পূর্ব্বের কোন এক ডাক হইতে পুনর্ব্বার ডাক করা যাইবেক। কেহ কোন ডাক ডাকিয়া অপহ্নব বা অস্বীকার করিতে পারিবেন না।

৮। পণের সমুদয় টাকা পরিশোধ এবং নীলামি সম্পত্তির পাট্টা কবুলতি লিখিত পড়িত ও রেজেষ্টরি হইবামাত্র মহলে দখল দেওয়া যাইবেক।

৯। যেহেতু বর্ত্তমান মালিকগণ সন ১৮৬৫ সালে বেঙ্গাল ইণ্ডিগো কোম্পানির বন্ধকগ্রহীতার নিকট উপরোক্ত সম্পত্তি যে সময়ে প্রাপ্ত হইয়াছেন তৎকালে হস্তান্তর করণপত্র সম্পূর্ণরূপে তদন্ত করা হইয়াছিল অতএব ভাবি বিরোধ নিবৃত্ত হওন জন্য বুঝিতে হইবেক যে ঐ হস্তান্তরকরণ দ্বারা বিক্রেতাগণ সম্যগ্রূপে সমস্ত সম্পত্তির স্বত্বাধিকারি এবং মালিক হইয়াছেন।

১০। বন্দবস্তপ্রাপ্তিগণ উক্ত সমুদয় সম্পত্তির মুল দলিল দস্তাবেজ দৃষ্ট করিতে ইচ্ছা করিলে কলিকাতা মোকামে বিক্রয়াধ্যক্ষ সাহেবকে সম্বাদ দিতে হইবেক, তাহা হইলে নীলামের পূর্ব্ব দিন পর্য্যন্ত দলিল দেখিতে পাইবেন এবং দলিল দৃষ্ট করার পরে ঐ দলিল সংক্রান্ত সমস্ত তদন্ত বিষয়ে দর্শক সন্তৃপ্ত হইয়াছেন বোধ হইবেক এবং উত্তরকালে উক্ত দস্তাবেজ সংক্রান্ত আর কোন বিষয়ে আপত্তি দর্শাইতে পারিবেন না।

১১। নীলাম দিনে মহলে লাগাএদ ২৭৩ সালের যে যে তামাদি বাকী ঐ সনের জমাওয়াশীল বাকী অনুসারে থাকিবেক তাহার ৸০ বার আনা রকম নীলাম দিন হইতে ৬ ছয় মাস মধ্যে তুল্যাংশে মাসিক কিস্তিবন্দী করিয়া খরিদার বিক্রেতাকে দিবেন এবং ঐ বাকি পরিশোধের তারিখ নির্ণায়ক বোধ স্বরূপ দলিল লিখিয়া দিবেন।

২। সন ১২৭৪ সালের আদায় বাদে যে খাজনা নীলামের দিন ঐ সনের কড়চা হিসাব অনুসারে মহলে বাকি থাকিবেক তাহার মধ্যে সরঞ্জামী খরচ শতকরা ১০৲ দশ টাকা মিনাহ বাদে বাকী বেবাক ক্রেতা বিক্রেতাকে সন ১৮৬৮ সালের ৩১ জুলাই তারিখের পূর্ব্বে ত্রৈমাসিক কিস্তিবন্দী সুবত দিবেন এবং তদ্বিষয়ক প্রমিশরি নোট লিখিয়াদিবেন।

১৩। যে মহল যে ব্যক্তি বন্দবস্ত করিয়া লইবেন ঐ মহল যে তরফ কি ডিহির অন্তর্গত তাহার সদর খাজানা বিক্রেতাগণ মাসিক যেরূপ কিস্তীবন্দী মোতাবেক দিয়াছেন বন্দবস্তগ্রহীতাগণও তাঁহাদিগের আপন আপন বন্দবস্তী মহলের বার্ষিক খাজানা ঠিক এরূপ মাসিক কিস্তিবন্দী সুবত বিক্রেতাগণকে দিতে থাকিবেন কিন্তু বিক্রেতাগণ তাঁহাদিগের দেয় সদর খাজানা প্রতি মাসের যে তারিখে উপরিস্থ জমিদার বরাবর দিতে বাধ্য আছেন ক্রেতাগণও সেই তারিখের দশ দিবস পূর্ব্বে তাঁহারদিগের দেয় খাজানা বিক্রেতাগণকে দিবেন।

১৪। কানসরণ মজ্কুর মায় নিলকুঠি ও জমিদারি প্রভৃতি সমুদয় হকুক আপশে একত্রে ক্রয় করণের প্রস্তাব লাগাএদ আগামি ৩১ মার্চ বাঙ্গলা ৯ চৈত্র শুনা যাইবেক।

আমি   ইহাদ্বারা স্বীকার করিতেছি যে আমি উপরের লিখিত নিয়মাবলির অধীন।   নং লাট   টাকা মূল্যে খরিদ করিয়া তাহার মধ্যে অদ্য   টাকা বিক্রেতাদিগের এজেণ্ট শ্রীযুত যে আরচি বলড হিল সাহেবের নিকট দাখিল করিয়া এতদ্দ্বারা অঙ্গিকার করিতেছি যে পণবাহার অবশিষ্ট বেবাক টাকা দিয়া হস্তান্তর ও বন্দবস্ত সংক্রান্ত সমস্ত দলিল দস্তাবেজ প্রোক্ত নিয়মানুসারে বেওজর লিখিত পড়িত করিয়া দিব এবং লইব ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৪ মার্চ।]

জায়দাদের তালিকা।

২৭ ধারা। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত সমুদয় টাকা দিয়া মে মাসের প্রথম ও নবেম্বর মাসের দ্বিতীয় দিবসের মধ্য কোন দিনে মরেন কিম্বা যে বৃত্তির কি বাণিজ্যের উপলক্ষে তাঁহার সর্টিফিকট দেওয়া গিয়াছে যদি রোগ কি অন্য অস্বাস্থ্যপ্রযুক্ত সেই বৃত্তি কি বাণিজ্য চালাইতে অক্ষম হন কিম্বা যোত্রহীন ঋণিদের উপকারার্থ কোন আইনদ্বারা রক্ষা পান, তবে উক্ত ডিসকৌণ্ট পূর্ব্বে প্রাপ্ত হইলে তাহা বাদ দিয়া তাঁহার স্থলাভিষিক্তকে কিম্বা বিষয় বিশেষে তাঁহাকে কিম্বা তাহার আসৈনিকে ঐ সমুদয় টাকার অর্দ্ধাংশ দেওয়া যাইতে পারিবে।

[কুঠী সমুদয় টাকা দিয়া অংশিত্ব লোপ করিলে কি যোত্রহীন হইলে তদ্বিষয়ের কথা।]

যদি কোন কুঠী পূর্ব্বোক্তমতে সমুদয় টাকা দিয়া মে মাসের প্রথম ও নবেম্বর মাসের দ্বিতীয় দিবসের মধ্য কোন দিনে অংশিত্ব লোপ করেন কিম্বা যোত্রহীন ঋণিদের উপকারার্থ কোন আইনদ্বারা রক্ষা পান তবে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যে বিধি করেন, তদনুসারে পূর্ব্ব প্রাপ্ত ডিসকৌণ্ট বাদ দিয়া ঐ সমুদয় টাকার অর্দ্ধাংশ ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

Recovery of second Instalment

[Recovery of second instalment]

28 If the Collector has caused a notice to be served on any person liable to pay the said second instalment and requiring him within seven days from the date of the service to pay the amount of such instalment (mentioning it), and if the person so served does not within that period pay such amount as required by the said notice he shall on conviction before a Magistrate be fined twice the amount so mentioned

Recovery under Revenue law

[Optional recovery under revenue law]

29 In any case arising outside the local limits of the Towns of Calcutta Madras or Bombay the Collector may, if he thinks fit recover the amount of any tax or instalment payable under this Act as if it were an arrear of land revenue

Provided that at some time not less than fifteen days after the name of the defaulter has been included in the list mentioned in section 13 the Collector has caused a notice to be served on him stating to the effect mentioned in section 17 or section 28 (as the case may be) provided also, that the defaulter has not within the period specified in such notice, complied with the requirement made therein

On the recovery of the tax from the defaulter, the Collector shall grant him a certificate without any further payment

Every such certificate shall bear date from the recovery of the tax and save as aforesaid the provisions of this Act relating to certificates shall apply to certificates granted under this section

Payment of Taxes and Fines

[Payment of taxes levied and fines recovered under this Act]

30 All taxes levied and all fines recovered under this Act shall be paid to the credit of the Government of India, or as such Government shall from time to time direct

---

VIII —MISCELLANEOUS

[Powers of Collector and Commissioner under this Act may be exercised by other officers]

31 All or any of the powers and duties conferred and imposed by this Act on a Collector and on a Commissioner of Revenue, may be exercised and performed by such other officers or persons as

[*Government Gazette*, *14th April* 1868]

দ্বিতীয় কিস্তি আদায় করিবার বিধি।

[দ্বিতীয় কিস্তি আদায় করিবার কথা]

২৮ ধারা। উক্ত দ্বিতীয় কিস্তির টাকা যে ব্যক্তির দেনা থাকে, যদি কালেক্টর সাহেব তাঁহাকে নোটিস দেওয়াইয়া ঐ নোটিস পাইবার তারিখ অবধি সাত দিনের মধ্যে ঐ কিস্তির এত টাকা দিবার আজ্ঞা করেন এবং যাঁহার নামে নোটিস দেওয়া গেল তিনি যদি ঐ সময়ের মধ্যে ঐ নোটিসের আদেশমতে টাকা না দেন তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাঁহার উল্লিখিত টাকার দ্বিগুণ অর্থদণ্ড হইবে ইতি।

রাজস্ব সংক্রান্ত আইনমতে আদায় করিবার বিধি।

[ইচ্ছা হইলে রাজস্ব সংক্রান্ত আইনক্রমে আদায় করিবার কথা।]

২৯ ধারা। কালেক্টর সাহেব বিহিত বোধ করিলে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের বহির্ভূত স্থানে এই আইনমত পাওনা কোন টাক্সের কি কিস্তির টাকা ভূমির বাকি রাজস্বের ন্যায় আদায় করিতে পারিবেন।

কিন্তু এমন স্থলে প্রয়োজন যে বাকিদারের নাম ১৩ ধারামতে উল্লিখিত নির্ঘণ্টপত্রে লেখা গেলে পর কালেক্টর সাহেব পঞ্চদশ দিনের অন্যূন কোন সময়ে তাঁহাকে ১৭ ধারার কিম্বা বিষয়বিশেষে ২৮ ধারার মর্ম্মসূচক নোটিস দেওয়ান, আরো প্রয়োজন যে ঐ নোটিসের নিদ্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত আদেশমতে বাকীদারের কর্ম্ম করিতে ত্রুটি হয়।

বাকিদারের স্থানে টাক্স আদায় করিলে কালেক্টর সাহেব অধিক টাকা না লইয়া তাঁহাকে সর্টিফিকট দিবেন।

উক্ত প্রত্যেক সর্টিফিকট টাক্স আদায় করিবার তারিখ অবধি চলিবে। উক্ত স্থলভিন্ন এই ধারামতে যে সকল সর্টিফিকট দেওয়া যায় তাহার প্রতি এই আইনের সর্টিফিকট বিষয়ক সকল বিধান বর্ত্তিবে ইতি

টাক্স ও অর্থদণ্ড দেওনের বিধি।

[এই আইনমত যে টাক্স ও দণ্ডের টাকা আদায় হয় তাহা দিবার কথা।]

৩০ ধারা। এই আইনমতে যে সকল টাক্স সংগৃহীত হয় ও যে সকল দণ্ডের টাকা আদায় হয় তাহা ভারতবর্ষের গবর্ণমেন্টের নামে অথবা সেই গবর্ণমেন্ট সময়েং যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে জমা হইবে ইতি।

৮। বিবিধ বিধি।

[এই আইনমতে কালেক্টর ও কমিস্যনরের যে ক্ষমতা অন্য কার্য্যকারকদেরও সেই ক্ষমতামতে কার্য্য করিবার কথা।]

৩১ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেবের এবং রাজস্বের কমিস্যনর সাহেবের প্রতি যে সকল কি যে কোন ক্ষমতার্পণ হইয়াছে ও যে কর্ত্তব্য কর্ম্ম বর্ত্তে, স্থানীয় গবর্ণমেন্ট সময়েং অন্য যে কর্ম্মচা

he Local Government shall from time to time ppoint in this behalf

[Service of notices]

32 Service of any notice under this Act shall e made by delivering or tendering a copy thereof under the signature of the Collector

Whenever it may be practicable the service of he notice shall be on the person therein named or in the case of a firm on some member thereof

When such person or member cannot be found the service may be made on any adult male member of his family residing with him and if no such adult male member can be found the serving officer shall fix the copy of the notice on the outer door of the house in which the person therein named is dwelling, or, in the case of a firm in which the business thereof is ordinarily carried on

[Power to declare principal place of business]

33 When any Company such as is mentioned in section 22 or any person, has several places of business in the territories subject to different Local Governments the Governor General of India in Council shall have power to declare which of such places shall, for the purposes of this Act, be deemed to be the principal place of business and when any such Company has several Agents or Managers, which of them shall, for the puposes of this Act, be deemed to be the principal Agent or Manager

When any such Company or any person has several places of business in the territories subject to a single Local Government such Government shall have power to declare which of them shall for the purpose of this Act be deemed to be the principal place of business

The power given by this section may be delegated to and exercised by such officers as the Governor General of India in Council or the Local Government as the case may be, shall from time to time appoint in this behalf

[Salaries and establishments]

34 The Local Government may with the previous sanction of the Governor General of India in Council, assign such salaries as such Government may from time to time deem proper to the officers appointed under this Act, and allow such establishments for their respective offices as may be necessary for the purposes of this Act

রিদিগকে কি ব্যক্তিদিগকে সেইং কর্ম্মে নিযুক্ত করেন তাঁহারদেরও সেই ক্ষমতা থাকিবে ও তাঁহাদের প্রতি সেই কর্ত্তব্য কর্ম্ম বর্ত্তিবে ইতি।

[নোটিস দিবার কথা।]

৩২ ধারা। এই আইনমত কোন নোটিসের প্রতিলিপিতে কালেক্টর সাহেব স্বাক্ষর করিলে, সেই প্রতিলিপি দিলে কি দিতে উদ্যত হইলে ঐ নোটিস জারী হইবে।

নোটিস যাহার নামে হয় সাধ্যমতে চেষ্টা করিয়া তাঁহাকেই দিতে হইবে কুঠির নামে হইলে তদন্তর্গত কোন ব্যক্তিকে দিতে হইবে।

যদি সেই ব্যক্তিকে কি কুঠীর অন্তর্গত ব্যক্তিকে পাওয়া যাইতে না পারে, তবে তাঁহার পরিবারের বয়োপ্রাপ্ত যে পুরুষ তাঁহার সঙ্গে বাস করিয়া থাকেন নোটিস তাঁহাকে দেওয়া যাইতে পারিবে। যদি বয়োপ্রাপ্ত তদ্রূপ পুরুষকে না পাওয়া যায় তবে যে কর্ম্মকারক ঐ নোটিস জারী করিবেন তিনি তল্লিখিত ব্যক্তির বাসগৃহের বহির্দ্বারে, কিম্বা কুঠীর নামে হইলে যে স্থানে ঐ কুঠীর কার্য্য নিয়ত চলে সেই স্থানের বহির্দ্বারে ঐ নোটিসের প্রতিলিপি লাগাইবেন ইতি।

[কর্ম্মের প্রধান স্থান নিরূপণ করিবার ক্ষমতার কথা।]

৩৩ ধারা। ২২ ধারাতে যে কোম্পানির উল্লেখ হইয়াছে যদি সেই কোম্পানির কিম্বা যদি কোন ব্যক্তির কর্ম্মস্থান স্থানীয় ভিন্নং গবর্ণমেন্টের শাসিত দেশের মধ্যে থাকে, তবে এই আইনের উপলক্ষে উক্ত সকল স্থানের মধ্যে কোন স্থান কর্ম্মের প্রধান স্থান জ্ঞান হইবে ও যদি তদ্রূপ কোন কোম্পানির অনেক নিযোগী কি কর্ম্মাধ্যক্ষ থাকেন তবে তাঁহাদের মধ্যে কাহাকে প্রধান নিযোগী কি কর্ম্মাধ্যক্ষ জ্ঞান করিতে হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেব এইং বিষয় নিরূপণ করিবেন।

যদি স্থানীয় একি গবর্ণমেন্টের শাসিত দেশের মধ্যে তদ্রূপ কোন কোম্পানির কিম্বা কোন ব্যক্তির বহু কর্ম্ম স্থান থাকে তবে এই আইনের উপলক্ষে ঐ সকল কর্ম্ম স্থানের মধ্যে কোনটা প্রধান জ্ঞান হইবে ঐ গবর্ণমেন্ট ইহা নিষ্কার্য্য করিবেন।

এই ধারাতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেব অথবা বিষয়বিশেষে স্থানীয় গবর্ণমেন্ট তৎপক্ষে যখন যে কার্য্যকারককে নিযুক্ত করিবেন তাঁহার প্রতি সেই ক্ষমতা প্রদান করা যাইতে পারিবে ও তিনি তদনুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

[বেতনের ও শিরিশতার কথা।]

৩৪ ধারা। এই আইনমতে যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করা যায় স্থানীয় গবর্ণমেন্ট সময়েং তাঁহাদের যে বেতন উপযুক্ত বোধ করেন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি গ্রহণপূর্ব্বক তাঁহাদের সেই বেতন নিষ্কার্য্য করিতে পারিবেন এবং এই আইনসংক্রান্ত কর্ম্ম সাধন করিবার জন্য তাঁহাদের কার্য্যালয়ে যত জন কর্ম্মকারকের প্রয়োজন তাঁহাদের অনুমতি দিবেন ইতি।

[Governor General in Council empowered to make rules]

35 The Governor General of India in Council make from time to time, make rules consistent with this Act for the guidance of officers in matters connected with its enforcement, and may delegate to any Local Government the power given by this section so far as regards the territories subject to such Government

[Commencement of Act]

36 This Act shall come into operation on the first day of May 1868

SCHEDULE A

TAX ON PROFESSIONS AND TRADES

	Rs
CLASS I	
Persons whose annual profits shall be assessed at Rupees 400 000, and upwards	6 400
CLASS II	
Persons whose annual profits shall be assessed at Rupees 200 000 or at more than Rs 200,000 and less than Rs 400,000	3 200
CLASS III	
Persons whose annual profits shall be assessed at Rupees 100 000 or at more than Rupees 100,000 and less than Rupees 200 000	1,600
CLASS IV	
Persons whose annual profits shall be assessed at Rupees 50 000 or at more than Rupees 50,000 and less than Rupees 100,000	800
CLASS V	
Persons whose annual profits shall be assessed at Rupees 25 000, or at more than Rupees 25 000 and less than Rupees 50,000	400
CLASS VI	
Persons whose annual profits shall be assessed at Rupees 10 000, or at more than Rupees 10,000 and less than Rupees 25,000	160
CLASS VII	
Persons whose annual profits shall be assessed at Rupees 5,000 or at more than Rupees 5 000 and less than Rupees 10,000	80
CLASS VIII	
Persons whose annual profits shall be assessed at Rupees 2,500, or at more than Rupees 2,500 and less than Rupees 5 000	40
CLASS IX	
Persons whose annual profits shall be assessed at Rupees 1,000, or at more than Rupees 1,000 and less than Rupees 2,500	16

[*Government Gazette*, 14*th April* 1868]

[মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের বিধি করিবার ক্ষমতার কথা]।

৩৫ ধারা। কার্য্যকারকেরা এই আইন প্রবলকরণোপলক্ষে যদনুসারে কার্য্য করিবেন, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ এই আইন অনুযায়ি এমত বিধি করিতে পারিবেন এবং এই ধারাতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, স্থান বিশেষের কোন গবর্ণমেণ্টের শাসিত দেশ সম্পর্কে ঐ গবর্ণমেণ্টের প্রতি সেই ক্ষমতা প্রদান করিতে পারিবেন হতি।

[এই আইনের আরম্ভের কথা।]

৩৬ ধারা। ১৮৬৮ সালের মে মাসের ১ দিবস অবধি এই আইনের কার্য্য চলিবে ইতি।

A চিহ্নিত তফসীল।

জীবিকাবৃত্তি ও বাণিজ্যের উপর টাক্স।

প্রথম শ্রেণী।	
যে ব্যক্তিদের বৎসর চারি লক্ষ টাকা ও তদূর্দ্ধ লভ্য ধার্য্য হয় তাঁহাদের	৬৪০০
দ্বিতীয় শ্রেণী।	
যে ব্যক্তিদের লভ্য বৎসর দুই লক্ষ টাকা এবং দুই লক্ষের অধিক কিন্তু চারি লক্ষের ন্যূন ধরা যায় তাঁহাদের	৩২০০
তৃতীয় শ্রেণী।	
যে ব্যক্তিদের লভ্য বৎসর এক লক্ষ টাকা কিম্বা এক লক্ষের অধিক কিন্তু দুই লক্ষের ন্যূন ধরা যায় তাঁহাদের	১৬০০৲
চতুর্থ শ্রেণী।	
যে ব্যক্তিদের লভ্য বৎসর ৫০ হাজার টাকা কিম্বা ৫০ হাজারের ঊর্দ্ধ কিন্তু এক লক্ষের ন্যূন ধরা যায় তাঁহারদের	৮০০৲
পঞ্চম শ্রেণী।	
যে ব্যক্তিদের লভ্য বৎসর ২৫,০০০৲ টাকা কিম্বা ২৫ হাজারের ঊর্দ্ধ কিন্তু ৫০ হাজার টাকার ন্যূন ধর যায় তাঁহাদের	৪০০
ষষ্ঠ শ্রেণী।	
যাহারদের লভ্য বৎসর ০ ০০০৲ টাকা কিম্বা ১০ হাজারের ঊর্দ্ধ কিন্তু ২৫,০০০৲ হাজার টাকার ন্যূন ধরা যায় তাঁহাদের	১৬০
সপ্তম শ্রেণী।	
যাহাদের লভ্য বৎসর ৫০০০৲ টাকা কিম্বা ৫ হাজারের ঊর্দ্ধ কিন্তু ০,০০০৲ টাকার ন্যূন ধরা যায় তাঁহাদের	৮০
অষ্টম শ্রেণী।	
যাঁহাদের লভ্য বৎসর ২৫০০৲ টাকা কিম্বা আড়াই হাজারের ঊর্দ্ধ কিন্তু ৫০০০৲ টাকার ন্যূন ধরা যায় তাঁহাদের	৪০
নবম শ্রেণী।	
যাহাদের লভ্য বৎসর ১০০০৲ টাকা কিম্বা এক হাজারের ঊর্দ্ধ কিন্তু ২৫০০৲ টাকার ন্যূন ধরা যায় তাঁহাদের	১৬

CLASS X

Persons whose annual profits shall be assessed at Rupees 500 or at more than Rupees 500 and less than Rupees 1,000 8

SCHEDULE B

Form of Petition under Section 14

Stamp
eight annas

TO THE COLLECTOR OF

The *day of* 186

The petition of A B of

SHEWETH—

1*st* —That in the list filed in your office pursuant to the thirteenth section of Act No IX of 1868, on the day of 186 , your petitioner's name appears under the *ninth* of the classes mentioned in Schedule A to the said Act annexed, that he has been assessed in the sum of Rupees *sixteen* for the certificate granted to him under such Act, and that he has paid such sum accordingly

2*nd* —That the profits of your petitioner's profession [*or* trade] of [*here state petitioner's profession or trade*] fo the year ending the thirtieth day of April last were Rupees [*more than Rupees* 500 *and less than Rupees* 1 000 *or less than Rupees* 500], as will appear from the documents marked presented herewith, and to which your petitioner craves leave to refer

Your petitioner therefore prays that you will remove his name from the *ninth* to the *tenth* of the said classes, that he may be assessed accordingly, and that the excess of Rupees *eight* so paid by him and the value of the stamp on this petition may be refunded [*or* that his name be removed from the said list and that the sum of Rupees *sixteen* so paid by him and the value of the stamp on this petition may be refunded]

(Signed) *A B*

Form of Verification

I, *A B*, the petitioner named in the above petition, do declare that what is stated therein is true to the best of my information and belief

(Signed) *A B*

WHITLEY STOKES,
Asst Secy to the Govt of India,
Home Dept (Legislative)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১৪ আপ্রিল।]

দশম শ্রেণী।

যাঁহাদের লভ্য বৎসর ৫০০৲ টাকা কিম্বা পাঁচ শতের উর্দ্ধ কিন্তু ১০০০৲ টাকার ন্যূন ধরা যায় তাঁহাদের ৮

B চিহ্নিত তফসীল।

১৪ ধারামত দরখাস্তের পাঠ।

আটআনা
ইষ্টাম্প।

অমুক স্থানের কালেক্টর সাহেব সমীপেষু।

সাল তাং

অমুক স্থান নিবাসি শ্রীঅমুকের এই প্রার্থনাপত্র।

প্রথম। ১৮৬৮ সালের ৯ আইনের ৩ ধারামত যে নির্ঘণ্ট অমুক সালের অমুক মাসের অমুক তারিখে আপনকার কার্য্যালয়ে অর্পণ করা যায়, তাহাতে আমার নাম উক্ত আইনের A চিহ্নিত তফসীলের (নবম) শ্রেণীতে লিখিত হইযাছে ও আমাকে সেই আইনমতে যে সর্টিফিকট দেওয়া গেল তজ্জন্যে আমার ১৬৲ টাকা টাকস ধার্য্য হইযাছে। সেই টাকা দিয়াছি।

দ্বিতীয়। গত আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত [আমার অমুক বৃত্তির কি বাণিজ্যের দ্বারা] এক বৎসরে [পাঁচ শতের উর্দ্ধ ও এক সহস্রের ন্যূন কিম্বা পাঁচ শতের ন্যূন] এত টাকা লাভ হইয়াছিল। ইহার সঙ্গে অমুক২ চিহ্নযুক্ত যে লেখ্য অর্পণ করা যাইতেছে তাহাতে পূর্ব্বোক্ত কথা সপ্রমাণ হইবে। আপনি তাহাতে দৃষ্টিপাত করুন আমার এই নিবেদন।

এইক্ষণে প্রার্থনা এই, আপনি (নবম) শ্রেণীহইতে আমার নাম উঠাইয়া (দশম) শ্রেণীভুক্ত করিবার, ও তদনুসারে আমার টাকস ধার্য্য হইবার, ও অতিরিক্ত যে ৮৲ টাকা দেওয়া হইয়াছে তাহা আমার ফিরিয়া পাইবার আজ্ঞা করুন। [অথবা উক্ত নির্ঘণ্টহইতে আমার নাম উঠাইয়া দিবার ও আমি যে ১৬৲ টাকা দিয়াছি তাহা ফিরিয়া পাইবার আজ্ঞা করুন।]

(স্বাক্ষর) শ্রীঅমুক।

সত্যাকরণের পাঠ।

উপরোক্ত দরখাস্তের লিখিত প্রার্থক আমি শ্রীঅমুক, জ্ঞাত করিতেছি যে ঐ পত্রে যাহা লেখা আছে তাহা আমার জ্ঞান ও বিশ্বাসানুসারে সত্য।

(স্বাক্ষর) শ্রীঅমুক।

উইটলি ষ্টোকস
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 2nd April 1868, and is hereby promulgated for general information —

ACT No X OF 1868

An Act to amend the Consolidated Customs' Act

[Preamble]

WHEREAS section 132 of the Consolidated Customs' Act (No VI of 1863) provides that no refund of duty levied upon goods not shipped, or upon goods shipped and afterwards re landed shall be allowed, unless application to re land shall have been made, or notice of non shipment shall have been given before the vessel on which such goods were intended to be shipped, or from which they were re landed shall have left the port And where as it is expedient to extend the time within which such application or notice may be made or given, It is hereby enacted as follows —

[Amendment of Act No VI of 1863 section 132]

1 For the proviso contained in the said section, the following shall be substituted —

Provided that no such refund shall be allowed unless application to re land shall have been made, or notice of non shipment shall have been given, within three clear working days after the vessel on which such goods were intended to be shipped or from which they were re landed, shall have left the port

[Short title]

2 This Act may be called the " Consolidated Customs' Act Amendment Act "

WHITLEY STOKES,
Asst Secy to the Govt of India,
Home Dept (Legislative)

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 2nd April 1868, and is hereby promulgated for general information —

ACT No XI OF 1868

An Act to exempt Timber and Woods from Import Duty

[Preamble]

WHEREAS it is expedient to exempt timber and woods imported by sea into British India from the duties of customs chargeable thereon, It is hereby enacted as follows —

[Timber and woods to be free of import duty]

1 Notwithstanding anything contained in " The Indian Customs' Duties' Act, 1867," no

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৮ সালের আপ্রিল মাসের ২ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১০ আইন।

কষ্টমের সংগৃহীত আইন সংশোধন করণার্থ আইন।

[হেতুবাদ।]

কষ্টমের আইন সংশোধনার্থ ১৮৬৩ সালের ৬ আইনের ১৩২ ধারার এই বিধান। যে জাহাজে মাল তুলিয়া দিবার অভিপ্রায় থাকে কিম্বা যে জাহাজহইতে পুনর্ব্বার নামান যায়, বন্দরহইতে সেই জাহাজের খুলিয়া যাইবার পূর্ব্বে ঐ মাল কিনারায় আনাইবার দরখাস্ত না হইলে কিম্বা জাহাজে বোঝাই না হইবার সম্বাদ না দেওয়া গেলে, যে মাসুল দেওয়া গিয়াছে ঐ মাল জাহাজে তোলা না গেলেও কিম্বা তুলিয়া পুনরায় নামান গেলেও তাহা ফিরিয়া পাইবার অনুমতি হইতে পারিবে না। সেই দরখাস্ত করিবার কি সম্বাদ দিবার সময় বৃদ্ধি করা বিহিত, এই হেতু নিম্নলিখিত বিধান করা গেল।

[১৮৬৩ সালের ৬ আইনের ১৩২ ধারা স-শোধন হইবার কথা।]

১ ধারা। উক্ত ধারাতে যে উপবিধান হইয়াছে তৎপরিবর্ত্তে নিম্নলিখিত উপবিধি দিতে হইবে।

পরন্তু ঐ মাল যে জাহাজে দিবার মনস্থ ছিল কিম্বা যে জাহাজহইতে পুনরায় নামান গেল সেই জাহাজ বন্দরহইতে চলিয়া যাইবার পর, কর্ম্ম চলনের সম্পূর্ণ তিন দিনের মধ্যে ঐ মাল নামাইয়া লইবার দরখাস্ত না হইলে, কিম্বা জাহাজে তোলা না যাইবার সম্বাদ দেওয়া না গেলে, সেই মাসুল ফিরিয়া পাইবার অনুমতি হইবে না ইতি।

[সংক্ষেপ নামের কথা।]

২ ধারা। এই আইন কষ্টমের স-গৃহীত আইন সংশোধনার্থ আইন নামে খ্যাত হইতে পারিবে ইতি।

উইটলি ষ্টোক্‌স।
দেশীয় ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৮ সালের আপ্রিল মাসের ২ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১১ আইন।

আমদানীর মাসুলহইতে বাহাদুরী ও অন্যং কাষ্ঠ মুক্ত করিবার আইন।

[হেতুবাদ।]

যে বাহাদুরী ও অন্যং কাষ্ঠ সমুদ্রপথে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে আনা যায় তাহার উপর কষ্টমের যে মাসুল লাগে তাহাহইতে সেই কাষ্ঠ মুক্ত করা বিহিত, এই হেতু নিম্নলিখিত বিধান করা গেল।

[আমদানীর মাসুলহইতে বাহাদুরী ও অন্যান্য কাষ্ঠ মুক্ত হইবার কথা।]

১ ধারা। ১৮৬৭ সালের ভারতবর্ষীয় কষ্টমের মাসুলের আইনেতে ভাবান্তরের কোন কথা থাকিলেও

duties of customs shall be chargeable on timber and woods imported by sea into British India

WHITLEY STOKES
Asst Secy to the Govt of India
Home Dept (Legislative)

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 3rd April 1868 and was referred to a Select Committee with instructions to make their report thereon in a week —

No 19 OF 1868

A Bill for the Prevention of certain Contagious Diseases

[Preamble]

WHEREAS it is expedient to provide for the better prevention of certain Contagious Diseases It is hereby enacted as follows —

Preliminary

[Short title]

1 This Act may be cited as 'The Indian Contagious Diseases Act 1868

2 In this Act—

'Magistrate' includes a Police Magistrate

'Chief Medical Officer means the principal, medical officer for the time being attached to or doing duty at a hospital

'Contagious Disease' means any venereal disease

[Extent of Act]

3 The places to which this Act applies shall be the sea ports which the Local Government shall from time to time with the previous sanction of the Governor General of India in Council, specify by notification in the official *Gazette* The limits of such sea ports shall, for the purposes of this Act, be such as are defined in the said notification

Unregistered Prostitutes

[Punishment of unregistered prostitutes]

4 In any place to which this Act applies no woman shall carry on the business of a common prostitute without having personally attended and been registered at the office established under this Act at such place, and without having in her possession such evidence of registration as hereinafter provided

Any woman carrying on such business without having attended and been registered as aforesaid, or without having in her possession such evidence

যে বাহাদুরী ও অন্যান্য কাষ্ঠ সমুদ্রপথে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে আনা যায় তাহার উপর কষ্টমের মাসুল লাগিবে না ইতি।

উইটলি ষ্টোক্স।
দেশীয় কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ৮৬৮ সালের আপ্রিল ম'সের ৩ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় উপস্থিত করা গিয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে তাঁহাদিগকে এক সপ্তাহের পর তদ্বিষয়ের রিপোর্ট করিতে আজ্ঞা হইয়াছে।

১৮৬৮ সালের ১২ নম্বর।

কোন২ স্পর্শাক্রামক রোগ নিবারণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

কোন২ স্পর্শাক্রামক রোগ নিবারণের সদুপায় করা বিহিত। এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

পরিভাষা।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় স্পর্শাক্রামক রোগের ১৮৬৮ সালের আইন' নামে খ্যাত হইতে পারিবে ইতি।

২ ধারা। এই আইনেতে

মাজিষ্ট্রেট' শব্দের মধ্যে পোলীস মাজিষ্ট্রেট গণ্য।

প্রধান যে চিকিৎসক কোন হাস্পাতালে নিযুক্ত থাকেন কি কর্ম্ম করেন "প্রধান চিকিৎসক" শব্দে তাহাকে বুঝাইবে।

স্পর্শাক্রামক রোগ" শব্দে কোন উপদংশ রোগ বুঝাইবে ইতি।

[আইন যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।]

৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক রাজকীয় গেজেটে জ্ঞাপনীদ্বারা সমুদ্রতীরস্থ যে২ নগরীর নাম প্রকাশ করেন, এই আইন সেই২ নগরীতে প্রচলিত হইবে। এই আইনের কার্য্যোপলক্ষে ঐ২ নগরীর যে সীমা ধার্য্য হইবে তাহা উক্ত জ্ঞাপনপত্রে প্রকাশ করা যাইবে ইতি।

বেশ্যারা রেজিষ্টর না হইলে তাঁহাদের বিধি।

[বেশ্যারা রেজিষ্টর না হইলে তাহারদের দণ্ডের কথা।]

৪ ধারা। এই আইন যে২ স্থানের প্রতি বর্ত্তিবে সেই২ স্থানে এই আইনমতে রেজিষ্টরী আফিস স্থাপন করা যাইবে। কোন বেশ্যা আপনি সেই আফিসে গিয়া রেজিষ্টর না হইলে, এবং তাহার নিকট নিম্নলিখিত বিধিমতে রেজিষ্টরীর নিদর্শন না থাকিলে, সে সামান্য বেশ্যাবৃত্তি করিতে পারিবে না।

যদি কোন বারস্ত্রী পূর্ব্বোক্তমতে উপস্থিত না হইয়া ও রেজিষ্টরী না হইয়া কিম্বা পূর্ব্বোক্ত নিদর্শন নিকট না রাখিয়া বেশ্যাবৃত্তি করে, তবে তাহার এক মাসের অন-

as aforesaid, shall be punished with imprisonment for a term which may extend to one month, or with fine not exceeding one hundred rupees, or with both

Registration of Prostitutes

[Local Government to establish registration offices and appoint officers to take charge]

5 The Local Government shall establish, at the places to which this Act applies, offices for the registration of common prostitutes, and shall appoint officers to the charge of such officers and may, with the previous sanction of the Governor General of India in Council assign such salaries and establishments to the said offices as the Local Government shall from time to time deem proper The Local Government shall also provide for every such office such books and forms as may be necessary for the purposes of this Act

[Registration of prostitutes]

6 On the appearance of any such woman at such office, the officer in charge shall enter in a book to be kept for the purpose her name, age caste (if any) and residence

Such woman shall thereupon be deemed to be registered under this Act and the registering officer shall furnish her with such evidence of registration as the Local Government shall by notification in the local official *Gazette* from time to time direct

Examination of Prostitutes

[Examination of prostitutes]

7 The Local Government shall have power to appoint persons to make periodical examinations of registered woman in order to ascertain whether at the time of each such examination they are affected with contagious disease

[Local Government may make regulations as to examinations]

8 For each of the places to which this Act applies, the Local Government may from time to time make regulations respecting the times and places of examination under this Act at that place and generally respecting the arrangements for the conduct of those examinations, and a printed copy of regulations purporting to be regulations under this section shall, if signed by a Secretary to such Government, be evidence of such regulations for the purposes of this Act

[Reports]

The Local Government may also require the persons making such examination to send in reports to such persons at such times and in such form as the Local Government shall from time to time prescribe

ধিক কারাদণ্ড কিম্বা এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

বেশ্যাদের রেজিষ্টরী করণের বিধি।

[স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক রেজিষ্টরী আফিস স্থাপন হইবার ও তাহার কর্ত্তৃত্ব করণার্থে লোক নিযুক্ত হইবার কথা।]

৫ ধারা। এই আইন যে২ স্থানে বর্ত্তে স্থানীয় গবর্ণমেণ্ট সেই২ স্থানে সামান্য বেশ্যাদের রেজিষ্টরী আফিস করিবেন। ও সেই২ আফিসের কার্য্যাধ্যক্ষদিগকে নিযুক্ত করিবেন। এবং ঐ আফিসে যে ব্যক্তিদের যে বেতন দেওয়া ও যত জন আমলাকে নিযুক্ত করা বিহিত বোধ করেন সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক ইহা নিরূপণ করিবেন। আরো এই আইনের কার্য্যোপলক্ষে যে২ বহী ও যে২ পাঠ আবশ্যক হয় স্থানীয় গবর্ণমেণ্ট সেই২ আফিসের সেই বহীপ্রভৃতি দেওয়াইবেন ইতি।

[বেশ্যাদের রেজিষ্টরী করণের কথা।]

৬ ধারা। তদ্রূপ বারস্ত্রী উক্ত আফিসে গেলে তথাকার প্রধান কর্ম্মকারক ঐ স্ত্রীর নামাদি লিখিবার বহীতে তাহার নাম ও বয়স ও জাতি থাকিলে সেই জাতি ও বাস স্থান লিখিবেন।

তাহা হইলে ঐ স্ত্রী এই আইনমতে রেজিষ্টরী হইয়াছে জ্ঞান হইবে। এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ স্থানীয় রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশপূর্ব্বক যে নিদর্শনের আজ্ঞা করেন রেজিষ্টরী কর্ম্মকারক ঐ স্ত্রীকে রেজিষ্টরী হইবার সেই নিদর্শন দিবেন ইতি।

বেশ্যাদের দৈহিকাবস্থা পরীক্ষার বিধি।

[বেশ্যাদের দৈহিকাবস্থা পরীক্ষার কথা।]

৭ ধারা। তদ্রূপে যে বেশ্যাদিগকে রেজিষ্টরী করা যায় স্থানীয় গবর্ণমেণ্ট নিরূপিত সময়ান্তরে তাহাদের দৈহিকাবস্থা পরীক্ষা করিবার জন্যে লোকদিগকে নিযুক্ত করিতে পারিবেন। পরীক্ষার কালে তাহারদের স্পর্শাক্রামক রোগ আছে কি না ইহা নিশ্চয় করা সেই পরীক্ষার উদ্দেশ্য ইতি।

[পরীক্ষা বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের বিধান করিবার কথা।]

৮ ধারা। এই আইন যে২ নগরীতে বর্ত্তে সেই২ নগরীর অন্তর্গত যে২ স্থানে ও যে২ সময়ে পরীক্ষা করা যাইবে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ ইহার বিধান করিবেন এবং সেই পরীক্ষা কার্য্যের সাধারণ নিয়মও করিবেন। এবং উক্ত বিধান এই ধারামত বিধান বলিয়া মুদ্রিত হইয়া ঐ গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেব কর্ত্তৃক স্বাক্ষরিত হইলে এই আইনের কার্য্যোপলক্ষে তাহাই ঐ বিধানের প্রমাণ হইবে।

[রিপোর্টের কথা।]

যে ব্যক্তিরা তদ্রূপ পরীক্ষা করেন স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে ব্যক্তিদের নিকট যে সময়ে যে পাঠে রিপোর্ট করিতে আদেশ করেন, তাহারদিগকে তদনুসারে রিপোর্ট করিবার আজ্ঞা করিতে পারিবেন।

[Penalty for disobeying regulations]

Any such person not a medical officer wilfully disobeying any regulation made under this section shall be punished with simple imprisonment for a term which may extend to one year, or with fine, or with both

Any registered woman wilfully disobeying any such regulation shall be punished with imprisonment for a term which may extend to one month, or with fine not exceeding one hundred rupees, or with both

Refusal to show Evidence of Registration

[Penalty for refusing to show evidence of registration]

9 Any registered woman who, without reasonable excuse, neglects or refuses to produce and show the evidence of her registration with which she shall have been furnished as aforesaid when required so to do by an officer of police shall be punished with imprisonment for a term which may extend to fourteen days or with fine not exceeding fifty rupees or with both

Brothel keepers

[Penalty for permitting unregistered prostitutes to resort to brothels]

10 If any person, being the owner or occupier of any house, room or place within the limits of any sea port to which this Act applies, or being a manager or assistant in the management thereof, having reasonable cause to believe any woman to be a prostitute and not to be registered under this Act, induces or suffers her to resort to or be in that house room or place for the purpose of prostitution, he shall be punished with imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to one thousand rupees, or with both

[Proviso]

Provided that a conviction under this section shall not exempt the offender from any penal or other consequences to which he may be liable for keeping or being concerned in keeping a brothel or disorderly house or for the nuisance thereby occasioned

Certified Hospitals

[Local Government may provide and certify Hospitals]

11 The Local Government may from time to time provide any buildings or parts of buildings as Hospitals for the purposes of this Act

Any building or part of a building so provided and certified in writing by a Secretary to the Local Government to be so provided, shall be deemed a certified Hospital under this Act

[বিধান না মানিবার দণ্ডের কথা।]

এই ধারামতে যে বিধান করা যায়, চিকিৎসকভিন্ন কোন ব্যক্তি যদি ইচ্ছাপূর্ব্বক সেই বিধান অমান্য করে তবে তাহার এক বৎসরের অনধিক কাল সাধারণ কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে।

রেজিষ্টরী বেশ্যা ইচ্ছাপূর্ব্বক উক্ত কোন বিধান অমান্য করিলে তাহার এক মাসের অনধিক কারাদণ্ড কিম্বা এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

রেজিষ্টরীর নিদর্শন না দেখাইলে তদ্বিষয়ের বিধান।

[রেজিষ্টরীর নিদর্শন দেখাইতে স্বীকার না করিলে দণ্ডের কথা।]

৯ ধারা। কোন রেজিষ্টরী বারস্ত্রী পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী হইবার যে নিদর্শনপত্র পাইয়াছে পোলীসের কোন কর্ম্মকারক তাহাকে সেই পত্র বাহির করিয়া দেখাইবার আজ্ঞা করিলে যদি উপযুক্ত আপত্তি না থাকিলেও সেই স্ত্রী তাহা না দেখায় কি দেখাইব না কহে তবে তাহার চৌদ্দ দিনের অনধিক কারাদণ্ড কিম্বা পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

বেশ্যাগার রক্ষকের বিধি।

[বেশ্যারা রেজিষ্টরী না হইলে তাহারদিগকে বেশ্যাগারে যাইবার অনুমতি না দেওয়ার কথা।]

১০ ধারা। এই আইন সমুদ্রতীরস্থ যে নগরীর প্রতি বর্ত্তে কোন ব্যক্তি সেই নগরীর সীমার মধ্যবর্ত্তি কোন আলয়ের কি ঘরের কি স্থানের স্বামী কি অধিকারী হইলে কিম্বা সেই স্থানের কার্য্যাধ্যক্ষ কিম্বা অধ্যক্ষতা কার্য্যের সহকারী হইলে এবং কোন স্ত্রী বেশ্যা কিন্তু এই আইনমতে রেজিষ্টরী হয় নাই ইহা জানিবার উপযুক্ত হেতু পাইয়া যদি তাহাকে বেশ্যাবৃত্তি করিবার জন্যে ঐ আলয়ে কি ঘরে কি স্থানে আনায় কি আসিতে কি থাকিতে দেয়, তবে তাহার ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা এক সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে।

উপবিধি।

পরন্তু বেশ্যালয় কি অনিয়মিতাচারের ঘর রাখিবার জন্যে কিম্বা রাখিবার কার্য্যে সম্পর্ক থাকাতে কিম্বা তদ্দ্বারা যে অনিষ্ট হয় তজ্জন্যে তাহার যে দণ্ড কি অন্য ফলভোগ হইতে পারে এই ধারামতে দোষ নিশ্চয় হইলেও তাহার সেই দণ্ড কি ফলহইতে অব্যাহতি হইবে না, ইতি।

সর্টিফিকটযুক্ত হাস্পাতালের বিধি।

[স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক হাস্পাতালের নিরূপণ ও সর্টিফিকট দেওনের কথা।]

১১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং এই আইনের কার্য্যের নিমিত্তে কোন আলয় কিম্বা আলয়ের অংশ হাস্পাতাল স্বরূপ নিরূপণ করিতে পারিবেন।

কোন আলয় কিম্বা আলয়ের কোন অংশ সেই প্রকারে নিরূপিত হইলে, এবং তাহা তদর্থে নিরূপিত হইয়াছে স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেব লিখনক্রমে এই মর্ম্মের সর্টিফিকট দিলে, তাহা এই আইনমত সর্টিফিকটযুক্ত হাস্পাতাল অর্থাৎ সংশিত পত্রপ্রাপ্ত চিকিৎসালয় জ্ঞান হইবে।

[Control of such Hospitals.]

Every certified Hospital so provided shall be placed under the control and management of such persons as to the Local Government shall from time to time seem fit

[Regulations for management of Hospitals]

12 The Local Government shall make regulations for the inspection, management, and government of the Hospitals as far as regards women authorized by this Act to be detained therein under medical treatment for a contagious disease, and may from time to time alter any such regulations.

A printed copy of regulations purporting to be regulations made under this section shall, if signed by a Secretary to such Government, be evidence of such regulations for the purposes of this Act

[Registered prostitutes on receiving notice to go to Hospital]

13 Any woman registered under this Act shall, on being served with notice from such officer as the Local Government shall from time to time appoint in this behalf, proceed to the certified Hospital named in such notice and place herself there for medical treatment

[Penalty for neglect or refusal]

If after the notice is served on her, she neglects or refuses to do so, an officer of Police shall apprehend her and convey her with all practicable speed to that Hospital, and place her there for medical treatment

[Detention of prostitute under medical treatment.]

14 Where any such woman affected with contagious disease places herself or is placed as aforesaid in a certified Hospital for medical treatment, she shall be detained there for that purpose by the chief medical officer of the Hospital until discharged by him by writing under his hand

[Penalty for leaving Hospital before discharge]

15 If any woman authorized by the said chief medical officer to be detained in a certified Hospital for medical treatment quits the Hospital without being discharged therefrom by the chief medical officer thereof, by writing under his hand the proof whereof shall lie on the accused, or

[Penalty for disobeying regulations of Hospital]

If any woman authorized by this Act to be detained in a certified Hospital for medical treatment, or any woman being in a certified Hospital under medical treatment for a contagious disease, refuses or wilfully neglects while in the Hospital

[তদ্রূপ হাসপাতালের তত্ত্বাবধারণের কথা।]

সর্টিফিকটপ্রাপ্ত যে প্রত্যেক হাসপাতাল তদ্রূপে নিরূপিত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে ব্যক্তিদিগকে উপযুক্ত বোধ করেন ঐ আলয় তাঁহাদের তত্ত্বাধীনে ও অধ্যক্ষতায় থাকিবে ইতি।

[তদ্রূপ হাস্পাতালের কার্য্য সম্পাদনার্থ বিধানের কথা।]

১২ ধারা। এই আইনমতে স্পর্শাক্রামক রোগের চিকিৎসা পাইবার জন্যে যে বারস্ত্রীদিগকে রাখিবার অনুমতি হয় সেই২ স্ত্রী সম্পর্কে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ হাস্পাতালের পরিদর্শন ও কার্য্যসম্পাদন ও শাসনের বিধান করিবেন। ও সময়ে২ তদ্রূপ কোন বিধান পরিবর্ত্ত করিতে পারিবেন।

এই ধারামত বিধান বলিয়া ঐ বিধান মুদ্রিত হইয়া ঐ গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দ্বারা স্বাক্ষর করা গেলে তাহা এই আইনের কার্য্যোপলক্ষে ঐ বিধানের নিদর্শন হইবে ইতি।

[নোটিস পাইলে রেজিস্টরী বেশ্যাদের হাস্পাতালে যাইবার কথা।]

৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি এই আইনমতে রেজিস্টরী হওয়া কোন স্ত্রীকে নোটিস দিলে ঐ নোটিসে সর্টিফিকটপ্রাপ্ত যে হাস্পাতালের নাম লেখা থাকে ঐ স্ত্রীর সেই হাস্পাতালে গিয়া চিকিৎসা পাইবার জন্যে থাকিতে হইবে।

[না যাইবার কি যাইব না ইহা কহিবার দণ্ডের কথা।]

নোটিস দেওয়া গেলে যদি ঐ স্ত্রী না যায় কিম্বা যাব না কহে তবে পোলীসের কর্ম্মকারক তাহাকে ধরিয়া সাধ্যমতে ত্বরায় ঐ হাস্পাতালে চালান করিয়া তাহাকে চিকিৎসার জন্যে তথায় রাখিবেন ইতি।

[চিকিৎসা করিবার জন্যে বেশ্যাকে আটক রাখিবার কথা।]

১৪ ধারা। তদ্রূপ কোন বারস্ত্রী স্পর্শাক্রামক রোগাক্রান্তা হইয়া চিকিৎসা পাইবার জন্যে সর্টিফিকুটপ্রাপ্ত হাস্পাতালে গেলে কিম্বা তাহাকে পূর্ব্বোক্তমতে ঐ হাস্পাতালে রাখা গেলে হাস্পাতালের প্রধান চিকিৎসক যত কাল স্বহস্তে লিখিয়া তাহাকে যাইতে না দেন তত কাল চিকিৎসার জন্যে সেই বারস্ত্রীকে তথায় আটক করিয়া রাখা যাইবে ইতি।

[বিদায়পত্র না পাইয়া হাস্পাতালহইতে যাইবার দণ্ডের কথা।]

৫ ধারা। উক্ত প্রধান চিকিৎসকের আজ্ঞাক্রমে কোন বারস্ত্রীকে চিকিৎসার জন্যে সর্টিফিকুট প্রাপ্ত হাস্পাতালে আটক করিয়া রাখা গেলে, সেই প্রধান চিকিৎসকের স্বহস্তলিখিত পত্রদ্বারা ঐ হাস্পাতালহইতে বিদায় না পাইয়া যদি সেই স্ত্রী তথাহইতে চলিয়া যায়, (ঐ বিদায় পাইয়াছে কি না এই বিষয়ে ঐ স্ত্রীর প্রমাণ করিতে হইবে) অথবা

[চিকিৎসালয়ের নিয়ম না মানিবার দণ্ডের কথা।]

সর্টিফিকটপ্রাপ্ত কোন স্ত্রীকে হাসপাপাতালে চিকিৎসার জন্যে আটক রাখিবার অনুমতি হইলে, কিম্বা কোন স্ত্রী স্পর্শাক্রামক রোগের চিকিৎসা পাইবার নিমিত্তে সর্টিফিকটপ্রাপ্ত হাস্পাতালে থাকিলে, এই আইনক্রমে যে বিধির অনুমোদন হইয়াছে যদি

to conform to the regulations thereof approved under this Act, then and in every such case such woman shall be punished with imprisonment, in the case of a first offence for any term not exceeding one month, and in the case of a second or any subsequent offence for any term not exceeding three months, and in case she quits the Hospital without being discharged as aforesaid she may be taken into custody without warrant by any officer of police

On the expiration of her term of imprisonment under this section such woman shall be sent back from the prison to the certified Hospital, and shall be detained there unless the medical officer of the prison at the time of her discharge from imprisonment certifies in writing that she is free from contagious disease (the proof of which certificate shall lie on her)

[Power to make rules for out door treatment of registered women]

16 It shall be lawful for the Local Government to make rules for the periodical examination and medical treatment of any women registered under this Act and not required to proceed to a certified Hospital, and to empower such Surgeons or other persons as it shall from time to time appoint to prescribe by order to be served on such women, the times and places at which she shall attend for examination and to subject her to examination accordingly, and, if necessary to medical treatment

Every such women wilfully disobeying or failing to comply with any such rule or order shall be punished with imprisonment for a term which may extend to fourteen days or with fine not exceeding fifty rupees, or with both

Segregation of Prostitutes

[Penalty for residing in street or place after prohibition]

17 It shall be lawful for such officer as the Local Government shall from time to time appoint in this behalf to cause a notice to be served on any common prostitute requiring her after an interval of not less than seven days to be mentioned in the notice to reside or not to reside in any street or place therein specified.

Any common prostitute on whom such notice shall have been served disobeying the requisition therein contained shall be liable to imprisonment, in the case of a first offence for any term not exceeding one month, and in the case of a second or any subsequent offence, for any term not exceeding three months

[গবর্ণমেণ্ট গেজেট ৮৬৮। ৪ আপ্রিল।]

হাস্পাতালে থাকিতে সেই বিধিমতে কর্ম্ম করিতে সম্মতা না হয় কিম্বা ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য করে তবে তদ্রূপ প্রত্যেক স্থলে ঐ স্ত্রীর প্রথম অপরাধহেতুক এক মাসের অনধিক ও দ্বিতীয় কিম্বা তৎপরে কোন বার অপরাধ হইলে তিন মাসের অনধিক কাল কারাদণ্ড হইবে, ও যদি পুর্ব্বোক্তমতে বিদায় না পাইয়া হাস্পাতাল ছাড়িয়া যায়, তবে পোলীসের কোন কর্ম্মকারক পরওয়ানা বিনা তাহাকে ধরিয়া আটক করিতে পারিবেন।

ঐ বারস্ত্রীর এই ধারামত কারাদণ্ডের সময় অতীত হইলে, তাহাকে কারাগারহইতে সর্টিফিকটপ্রাপ্ত হাস্পাতালে ফিরিয়া পাঠান যাইবে। এবং কারাগার হইতে মুক্ত হইবার সময়ে তাহার স্পর্শাক্রামক রোগ ছিল না যদি কারাগারের চিকিৎসক এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া না দেন তবে তাহাকে হাস্পাতালে থাকিতে হইবে। ঐ সর্টিফিকট দেওনের প্রমাণ করিবার ভার ঐ স্ত্রীর প্রতি বর্ত্তিবে ইতি।

[রেজিষ্টরী বারস্ত্রীদের স্বগৃহে চিকিৎসা করিবার বিধি করণের ক্ষমতার কথা।]

১৬ ধারা। এই আইনমতে রেজিষ্টর করা গেলেও সর্টিফিকটপ্রাপ্ত হাস্পাতালে যে বারস্ত্রীদের যাইবার প্রয়োজন না হয়, স্থানীয় গবর্ণমেণ্ট নিরূপিত সময়ান্তরে তাঁহারদের দৈহিকাবস্থার পরীক্ষা করণের ও চিকিৎসার বিধি করিতে পারিবেন, এবং যে সরজন কি অন্য ব্যক্তিদিগকে সময়ে২ নিযুক্ত করেন তাঁহারদিগকে এই ক্ষমতা দিতে পারিবেন, যে ঐ স্ত্রীকে আজ্ঞাপত্র দিয়া তাহার পরীক্ষা হইবার জন্যে যে সময়ে ও স্থানে উপস্থিত হইতে হইবে ইহা নিরূপণ করিয়া তদনুসারে তাহার দৈহিকাবস্থার পরীক্ষা লন ও আবশ্যকমতে তাহার চিকিৎসা করেন।

যদি তদ্রূপ কোন স্ত্রী ইচ্ছাপূর্ব্বক তদ্রূপ বিধি কি আজ্ঞা অমান্য করেন, কিম্বা তদনুসারে কর্ম্ম না করেন, তবে তাহার চতুর্দ্দশ দিনের অনধিক কারাদণ্ড কিম্বা পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

বেশ্যাবদের পৃথক স্থানে বাস করিবার বিধি।

[নিষিদ্ধ হইলে পর কোন রাস্তায় কি স্থানে বাস করিলে দণ্ডের কথা।]

১৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এই কার্য্যের নিমিত্তে সময়ে২ যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তিনি কোন সামান্য বেশ্যাকে এই মর্ম্মের নোটিস দিতে পারিবেন যে, ঐ নোটিসের লিখিত দিনের পর সাত দিনের অন্যূন কালাবধি ঐ স্ত্রী ঐ নোটিসের নির্দ্দিষ্ট অমুক পথে কি স্থানে বাস করিবে কিম্বা অমুক পথে কি স্থানে বাস করিবে না।

কোন সামান্য বেশ্যাকে সেই মর্ম্মের নোটিস দেওয়া গেলে যদি সে তল্লিখিত আজ্ঞা না মানে, তবে প্রথম বার ঐ অপরাধ করিলে তাহার এক মাসের অনধিক কারাদণ্ড, দ্বিতীয়বার ও তৎ[illegible]ার করিলে তাহার তিন মাসের অনধিক কা[illegible]বে ইতি।

Removal from Registry

[Removal of name from Registry]

18 It shall be lawful for the Local Government to lay down rules consistent with this Act, prescribing a procedure in accordance with which any women registered under this Act and ceasing to be a common prostitute may have her name cancelled in the book mentioned in section 5

Miscellaneous

[Presumption as to signatures]

19 In any proceeding under this Act, any notice, order, certificate, copy of regulations or other instrument purporting to be signed by any person in the service of Government or by any person whom the Local Government shall have, in exercise of the powers conferred on it by this Act appointed to sign such instrument, shall on production be received in evidence and shall be presumed to have been duly signed by the person and in the character by whom and in which it purports to be signed, until the contrary is shewn

[Service of notice]

20 Every notice and order required by this Act to be served on a woman shall be served by delivery thereof either to her personally or to some person for her at her usual place of abode

[Limitation of suits]

21 Any suit against any person for any thing done in pursuance of this Act shall be commenced within three months after the thing done, and not otherwise

Notice in writing of every such suit and of the cause thereof shall be given to the intended defendant one month at least before the commencement of the suit

The plaintiff shall not recover if tender of sufficient amends is made before suit or if a sufficient sum of money is paid into Court after suit brought by or on behalf of the defendant

---

STATEMENT OF OBJECTS AND REASONS

The object of this Bill is to diminish, and if possible to extirpate, venereal disease in Indian sea-ports

The proposed Act will be introduced by the Local Governments with the previous sanction of the Governor General in Council

The occupation of a common prostitute will be punishable unless followed by women registered under the Act The Local Government is empowered to establish the necessary registry offices, and to furnish registered women with evidence of their registration

[*Government Gazette,* 14*th April* 1868]

রেজিষ্টরহইতে উঠাইবার কথা।

[রেজিষ্টরহইতে নাম তুলিবার কথা।]

১৮ ধারা। কোন বারস্ত্রী যদি এই আইনমতে রেজিষ্টর হইলে পর সামান্য বেশ্যাবৃত্তি ত্যাগ করে তবে স্থানীয় গবর্ণমেণ্ট ৫ ধারার নির্দ্দিষ্ট বহীহইতে তাহার নাম উঠাইয়া ফেলিবার কার্য্য প্রণালির এই আইনসঙ্গত বিধি করিতে পারিবেন ইতি।

বিবিধ বিধি।

[স্বাক্ষর সংক্রান্ত অনুভূতির কথা।]

১৯ ধারা। এই আইনঅনুযায়ি কোন মোকদ্দমা প্রভৃতিতে কোন নোটিস কি আজ্ঞাপত্র কি সর্টিফিকট কিম্বা বিধির প্রতিলিপি কি অন্য দলীল গবর্ণমেণ্টের কোন কর্ম্মকারকের স্বাক্ষরযুক্ত, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি এই আইনক্রমে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে ঐ গবর্ণমেণ্ট যে ব্যক্তিকে কোন নোটিস প্রভৃতিতে স্বাক্ষর করিতে নিযুক্ত করেন তাঁহার স্বাক্ষরযুক্ত হইয়াছে, যদি এমত ভাব দর্শায়, তবে তাহা উপস্থিত করা গেলে প্রমাণে গ্রাহ্য হইবে। ও যত কাল বিপরীত প্রমাণ না হয়, তত কাল যে ব্যক্তির দ্বারা ও তদীয় যে পদোপলক্ষে ও যে অভিপ্রায়ার্থে স্বাক্ষরিত হইবার মর্ম্ম দেখায়, যথার্থ সেই ব্যক্তির দ্বারা সেই পদোপলক্ষে সেই অভিপ্রায়ে স্বাক্ষর করা গেল এমত জ্ঞান হইবে ইতি।

[নোটিস দিবার কথা।]

২০ ধারা। এই আইনদ্বারা বারস্ত্রীকে যে নোটিস ও আজ্ঞাপত্র দিবার প্রয়োজন হয় তাহা নিজ সেই স্ত্রীকে কিম্বা তাহার নিয়ত বাস স্থানে কোন ব্যক্তিকে দেওয়া গেলে জারী হইবে ইতি।

[মোকদ্দমা করিবার সময়ের কথা।]

২১ ধারা। কোন ব্যক্তির নামে কোন কার্য্য হেতুক এই আইনঅনুসারে মোকদ্দমা হইলে, ঐ কার্য্য করা যাইবার পর তিন মাসের মধ্যে মোকদ্দমা আরম্ভ করিতে হইবে। নতুবা নয়।

যাহাকে প্রতিবাদি করিবার মনস্থ থাকে, মোকদ্দমা আরম্ভ করিবার ন্যূনকল্পে এক মাস পূর্ব্বে ঐ মোকদ্দমার নোটিস ও তাহার হেতু লিখিয়া তাঁহাকে জানাইতে হইবে।

মোকদ্দমা করিবার পূর্ব্বে যদি ক্ষতিপূরণের যথাযোগ্য প্রস্তাব করা যায়, কিম্বা মোকদ্দমার আরম্ভ হইলে পর যদি প্রতিবাদী কিম্বা তাহার সপক্ষ কোন ব্যক্তি আদালতে যথোপযুক্ত টাকা দেয়, তবে বাদী মোকদ্দমায় বিজয়ক্রমে পাইবে না ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ভারতবর্ষের সমুদ্রতীরস্থ নগরীতে উপদংশ রোগ ন্যূন করা ও সাধ্যমতে উৎপাটন করা এই আইনের উদ্দেশ্য।

ভিন্ন২ স্থানের গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক ঐ প্রস্তাবিত আইন প্রচলিত করিতে পারিবেন।

কোন স্ত্রী এই আইনমতে রেজিষ্টর না হইয়া বেশ্যাবৃত্তি করিলে তাহার দণ্ড হইবে। স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি প্রয়োজনমতে রেজিষ্টরী আফীস স্থাপন করিবার ও যে স্ত্রীরা রেজিষ্টরী হয় তাহাদিগকে রেজিষ্টর হওনের নিদর্শন দিবার ক্ষমতা প্রদান করা গিয়াছে।

Power is also given to make rules as to the examination of registered women and as to reports by persons appointed to inspect them, and a penalty is provided for breach of such rules by a female inspector

Any keeper of a brothel allowing it to be frequented by unregistered prostitutes will also be punished

Any registered woman on receiving notice from the proper officer will be compellable to be take herself to a Hospital set apart for the reception of prostitutes The Local Government is empowered to make and enforce rules as to the discipline to be observed in such Hospitals, and as to the mode of cure to be followed by any registered woman not compelled to resort thither

Provision is also made for confining prostitutes to particular parts of the town in which they practise their calling, and the Local Government may prescribe formalities on compliance with which any woman ceasing to be a prostitute may have her name removed from the register

H S MAINE,

The 1st April 1868

WHITLEY STOKES,
Asstt Secy to the Government of India
Home Dept (Legislative)

আরো যে স্ত্রীদের রেজিষ্টর হয় তাহারদের দৈহিকাবস্থার পরীক্ষা করিবার ও যাহারা পরীক্ষা করিতে নিযুক্ত হয় তাহারদের রিপোর্ট করিবার বিধি করণের ক্ষমতাও প্রদান করা গিয়াছে। পরীক্ষিকা সেই বিধি ভঙ্গ করিলে তাহার দণ্ডের বিধান হইয়াছে।

যে স্ত্রীদের রেজিষ্টরী না হয় বেশ্যালয়রক্ষক এমন স্ত্রীকে আপন আলয়ে আসিতে দিলে তাহারও দণ্ডের বিধি হইয়াছে।

রেজিষ্টরী স্ত্রী উপযুক্ত কর্ম্মকারকের স্থানে নোটিস পাইলে, বেশ্যারদের জন্যে যে হাস্পাতাল নিরূপণ হইবে তাহার অবশ্য সেই হাস্পাতালে যাইতে হইবে। সেই হাস্পাতালের শাসন কার্য্যের যে বিধি মানিতে হইবে, এবং রেজিষ্টরী কোন স্ত্রীকে সেই হাস্পাতালে পাঠাইতে না হইলে তাহারদের চিকিৎসা পাইবার যে বিধি উপযুক্ত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট এমত বিধি করিয়া প্রবল করিতে পারিবেন।

বেশ্যারা নগরের বিশেষ যে পল্লিতে আপনাদের বৃত্তি চালাইবে তদ্ভিন্ন তাহারদের অন্য পল্লিতে বাস না করিবার বিধান হইয়াছে। এবং কোন স্ত্রী বেশ্যাবৃত্তি ত্যাগ করিলে স্থানীয় গবর্ণমেণ্ট রেজেষ্টর হইতে তাহার নাম উঠাইবার বিধি করিতে পারিবেন।

এচ এস মেন,

৮৬৮ সাল ১ আপ্রিল।

উইটলি ষ্টোক্স।
দেশীয় ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টান্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P

MARCH, 1866

No 1

The Government of India, in order No 359 dated 17th January 1868, from the Financial Department, have required that, from 1868 69, all realizations of fines and penalties imposed by Judicial Officers under the Excise and Stamp Laws shall be credited under 'Law and Justice'

2 District Officers will be guided accordingly in excluding such items from entry in their Quarterly Return No 14 of Excise Revenue, and from their Annual Return No 35 of Stamps

No 2

In lieu of the first four lines down to the words [illegible] inclusive, in Bengalee Form

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অডর।

১৮৬৮ সালের মার্চ মাসের সরক্যুলর।

১ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট ফিনানসিয়ল ডিপার্টমেণ্টে ৮৬৮ সালের জানুআরি মাসের ১৭ তারিখের ৩৫৯ নম্বরের যে আজ্ঞা করিলেন, তদনুসারে বিচারকর্ত্তৃপক্ষেরা ৮৬৮। ৬৯ সালের আরম্ভাবধি আবকারী ও ইষ্টাম্পের আইনঅনুসারে অর্থদণ্ডপ্রভৃতি দণ্ডের যে টাকা আদায় করেন তাহা হিসাব খাতায় "আদালত ও বিচারকার্য্য" এই দফায় জমা করিবেন।

২। অতএব জিলার কর্ত্তৃপক্ষেরা আবকারী রাজস্বের ১৪ নম্বরের ত্রৈমাসিক রিটর্ণে এবং ইষ্টাম্পের ৩৫ নম্বরের বার্ষিক রিটর্ণে সেই টাকার জমা খরচ ধরিবেন না।

২ নম্বর।

রেবিনিউ বোর্ডের বিধিপুস্তকের ১৩৭ পৃষ্ঠার নম্বরের যে বাঙ্গলা পাঠ মুদ্রিত হইয়াছে [illegible]

No 1, page 137 of the Revenue Rules, substitute the following —

“খাজাঞ্চি শ্রী” এই কথা পর্য্যন্ত ১, ২, ৩, ৪, পংক্তি ত্যাগ করিয়া নিম্নলিখিত কথা দিতে হইবে।

কালেক্টরির খাজাঞ্চীর মালজামিনীর ফারম।

মহামহিম শ্রীলশ্রীযুক্ত সেক্রেটরী অফ ষ্টেট ফর ইণ্ডিয়া।
সমীপেষু।

লিখিতং শ্রী সাং পং জেলা
কস্য মালজামিনী পত্রমিদং কার্য্যনঞ্চাগে আমি আপন স্বেচ্ছাপূর্ব্বক ডিবিজানের
রিবনিউ কমিস্যনারের অধিনে কালেক্টরির খাজাঞ্চী জেলার পরগনার
সাকিনের শ্রী

2 In lieu of the first five lines down to the words কর্ম্মে মোকরর inclusive, in Bengalee Form No 2, page 138 of the Revenue Rules, substitute the following —

২। রেবিনিউ বোর্ডের বিধিপুস্তকের ১৩৮ পৃষ্ঠার ২ নম্বরের যে বাঙ্গলা পাঠ মুদ্রিত হইয়াছে তন্মধ্যে “কর্ম্মে মোকরর” এই কথা পর্য্যন্ত ১, ২, ৩, ৪, ৫ পংক্তি ত্যাগ করিয়া নিম্নলিখিত কথা দিতে হইবে।

কালেক্টরির মোহাফেজ ও আসিষ্টাণ্ট মোহাফেজের হাজির জামিনীর ফারম।

মহামহিম শ্রীল শ্রীযুক্ত সেক্রেটরী অফ ষ্টেট ফর ইণ্ডিয়া
সমীপেষু।

লিখিতং শ্রী সাং প-
জেলা কস্য হাজির জামিনী পত্রমিদং কার্য্যনঞ্চাগে
V Every notice required by this Act or by the said Act XI of 1859 directed to be served shall be served by delivering to the person to whom it may be directed a copy thereof attested by the Collector or by delivering such copy at the usual place of abode of such person to some adult male member of his family or by posting such copy upon some conspicuous part of the usual or last known place of abode of such person, or by lodging such copy in the Post Office for transmission to such person in a registered cover directed to such person at his usual or last known place of abode And every notice so deposited in the Post Office shall be deemed to have been served upon the day on which it was so deposited

[Notice of intended sale to be given]

VI Every Collector shall within ten days after the notification mentioned in Section VI of Act XI of 1859 shall have been affixed in his Office cause to be served on the proprietor of every estate specified in such notification a notice in the form in Schedule A and shall also cause to be affixed in the Court of the Judge of the District within whose jurisdiction the estate mentioned in such notice or any portion thereof lies and in the Moonsiff's Court and Police Thannah within which such estate or any portion thereof lies and also at the Cutcherry of the Málgoozar or proprietor of such estate, or if there shall be no such Cutcherry then at some conspicuous place upon such estate a copy of the said notice

[Certificate to be conclusive evidence of regularity]

VII Every certificate of title which may be given to any purchaser under the provisions Section XXVIII of the said Act XI of 1859 shall be conclusive evidence that all notices in or by this

কমিসানর সাহেব এই আইন কিম্বা ৮৫৯ সালের উক্ত ১১ আইনমত কোন বিক্রয় কার্য্যে উৎপাত কি অন্যায়ের বিষয় অবগত হইলে সেই ধারামতে কোন আপীল উপস্থিত না করা গেলেও সেই শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। ও সেই কমিসানর সাহেব যে নীলাম সম্পর্কে চূড়ান্ত আজ্ঞা দেওয়া বিলম্ব করেন, যত কালের নিমিত্তে স্থগিত করিলেন সেই সময় গত না হইলে, সেই নীলাম চূড়ান্ত হইবে না ইতি।

[রাজস্ব সংক্রান্ত নীলাম করিবার সময় বৃদ্ধির কথা।]

৪ ধারা। এই আইন যে দিবসে প্রচলিত হইবে, সেই দিবসাবধি ৮৫৯ সালের উক্ত ১১ আইনের ৬ ধারাতে "পনের দিনের পরিবর্ত্তে ত্রিশ দিন পাঠ করিতে হইবে। ও সেই ধারার মধ্যে 'ত্রিশ" এই শব্দের পরিবর্ত্তে "পঁয়তাল্লিশ" শব্দ দিতে হইবে ইতি।

[নোটিস দিবার নিয়মের কথা।]

৫ ধারা। এই আইনেতে কিম্বা ৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে যে নোটিস দিবার আজ্ঞা হইল তাহা দিবার নিয়ম এই। যাহার নামে নোটিস দেওয়া গেল কালেক্টর সাহেবের স্বাক্ষরিত সেই নোটিসের এক খান নকল সেই ব্যক্তিকে দেওয়া যাইবে, কিম্বা তিনি রীতমতে যে স্থানে বাস করেন সেই স্থানে তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষকে দেওয়া যাইবে, কিম্বা তিনি নিয়ত যে স্থানে বাস করেন কিম্বা তাহার শেষ যে বাসস্থান জানা আছে সেই স্থানের কোন প্রকাশ স্থানে ঐ নকল লাগাইতে হইবে, কিম্বা পত্রের খামে দিয়া শিরনামায় তাঁহার নিয়ত কি শেষ জানা বাস স্থানের ঠিকানায় তাঁহার নাম লিখিয়া, রেজিস্টরী করিয়া ডাকযোগে তাঁহার নিকট পাঠাইতে হইবে। সেই প্রকারের নোটিস ডাক ঘরে দেওয়া গেলে যে দিনে তদ্রূপ অর্পণ করা যায় সেই দিনে তাঁহাকেই দেওয়া গেল জ্ঞান হইবে ইতি।

[বিক্রয়ের সম্বাদ দিবার কথা।]

৬ ধারা। কালেক্টর সাহেবের কাছারীতে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার উল্লিখিত জ্ঞাপনপত্র লটকান গেলে কালেক্টর সাহেব ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট প্রত্যেক মহালের স্বামিকে দশ দিনের মধ্যে A চিহ্নিত তফসীলের পাঠে নোটিস দেওয়াইবেন। এবং সেই নোটিসে যে মহালের উল্লেখ হইয়াছে তাহা কিম্বা তাহার কোন অংশ জিলার যে জজ সাহেবের বিচারাধিপত্যের মধ্যে থাকে তাঁহার আদালত ঘরে এবং ঐ মহাল কি তাহার কোন অংশ যে মুনসেফীর ও পোলীসের যে থানার মধ্যে থাকে সেই মুনসেফী আদালতে ও সেই থানায় এবং মালগুজারের কি ঐ মহালের স্বামির কাছারীতে কিম্বা তাঁহার কাছারী না থাকিলে ঐ মহালের কোন প্রকাশ স্থানে ঐ নোটিস লাগাইয়া দিবেন ইতি।

[কার্য্য নিয়মিতরূপে হওন বিষয়ে সর্টিফিকট সিদ্ধান্ত প্রমাণ হওয়ার কথা।]

৭ ধারা। কোন ক্রেতাকে ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ২৮ ধারার বিধানমতে আগম অর্থাৎ অধিকারের সর্টিফিকট দেওয়া গেলে এই আইনেতে কিম্বা ১৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে যে সকল

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২১ আপ্রিল।]

Act, or by the said Act XI of 1859, required to be served or posted, have been duly served and posted, and the title of any person who may have obtained any such certificate shall not be impeached or affected by reason of any omission, informality or irregularity in the proceedings under which the sale was had at which such person may have purchased

[Sales of Lakhiraj to be valid]

VIII All sales of lands of Lakhiraj tenure for payment of arrears of revenue or of demands which may heretofore have been made in conformity with the procedure established by Act XI of 1859, shall have such and the same force and effect as if they had been made in execution of a decree against the person liable to pay the revenue or demand for satisfaction of which such sale may have been made

[Power to register tenures]

IX It shall be lawful for the proprietors of tenures, and of farms held for terms of years to cause the same to be registered according to the provisions of Act XI of 1859, although the same may not be held immediately of the proprietors of estates

[Collectorate to include all estates borne on its Roll]

X Every estate shall, for the purposes of this Act and of Act XI of 1859 be deemed to be within the Collectorate of the Collector upon whose Revenue Roll the revenue thereof may be borne, although the whole or any portion of the lands comprised in such estate may be without the local limits of such Collectorate but all lands shall be deemed to be within the Collectorate within the local limits of which they may be situate although the estate of which they form a part may, under the provisions of this section, be deemed to be within the Collectorate of any other Collector

[Power to sell tenures]

XI Whenever any revenue payable to Government in respect of any tenure not being an estate shall be in arrear for days after the same shall have been due, the Collector to whom such revenue is payable, shall cause to be affixed such notices as are mentioned in Section V of Act XI of 1859, and shall thereupon cause such tenure to be sold in the manner, and subject to the provisions in and by the said Act XI of 1859, provided for the sale of estates for the recovery of arrears of revenue due on account of the same, and the Collector shall apply the purchase money arising from such sale according to the provisions of Section XXXI of the said Act XI of 1859, and

নোটিস দিবার কি লটকাইবার আজ্ঞা হইয়াছে তাহা দেওয়া গিয়াছে ও লটকান গিয়াছে, ঐ সর্টিফিকট ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে। এবং ঐ ব্যক্তি যে নীলামে ভূমি ক্রয় করিয়াছেন; সেই নীলামে কোন কার্য্যের ত্রুটি হইলে কিম্বা কোন কার্য্য ধারামতে ও নিয়মমতে করা না গেলেও সেই ত্রুটিপ্রভৃতির দ্বারা ঐ সর্টিফিকটপ্রাপ্ত কোন ব্যক্তির অধিকারের কোন দোষ কি বৈকৃতি হইবে না ইতি।

[লাখেরাজ ভূমির বিক্রয় সিদ্ধ হইবার কথা।]

৮ ধারা। বাকী রাজস্বের নিমিত্তে কি দাওয়ার নিমিত্তে ১৮৫৯ সালের ১১ আইনের নির্দ্ধারিত প্রণালীমতে ইতিপূর্ব্বে যে লাখেরাজ ভূমি বিক্রয় হইয়া থাকে যে রাজস্বের কি দাওয়ার পরিশোধার্থে ঐ নীলাম করা গেল, তাহার দায়ি ব্যক্তির নামে ডিক্রী জারী হইয়া সেই ভূমি বিক্রয়ের যে বল ও ফল হইত পূর্ব্বোক্ত লাখেরাজ ভূমি বিক্রয়ের সেই বল ও ফল হইবে ইতি।

[ভূমি রেজিষ্টর করিবার ক্ষমতার কথা।]

৯ ধারা। ভূসম্পর্কের অধিকারিরা ও কএক বৎসর মিয়াদের ইজারদারেরা যদিও নিজ ভূস্বামির স্থানে সেই ভূমি কি ইজারাপ্রাপ্ত না হন তথাপি ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে তাহা রেজিষ্টরী করাইতে পারিবেন ইতি।

[কালেক্টরী শব্দের মধ্যে তৌজির লিখিত সমস্ত মহাল ধরিবার কথা।]

০ ধারা। এই আইনের এবং ১৮৫৯ সালের ১১ আইনের কার্য্যার্থে যে মহালের রাজস্ব যে কালেক্টর সাহেবের তৌজীতে লেখা থাকে, সেই মহালের সমুদয় ভূমি কি তাঁহার একাংশ অন্য কালেক্টরীর স্থানসীমার মধ্যবর্ত্তী থাকিলেও পূর্ব্বোক্ত কালেক্টর সাহেবের কালেক্টরীর মধ্যে আছে জ্ঞান হইবে। কিন্তু ভূমি যে মহালের অন্তর্গত সেই মহাল এই ধারার বিধানমতে অন্য কালেক্টর সাহেবের কালেক্টরীর অন্তর্গত জ্ঞান হইলেও যে কালেক্টরীর স্থানসীমার মধ্যে ভূমি থাকে সেই কালেক্টরীর অন্তর্গত জ্ঞান হইবে ইতি।

[ভূসম্পর্ক বিক্রয় করিবার ক্ষমতার কথা।]

১১ ধারা। মহালভিন্ন কোন ভূমির নিমিত্ত গবর্ণমেণ্টের রাজস্ব পাওনা হইয়া কএক দিন পর্য্যন্ত বাকী থাকিলে, যে কালেক্টর সাহেবকে ঐ রাজস্ব দেওয়া গিয়া থাকে, তিনি ৮৫৯ সালের ১১ আইনের ৫ ধারার লিখিত নোটিস লটকাইয়া দিবেন, এবং ১৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে ও তৎক্রমে বাকী রাজস্বের নিমিত্ত মহাল বিক্রয় করিবার যে নিয়ম ও যে বিধান হইয়াছে সেই নিয়ম ও সেই বিধানমতে ঐ ভূসম্পর্ক বিক্রয় করাইবেন। এবং তাহা বিক্রয় করণদ্বারা যে টাকা উৎপন্ন হয় কালেক্টর সাহেব ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ৩১ ধারার বিধানানুসারে সেই টাকা লইয়া কার্য্য করিবেন। এবং সেই ভূমির বিক্রয় চূড়ান্ত ও সিদ্ধান্ত হইলে, ১৮৫৯ সালের উক্ত ৮ আইনের ২৮ ধারাতে মহালসংক্রান্ত যে বিধান আছে উক্ত কালেক্টর

every such Collector shall, upon every such sale of any tenure being final and conclusive make out such certificate of title thereof as is provided in Section XXVIII of the said Act VIII of 1859 with respect to estates

[Effect of sale of a tenure]

XII The purchaser of any tenure sold under the provisions of Section XI shall acquire it free from all encumbrances which may have been imposed upon it after its creation, or after the time of settlement, whichever may have last occurred and shall be entitled to avoid and annual all under tenures, and forthwith to eject all under tenants with the following exceptions —

First —Istemraree or mookurreree tenures which have been held at a fixed rent from the time of the permanent settlement

Secondly —Tenures existing at the time of settlement, which have not been held at a fixed rent Provided always that the rent of such tenure shall be liable to enhancement under any law for the time being in force for the enhancement of the rent of such tenures

Thirdly —Tenures or leases created since the term of settlement, and farms for terms of years so held when such tenures and farms have been duly registered under the provisions of this Act

Fourthly —Tenures of lands whereon dwelling houses, manufactories, or other prominent buildings have been erected or whereon gardens, plantations, tanks, canals places of worship or burning or burying grounds have been made or wells sunk

[Power of enchancement]

XIII Every purchaser of a tenure under Section XI of this Act shall be entitled to proceed in the manner prescribed by any law for the time being in force for the enhancement of the rent of any land coming within the 4th class of exceptions above made if he can prove the same to have been held at what was originally an unfair rent, and if the same shall not have been held at a fixed rent equal to the rent of good arable land, for a term exceeding twelve years, but not otherwise

[Saving right of ryot]

XIV —Provided always that nothing herein before contained shall be construed to entitle any such purchaser, under Section XI of this Act to eject any ryot having a right of occupancy at a fixed rent or at a rent assessable according to fixed rule under the laws in force, or to enhance the rent of any such ryot otherwise than in the manner prescribed by such laws or otherwise than as the former proprietor, irrespectively of all engagements made since the time of settlement may have been entitled to do

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২১ আপ্রিল।]

সাহেব সেই বিধানানুসারে ঐ ভূসম্পর্কের অধিকারের সার্টিফিকট লিখিবেন ইতি।

[ভূমি নীলাম হইবার ফলের কথা।]

১২ ধারা। ১১ ধারার বিধানমতে যে ভূমির নীলাম হয়, যিনি তাহা ক্রয় করেন, ভূসম্পর্ক সৃষ্ট হইবার পরে কিম্বা যদি বন্দোবস্তের কাল পশ্চাৎ হইয়া থাকে তবে তাহার পরে ঐ ভূসম্পর্কের প্রতি যে সকল দায় বর্ত্তান গিয়াছে ক্রেতা তদ্ব্যতীত সেই ভূমি প্রাপ্ত হইবেন এবং তিনি নিম্নলিখিত স্থলভিন্ন অধীন সকল ভূসম্পর্ক রহিত ও ব্যর্থ করিতে পারিবেন এবং সকল অধীন প্রজাকে তৎক্ষণাৎ উঠাইয়া দিতে পারিবেন।

প্রথম। চিরকালীন বন্দোবস্তের সময়াবধি যে ইস্তমরারী কি মোকররী ভূমি অবধারিত খাজানামতে ভোগ হইয়া আসিতেছে তাহা।—

দ্বিতীয়। বন্দোবস্তের কালে যে ভূসম্পর্ক ছিল কিন্তু অবধারিত খাজনামতে ভোগ হয় নাই তাহা। কিন্তু তদ্রূপ ভূমির কর বৃদ্ধির যে আইন যে সময়ে প্রচলিত হয় সেই আইনমতে ঐ ভূমির কর বৃদ্ধি হইতে পারিবে।

তৃতীয়। বন্দোবস্তের কালের পরে যে ভূসম্পর্ক কিম্বা পাট্টা করিয়া দেওবা গেল এবং কএক বৎসর মিয়াদের যে ইজারা তদ্রূপে ভোগ হয়, সেই ভূসম্পর্ক ও ইজারা এই আইনের বিধানমতে উপযুক্তরূপে রেজিষ্টর হইলে তাহা।

চতুর্থ। যে ভূমির উপর বসতবাটী কি কারখানা কিম্বা অন্য প্রকাশ আলয় নির্ম্মিত হইযাছে, কিম্বা যাহাতে বাগান কি বৃক্ষবাটিকা কি পুষ্করিণী কি খাল কি ভজনালয় কি শ্মশান কি কবরস্থান প্রস্তুত হইয়াছে কি কূপ খনন হইযাছে সেই ভূমির সম্পর্ক ইতি।

[বৃদ্ধি করিবার ক্ষমতার কথা।]

১৩ ধারা। কোন ব্যক্তি এই আইনের ১১ ধারামতে ভূমি ক্রয় করিলে পূর্ব্ববর্জ্জিত ভূমির চতুর্থ শ্রেণীর ভূমি প্রথমাবধি অনুপযুক্ত খাজানামতে ভোগ হইয়া আসিতেছে যদি ইহার প্রমাণ করিতে পারেন, এবং উত্তম চষ্য ভূমির যে কর হইযা থাকে, যদি সেই ভূমি তত্তুল্য নির্দ্ধারিত করে দ্বাদশ বৎসরের অধিক কাল ভোগ না হয, তবে ভূমির কর বৃদ্ধির যে আইন যে সময়ে প্রচলিত থাকে, তিনি সেই আইনের নির্দ্দিষ্টমতে কার্য্য করিতে পারিবেন। কিন্তু অন্য স্থলে পারিবেন না ইতি।

[প্রজার স্বত্ব রক্ষার কথা।]

১৪ ধারা। কিন্তু যে প্রজা অবধারিত কর দিয়া কিম্বা প্রচলিত আইনের নির্দ্দিষ্ট বিধিক্রমে যে কর ধার্য্য হয তাহা দিয়া অধিকারিত্ব স্বত্বপ্রাপ্ত হন, পূর্ব্বোক্ত ক্রেতা এই আইনের ১ ধারানুসারে তাঁহাকে বহিষ্কৃত করিতে পারিবেন না। এবং পূর্ব্বোক্ত সকল আইনে যদ্রূপ নির্দ্দিষ্ট হইয়াছে তদন্যথায়, এবং বন্দোবস্তের কালের পরে যে সকল করার হইয়া থাকে তাহা না ধরিয়া ভূতপূর্ব্ব ভূম্যধিকারির ক্রেতা যদ্রূপ করবৃদ্ধি করিতে পারিতেন তদন্যথায় বৃদ্ধি করিতে সক্ষম হন, এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না ইতি।

[Certificate to be made of unliquidated arrears.]

XV Whenever an estate or tenure shall have been sold for the recovery of the arrears of revenue due on account of the same in pursuance of the powers and provisions of Act XI of 1859 or of this Act, and the produce of such sale, after defraying thereout the expenses of such sale, shall have been insufficient for the liquidation of all arrears of the revenue of such estate or tenure which, according to the said provisions, may be payable thereout, the Collector shall make under his hand a certificate of the amount of such arrears so remaining unliquidated in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office

[Certificate to be made of arrears payable by a farmer]

XVI Whenever any estate may be held by any farmer, and arrears of revenue shall be unpaid from such farmer, in respect of such estate for one month after the same shall have become due the Collector shall make under his hand a certificate of the amount of such arrears so remaining unpaid in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office

[Certificate to be made of arrears of demand]

XVII Whenever any arrears of any demand shall be unpaid by any person liable to pay such demand for one month after he shall have been required to pay the same by a notice in writing under the hand of the Collector by whom such demand is receivable, such Collector shall make under his hand a certificate of the amount of such arrears so remaining unpaid in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office

[Effect of Certificate]

XVIII Every such certificate made in pursuance of the last preceding Section shall have the force and effect of a decree of a Civil Court and the Collector by whom such certificate shall have been filed, shall be deemed to be the plaintiff, and the person named as debtor therein shall be deemed to be the defendant

[Notice of Certificate to be served]

XIX The Collector shall forthwith, upon filing any such certificate, issue to the defendant a notice in the form in Schedule C From and after the service of such notice, the certificate shall bind all the property of such defendant as if a prohibitory order had issued and an attachment been executed against such property under Act VIII of 1859

[Power of objection to Certificate]

XX. Any person who may be aggrieved by any such certificate may, within one month

[যে বাকী টাকার শোধ হয় নাই তাহার সর্টিফিকুট লিখিবার কথা।]

১৫ ধারা। বাকী রাজস্ব আদায় করিবার জন্যে যদি কোন জমীদারী কি ভূসম্পর্ক ১৮৫৯ সালের ১১ আইনের কিম্বা এই আইনের ক্ষমতা ও বিধানানুসারে বিক্রয় করা যায়, এবং সেই বিক্রয়োৎপন্ন টাকাহইতে ঐ বিক্রয়ের খরচ দিলে পর উক্ত বিধানানুসারে অবশিষ্ট টাকাহইতে ঐ মহালের কি ভূমির যে বাকী রাজস্ব পরিশোধ হইতে পারে যদি ঐ টাকা সেই বাকী পরিশোধ করিতে না কুলায়, তবে যে বাকীর শোধ না হইয়া থাকে, কালেক্টর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে ঐ বাকীর সর্টিফিকুট লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি।

[ইজারদারের বাকীর সর্টিফিকট লিখিবার কথা।]

১৬ ধারা। যদি মহাল ইজরদারের ভোগ দখলে থাকে এবং ঐ মহালের উপলক্ষে যে রাজস্ব বাকী হয় তাহা দেনা হইলে পর যদি এক মাসের অধিক কাল ইজারদার হইতে না দেওয়া যায়, তবে যত টাকা তদ্রূপে বাকী থাকে কালেক্টর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে তাহার সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিবেন ও আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি।

[দাওয়ার বাকীর সর্টিফিকট করিবার কথা।]

৭ ধারা। যাহার স্থানে কোন দাওয়ার টাকা পাওনা হয়, তাঁহার সেই টাকা যে কালেক্টর সাহেবকে দেওয়া গিয়া থাকে তিনি নোটিস লিখিয়া স্বহস্তে স্বাক্ষর করিয়া তাঁহাকে ঐ টাকা দিবার আদেশ করিলে পর যদি এক মাস গত হইলেও সেই দাওয়ার শোধ না হয় তবে বাকী যত টাকা তদ্রূপে পাওনা থাকে কালেক্টর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে সেই বাকীর সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিবেন ও আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি।

[সর্টিফিকটের যে ফল তাহার কথা।]

৮ ধারা। দেওয়ানী আদালতের ডিক্রীর যে ফল ও বল হয় ইহার পূর্ব্ব ধারামত সর্টিফিকটের তত্তুল্য ফল ও বল হইবে। যে কালেক্টর সাহেব ঐ সর্টিফিকট অর্পণ করাইলেন তিনি বাদী, ও সেই সর্টিফিকটে খাতক বলিয়া যাহার নাম থাকে তিনি প্রতিবাদী জ্ঞান হইবেন ইতি।

[সর্টিফিকটের নোটিস দিবার কথা]।

৯ ধারা। কালেক্টর সাহেব তদ্রূপ কোন সর্টিফিকট অর্পণ করাইলে প্রতিবাদির নামে C চিহ্নিত তফসীলের পাঠে অগৌণে নোটিস দিবেন। ১৮৫৯ সালের ৮ আইনক্রমে প্রতিবাদির নামে সম্পত্তি স্থানান্তর করিবার নিষেধসূচক আজ্ঞা বাহির হইয়া ক্রোকের পরওয়ানা জারী হইবার যে ফল হইত ঐ প্রতিবাদিকে ঐ নোটিস দিবার দিবসাবধি ঐ সর্টিফিকটের বলে তাঁহার সকল সম্পত্তি তদ্রূপে বদ্ধ হইবে ইতি।

[সর্টিফিকটে আপত্তি করিবার কথা।]

২০ ধারা। তদ্রূপ সর্টিফিকট দ্বারা কোন ব্যক্তি উৎপাতগ্রস্ত হইলে, যে কালেক্টর সাহেব কর্তৃক ঐ সর্টিফি

from the day on which the last mentioned notice shall have been served apply by petition in the form in Schedule D to the Collector by whom such certificate may have been issued, that the same may be set aside or modified or varied Such Collector, after receiving such application shall fix a day for the hearing of such application and shall upon the day appointed for hearing such application, or any other day to which such hearing may be adjourned, proceed to hear and determine the application of such applicant, and may set aside or modify or vary such certificate and every such Collector shall, for hearing and determining any such application have all the powers in and by Act VIII of 1859 conferred upon the Court for the hearing and determination of claims to attached property and in case such Collector shall direct the payment of any costs by such applicant, the amount of such costs shall, if the applicant be the defendant be added to the amount expressed in such certificate, and be recoverable as if the same had been originally contained therein

[Appeal on such application]

XXI Every order made by any Collector upon any such application shall be appealable to the Commissioner provided alway that no appeal against any such order shall be brought after the expiration of one month from the date of the passing of such order

[Power to enforce certificate]

XXII Every certificate made in pursuance of Section XVII may be enforced by all or any of the ways and means mentioned and provided in and by Act VIII of 1859 for the enforcement of decrees for money and all the practice and procedure by the said Act VIII of 1859 and by Act XXIII of 1861 or by either of them in respect of sales in execution of decrees in respect of arrest in execution of decrees for money in respect of the execution of decrees by imprisonment and in respect of the execution of decrees out of the jurisdiction of the Courts by which they were passed shall apply to every execution issued for levying the monies expressed in such certificate save that all the duties powers, and authorities by the said Act or either of them imposed or conferred upon the Court shall be exercised by the Collector in whose Office any such certificate or any copy thereof transmitted for execution according to the provisions of Section CCLXXXVI of Act VIII of 1869 shall have been filed

[Tenures sold to be registered]

XXIII Whenever any Collector shall have sold* any tenure or firm in pursuance of any of

কট বাহির করা যায় সেই ব্যক্তি তাঁহার নিকট শেষোক্ত নোটিস জারী হইবার দিনাবধি এক মাসের মধ্যে D চিহ্নিত তফসীলের পাঠে দরখাস্ত করিয়া ঐ সর্টিফিকট অন্যথা কি মতান্তর কি পরিবর্ত্তন করিবার প্রার্থনা করিতে পারিবেন। কালেক্টর সাহেব সেই দরখাস্ত পাইয়া শুনিবার দিন নিরূপণ করিবেন, ও সেই দিনে, কিম্বা সেই দিন কর্ম্ম স্থগিত করিয়া ঐ দরখাস্ত শুনিবার অন্য যে দিন নিরূপণ করেন সেই দিনে ঐ প্রার্থকের প্রার্থনা শুনিয়া নির্ণয় করিবেন এবং সেই সর্টিফিকট ব্যর্থ কি মতান্তর কি পরিবর্ত্তন করিতে পারিবেন। ক্রোক করা সম্পত্তির উপর দাওয়া হইলে, আদালতের প্রতি ৮৫৯ সালের ৮ আইনক্রমে সেই দাওয়া শুনিবার ও নির্ণয় করিবার যে সকল ক্ষমতা প্রদান হইয়াছে, পূর্ব্বোক্ত কালেক্টর সাহেবের উক্ত প্রার্থনা শুনিয়া নির্ণয় করিবার সেই ক্ষমতা থাকিবে। যদি ঐ কালেক্টর সাহেব উক্ত প্রার্থকের খরচা দিবার আজ্ঞা করেন, তবে প্রতিবাদী ঐ প্রার্থক হইলে ঐ সর্টিফিকটে যে টাকা লেখা হইয়াছে তাহাতে খরচা সংযোগ করা যাইবে ও প্রথমে সেই সর্টিফিকটে লিখিত হওয়ার ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

[ঐ দরখাস্তের উপর আপীলের কথা।]

২১ ধারা। কালেক্টর সাহেব তদ্রূপ দরখাস্তের বিষয়ে যে আজ্ঞা করেন তাহার উপর কমিস্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কিন্তু ঐ আজ্ঞা করিবার দিনের পর এক মাস গত হইলে তাহার উপর আপীল হইতে পারিবে না ইতি।

[সর্টিফিকট প্রবল করিবার ক্ষমতার কথা।]

২২ ধারা। টাকা পাইবার ডিক্রী হইলে পর ১৮৫৯ সালের ৮ আইনক্রমে তাহা প্রবল করিবার যে পন্থা ও উপায় ব্যক্ত ও নিদ্ধারিত হইয়াছে ১৭ ধারাক্রমে যে সর্টিফিকট হয় তাহাও সেই সমস্ত কি অন্যতর উপায় দ্বারা প্রবল করা যাইতে পারিবে। এবং ১৮৫৯ সালের উক্ত ৮ আইন দ্বারা এবং ১৮৬১ সালের ২৩ আইন দ্বারা কিম্বা তন্মধ্য একতর আইনদ্বারা ডিক্রী জারীক্রমে বিক্রয় করিবার ও টাকার নিমিত্ত যে ডিক্রী হয় সেই ডিক্রী জারীকারণ ব্যক্তিকে আসেধ করিবার এবং কারাগারনিবদ্ধার [illegible] জারী করিবার, এবং ডিক্রী যে আদালতে হইয়াছে তাহার ক্ষমতার বহির্ভূত স্থানে ডিক্রী জারী করিবার যে ব্যবহার ও যে কার্য্য প্রণালী হইয়াছে ঐ সর্টিফিকটে লিখিত টাকা আদায় করণার্থ ডিক্রীর প্রতি সেই ব্যবহার ও সেই কার্য্যপ্রণালী বর্ত্তিবে। কিন্তু উক্ত সমুদয় কি একতর আইনদ্বারা আদালতের প্রতি যে সকল কর্ম্ম ও শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে উক্ত সর্টিফিকট কিম্বা ১৮৫৯ সালের ৮ আইনের ২৮৬ ধারার বিধানমতে জারী করণার্থে তাহার যে প্রতিলিপি পাঠান যায় সেই প্রতিলিপি যে কালেক্টর সাহেবের কাছারীতে অর্পণ করা যায়, তিনি সেই সকল কর্ত্তব্য কর্ম্ম ও সেই শক্তি ও ক্ষমতাক্রমে কার্য্য করিবেন ইতি।

[যে ভূমি বিক্রয় করা যায় তাহা রেজিষ্টর করিবার কথা।]

২৩ ধারা। কোন কালেক্টর সাহেব এই আইনের কোন বিধানানুক্রমে ভূমি কি ইজারা বিক্রয় করিলে

[গবর্ণমেণ্ট গেজেট। ৮ ৮।২ আপ্রিল।]

the provisions of this Act, he shall forthwith proceed to register the same in pursuance of the provisions of the said Act XI of 1859

[Repeal of clauses]

XXIV From and after the passing of this Act, the Acts and Regulations and portions of Acts and Regulations in Schedule E set forth shall stand and be repealed, so far as they are in such Schedule mentioned to be repealed

Construction of Act]

XXV This Act shall be read with, and taken as part of Act XI of 1859

SCHEDULE A

NOTICE

To

of

Take notice that the estate in the Schedule hereto mentioned will, on the day of , or the first opportunity after be sold for arrears of Revenue

Name of Estate	Name of Proprietor	Amount of Revenue due	Place of sale

A B,
Collector

তিনি ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের বিধানানুসারে তাহা অগৌণে রেজিষ্টর করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

[কএক ধারা রহিত করিবার কথা।]

২৪ ধারা। E চিহ্নিত তফসীলে যে আইন লিখিত হইয়াছে ও যে আইনের যে অংশ তাহাতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি সেই তফসীলের নির্দ্দিষ্টমতে রহিত হইবে ইতি।

[এই আইনের অর্থের কথা।]

২৫ ধারা। এই আইন ৮৫৯ সালের ১১ আইনের সঙ্গে পঠিত হইয়া তাহার অংশ জ্ঞান হইবে ইতি।

A চিহ্নিত তফসীল।

নোটিস।

অমুক স্থানবাসি শ্রী অমুক প্রতি আগে।

বাকী রাজস্বের নিমিত্তে এই তফসীলের লিখিত মহাল অমুক সালের অমুক মাসের অমুক দিবসে কিম্বা তৎ পরে প্রথম সুযোগ হইলে বিক্রয় করা যাইবে এই কথা অবগত হও।

মহালের নাম।	ভূম্যধিকারির নাম।	যত টাকা রাজস্ব বাকী।	নীলাম হইবার স্থান।

শ্রী অমুক।
কালেক্টর।

SCHEDULE B

Certificate of arrear of Revenue or Demand filed in Office of Collector

Name of Debtor	Address	Nature of Demand	Amount of demand	No of Certificate
C D				

I certify that the above mentioned sum of Rupees is due to Government from the above named C D

Dated this day of 18

A B,
Collector of

B চিহ্নিত তফসীল।

বাকী রাজস্বের কি দাওয়ার যে সর্টিফিকট কালেক্টরী কাছারীতে অর্পণ হইয়াছে তাহা।

খাতকের নাম।	বাসস্থানাদি।	দাওয়ার ভাব।	যত টাকার দাওয়া।	সর্টিফিকটের নম্বর।

উক্ত শ্রী অমুকের স্থানে গবর্ণমেন্টের উক্ত এত টাকা পাওনা আছে ইহা নিশ্চিত জানাইলাম।

অমুক
জিলার কালেক্টর

সাল তাং

SCHEDULE C

To
C D of

Sir

Take notice that a Certificate of No for the sum of Rs due from you on account of , has been this day filed by me in my office and that I shall forthwith proceed to levy the amount according to law

A B
Collector of

This day of 186

C চিহ্নিত তফসীল।

অমুক স্থানবাসি শ্রী অমুক প্রতিআগে।

অমুক কারণে আপনকার স্থানে এত টাকা পাওনা হইলে আমি অদ্য অমুক নম্বরের অমুক সর্টিফিকুট আমার কাছারীতে অর্পণ করিয়াছি এবং আইনমতে অগৌণে সেই টাকা আদায় করিতে প্রবত্ত হইব, অপনার জানিবার নিমিত্তে লিখিয়া দিলাম।

শ্রী অমুক
জিলার কালেক্টর

সাল তা

SCHEDULE D

To
The Collector of
The Petition of E F of

Sheweth,

That a Certificate under Act of 1868 of the Bengal Council, No , for the sum of Rupees , has been filed in your office on the day of 186

That your Petitioner is aggrieved by the said Certificate

That your Petitioner believes that such Certificate is erroneous upon the grounds following, that is to say —

That the said grounds are to the best of your Petitioner's belief, true in fact

Your Petitioner therefore prays that the said Certificate may be set aside, or modified or varied

D চিহ্নিত তফসীল।

অমুক জিলার কালেক্টর সাহেবের নিকটে অমুক স্থানবাসি শ্রী অমুকের প্রার্থনা পত্রমিদং।

বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৮ সালের অমুক আইনঅনুসারে এত টাকার জন্যে অমুক নম্বরের সর্টিফিকুট অমুক সালের অমুক মাসের অমুক তারিখে আপনকার কাছারীতে অর্পণ করা গিয়াছে।

উক্ত সর্টিফিকটদ্বারা আমার বড় আক্ষেপ হইযাছে।

নিম্নলিখিত কতিপয় হেতুতে আমি সেই সর্টিফিকুট অশুদ্ধ জ্ঞান করি বিশেষত

আমার বিশ্বাসানুসারে উক্ত সকল হেতু বৃত্তান্তপক্ষে সত্য

অতএব সেই সর্টিফিকুট ব্যর্থ কি মতান্তর কি পরিবর্ত্তন করা যায় আমার এই নিবেদন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ২১ আপ্রিল।]

SCHEDULE E

Date and Number of Act and Regulations	Name of Repealed Act	Extent of Repeal
Regulation XIX of 1793	A Regulation for the recovery of arrears of the Public Revenue assessed upon the lands from Zemindars and dependant Talookdars, and other actual proprietors of land, and farms of land holding farms immediately of Government	Section XLIV
Regulation III of 1794	A Regulation for exempting proprietors of land (with certain exceptions) from being confined for arrears of revenue and for prescribing the process by which Tehsildars are to demand payment of arrears and for enabling the Collectors to recover from Native Officers employed under them public money or papers which they may embezzle or retain and for expediting the trial of causes relating to the Public Revenue, or the rents of individuals	Section XIV
Regulation VII of 1799	A Regulation for enabling proprietors and farmers of land to realize their rents with greater punctuality for providing against unnecessary delay in the payment of the Public Revenue assessed upon the lands, and for securing the ultimate recovery of arrears of revenue by a sale of the landed property from which it may be due at the close of the year	Section XXIII Clauses 2 and 8, and so much of Clause 5 as directs the mode of recovering any deficiency, and Section XXV

E চিহ্নিত তফসীল।

আইনের তারিখ ও নম্বর।	রহিত হওয়া আইনের নাম।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৭৯৩ সা ৯ আ	জমীদারদিগের ও মফস্বলী তালুকদারদিগের ভূমির উপর এবং অন্য ভূম্যধিকারিদের ভূমির উপর ও যে ইজারদারেরা নিজ গবর্ণমেন্টের নিকটে ইজারা পাইয়া ভোগ করিতেছেন তাহারদের ইজারার উপর যে সরকারী রাজস্ব ধার্য্য হইয়াছে তাঁহাদের স্থানে সেই রাজস্বের বাকী আদায় করিবার বিধান করণার্থ আইনের	৪৪ ধারা।
১৭৯৪ সা ৩ আ	কোন২ বিশেষ ভূম্যধিকারি ছাড়া অন্য ভূম্যধিকারিদিগকে মালগুজারির বাকীর কারণ কয়েদ না করণের ও সেই বাকী যে প্রকারে কালেক্টর সাহেবেরা ও তহসীলদারেরা তলব করিবেন তাহার বিবরণের এবং কালেক্টর সাহেবদিগের তরফ এদেশীয় আমলারা সরকারের মালগুজারীর টাকা যাহা তসরূপ করে ও যে২ কাগজপত্র তাহাদিগের স্থানে রহে তাহা বুঝিয়া লওনের নিমিত্তে কালেক্টর সাহেবদিগেরে শক্তি অর্পণের এবং সরকারী মালগুজারীর এবং মালগুজারদিগের মালের মোতালক আপোসা আপত্তির নিষ্পত্তি শীঘ্র হওনের বিষয়ি আইনের	১৪ ধারা।
৭৯৯ সা ৭ অ	সদরের মালগুজার ভূম্যধিকারিগণ ও ইজারদারদিগকে স্বস্ব ব্যাপ্য প্রজাদির স্থানে রাজস্ব গ্রহণার্থে পূর্ব্বপেক্ষা অধিক ক্ষমতা অর্পণের এবং তাহাদিগের অধিকার ভূমির মোকররী মালগুজারী দিতে অবিশিষ্ট হেতুতে বিলম্ব না দর্শিতে পারিবার আর যে অধিকারের মালগুজারীর যত বাকী পড়ে তাহা সাল আখেরীতে সে অধিকার নীলামের মুখে অনায়াসে উসুল হইবার আইনের	২৩ ধারার ২ ও ৮ প্রকরণ এবং ৫ প্রকরণের যে অংশে বাকীর অবশিষ্ট টাকা আদায় করিবার আজ্ঞা আছে সেই অংশ ও ২৫ ধারা।

[*Government Gazette*, 21st *April* 1868]

STATEMENT OF OBJECTS AND REASONS

The proposed Bill is in substitution for the one introduced by Mr Schalch, and which, on the report of the Select Committee to whom it was referred has been withdrawn The alterations in and additions to that Bill which were proposed in Committee were so numerous and extensive that it was thought better to bring forward an entirely new measure

It will be in the recollection of the Council that Mr Schalch's Bill was limited to a definition of the term "tenure" and to providing a procedure for the sale of tenures for recovery of demands recoverable as arrears of revenue But on consideration of Act XI of 1859 it appeared that that Act stood in need of amendment It is only by inference arising on the construction of the 5th and 53rd Sections of that Act that its provisions apply to the recovery of demands other than revenue in the ordinary sense, or to the sale of estates for arrears other than those accruing upon itself

Moreover, owing to the absence of definations, doubts have arisen as to the legality of sales, under the Act, of shares of estates and of Lakhiraj tenures

In the present Bill it is proposed to define for the purposes as well of Act XI of 1859 as of the present measure the terms 'proprietor 'revenue,' estate, 'tenure' and demand' The Bill repeals the 53rd Section of Act XI of 1859 and makes substantive provision for the sale of estates and tenures for arrears of revenue and other demands other than those accruing in respect thereof

It is also proposed to place arrears of rent due to Government on the same footing as arrears of revenue in the sense in which that term is ordinarily used The distinction between what the Government receives from the zemindar and what it receives as zemindar, does not appear to rest on any sound principle both alike form part of the public revenue of the estate

The Bill also makes further provision for the service of notice of sale on the proprietor who has made default and empower the Collector subject to an appeal to the Commissioner to adjudicate on claims to any lands which it is proposed to sell

The procedure proposed is that of Act VIII of 1859 for the execution of decrees substituting for the decree a certificate by the Collector (the form being modified according to the nature of the case) and vesting in the Collector the powers with

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

শক সাহেব যে আইনের প্রস্তাব করিয়াছিলেন, মনোনীত কমিটীর প্রতি সেই আইনের পাণ্ডুলিপি অর্পিত হইলে তাহা রহিত করা গিয়াছিল। ফলত কমিটীতে বিবেচনা হইবার সময়ে তাহার বহু কথা পরিবর্ত্তন ও অনেক নূতন কথা দেওনের প্রস্তাব হও যাতে নূতন পাণ্ডুলিপি করা শ্রেয় বোধ হইল, অতএব তৎপরিবর্ত্তে এই পাণ্ডুলিপির প্রস্তাব হইতেছে।

শক সাহেবের পাণ্ডুলিপিতে টেন্যুর শব্দের অর্থ নির্ণয় করা এবং যে২ দাওয়ার টাকা রাজস্বের বাকীর ন্যায় আদায় করা যাইতে পারে তদাদায়ের জন্যে ভূমি বিক্রয় করিবার কার্য্য প্রণালীর বিধান করা হইয়াছিল তদ্ভিন্ন অন্য কার্য্যের প্রসঙ্গ হয় নাই। কিন্তু ১৮৫৯ সালের ১১ আইন বিবেচনা করিয়া বোধ হইল যে সেই আইন সংশোধন করা আবশ্যক। রাজস্ব শব্দের যে সাধারণ অর্থ বোধ হয় তদনুসারে ঐ রাজস্বভিন্ন অন্য দাওয়ার টাকা আদায় করণ অথবা মহালের যে টাকা বাকী পড়ে তদ্ভিন্ন অন্য বাকীর নিমিত্তে সেই মহাল বিক্রয় করণ কার্য্যের প্রতি উক্ত আইনের বিধান যে বর্ত্তে ইহা কেবল অনুভবমতে অর্থাৎ ঐ আইনের ৫ ও ৫৩ ধারার বিশেষ অর্থ করণ দ্বারা জানা যাইতে পারে।

আরো মহালের অংশ এবং লাখেরাজী ভূমি ঐ আইন অনুসারে ন্যায্যমতে বিক্রয় হইতে পারে কি না অর্থ নির্ণায়ক কথা না থাকাপ্রযুক্ত এই বিষয়েরও সন্দেহ হইয়াছে।

১৮৫৯ সালের ১১ আইন এবং এই আইন, উভয়ের উপলক্ষে এই পাণ্ডুলিপিতে, 'অধিকারী" "রাজস্ব" "মহাল' "ভূসম্পর্ক' ও "দাওয়া" এই২ শব্দের অর্থ করিবার প্রস্তাব হইয়াছে। এই পাণ্ডুলিপিতে ১৮৫৯ সালের ১ আইনের ৫৩ ধারা রহিত করিবার প্রসঙ্গ এবং বাকী রাজস্বের নিমিত্তে ও মহালের ও ভূমির সম্পর্কে যে দাওয়া তদ্ভিন্ন অন্য যে দাওয়ার উদ্ভব হয় তদুপলক্ষে মহাল ও ভূমি বিক্রয় করিবার স্থিরতর বিধান করা গেল।

আরো বাকী রাজস্ব এই শব্দের সাধারণ যে অর্থ বোধ হয়, তদনুসারে গবর্ণমেণ্টের পাওনা কর সেই বাকী রাজস্বের তুল্যাবস্থ করিবার প্রস্তাব হইয়াছে। গবর্ণমেণ্ট জমীদারের স্থানে ও জমীদারস্বরূপ যে২ টাকা পান, ইহার যে প্রভেদ আছে তাহার মূল বিধান নির্দ্দোষ বোধ হয় না। উভয় প্রকারের টাকা মহালের রাজপ্রাপ্যের একাংশ।

যে ভূম্যধিকারী বাকী পাড়েন, এই পাণ্ডুলিপিক্রমে তাঁহাকে নীলামের সম্বাদ দিবার বিধান করা গিয়াছে। এবং কোন ভূমি বিক্রয় করিবার প্রস্তাব হইলে পর যদি তাহার উপর দাওয়া হইয়া থাকে, তবে কালেক্টর সাহেবের প্রতি তাহার নিষ্পত্তি করিবার ক্ষমতা দেওয়া গিয়াছে। ও সেই নিষ্পত্তির উপর কমিসানর সাহেবের নিকটে আপীল হইতে পারে।

৮৫৯ সালের ৮ আইনেতে ডিক্রী জারী করিবার যে প্রণালী আছে তদনুসারে কার্য্য করিবার প্রস্তাব হইল কেবল বিশেষ এই ডিক্রীর স্থলে কালেক্টর সাহেবের সর্টিফিকট থাকিবে। বিশেষ ভাবানুসারে তাহা লিখিবার পাঠ মতান্তর করা যাইবে। এবং দেওয়ানী

regard to execution, which under the Civil Procedure Code may be exercised by the Courts

The Bill also gives a specific enumeration and description of demands, arrears of which are now by law recoverable as arrears of revenue, in addition of those specified in Section V of Act XI of 1859

T H Cowie

The 28th March 1868

J Pitt Kennedy,
Asst Secy to the Govt of Bengal
(Legislative Department)

মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে ডিক্রী জারী করণসম্পর্কে আদালতের যে ক্ষমতা আছে কালেক্টর সাহেবের প্রতি সেই ক্ষমতা প্রদান হইয়াছে।

৮৫৯ সালের ১ আইনের ৫ ধারাতে বাকী রাজস্বের ন্যায় আদেয় যে২ দাওয়ার উল্লেখ হইল তদতিরিক্ত অন্য যে সকল দাওয়া এইক্ষণে আইনমতে আদায় হইতে পারে এই পাণ্ডুলিপিতে তাহার নির্দ্দেশ ও বর্ণনা হইয়াছে।

টি এচ কোই।

১৮৬৮ সাল ২৮ মাচ।

জে পিট কেনিডী।
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

The following Bill was read in the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 4th April 1868 and was referred to a Select Committee who are to report thereon after the 8th of May 1868 —

A Bill to amend the provisions of Act IX of 1847 *(An Act regarding the assessment of lands gained from the sea or from rivers by alluvion or dereliction within the Provinces of Bengal, Behar and Orissa)*

[Preamble]

Whereas it is expedient to amend the provisions of Act IX of 1847, It is enacted and declared as follows —

[Repeal of Section]

I Section VII of the said Act IX of 1847 is hereby repealed

[Accessions to island to be considered increment thereto]

II It is hereby declared that when any island shall, under the provisions of Clause 3, Section IV of Regulation XI of 1825 of the Bengal Code be at the disposal of Government all lands gained by gradual accession to such island, whether from recess of the river or of the sea shall be considered an increment to such island, and shall be equally at the disposal of Government

[Newly thrown up islands to be assessed]

III Whenever it shall appear to the local Revenue authorities that an island has been thrown up in a large and navigable river liable to be taken possession of by Government under Clause 3, Section IV of Regulation XI of 1825 of the Bengal Code the local Revenue authorities shall take immediate possession of the same for Government, and shall assess and settle the land according to the rules in force in that behalf, reporting their proceedings forthwith for the approval of the Sudder Board of Revenue,

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের আপ্রিল মাসের ৪ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভার পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পণ করা গেল, ৮৬৮ সালের ৮ মে তারিখের পর তাঁহাদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

১৮৪৭ সালের ৯ আইনের (বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা দেশের মধ্যে সমুদ্র অথবা নদী সিকস্ত অথবা পৈবস্তের দ্বারা প্রাপ্ত ভূমির রাজস্ব নির্দ্ধার্য্য করণের বিষয়ি আইনের) বিধান সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

১৮৪৭ সালের ৯ আইনের বিধান সংশোধন করা বিহিত। এই হেতুক নিম্নলিখিত বিধান ও আজ্ঞা করা যাইতেছে।

[ধারা রহিত করিবার কথা।]

১ ধারা। ১৮৪৭ সালের উক্ত ৯ আইনের ৭ ধারা এতৎক্রমে রহিত করা গেল ইতি।

[চড়ার নিকট যে পলি পড়ে তদ্দ্বারা সেই চড়ার বৃদ্ধি জ্ঞান করিবার কথা।]

২ ধারা। ৮২৫ সালের বঙ্গদেশীয় ১১ আইনের ৪ ধারার ৩ প্রকরণের বিধানমতে যখন কোন চড়া গবর্ণমেণ্টের প্রয়োগাধিকারে আগত হয় তখন সেই ভূমির ক্রমশঃ বৃদ্ধি নদীর কিম্বা সমুদ্রজলের অপক্রমণ দ্বারাই হউক তাহা ঐ চড়ার বৃদ্ধি অংশ জ্ঞান হইবে, ও গবর্ণমেণ্টের স্বেচ্ছামতে প্রয়োগ হইতে পারিবে ইতি।

[নূতন দ্বীপ হইলে তাহার কর ধার্য্য করিবার কথা।]

৩ ধারা। নৌকাগমনীয় কোন বড় নদীতে দ্বীপ হইয়াছে ও ১৮২৫ সালের বঙ্গদেশীয় ১১ আইনের ৪ ধারার ৩ প্রকরণমতে তাহা গবর্ণমেণ্টের অধিকার করা উচিত কোন স্থানের রাজস্বসংক্রান্ত কর্ত্তৃপক্ষ সাহেবেরা ইহা দৃষ্টি করিলে, ঐ কর্ত্তৃপক্ষেরা গবর্ণমেণ্টের পক্ষে তাহা অগৌণে অধিকার করিবেন। ও তদ্বিষয়ের যে বিধি প্রচলিত আছে তদনুসারে ঐ ভূমির রাজস্ব ধার্য্য করিতে ও তাহার বন্দোবস্ত করিতে প্রবর্ত্ত হইয়া সদর বোর্ড রেবিনিউর অনুমোদনার্থে অগৌণে আপনারদের কার্য্যের বৃত্তান্ত জ্ঞাত করিবেন। সেই বন্দোবস্ত বিষয়ে উক্ত

whose order thereupon, in regard to the assessment, shall be final Provided, however that any party aggrieved by the act of the Revenue authorities in taking possession of any island as aforesaid shall be at liberty to contest the same by a regular suit in the Civil Court

STATEMENT OF OBJECTS AND REASONS.

By the enactment of Section VII of Act IX of 1847 it was laid down that the power of Government to take possession of islands and churs thrown up in a large and navigable river, liable to be taken possession of by Government under Clause 3, Section IV, Regulation XI of 1825 of the Bengal Code and to proceed to the assessment and settlement of the same, should be regulated by the results of the inspection of a new map, to be prepared as directed under Section III of that Act

Under this provision of the law, ten years must elapse after the Government approval of the Revenue Survey of a District before the Government can take any action to assert its right to the possession or assessment of any island or chur as above described

In the meantime it has been found that parties who have no rights at all, take possession of such islands without the power of any interference on the part of Government and that on some occasions contentions and disputes have arisen between neighbouring landed proprietors or other parties for the possession of such islands

To obviate these evils and to empower Government at once, on the appearance of such an island to take immediate possession of the same with a view to its assessment and settlement the accompanying Bill has been brought in

A R THOMPSON

The 28th March 1868

J PITT KENNEDY

Assistant Secretary to the Government of Bengal (Legislative Department)

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

(CIVIL SIDE)

No 4

To all Civil and Sessions Judges and Judicial Commissioners (Dated Calcutta, the 2nd April 1868)

Several of the Zillah Judges appear to have entirely closed their Courts on the Criminal as well as on the Civil side for the period of the

বোর্ডের যে আজ্ঞা তাহা চূড়ান্ত হইবে। পরন্তু রাজস্ব-সংক্রান্ত কর্ত্তৃপক্ষদের পূর্ব্বোক্ত কোন ভূমির অধিকার করণদ্বারা যদি কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হন তবে দেওয়ানী আদালতে নিয়মমত মোকদ্দমা করিয়া তিনি ঐ বিষয়ের বিবাদ উপস্থিত করিতে পারিবেন ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

৮৪৭ সালের ৯ আইনের ৭ ধারার এই বিধান, ঐ আইনের ৩ ধারামতে নূতন নকুসা প্রস্তুত করিতে হইবে। তাহা দেখিয়া যদি বোধ হয় যে, কোন বৃহৎ এবং নৌকা গমনাগমনের যোগ্য নদনদীর মধ্যে কোন চর কি দ্বীপ ১৮২৫ সালের ১১ আইনের ৪ ধারার ৩ প্রকরণানুসারে সরকারের দখল করণের উপযুক্ত, তবে তাহার রাজস্ব ধার্য্য ও বন্দোবস্ত করণ কার্য্যে প্রবর্ত্ত হইবেন।

আইনের সেই বিধানমতে, কোন জিলার রাজস্ব-সংক্রান্ত জরীপী কার্য্য গবর্ণমেণ্টকর্ত্তৃক অনুমোদিত হইলে পর দশ বৎসর গত না হইলে, গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত কোন দ্বীপ কি চর অধিকার করিবার কি তাহার কর ধার্য্য করিবার স্বত্ব প্রকাশার্থে কোন কার্য্য করিতে অক্ষম আছেন।

কিন্তু স্থানে২ দৃষ্ট হইল যে যাঁহারদের স্বত্ব মাত্র নাই তাঁহারা ইতিমধ্যে উক্ত দ্বীপাধিকার করিয়া লইয়াছেন অথচ গবর্ণমেণ্টের পক্ষে তাহারও হস্তক্ষেপ করিবার ক্ষমতা নাই। স্থলবিশেষে ঐ দ্বীপের অধিকার বিষয়ে ভূম্যধিকারি প্রভৃতি ব্যক্তিদের মধ্যে বিতণ্ডা ও বিবাদ উপস্থিত হইয়াছে।

সেই অমঙ্গল নিবারণ করা এবং তদ্রূপ কোন চড়া দৃষ্ট হইলেই তাহার কর ধার্য্য ও বন্দোবস্ত করণার্থে গবর্ণমেণ্টের প্রতি তাহার অবিলম্বে অধিকার করিবার ক্ষমতা প্রদান করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

এ আর তামসন।

৮৬৮ সাল ২৮ মার্চ।

জে পিট কেনিডী,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

৪ নম্বর।

সকল সিবিল ও সেশন জজ ও জুডিস্যল কমিস্যনর সাহেব সমীপেষু।

কলিকাতা ১৮৬৮ সাল ২ আপ্রিল।

অনেক জিলার জজ সাহেব দুর্গোৎসবের বন্ধকালে দেওয়ানী কর্ম্মোপলক্ষে যেমন আদালত বন্দ করিয়াছিলেন তেমনি ফৌজদারী কর্ম্মোপলক্ষেও সম্পূর্ণরূপে

Dasserah Vacation, and to have abstained during the whole of that period from attending to business, receiving or opening communications from the Superior Court, despatching returns which were due or doing any act whatever of an official kind

Such a practice is justified by nothing in the law or in the orders of this Court, it causes great inconvenience The Zillah Judges are, therefore, reminded that, under the Circular Order (Nizamut Adawlut) No 8, dated 23rd March 1838, issued under the orders of Government, which has never been rescinded the Court of Session "must never be closed for the despatch of Criminal business except on those days only when a total cessation from all business is necessary and usual" and moreover, that even on the Civil side of their Courts it does not follow that because there is no sitting of the Court, therefore every official duty is to be suspended

By Order, &c
(Signed) C D FIELD,
Registrar

ORDERS BY THE LIEUTENANT GOVERNOR OF BENGAL

No 1557

APPOINTMENTS

The 8th April 1868

Baboo Gooroo Churn Das Deputy Magistrate and Deputy Collector of Junghypore in Moorshedabad, is appointed to the charge of the Sub Division of Jamoorkandi

Baboo Hurri Churn Ghose, Deputy Magistrate and Deputy Collector of Bowsee, is transferred to Moorshedabad and vested with the powers of a Magistrate in that District

Moulavy Ali Hossein, Deputy Magistrate and Deputy Collector, is appointed to the charge of the Sub Division of Bowsee and vested with the powers of a Magistrate in Bhaugulpore

Moulavy Abdool Jubber, Deputy Magistrate and Deputy Collector, in temporary charge of the Sub Division of Serajgunge is appointed to have charge of the Sub Division of Jumooie and is vested with the powers of a Magistrate in Monghyr

Dr R G Mathew to officiate as Civil Assistant Surgeon of Backergunge, during the absence, on leave, of Dr C E W Bensley, or until further orders

[*Government Gazette*, 21*st April* 1868]

বন্ধ করিয়া সেই কালের মধ্যে কার্য্যে বিরত থাকিলেন এবং উপরিস্থ আদালতের পত্রাদি গ্রহণ করিলেন না কিম্বা করিলেও খুলিয়া পড়িলেন না ও সেই সময়ে যে রিটর্ণ পাওনা ছিল তাহাও পাঠাইলেন না ফলতঃ স্বপদসংক্রান্ত কিছুই করিলেন না।

আইনের কোন কথায় কিম্বা এই আদালতের কোন আজ্ঞাক্রমে তদ্রূপ কার্য্যের নির্দ্দোষিতা হইতে পারে না। অত্যন্ত ক্লেশও হয়। গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে ১৮৩৮ সালের মার্চ মাসের ২৩ তারিখে নিজামত আদালতের ৮ নম্বরের যে সরক্যুলর অর্ডর প্রচারিত হইয়াছিল তাহা কখন রহিত হয় নাই, সেই সরক্যুলর অর্ডরমতে যেং দিনে সমস্ত কর্ম্ম হইতে সম্পূর্ণরূপে বিরত থাকা আবশ্যক ও নিয়মিত হয় তদ্ভিন্ন ফৌজদারী কর্ম্ম সম্পর্কে সেশন আদালত কখন বন্ধ থাকিবে না। আরো দেওয়ানী কর্ম্মোপলক্ষে ঐং আদালতের নিয়মিতরূপে অধিবেশন না হইলেও রাজসংক্রান্ত প্রত্যেক কর্ম্ম স্থগিত থাকিবে এমত জ্ঞান করা উচিত নহে। হাই কোর্টের সাহেবেরা জিলার জজ সাহেবদিগকে এই কথা স্মরণ করাইতেছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
সি ডি ফীল্ড।
রেজিষ্ট্রার।
JOHN ROBINSON, *Bengalee Translator*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৫৫৭ নম্বর।

নিয়োগ।

৮৬৮ সাল ৮ আপ্রিল।

মুরশিদাবাদের অন্তর্গত জঙ্গিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গুরুচরণ দাসের প্রতি জেমোকাঁদি শাখাখণ্ডের কর্ম্মের ভারার্পণ হইয়াছে।

বৌসির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ মুরশিদাবাদে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলা মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আলী হুসেনের প্রতি বৌসি শাখাখণ্ডের কর্ম্মের ভারার্পণ হইয়াছে ও ভাগলপুরে মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রদান হইয়াছে।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল জব্বর কিয়ৎকালের নিমিত্ত সেরাজগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়া এক্ষণে জমুই শাখাখণ্ডের কর্ম্মে নিযুক্ত হইয়া মুঙ্গেরে মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

ডাক্তর শ্রীযুত সি ই ডব্লিউ বেনসলি সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থান কালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডাক্তর শ্রীযুত আর জি মাথিউ সাহেব বাখরগঞ্জের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

Major J M Graham to be a Municipal Commissioner for the Suburbs of Calcutta

Mr P A Humphrey to officiate as Magistrate and Collector of Shahabad during the absence on leave of Mr H W Alexander, or until further orders

The 9th April 1868

Dr W Durrant to be Medical Officer of Noakhally

The Hon ble the Chief Justice has been pleased to appoint Mr P D Dickens to be Registrar of Parsee Marriages under Act XV of 1865, within the local limits of the ordinary original Civil Jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal

Mr L D Abreu, Deputy Magistrate and Deputy Collector of Shahabad is transferred to Chumparun and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District Mr D Abreu is further empowered under Section 38 of the Code of Criminal Procedure to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions and to exercise all the powers necessary for that purpose

Mr J J Livesay to be an Assistant to the Magistrate and Collector of Dacca and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector in that District

Mr P G Scott Assistant Superintendent of Police, Chittagong Hill Tracts is transferred to Sarun

Mr B Rattray Assistant Superintendent of Police Noakhally, is transferred to the Chittagong Hill Tracts

Baboo Juggodishnath Roy to be District Superintendent of Police of Noakhally

Baboo Ishree Persad Assistant Superintendent of Police, Bhaugulpore is transferred to Noakhally

The 13th April 1868

Mr R Parry is appointed to the Fourth Class of the Bengal Educational Service with effect from the 6th ultimo

Moulavy Mahomed Deputy Magistrate and Deputy Collector of Chumparun is transferred to Sarun, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District

Moulavy Wilhut Hossein, Deputy Magistrate and Deputy Collector of Sarun, is transferred to Chumparun, and vested with the powers of a Magistrate in the latter District

The powers of a Magistrate with which Lieutenant T B Michell, Assistant Commissioner,

মেজর শ্রীযুত জে এম গ্রেহাম সাহেব কলিকাতার শাখানগরের এক জন মুনিসিপল কমিস্যনর হইবেন।

শ্রীযুত এচ ডবলিউ আলেকজাণ্ডার সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থান কালে কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত পি এ হমফ্রি সাহেব শাহাবাদের ম্যাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ৯ আপ্রিল।

ডাক্তর শ্রীযুত ডবলিউ ডরাণ্ট সাহেব নওয়াখালীর চিকিৎসক হইবেন।

মান্যবর শ্রীযুত চীফ জষ্টিস সাহেব ১৮৬৫ সালের ১৫ আইনানুসারে বঙ্গ দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতার সীমার মধ্যে শ্রীযুত পি ডি ডিকিন্স সাহেবকে পারসিদের বিবাহের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিয়াছেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল ডাব্রু সাহেব চম্পারণে প্রেরিত হইয়া ঐ জিলার মধ্যে অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন, আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে তিনি শেসন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইবার এবং উক্ত সেশন আদালতের সম্মুখে বিচারিত হওনার্থে [illegible]কদিগকে সমর্পণ করিবার কিম্বা তাহাদের স্থানে দর্শন প্রতিভূ লইবার ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কার্য্য করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জে জে লাইবসে সাহেব ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

চট্টগ্রামের পর্ব্বতময় দেশের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত পি জি স্কট সাহেব সারণে নিযুক্ত হইয়াছেন।

নওয়াখালির পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বি রাট্রে সাহেব চট্টগ্রামের পার্ব্বত্য প্রদেশে প্রেরিত হইয়াছেন।

শ্রীযুত বাবু জগদীশনাথ রায় নওয়াখালির পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ভাগলপুরের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ঈশ্বরীপ্রসাদ বাবু নওয়াখালিতে নিযুক্ত হইয়াছেন।

৮৬৮ সাল ১৩ আপ্রিল।

শ্রীযুত আর পারি সাহেব গত মাসের ৬ তারিখ অবধি বঙ্গদেশীয় বিদ্যাধ্যাপন কার্য্যসম্পর্কে চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন।

চাম্পারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ সারণে নিযুক্ত হইয়া সেই জিলার মধ্যে অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী বিলায়ত হুসেন চাম্পারণে নিযুক্ত হইয়া সেই জিলার মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

নওগাঁয়ের আসিষ্টাণ্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত টি বি মিচেল সাহেবের প্রতি ১৮৬৭ সালের

Nowgong, was temporarily vested in orders of the 6th March 1867, are withdrawn He will exercise the powers of a Subordinate Magistrate of the First Class, until further orders

The 14th April 1868

Mr A H Turnbull to officiate as Sub Deputy Opium Agent of Benares, during the absence, on leave, of Mr T Wilson, or until further orders

লার অন্তর্গত লক্ষ্মণপুরে এইক্ষণে যে পুরাতন পথ আছে তৎসহ আর্য্যাশগঞ্জের রেলওয়ে পোষক পথের দ্বিতীয় অংশে সংযোগ করণার্থে এক এড়োপথ খুলিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত লক্ষ্মণপুর গ্রামে ৮০০ ফুট দীর্ঘ ও ২৩ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এচ লেনার্ড, সি ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৮ সাল ১৭ আপ্রিল।

শ্রীযুত মৌলবী আহম্মদ আলী ত্রিপুরা জিলার পাঁচপুকুরিয়ার মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২০ আপ্রিল।

সাতকন্যার একটিং মুনসেফ শ্রীযুত মৌলবী আমীনুদ্দীন মহম্মদ চট্টগ্রাম জিলার সন্দ্বীপের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

ত্রিপুরা জিলার পাঁচপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু কালীদাস দত্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর নিয়মের ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের প্রতি অর্পণ করিবেন।

মেদনীপুর জিলার নেমালের মুনসেফ শ্রীযুত বাবু রামযাদ লাল অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর নিয়মের ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের প্রতি অর্পণ করিবেন।

৮ ৮ সাল ২৩ আপ্রিল।

ময়মনসিংহ জিলার বাজিতপুরের মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র দাস গত ফেব্রুয়ারি মাসের ১৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর নিয়মের ১১ ধারামতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ঢাকা জিলার নারায়ণগঞ্জের একটিং মুনসেফ শ্রীযুত বাবু রাজকৃষ্ণ সেন ফিনান্সিয়েল ডিপার্টমেণ্টের ১৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের নির্দ্ধারণমতে বিনা বেতনে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ২৪ আপ্রিল।

নং ১৫৪৫C।

আফিমের ইস্তাহার।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে আগামী সন ১৮৬৮ সাল তারিখ ৭ই বৃহস্পতিবার পূর্ব্বাহ্ণ দিবা এগার ঘণ্টার সময়ে যো কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৬। ৬৭ সালের উৎপন্ন আফিমের পঞ্চম নীলাম হইবেক, ঐ নীলামে ৪০০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহার এজেন্সীর উৎপন্ন আফিম	২৩০০
বানারস এজেন্সীর উৎপন্ন আফিম	১৭০০
জুমলা সিন্দুক	৪০০০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইস্তাহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সমস্ত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৮ সালের ১লা অকুটোবর তারিখের লিখিত ইস্তাহার দৃষ্টিগোচর অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৮ সালের ১২ই এবং ২২শে মে এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল, অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ, কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৮ সালের ১২ই মে মঙ্গলবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পর আর লওয়া যাইবেক না, এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পূরা টাকার দরুণ বাঙ্গাল বেঙ্কের রসিদ সন ১৮৬৮ সালের ২২শে মে শুক্রবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪। দফ উপরোক্ত এই নীলামের ইস্তাহারের লিখিত পরিমাণ আফিমভিন্ন বর্ত্তমান বর্ষের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হাযে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক, আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৮	সাল তারিখ	১০ই জুন বুধবার	অথবা কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৯ই জুলাই বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪ ০০০
ঐ	ঐ	১০ই আগষ্ট সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	১০ই সেপ্টেম্বর বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৯ই অকুটোবর শুক্রবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৯ই নবেম্বর সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৭ই ডিসেম্বর সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
				একুন	১৬,১০০	১১,৯০০	২৮,০০০

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
কোর্ট উলিয়ম সন ১৮৬৮ সাল তারিখ ৩১ মার্চ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৮ আপ্রিল।]

বিক্রী নেমকের আন্দাজবাদি হিসাব সন ১৮৬৮ সাল ৩১ মার্চ।

১ ডিপো	২ পাঙ্গা	৩ করকচ	৪ দর ফি ১০০ মোন
হিজলী	মোন	মোন	টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর	৪,৮৩৩/	০	৩৮৫৲
ঐ ঐ কৃষ্ণনগর	৭০,০৬৭/	০	
ঐ ঐ রামনগর	১, ৮,২২৫/	০	
ঐ ঐ কালীনগর	৯,৫৮১/	০	
ঐ ঐ পুরীঘাট্টা	১৬,২০৭/	০	
একুন।	২,১৮,৯১৩/	০	
শালিখা।			
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	০	৬,৮৫০/	৩৬৫৲
ঐ ঐ সিন্ধু	০	৭,৩১২/	৩৭৫৲
একুন।	০	১৪,১৬২/	
পুরী।			
পাঙ্গা নেমক	১,৩৮,৮৫২/	০	৩৮৫৲
করকচ নেমক	০	৩,৭৮,৬৫৮/	৩৪০৲
একুন।	১,৩৮,৮৫২/	৩,৭৮,৬৫৮/	
মোট একুন	৩,৫৭,৭৬৫/	৩,৯২,৮২০/	

মন্তব্য।—শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দপ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহারদিগকে ৪ ঘরের লিখিত ১ ডিসেম্বর তারিখের ইস্তেহার দেওয়া কম নিরিখ দরে ১ ঘরের লিখিত সরকারী গোলা হইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

আর এম মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৬৮ সাল ২০ আপ্রিল।

[*Government Gazette, 28th April* 1868]

LAND ADVERTISEMENTS ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

TO BE SOLD

To the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Monday, the 18th May 1868 at the hour of 12 o'clock, noon, the rights and interests of the Defendant, Rajah Bidyadhor Sendh Nurrinder Bahadoor of Killah Coojung, in the said Killah of Coojung, in satisfaction of certain Decrees held by Goluck Chunder Bose Chowdry Rughoonauth Doss, and others and execution of which has been taken out against him The Killah in question is a fixed Tributary Estate the permanent jumma of which is Rupees 7 008 9 7 per annum

Twenty five per cent on the bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale

W WRIGHT
P S Ameen.

P S AMEEN'S COURT,
CUTTACK
The 2nd April 1868

জিলা ময়মনসিংহ।

ইস্তাহারনামা কাচারি কালেক্টরী জিলা ময়মনসিংহ।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা মজকুরের নিম্নের লিখা মহালের ১৮৬৮ সনের ২৮ মার্চের সরকারি প্রাপ্যবাকি মালগুজারি আদায় নিমিত্তে ৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারানুসারে ১৮৬৮ সনের ৫ মেই মোতাবেক ২৭৫ সনের ২৪ বৈশাখ মঙ্গলবার অত্র জিলার কালেক্টরীর কাচারিতে বিনাওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি ৮ ৮ সন ৭ আপ্রিল।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৬৩২২ পরগনে কাটাবমল্ল চর সাতিমান মোতালক চর কুরথী গঙ্গানারায়ণ ঘোষ গয়রহ নীলাম খরীদা মালিক সদর জমা ৫৫০। / আনা।

J C PRICE,
Deputy Collector

জিলা দিনাজপুর।

এস্তাহারনামা কাচারি কালেক্টরী জেলা দিনাজপুর।

৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৮। ২৮ মার্চ তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৮ সনের ৬ মেই মোং ১২৭৫ সালের ২৫ বৈশাখ বুধবার এই জেলার কালেক্টরী কাচারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হবেক।

প্রথম শ্রেণীর ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মাহাল।

২৫৪ নম্বর। মৌজে শিবকৃষ্ণপুর ওগয়রহ পরগনে ফুলবাড়ি লিখিত মালিক বিলাশমণি চৌধুরাণী ও কৃষ্ণদুলাল চৌধুরী ও কৃষ্ণলাল চৌধুরী ও ভাগিরথী চৌধুরাণী সাকিন বানা সদর জমা ৩৫৭৪ ৵৯।

২৫৫ নম্বর। মৌজে কমলপুখরী ওগয়রহ পরগনে শন্তোষ লিখিত মালিক কৃষ্ণলাল চৌধুরী ও কৃষ্ণদুলাল চৌধুরী ও ভাগিরথী চৌধুরাণী ও বিলাশমণি চৌধুরাণী সালিয়ানা সদর জমা ৭৭৫৫।।৬।

কৈফিয়ত ।।১৮৫৯। ০ আইনের মহারাণী শ্যামমোহিনীর ডিক্রীর দেনা ১১১০৬।০ আনা আদায় জন্য ক্রেণ জেষ্টবি মালীক ভাগিরথী চৌধুরাণীর সত্বের মধ্যে দেনদার ভুবনমোহন চৌধুরীর যে সত্ব থাকে তাহা এই দেনা পরিশোধ কারণ নীলামে ধরা গেল।

তথা তথা

৪৩২ নম্বর। মৌজে চন্দপুর ওগয়রহ পরগনে ঘোড়াঘাট লিখিত মালিক রাং চন্দ্র দাস সালিয়ানা সদর জমা ৬৮৫।।৵৩

সরকারি রাজস্ব বাকী ২২৫ টাকা আদায় জন্য নীলামে ধরা গেল।

৮৬৮। ১১ আপ্রিল।

W R. LARMINIE,
Offg Collector

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৮ আপ্রিল।]

জেলা বাকরগঞ্জ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালে ১১ আইনের ৬ ধারানুসারে অত্র জেলার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৬৮ সালের ২৮ মার্চের প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য পাওনা চলিত আইন এবং আকুটানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ১৮৬৮ সালের ৮ মেই বাং ১২৭৫ সালের ২৭ বৈশাখ রোজ শুক্রবার তারিখে অত্র জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে। সন ১৮৬৮ তাং ৮ আপ্রিল বাং ১২৭৪ তাং ২৭ চৈত্র।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী রাজস্ব	মন্তব্য।
১	ইস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।	৪৭৭১	পরগণে চন্দ্রদ্বীপগরি আবাদ নীলগ	ভাগ্যবন্ত পোদ্দার বিশ্বহরি পোদ্দার পীতাম্বর সাহা	ইং ১২৬০ নাং ১২৬৪ প্রতি সন ৪৩৬।৵৯ ইং ১২৬৫ নাং ১২৬৯ প্রতি সন ৫০৯৵৬ ইং সন ১২৭৫ নাং ১২৭৭ প্রতি সন ৫৮১৸৵৩ ইং সন ১২৭৮ নাং ১৩৬১ কি সন ১৮৫৯।৵৬	মাপারেদ কিস্তি মাঘ ২৯৯।৶৩	চতুর্থ ঘরের লিখিত মহালে পঞ্চম ঘরের লিখিত ব্যক্তিগণের যে স্বত্ব সম্পর্ক তাহা নীলাম হইবেক।
২	ঐ	৪৮৬৫	পরগণে চন্দ্রদ্বীপ বাদ আবুগঞ্জ f গঞ্জ।	জগবন্ধু বসু গোবিন্দ চন্দ্র পোদ্দার।	সন ১২৭১। ১২৭২ প্রতি সন রাজস্ব ৮৭৸৵৯ রাস্তা খরচ ৸৵৩ ইং সন ১২৭৩ নাং ১২৮৫ প্রতি সন রাজস্ব ১০০।৵৬ রাস্তা খরচ ৲ সন ১২৮৬। রাজস্ব ১৯৩০॥৵০ রাস্তা খরচ ১৯৶০ সন ১২৮৭। রাজস্ব ২৮৪৫॥৵৩ রাস্তা খরচ ২৮।৶৩ ইং সন ১২৮৮ নাং ১৩০০ সন প্রতি সন রাজস্ব ৩৭১০॥৶৬ রাস্তা খরচ ৩৭॥৵৯	ঐ ১৲	ঐ

H C Sutherland,
Offg Collector

জিলা ২৪ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরী জেলা ২৪ পরগনা এই যে

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ২৪ পরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবত ইংরাজি সন ১৮৬৮ সালের ১১ মে মোতাবেক বাঙ্গলা সন ১২৭৫ সাল ৩০ বৈশাখ রোজ সোমবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৬৮ সাল তারিখ ১৬ আপ্রিল মোতাবেক সন ১২৭৫ সাল তারিখ ৫ বৈশাখ।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৯৮৯ নং চক পরাণপুর সমেত হালদারখাশি ওরফে কাটামারি লিখিত মালিক শ্রীমতী মহান্নমত শুওাল মগেুজেম মহল হজরত বেগম সাহেবা সদর জমা কোম্পানি মায় রাস্তা মেরামতি ৯২৬৷৵০

দ্বিতীয় শ্রেণী গএর বন্দবস্ত হওযা মহাল।

১৩১৮ নং ৬৩ ন লাট আবাদ দেউলি লিখিত মালিক জান বেলিস সাহেব সদর জমা কোম্পানি মায় রাস্তা মেরামতি ১২৮৩॥৶০

২২০৮নং ১৬৫নং লাটের মধ্যগত খাস রোমজাননগর লিখিত মালিক তারাশঙ্কর রায় চৌধুরী ওগয়রহ সদর জমা মায় রাস্তামেরামতি ১৫০৬॥৴০

A Smith,
Collector

জেলা পাবনা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা পাবনা।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমত এই জেলার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল বাকি রাজস্ব আদায নিমিত্ত বোর্ডের নিদ্ধারিত (১৮৬৮ সালের ২৮ জুন রবিবার জন্য) ২৯ জুন মোং ১২৭৫ সালের ৭ আষাঢ় সোমবার টাকা দাখিলের শেষ দিবস অবধার্য্যে লাটবন্দী করা গেল এবং ঐ দিবস সূর্য্যাস্তের পুর্ব্বে বাকির টাক৷ দাখিল না হইলে কথিত মহাল, তৎপর দিবস অর্থাৎ ১৮৬৮ সালের ৩০ জুন মোং ১২৭৫ সালের ১৮ আষাঢ় মঙ্গলবার অত্রকালেক্টরি কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি ১৮৬৮ সাং তাং ২ আপ্রিল।

তৌজীর নম্বর।	মহালের নাম।	মালিকের নাম।	সদর জমা	মন্তব্য।
৮৫৩	পং কুড়রিয়া	খবিদাম্ ত্র ফখরুদ্দীনমহম্মদ আহছান চৌধুরী।	৬১৪৬৷/১	মালিক অন্য মহালের দরুন বাকি আদায় না করা হেতু এই মহাল নীলামে ধরা যাইবেক।

W V G Tayler,
Collector

জিলা পাবনা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা পাবনা।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১ আইনের বিধানমত এই জেলার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল, ৮৪৮ সালের ২ আইনের মর্ম্মানুযায়ি গত ৮ মার্চ হইতে ২৭ মার্চ পর্য্যন্তকার দৈনিক দণ্ডের টাকা আদায় নিমিত্ত বোর্ডের নিদ্ধারিত আগামী (১৮ ৮। ২৮ জুন রবিবার জন্য) ২৯ জুন মোং ১২৭৫ সালের ৭ আষাঢ় সোমবার টাকা দাখিলের শেষ দিবস অবধার্য্যে লাটবন্দি করা গেল এবং ঐ দিবস সূর্য্যাস্তের পূর্ব্বে ঐ দণ্ডের টাকা দাখিল না হইলে উক্ত মহাল, তৎপরদিবস অর্থাৎ ১৮৬৮ সালের ৩০ জুন মোং ২৭৫। ১৮ আষাঢ় মঙ্গলবার অত্র কালেক্টরী কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি ১৮৬৮ সাল তারিখ ৩১ শ মার্চ।

তৌজির নম্বর।	মহালের নাম।	মালিকের নাম।	সদর জমা।	মন্তব্য।
০৫	পং বিরাহিমপুর	শারদাপ্রসাদ গঙ্গোপাধ্যায ও নীলকমল মুখোপাধ্যায প্রভৃতি	১৮৭৩০৭	মালিক মুখো দেবেন্দ্রনাথ ঠাকুর ও নীলকমল মুখোপাধ্যায় উভয়ের নিকট প্রাপ্য দণ্ডের টাকার নিমিত্ত এই মহাল লাটবন্দী করা গেল।

W. V G Tayler,
Collector

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ২৮ আপ্রিল।]

জিলা নদীয়া।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা নদীয়ার নীচের লিখিত মহাল সন ১৮৬৮ সালের ২৮ মার্চ পর্য্যন্ত বাকী মালগুজারীর নিমিত্ত্ব এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যং যে দাওয়া বাকী মালগুজারীর ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্ত এবং চলিত আইনমতে সন ১৮৬৮ সালের ৮ মেই মোতাবেক সন ১২৭৫ সালের ২৭ বৈশাখ শুক্রবার দিবসে এই জেলার কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৮ সাল তারিখ ১৬ আপ্রিল মোং সন ১২৭৫ সাল তারিখ ৫ বৈশাখ।

এস্তমরারী ধার্য্য হওয়া মহাল।

১ নং	পং আলমপুর পং আলমপুর তালুক ঈশ্বরচন্দ্র পাল চৌধুরী দিগর সদব জমা	৯২৯৬৮।/১১
	পোলীস	১০৪৯।৵৫
৪০ নং	তং বেতাই পং রাজপুর তালুক গোলকচন্দ্র মুখোপাধ্যাযদিগব সতন্ত্র হিসাব বাদে ।/১।। = আনাংশের সদর জমা	২৯৩৫৵০।।
	পোলীস	৩৬৸৵২।।
২১৪ নং	তং গাবুবা ডেঙ্গা গোলকচন্দ্র মুখোপাধ্যায়দিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা প- রাজপুর	৮৫৪৵৮।।
২৬৬ নং	কিং যশোদানন্দপুরের মহেশচন্দ্র রাযদিগর সদর জমা পং বাগুয়ান	৯৫৫৸৵১১
	পোলীস	৯।৵৪
৪২৩ নং	তং পীবপুব ফজলল কবিমদিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা পং মুরশীবপুব	৩০৩২।।/৫।।
	পোলীস	৩৩/১১।
৪৭৭ নং	তং শ্যামপুর কালাচাঁদ চক্রবর্ত্তীদিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা পং হাওনখালি	২২১৬৸৵
৫৯১ নং	ডিহি সাদীপুর হেনসাবিএন কোম্পানিদিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা পং রাজপুব	৯৮৬।৶/।

J WESTLAND,
Collector

জিলা পাবনা।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা পাবনা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে [illegible] ১৮৬৮ সালের ২৮ মাচ মো- ১২৭৪ সালেব ১৬ চৈত্র পর্য্যন্তকার মধ্যবর্ত্তী [illegible] ৮৬৮ সালেব ২৮ আপ্রেল মো- ১২৭৫ সালেব ১৭ বৈশাখ মঙ্গলবার অত্র সরকারী প্রাপ্য রাজস্ব আদায নিমিত্ত জেলার কালেক্টর সাহেবের প্রকাশ্য কাছারীতে নীলামে ধরা যাইবেক এব বিনা বিধাতে বিক্রয হইবেক, অতএব যে কেহ খরিদের বাসনা রাখে সে ঐ নিরূপিত দিবস অত্র কাছারিতে হাজির আসিযা রীতিমত ক্রয করে ইতি সন ১৮৬৮ ইং ৩১ শে মার্চ।

জেলাব তৌজরী নম্বর	মহালের শ্রেণী	মহালেব নাম	মালিকেব নাম	সদব জমা	বাকী রাজস্ব	মন্তব্য।
১৪১	ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।	কিং পরগণে নসরত সাহী।	মিস্তুয়ার্স মোরেস এণ্ড কো- হাবান চন্দ্র, শ্যামাচরণ চক্রবর্ত্তী, দেবরাণী দাসী, শ্যামা চরণ বিশ্বাস।	২৫৫৯৬৵৮	২৯৫।৪	এই মহালের হিসাব, ১৮৫৯। ১১ আইনমতে স্বতন্ত্র হইয়াছে, হিসাব পৃথক হওয়া /০ আনা অংশ, যাহার সদর জমা ১২৭৯৸৵১০ পাই, তাহা মালিক মিস্তুয়ার্স মোরেস এণ্ড কোং সাহেবানের স্বত্ব এবং উক্ত বাকী ঐ অংশের বটে, অতএব এই মহালের অন্যান্য অংশ বাদে সংপ্রতি কেবল মালিক সাহেবানের ঐ /০ আনা অংশ নীলাম হইবেক।

P A HUMPHERY
Offg Collector

MISCELLANEOUS ADVERTISEMENT সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার

বিজ্ঞাপন।

এলবরলিং সাহেব কর্ত্তৃক সংগৃহীত দায় ও দান ও উইল ও বিক্রয় ও বন্ধকের বিধানের সার সংগ্রহ ওকালতী পরীক্ষার নিমিত্তে বঙ্গভাষায় অনুবাদিত হইয়া থ্যাকর স্পিঙ্ক কোম্পানির ও লেপেজ কোম্পানির ও ভিরজারিও কোম্পানির পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মূল্য ২॥০ টাকা মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৮ আপ্রিল।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্লো সাহেব কর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, APRIL 28, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ২৮ আপ্রিল।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা ত্রিপুরা।

ইস্তাহারনামা কাছারি কালেক্‌টরী জেলা ত্রিপুরা। এই যে।

ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তী নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালের গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৮ সালের ৯ মেই মোতাবেক ১২৭৫ সালের ২৮ বৈশাখ রোজ শনিবার অত্র জিলায় কালেক্‌টরীর কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। সরকার জমীদারস্বরূপ গ্রামের চৌকীদারের যে খরচ এপর্য্যন্ত দিয়াছেন তাহা ভবিষ্যতে ইহার লিখিত মহালের সদর জমার অতিরিক্ত খরিদাবান আদায় করিবেক ইতি সন ১৮৬৮ ইং তারিখ ৯ মার্চ।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর।	জিলার বহীর নম্বর।	মহালের ও পরগনার নাম।	ন্যূনাধিক যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টাক্স।	মোট।		
			এ রু পঃ					
১৩ ১৮৫৯ ইং	১১	পরগনে আমিরাবাদ ১৮১৯ ইং ২ দুই কানুনের ডিক্রীর ২ নং চর চালিতাঙ্গা।	৬১৪।০।২৪	৭৯১৲	৭৸৶	৭৯৮৸৶	১৫৮২৲	

F G MILLETT,
Collector.

জিলা বাকরগঞ্জ।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা বাকরগঞ্জ।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকীস্বত্ব সন ১৮৬৮ সালের ৮ মেই মোতাবেক ১২৭৫ সালের ২৭ বৈশাখ রোজ শুক্রবার কালেক্টরিতে নীলাম করা যাইবে।

এই মহালের খরিদারেরা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

তৌজীর মহালের।	জেলার বহিতের নম্বর।	মহালের এবং পরগনার নাম।	পরিমাণে নূ ন্যাধিক যত একর।	সদর জমা।			নীলামের প্রথম ডাকের মূল্য।
				মালগুজারী টাকা।	রাস্তার টাকা।	সর্ব্বসুদ্ধ।	
			এ র পো॰				
৩৯৬	১৪০৬ ৫২	সরকারের খরিদা পং বোজর্গ-ওমেদপুরের অন্ত পাতি কিং মাছুয়াখালি তাং কামদেব পঞ্চানন	১৩৮	৪৮২৲	৪৸৵	৪৮৬৸৵	৯৬৪৲

H C Sutherland,
Offg Collector

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এক জে বালো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 5, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ৫ মে।

HOME DEPARTMENT

LEGISLATIVE.

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 11th April 1868, and is hereby promulgated for general information —

ACT No XII OF 1868

An Act to empower the Governor General of India in Council to suspend the operation of section 17 of Act No XI of 1841

[Power to suspend Act No XI of 1841 section 17]

1 It shall be lawful for the Governor General of India in Council by notification in the *Gazette of India*, to suspend in any Military Cantonment beyond the limits of British India the operation of section seventeen of Act No XI of 1811 (*for consolidating and amending the Regulations concerning Military Courts of Requests for Native officers and soldiers in the service of the East India Company*) from such day as shall be specified in the said notification until further notice or to such other day as shall be specified in such notification

WHITLEY STOKES,
Asstt Secy to the Government of India,
Home Dept (Legislative)

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন বিষয়ে ১৮৬৮ সালের আপ্রিল মাসের ১১ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১২ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে ১৮৪১ সালের ১১ আইনের ১৭ ধারার কার্য্য স্থগিত করিবার ক্ষমতা প্রদান করণার্থ আইন।

[১৮৪ সালের ১১ আইনের ১৭ ধারা স্থগিত রাখিবার ক্ষমতার কথা।]

১ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে দিবস নির্দ্দিষ্ট করেন সেই দিবস অবধি অন্য সম্বাদ না দেওন পর্য্যন্ত অথবা সেই জ্ঞাপনীতে অন্য যে দিন নির্দ্দিষ্ট থাকে সেই দিন পর্য্যন্ত ব্রিটনীয় ভারতবর্ষের সীমার বহির্ভূত কোন সেনানিবাসে ১৮৪১ সালের ১১ আইনের (অর্থাৎ ইষ্টইণ্ডিয়া কোম্পানির অধীন এদেশীয় সেনাপতি ও সেনাদের নিমিত্ত সৈন্য সম্পর্কীয় কোর্ট বিকেষ্ট বিষয়ি আইন শুধরণপূর্ব্বক এক আইনে সংগ্রহকরণ নিমিত্ত আইনের) ১৭ ধারার কার্য্য স্থগিত করিতে পারিবেন ইতি।

উইটলি ষ্টোকস।
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 11th April 1868, and is hereby promulgated for general information —

ACT No XIII of 1868

An Act to exempt the King of Oudh from the jurisdiction of the Civil Courts and for other purposes

[Preamble]

WHEREAS it is expedient to exempt the King of Oudh from the jurisdiction of the Civil Courts, and to render him incapable of entering into certain contracts, It is hereby enacted as follows —

[Repeal of Act VIII of 1862, section 4]

1 Section four of Act No VIII of 1862 (*to protect the personal dignity of His Majesty the King of Oudh*) is hereby repealed

[No suits to be brought against the King of Oudh, unless with consent of Government]

2 No suit shall be commenced or prosecuted and no writ or process shall at any time be sued for against the person or property of His Majesty the King of Oudh unless such suit shall be commenced, or such writ or process shall be sued for, with the consent of the Governor General of India in Council first had and obtained

Such consent shall be certified by the signature of one of the Secretaries to the Government of India, and every such signature shall be judicially noticed

And any suit which at any time shall have been or shall be commenced and any writ or process which at any time shall have been or shall be sued for against the person or property of His said Majesty without such consent so certified as aforesaid shall be null and void

[King of Oudh to be incapable of contracting]

3 His said Majesty shall be incapable of entering into any contract which may give rise to any pecuniary obligation on his part

[Nothing in this Act to render Secretary of State in Government of India liable]

4 Nothing herein contained shall be deemed to render the Secretary of State for India in Council or the Government of India liable for any debt heretofore contracted by or on behalf of His said Majesty or in respect of any claim to be reimbursed which may be made by any person supplying His said Majesty with necessaries

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ৫ মে ।]

মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন বিষয়ে ১৮৬৮ সালের আপ্রিল মাসের ১১ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১৩ আইন।

অযোধ্যার মহারাজকে দেওয়ানী আদালতের বিচারাধিপত্যহইতে অব্যাহতি দিবার ও অন্যান্য কার্য্যপক্ষের আইন।

[হেতুবাদ।]

অযোধ্যার মহারাজকে দেওয়ানী আদালতের বিচারাধিপত্যহইতে অব্যাহিত দেওয়া এবং তিনি কোনং বিষয়ের চুক্তি করিতে না পারেন এমত বিধি করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

[১৮৬২ সালের ৮ আইনের ৪ ধারা রহিত হইবার কথা।]

১ ধারা। অযোধ্যার মহারাজার মান রক্ষাকরণার্থ ৮৬২ সালের ৮ আইনের ৪ ধারা এতৎক্রমে রহিত করা গেল ইতি।

[অযোধ্যার রাজার নামে গবর্ণমেণ্টের অনুমতিভিন্ন মোকদ্দমা উপস্থিত না হইবার কথা।]

২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে উক্ত অযোধ্যার মহারাজার নামে যে মোকদ্দমার আরম্ভ করা যায় কিম্বা যে রিটের কি পরওয়ানার প্রার্থনা হয় তদ্ভিন্ন সেই মহারাজার নামে কোন মোকদ্দমার আরম্ভ কি প্রচলন হইতে পারিবে না এবং তাঁহার কি তদীয় সম্পত্তির উপর কোন সময়ে কোন রিট কি পরওয়ানা জারি হইবার প্রার্থনা হইতে পারিবে না।

সেই অনুমতি প্রদান হইলে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবদের মধ্যে কোন এক জনের স্বাক্ষরদ্বারা নিশ্চিত করা যাইবে, এবং বিচারকালে তাঁহার স্বাক্ষরের সিদ্ধতা স্বীকার হইবে।

এবং উক্ত মহারাজার নামে কোন সময়ে যে কোন মোকদ্দমার আরম্ভ করা গিয়া থাকে কি করা যায় এবং তাঁহার নামে কি তদীয় সম্পত্তির বিপক্ষে কোন সময়ে যে কোন রিটের কি পরওয়ানার প্রার্থনা হইয়া থাকে কি হয় তাহা পূর্ব্বোক্তমতে নিশ্চিত অনুমতিভিন্ন ব্যর্থ ও অসিদ্ধ হইবে ইতি।

[অযোধ্যার মহারাজার চুক্তি করিবার অক্ষমতার কথা।]

৩ ধারা। যাহাতে উক্ত মহারাজার টাকা প্রদানের নিবন্ধন হয় তিনি এমত কোন চুক্তি করিতে অক্ষম হইলেন ইতি।

[এই আইনের কোন কথাদ্বারা ষ্টেট সেক্রেটারী সাহেবের কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের দায় না বর্ত্তিবার কথা।]

৪ ধারা। ইতিপূর্ব্বে উক্ত মহারাজা কিম্বা তৎপক্ষ কোন ব্যক্তি যে ঋণ গ্রহণ করিয়াছেন কিম্বা কোন ব্যক্তি উক্ত মহারাজার ব্যবহারের আবশ্যক দ্রব্য দিয়া তাহার মূল্য পাইবার যে দাওয়া করেন তৎসম্পর্কে ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব অথবা ভারতবর্ষের গবর্ণমেণ্ট দায়ী হইলেন এই আইনের কোন কথাতে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[Short title Commencement of Act]

5 This Act may be called "The King of Oudh's Act, 1868," and shall come into operation on the first day of May 1868

WHITLEY STOKES
Asst Secy to the Govt of India,
Home Dept (Legislative)

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 17th April 1868 and is hereby promulgated for general information —

ACT No XIV OF 1868

An Act for the Prevention of certain Contagious Diseases

[Preamble]

WHEREAS it is expedient to provide for the better prevention of certain contagious diseases It is hereby enacted as follows —

Preliminary

[Short title]

1 This Act may be cited as The Indian Contagious Diseases' Act 1868

[Interpretation clause]

2 In this Act—

"Magistrate'

"Magistrate" means any person exercising the powers of a Magistrate or of a Subordinate Magistrate of the first class, and includes a Magistrate of Police in a Presidency Town

["Contagious disease"]

"Contagious disease" means any contagious venereal disease

["Brothel keeper"]

'Brothel keeper" means the occupier of any house, room or place to or in which women resort or are for the purpose of prostitution and every person managing or assisting in the management of any such house, room or place

[Extent of Act]

3 The places to which this Act applies shall be such places as the Local Government shall from time to time, with the previous sanction of the Governor General of India in Council specify by notification in the official *Gazette* The limits of such places shall, for the purposes of this Act, be such as are defined in the said notification, and may from time to time, with such sanction as aforesaid, be altered by a like notification

[*Government Gazette*, 5*th May* 1868.]

[আইনের সংক্ষেপ নাম ও প্রচলিত হইবার তারিখের কথা।]

৫ ধারা। এই আইন অযোধ্যার মহারাজার ৮৬৮ সালের আইন নামে খ্যাত হইবে ও ৮৬৮ সালের মে মাসের ১ তারিখঅবধি প্রচলিত হইবে ইতি।

উইটলি ষ্টোকস,
দেশীয ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন বিষয়ে ১৮৬৮ সালের আপ্রিল মাসের ৭ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১৪ আইন।

স্পর্শাক্রামক কোন২ রোগ নিবারণার্থ আইন।

[হেতুবাদ।]

স্পর্শাক্রামক কোন২ রোগ নিবারণের সদুপায় করা বিহিত। এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

পরিভাষা।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় স্পর্শাক্রামক রোগের ১৮৬৮ সালের আইন' নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[অর্থ করণের ধারা।]

২ ধারা। এই আইনে —

মাজিষ্ট্রেট"

যে কোন ব্যক্তি মাজিষ্ট্রেটের কি অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করেন মাজিষ্ট্রেট শব্দে তাঁহাকে বুঝা হইবে। রাজধানীর পোলীসের মাজিষ্ট্রেটও তন্মধ্যে গণ্য।

'স্পর্শাক্রামক রোগ'

স্পর্শাক্রামক রোগ শব্দে স্পর্শাক্রামক উপদংশ কোন রোগ বুঝাইবে।

বেশ্যালয়রক্ষক।

বারস্ত্রীর বেশ্যাবৃত্তি করিবার জন্যে যে বাটীতে কি ঘরে কি স্থানে নিত্য যায় কি থাকে সেই বাটী প্রভৃতির দখীলকার এবং যে ব্যক্তি সেই বাটীর কি ঘরের কি স্থানের অধ্যক্ষতা কার্য্য করে কি সেই কার্য্যের সাহায্য করে বেশ্যালয় রক্ষক' শব্দে তাহাকে বুঝাইবে ইতি।

[আইন যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।]

৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক রাজকীয় গেজেটে জ্ঞাপনী দিয়া যে২ স্থানের নাম প্রকাশ করেন, এই আইন সেই২ স্থানে প্রচলিত হইবে। এই আইনের কার্য্যোপলক্ষে ঐ২ স্থানের যে সীমা ধার্য্য হইবে তাহা উক্ত জ্ঞাপনপত্রে প্রকাশ করা যাইবে এবং পূর্ব্বোক্ত অনুমতি গ্রহণপূর্ব্বক উক্ত প্রকারের জ্ঞাপনী দিয়া সময়ে২ পরিবর্ত্তনও হইতে পারিবে ইতি।

Unregistered Prostitutes and Brothel keepers

[Punishment of unregistered prostitutes and brothel keepers]

4 In any place to which this Act applies no woman shall carry on the business of a common prostitute, and no person shall carry on the business of a brothel keeper, without being registered under this Act at such place, and without having in her or his possession such evidence of registration as hereinafter provided

Any woman carrying on the business of a common prostitute, and any person carrying on the business of a brothel keeper, without having been registered as aforesaid or without having in her or his possession such evidence as aforesaid, shall, on conviction before a Magistrate be punished with imprisonment for a term which may extend to one month, or with fine not exceeding one hundred rupees or with both

Registration of Prostitutes and Brothel keepers

[Local Government to make rules for registration and appoint officers]

5 The Local Government shall make rules for the registration of common prostitutes and of brothel keepers and shall appoint officers for the conduct of such registration and may, with the previous sanction of the Governor General of India in Council assign salaries and establishments to the said officers The Local Government shall also provide such books and forms as may be necessary for the purposes of this Act

Every woman complying with such rules (so far as they relate to prostitutes) and every brothel keeper complying with such rules (so far as they relate to brothel keepers) shall be deemed to be registered under this Act and the registering officer shall furnish her or him with such evidence of registration as the Local Government shall from time to time direct

The name, age, caste (if any) and residence of every such woman and such other particulars respecting her as the Local Government shall from time to time direct shall be entered in a book to be kept for that purpose

The name and residence of every such brothel keeper and the situation of the house room or place in which he carries on his business shall be entered in a book to be kept for that purpose

[Change of residence]

6 Whenever any such woman changes her residence, she shall give notice thereof to such

বেশ্যার ও বেশ্যালয়রক্ষক রেজিষ্টর না হইলে তাহাদের বিধি।

[বেশ্যার ও বেশ্যালয়রক্ষক রেজিষ্টর না হইলে তাহারদের দণ্ডের কথা।]

৪ ধারা। এই আইন যে২ স্থানের প্রতি বর্ত্তিবে সেই২ স্থানে এই আইনমতে রেজিষ্টরী আফিস স্থাপন করা যাইবে। কোন বেশ্যা এবং কোন বেশ্যালয় রক্ষক সেই স্থানে গিয়া রেজিষ্টর না হইলে, এবং তাহার নিকট নিম্নলিখিত বিধিমতে রেজিষ্টরীর নিদর্শন না থাকিলে, সে সামান্য বেশ্যাবৃত্তি এবং বেশ্যালয়রক্ষকের কর্ম্ম করিতে পারিবে না।

যদি কোন বারস্ত্রী কিম্বা বেশ্যালয়রক্ষক পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী না হইয়া কিম্বা পূর্ব্বোক্ত নিদর্শন নিকট না রাখিয়া বেশ্যাবৃত্তি কিম্বা বেশ্যালয়রক্ষকের কর্ম্ম করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের গোচরে প্রমাণ হইলে তাহার এক মাসের অনধিক কারাদণ্ড কিম্বা এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

বেশ্যাদের ও বেশ্যালয়রক্ষকদের রেজিষ্টরী হইবার বিধি।

[রেজিষ্টরী করিবার বিধি ও কর্ম্মকারকদের নিয়োগ স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক হইবার কথা।]

৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সামান্য বেশ্যাদের ও বেশ্যালয়রক্ষকদের রেজিষ্টরী করিবার বিধি করিবেন। ও রেজিষ্টরী কার্য্য নির্ব্বাহার্থ কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবেন। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক ঐ কর্ম্মকারকদের বেতন ও অধীন আমলাদের সংখ্যা নিরূপণ করিবেন। আরো এই আইনের কার্য্যোপলক্ষে যে২ বহী ও যে২ পাঠ আবশ্যক স্থানীয় গবর্ণমেণ্ট সেই২ বহী প্রভৃতি দেওয়াইবেন।

কোন বারস্ত্রী বেশ্যাসম্পর্কীয় উক্ত বিধিমতে কর্ম্ম করিলে এবং বেশ্যালয়রক্ষকসংক্রান্ত উক্ত বিধিমতে বেশ্যালয়রক্ষক কর্ম্ম করিলে, তাহারা এই আইনমতে রেজিষ্টরী হইয়াছে জ্ঞান হইবে। এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রেজিষ্টরী হইবার যদ্রূপ নিদর্শনপত্র নির্দ্দিষ্ট করেন, রেজিষ্টরী কার্য্যকারক তাহারদিগকে সেইরূপ নিদর্শনপত্র দিবেন।

তদ্রূপ প্রত্যেক স্ত্রীর নাম ও বয়স ও জাতি থাকিলে সেই জাতি ও বাসস্থান, এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ ঐ স্ত্রীর অন্য যে বৃত্তান্ত লিখিতে আজ্ঞা করেন, এই সকল কথা লিখিবার এক বহীতে সেই কথা লিখিতে হইবে।

তদ্রূপ প্রত্যেক বেশ্যালয়রক্ষকের নাম ও বাসস্থান এবং যে বাটীতে কি ঘরে কি স্থানে আপনার সেই বৃত্তি চালায় তাহা যে স্থানে থাকে এই সকল কথা লিখিবার এক বহী রাখিতে হইবে, সেই বহীতে লেখা যাইবে ইতি।

[নিবাস পরিবর্ত্তনের কথা।]

৬ ধারা। তদ্রূপ কোন স্ত্রী আপনার বাসস্থান পরিবর্ত্তন করিলে স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২

person and in such manner as the Local Government shall from time to time direct, and the necessary alterations shall be made in the said book and in the evidence of registration furnished to her as aforesaid

Any such woman failing to give notice as aforesaid shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to fourteen days, or with fine not exceeding fifty rupees, or with both

Whenever any brothel keeper changes his residence or acquires or enters into the occupation of any such house, room or place as last aforesaid other than the house, room or place of which the situation has been registered as aforesaid, he shall give notice thereof to such person and in such manner as the Local Government shall from time to time direct, and the necessary alterations or additions shall be made in or to the said book and in the evidence of registration furnished to him as aforesaid

Any such brothel keeper failing to give notice as last aforesaid shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to one month or with fine not exceeding one hundred rupees or with both

Refusal to show Evidence of Registration

[Penalty for refusing to show evidence of registration]

7 Any registered woman or brothel keeper who, without reasonable excuse neglects or refuses to produce and show the evidence of her or his registration with which she or he shall have been furnished as aforesaid, when required so to do by such officer as the Local Government shall from time to time appoint in this behalf, shall on conviction before a Magistrate be punished with imprisonment for a term which may extend to fourteen days, or with fine not exceeding fifty rupees, or with both

Information of the class of officers for the time being authorized to make requisitions under this section shall be furnised to registered women and brothel keepers under such rules as the Local Government shall from time to time prescribe

Special Provisions relating to Brothels

[Penalty for permitting unregistered prostitutes to resort to brothels]

8 If any brothel keeper, whether registered as such under this Act or not, has reasonable cause to believe any woman to be a prostitute and not to be registered under this Act and induces or suffers her to resort or be, for the purpose of prostitution, to or in the house, room or place in which

যে ব্যক্তিকে ও যে প্রকারে সেই বিষয়ের সম্বাদ জানাইতে আজ্ঞা করেন ঐ স্ত্রী তাহাকে সেই প্রকারে ঐ কথা জানাইবে। এবং উক্ত বহীতে ও রেজিষ্টরী হইবার পূর্ব্বোক্ত যে নিদর্শনপত্র তাহাকে দেওয়া গিয়াছে তাহাতে ঐ কথার প্রয়োজনমতে পরিবর্ত্তন হইবে।

যদি তদ্রূপ কোন বারস্ত্রী উক্ত কথার সম্বাদ না দেয় তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাহার চৌদ্দ দিনের অনধিক কারাদণ্ড কিম্বা পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে।

যদি কোন বেশ্যালয়রক্ষক আপনার বাসস্থান পরিবর্ত্তন করে কিম্বা যে বাটীর কি ঘরের কি স্থানের ঠিকানা পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী করা গিয়াছে যদি তদ্ভিন্ন অন্য বাটী কি ঘর কি স্থান পায় কিম্বা তাহাতে প্রবেশ করে, তবে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে প্রকারে যে ব্যক্তির নিকট ঐ কথা জানাইতে আজ্ঞা করেন সেই ব্যক্তি তাঁহাকে সেই প্রকারে ঐ কথার সম্বাদ দিবে। এবং উক্ত বহীতে ও রেজিষ্টরী হইবার পূর্ব্বোক্ত যে নিদর্শনপত্র তাহাকে দেওয়া গিয়াছে তাহাতে প্রয়োজনমত সেই পরিবর্ত্তিত কি অধিক কথা লেখা যাইবে।

যদি উক্ত বেশ্যালয়রক্ষক পূর্ব্বোক্ত সম্বাদ না দেয় তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে, তাহার এক মাসের অনধিককাল কারাদণ্ড কিম্বা এক শত টাকার অনধিক অর্থদণ্ড কি ঐ দুই দণ্ড হইবে ইতি।

রেজিষ্টরী হইবার প্রমাণ না দেখাইলে তদ্বিষয়ের বিধি।

[রেজিষ্টরী হইবার নিদর্শনপত্র না দেখাইবার কথা।]

৭ ধারা। কোন রেজিষ্টরী বারস্ত্রী কি বেশ্যালয়রক্ষক পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী হইবার যে নিদর্শনপত্র পায় স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে কর্ম্মকারককে তৎপক্ষে নিযুক্ত করেন তিনি তাহাকে সেই পত্র বাহির করিয়া দেখাইতে আজ্ঞা করিলে যদি উপযুক্ত আপত্তি না থাকিলেও সেই বারস্ত্রী তাহা না দেখায় কি দেখাইব না কহে তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাহার চৌদ্দ দিনের অনধিক কারাদণ্ড কিম্বা পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে।

এই ধারামতে যে সময়ে যে শ্রেণীর কর্ম্মকারকদের তদ্রূপ আদেশ করিবার ক্ষমতা থাকিবে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে বিধি করেন তদনুসারে ঐ রেজিষ্টরী বারস্ত্রীদিগকে ও বেশ্যালয়রক্ষককে তাঁহাদের নামাদি জ্ঞাত করা যাইবে ইতি।

বেশ্যালয়রক্ষকদের বিশেষ বিধি।

[বেশ্যারা রেজিষ্টরী না হইলে তাহারদিগকে বেশ্যাগারে যাইবার অনুমতি না দেওনার কথা।]

৮ ধারা। বেশ্যালয়রক্ষক এই আইনমতে রেজিষ্টরী হইয়া কি না হইয়া কোন স্ত্রী বেশ্যা কিন্তু এই আইনমতে রেজিষ্টরী হয় নাই যদি ইহা জানিবার উপযুক্ত হেতু পাইয়া তাহাকে বেশ্যাবৃত্তি করিবার জন্যে ঐ আলয়ে কি ঘরে কি স্থানে আসায় কি আসিতে কি থাকিতে দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের

he carries on his said business, he shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to six months or with fine which may extend to one thousand rupees or with both

[Proviso]

Provided that nothing in this or any other section of this Act shall exempt the offender from any penal or other consequences to which he may be liable for keeping or being concerned in keeping a brothel or disorderly house or for the nuisance thereby occasioned

[Brothel keepers legally bound to furnish information]

9 Every such brothel keeper shall be legally bound to furnish information on any subject relating to his business to such officers and in such manner and at such times as the Local Government shall from time to time prescribe in this behalf Every such officer shall for the purposes of this section be deemed to be a public servant

Examination of Prostitutes

[Examination of prostitutes]

10 The Local Government shall have power to appoint person to make periodical examinations of registered women in order to ascertain whether at the time of each such examination they are affected with contagious disease

[Local Government may make rules as to examinations]

11 For each of the places to which this Act applies, the Local Government may make rules consistent with this Act respecting the times and places of examination under this Act at that place and generally respecting the arrangements for the conduct of those examinations and for recording the results thereof and a copy of rules purporting to be rules under this section shall if signed by a Secretary to such Government be evidence of such rules for the purposes of this Act

Reports]

The Local Government may also require the persons making such examination to send in reports to such persons at such times and in such form as the Local Government shall from time to time prescribe

[Penalty for disobeying rules]

Any person not a medical officer appointed to make such examination and any registered woman disobeying any rule made under this section, shall on conviction before a Magistrate, be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine not exceeding one hundred rupees, or with both

সম্মুখে সপ্রমাণ হইলে তাহার ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা এক সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে।

[উপবিধি।]

পরন্তু এই ধারার কিম্বা এই আইনের অন্য কোন ধারার যে বিধি হউক, বেশ্যালয় কিম্বা অনিয়মিত আচারের ঘর রাখিবার কি তাহাতে সম্পর্ক রাখিবার জন্যে কিম্বা তদ্দ্বারা যে অনিষ্ট হয় তন্নিমিত্ত অপরাধির যে দণ্ড কি অন্য ফলভোগ হইতে পারে তাহাহইতে সে ঐ বিধি হেতুক অব্যাহতি পাইবে না ইতি।

[আইনমতে বেশ্যালয়রক্ষকদিগের সন্ধান জানাইতে আবদ্ধ হইবার কথা।]

৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে কার্য্যকারকদিগকে সন্ধান লইবার জন্যে নিযুক্ত করেন পূর্ব্বোক্ত প্রত্যেক বেশ্যালয়রক্ষক আইনমতে ঐ গবর্ণমেণ্টের নিরূপিত প্রকারে ও সময়ে তাঁহাকে আপনার বৃত্তি সংক্রান্ত কোন বিষয়ের সেই সন্ধান জানাইতে আবদ্ধ আছে। ঐ প্রত্যেক কর্ম্মকারক এই ধারার অভিপ্রায়ার্থে রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন ইতি।

বেশ্যাদের দৈহিকাবস্থা পরীক্ষার বিধি।

[বেশ্যাদের দৈহিকাবস্থা পরীক্ষার কথা।]

১০ ধারা। তদ্রূপে যে বেশ্যাদিগকে রেজিষ্টরী করা যায় স্থানীয় গবর্ণমেণ্ট নিরূপিত সময়ান্তরে তাহাদের দৈহিকাবস্থা পরীক্ষা করিবার জন্যে লোকদিগকে নিযুক্ত করিতে পারিবেন। পরীক্ষার কালে তাহারদের স্পর্শাক্রামক রোগ আছে কি না ইহা নিশ্চয় করা সেই পরীক্ষার উদ্দেশ্য ইতি।

[পরীক্ষা বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের বিধান করিবার কথা।]

১১ ধারা। এই আইন যে২ নগরীতে বর্ত্তে সেই২ নগরীর অন্তর্গত যে২ স্থানে ও যে২ সময়ে পরীক্ষা করা যাইবে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ এই বিষয়ের এই আইন সঙ্গত বিধান করিবেন এবং সেই পরীক্ষা কার্য্যপ্রণালী ও তাহার ফল লিখিয়া রাখিবার সাধারণ নিয়মও করিবেন। এবং উক্ত বিধান এই ধারামত বিধান বলিয়া ঐ গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবকর্ত্তৃক স্বাক্ষরিত হইলে এই আইনের কার্য্যোপলক্ষে তাহাই ঐ বিধানের প্রমাণ হইবে।

[রিপোর্টের কথা।]

যে ব্যক্তিরা তদ্রূপ পরীক্ষা করে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে ব্যক্তিদের নিকট যে সময়ে যে পাঠে রিপোর্ট করিতে আদেশ করেন, তাঁহারদিগকে তদনুসারে রিপোর্ট করিবার আজ্ঞা করিতে পারিবেন।

[বিধান না মানিবার দণ্ডের কথা।]

এই ধারামতে যে বিধান করা যায়, চিকিৎসকভিন্ন কোন ব্যক্তি উক্ত পরীক্ষা করিতে নিযুক্ত হইলে সেই ব্যক্তি এবং রেজিষ্টরী কোন বেশ্যা যদি ইচ্ছাপূর্ব্বক সেই বিধান অমান্য করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সপ্রমাণ হইলে তাহার এক মাসের অনধিক কাল বিনাপরিশ্রমে কারাদণ্ড কিম্বা এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

Certified Hospitals

[Local Government may provide and certify Hospitals]

12 The Local Government may from time to time provide any buildings or parts of buildings as Hospitals for the purposes of this Act

Any building or part of a building so provided and certified in writing by a Secretary to the Local Government to be so provided, shall be deemed a certified Hospital under this Act

[Control of such Hospitals]

Every certified Hospital so provided shall be placed under the control and management of such persons as to the Local Government shall from time to time seem fit

[Regulations for management of Hospitals]

13 The Local Government shall make regulations for the inspection, management and government of the Hospitals as far as regards women authorized by this Act to be detained therein for medical treatment or being therein under medical treatment for a contagious disease

A copy of regulations purporting to be regulations made under this section shall, if signed by a Secretary to such Government, be evidence of such regulations for the purpose of this Act

[Registered prostitutes on receiving notice to go to Hospital]

14 Any woman registered under this Act shall, on receiving notice from any such officer as the Local Government shall from time to time appoint in this behalf, proceed to the certified Hospital named in such notice and place herself there for medical treatment

[Penalty for neglect or refusal]

If after the notice is delivered to her, she neglects or refuses to proceed to the said Hospital within the time specified in the said notice an officer of Police shall apprehend her and convey her with all practicable speed to such Hospital, and place her there for medical treatment

[Detention of prostitutes under medical treatment]

15 Whenever any such woman affected with contagious disease places herself or is placed as aforesaid in a certified Hospital for medical treatment, she shall be detained there for that purpose by such medical officer of the Hospital as the Local Government shall from time to time appoint in this behalf until discharged by him by writing under his hand

[*Government Gazette, 5th May* 1868]

সর্টিফিকটযুক্ত হাস্পাতালের বিধি।

[স্থানীয় গবর্ণমেণ্টকর্তৃক হাস্পাতালের নিরূপণ ও সর্টিফিকট দেওনের কথা।]

২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ এই আইনের কার্য্যের নিমিত্তে কোন আলয় কিম্বা আলয়ের অংশ হাস্পাতাল স্বরূপ নিরূপণ করিতে পারিবেন।

কোন আলয় কিম্বা আলয়ের কোন অংশ সেই প্রকারে নিরূপিত হইলে, এবং তাহা তদর্থে নিরূপিত হইয়াছে স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেব লিখনক্রমে এই মর্ম্মের সর্টিফিকট দিলে, তাহা এই আইনমত সর্টিফিকটযুক্ত হাস্পাতাল অর্থাৎ সংশিত পত্রপ্রাপ্ত চিকিৎসালয় জ্ঞান হইবে।

[তদ্রূপ হাস্পাতালের উপর কর্তৃত্বের কথা।]

সর্টিফিকটপ্রাপ্ত যে প্রত্যেক হাস্পাতাল তদ্রূপে নিরূপিত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে ব্যক্তিদিগকে উপযুক্ত বোধ করেন তাহা তাঁহাদের তত্ত্বাধীনে ও অধ্যক্ষতায় থাকিবে ইতি।

[তদ্রূপ হাস্পাতালের কার্য্য সম্পাদনার্থ বিধানের কথা।]

৩ ধারা। এই আইনমতে স্পর্শাক্রামক রোগের চিকিৎসা পাইবার জন্যে যে বারস্ত্রীদিগকে রাখিবার অনুমতি হয় এবং যাহারা তজ্জন্যে তথায় থাকে, স্থানীয় গবর্ণমেণ্ট সেই২ স্ত্রী সম্পর্কে ঐ হাস্পাতালের পরিদর্শন ও কার্য্যসম্পাদন ও শাসনের বিধান করিবেন।

ঐ বিধান এই ধারামত বিধান বলিয়া ঐ গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দ্বারা স্বাক্ষর করা গেলে তাহা এই আইনের কার্য্যোপলক্ষে ঐ বিধানের প্রামাণপত্র হইবে ইতি।

[নোটিস পাইলে রেজিষ্টরী বেশ্যাদের হাস্পাতালে যাইবার কথা।]

১৪ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি এই আইনমতে রেজিষ্টরী হওয়া কোন স্ত্রীকে নোটিস দিলে, ঐ নোটিসে সর্টিফিকটপ্রাপ্ত যে হাস্পাতালের নাম লেখা থাকে ঐ স্ত্রীর সেই হাস্পাতালে গিয়া চিকিৎসার জন্যে থাকিতে হইবে।

[না যাইবার কি যাইব না ইহা কহিবার দণ্ডের কথা।]

নোটিস দেওয়া গেলে যদি ঐ স্ত্রী নোটিসের লিখিত সময়ের মধ্যে সেই হাস্পাতালে না যায় কিম্বা যাব না কহে, তবে পোলীসের কর্ম্মকারক তাহাকে ধরিয়া সাধ্যমতে ত্বরায় ঐ হাস্পাতালে চালান করিয়া তাহাকে চিকিৎসার জন্যে তথায় রাখিবেন ইতি।

[চিকিৎসা করিবার জন্যে বেশ্যাকে আটক রাখিবার কথা।

১৫ ধারা। তদ্রূপ কোন বারস্ত্রী স্পর্শাক্রামক রোগাক্রান্ত হইয়া চিকিৎসার জন্যে সর্টিফিকটপ্রাপ্ত হাস্পাতালে গেলে কিম্বা তাহাকে পূর্ব্বোক্তমতে ঐ হাস্পাতালে রাখা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ হাস্পাতালের যে চিকিৎসককে তৎপক্ষে নিযুক্ত করেন তিনি যত কাল স্বহস্তে লিখিয়া তাহাকে যাইবার অনুমতি না দেন তত কাল সেই বারস্ত্রীকে চিকিৎসার জন্যে তথায় আটক করিয়া রাখা যাইবে।

Medical treatment, lodging, clothing and food shall be provided gratis for every such woman during her detention in the Hospital

[Penalty for leaving Hospital before discharge]

16 If any woman, authorized by such medical officer to be detained in a certified Hospital for medical treatment quits the Hospital without being discharged therefrom by the chief medical officer thereof by writing under his hand (the proof whereof shall lie on the accused), or

[Penalty for disobeying regulations of Hospital]

If any woman authorized by this Act to be detained in a certified Hospital for medical treatment, or any woman being in a certified Hospital under medical treatment for a contagious disease refuses or wilfully neglects while in the Hospital to conform to the regulations thereof approved under this Act

then and in every such case such woman shall on conviction before a Magistrate be punished with imprisonment in the case of a first offence for any term not exceeding one month and in the case of a second or any subsequent offence for any term not exceeding three months and in case she quits the Hospital without being discharged as aforesaid she may be taken into custody without warrant by any officer of police

On the expiration of her term of imprisonment under this section such woman shall be sent back from the prison to the certified Hospital and shall be detained there unless the medical officer of the prison at the time of her discharge from imprisonment certifies in writing that she is free from contagious disease (the proof of which certificate shall lie on her)

Out door Treatment of prostitutes

[Power to make rules for out door treatment of registered women]

17 It shall be lawful for the Local Government to empower such Surgeons or other person as it shall from time to time appoint to prescribe by order to be served on any woman registered under this Act who has not received a notice under section fourteen, the times and places at which she shall attend for medical treatment and if necessary the medical treatment to which she shall submit

Every such woman disobeying or failing to comply with any such order, shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to a month, or with fine not exceeding one hundred rupees, or with both

তদ্রূপ প্রত্যেক স্ত্রী যত কাল হাস্পাতালে থাকে তত কাল তাহার ঔষধ ও থাকিবার স্থান ও বস্ত্র ও আহারের খরচ লাগিবে না ইতি ।

[বিদায়পত্র না পাইয়া হাস্পাতালহইতে যাইবার দণ্ডের কথা ।]

১৬ ধারা । উক্ত চিকিৎসকের আজ্ঞাক্রমে কোন বারস্ত্রীকে চিকিৎসার জন্যে সর্টিফিকটপ্রাপ্ত হাস্পাতালে আটক করিয়া রাখা গেলে, যদি সেই স্ত্রী প্রধান চিকিৎসকের স্বহস্তলিখিত পত্রদ্বারা ঐ হাস্পাতালহইতে বিদায় না পাইয়া তথাহইতে চলিয়া যায়, (ঐ বিদায় পাইয়াছে কি না এই বিষয়ে ঐ স্ত্রীর প্রমাণ করিতে হইবে) অথবা

[চিকিৎসালয়ের নিয়ম না মানিবার দণ্ডের কথা ।]

সর্টিফিকটপ্রাপ্ত কোন স্ত্রীকে হাস্পাতালে চিকিৎসার জন্যে আটক রাখিবার অনুমতি হইলে, কিম্বা কোন স্ত্রী স্পর্শাক্রামক রোগের চিকিৎসা পাইবার নিমিত্তে সর্টিফিকুটপ্রাপ্ত হাস্পাতালে থাকিলে, এই আইনক্রমে যে বিধির অনুমোদন হইয়াছে যদি সেই স্ত্রী হাস্পাতালে থাকন কালে সেই বিধিমতে কর্ম্ম করিতে সম্মতা না হয় কিম্বা ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য করে,

তবে তদ্রূপ প্রত্যেক স্থলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সপ্রমাণ হইলে ঐ স্ত্রীর প্রথম অপরাধ হেতুক এক মাসের অনধিক ও দ্বিতীয় কিম্বা তৎপরে কোন বার অপরাধ হইলে তিন মাসের অনধিক কাল কারাদণ্ড হইবে, । যদি পূর্ব্বোক্তমতে বিদায় না পাইয়া হাস্পাতালহইতে চলিয়া যায়, তবে পোলীসের কোন কর্ম্মকারক পরওয়ানা বিনা তাহাকে ধরিয়া আটক করিতে পারিবেন ।

এই ধারামতে ঐ বারস্ত্রীর কারাদণ্ডের কাল পূর্ণ হইলে, তাহাকে কারাগারহইতে সর্টিফিকুটপ্রাপ্ত হাস্পাতালে ফিরিয়া পাঠান যাইবে । এবং কারাগারহইতে মুক্ত হইবার সময়ে তাহার স্পর্শাক্রামক রোগ ছিল না যদি কারাগারের চিকিৎসক এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া না দেন, তবে তাহাকে হাস্পাতালে থাকিতে হইবে । ঐ সর্টিফিকটের প্রমাণ করিবার ভার ঐ স্ত্রীর প্রতি বর্ত্তিবে ইতি ।

ঘরে থাকিয়া বেশ্যাদের চিকিৎসা পাইবার বিধি ।

[রেজিষ্টরী বারস্ত্রীদের স্বগৃহে চিকিৎসা করিবার বিধি করণের ক্ষমতার কথা ।]

১৭ ধারা । স্থানীয় গবর্নমেণ্ট যে সরজন কি অন্য ব্যক্তিদিগকে সময়ে২ নিযুক্ত করেন তাঁহারদিগকে এই ক্ষমতা দিতে পারিবেন, যে এই আইনমতে রেজিষ্টরী হওয়া যে স্ত্রী চৌদ্দ ধারামত নোটিস না পায় তাঁহারা তাহাকে চিকিৎসার জন্যে অমুক সময়ে ও স্থানে উপস্থিত হইবার অনুজ্ঞাপত্র দেন এবং আবশ্যক হইলে তাহার যদ্রূপ ঔষধ সেবন করিতে হইবে ইহাও নিরূপণ করেন ।

যদি তদ্রূপ কোন স্ত্রী তদ্রূপ বিধি কি আজ্ঞা অমান্য করে, কিম্বা তদনুসারে কর্ম্ম না করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সপ্রমাণ হইলে, তাহার এক মাসের অনধিক কারাদণ্ড কিম্বা এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ৫ মে ।]

[Penalty for acting as a prostitute while under medical treatment]

18 If any registered woman on whom such order as last aforesaid shall have been served, conducts herself as a common prostitute before such surgeon or other person empowered as last aforesaid certifies in writing to the effect that she is then free from a contagious disease (the proof of which certificate shall lie on her) she shall on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to six months or with fine not exceeding five hundred rupees, or with both

[Subsistence allowance]

19 During the interval between the service of such order upon any registered woman and the granting of such certificate, an allowance for her subsistence shall be provided of such amount and in such manner as the Local Government shall from time to time prescribe

Segregation of Prostitutes

[Penalty for residing in street or place after prohibition]

20 In any place to which the Local Government shall by notification in the official Gazette, have specially extended this section it shall be lawful for such officer as the Local Government shall from time to time appoint in this behalf, to cause a notice to be served on any registered woman, requiring her after an interval of not less than seven days to be mentioned in the notice, not to reside in any street or place therein specified

Any registered woman on whom such notice shall have been served disobeying the requisition therein contained shall, on conviction before a Magistrate, be punished with imprisonment, in the case of a first offence, for any term not exceeding one month, and in the case of a second or any subsequent offence, for any term not exceeding three months

Removal from Registry

[Removal of name from Registry]

21 The Local Government shall lay down rules prescribing a procedure in accordance with which any woman registered under this Act and desirous of ceasing to carry on the business of a common prostitute in the place at which she is registered and of having her name removed from the said book may have her name removed accordingly

Miscellaneous

[Institution of prosecutions]

22 No prosecution shall be instituted under this Act except at the instance of such officer as the Local Government shall from time to time appoint in this behalf

[*Government Gazette, 5th May* 1868]

[চিকিৎসা হইবার সময়ে বেশ্যাচার করিবার দণ্ডের কথা।]

১৮ ধারা। রেজিষ্টরী করা যে স্ত্রীকে শেষোক্ত প্রকারের আজ্ঞা দেওয়া গেল, সেই স্ত্রী স্পর্শাক্রামক রোগহইতে মুক্তা উক্ত সরজন কিম্বা শেষোক্ত প্রকারের ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি তাহাকে এই মর্ম্মের সর্টিফিকট না দিলেও (যদি দেন তবে তাহার প্রমাণ করিবার ভার সেই স্ত্রীর প্রতি বর্ত্তিবে) যদি সাধারণ বেশ্যার কর্ম্ম করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সপ্রমাণ হইলে তাহার ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

[খোরাকীর কথা।]

১৯ ধারা। রেজিষ্টরী কোন স্ত্রীকে উক্ত আজ্ঞা দেওন সময়ের ও উক্ত সর্টিফিকট পাইবার মধ্যে যে কাল ব্যবধান, স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যদ্রূপে যত টাকা নির্দ্ধার্য্য করেন ঐ স্ত্রীকে সেই কাল পর্য্যন্ত তত টাকা খোরাকী দেওয়া যাইবে ইতি।

বেশ্যাদের পৃথক স্থানে বাস করিবার বিধি।

[নিষেধ হইলে পর কোন রাস্তায় কি স্থানে বাস করিলে দণ্ডের কথা।

২০ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই ধারা যে স্থানে প্রচলিত হইবে এমত বিশেষ স্থান নিরূপণ করিলে সেই স্থানে ঐ গবর্ণমেণ্ট এই কার্য্যের নিমিত্তে সময়েং যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তিনি কোন রেজিষ্টরী স্ত্রীকে এই মর্ম্মের নোটিস দিতে পারিবেন যে ঐ নোটিসের লিখিত দিনের পর সাত দিনের অন্যূন কালাবধি ঐ স্ত্রী ঐ নোটিসের নির্দ্দিষ্ট অমুক পথে কি স্থানে বাস করিবে না।

কোন রেজিষ্টরী স্ত্রীকে সেই মর্ম্মের নোটিস দেওয়া গেলে যদি সে তল্লিখিত আজ্ঞা না মানে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সপ্রমাণ হইলে প্রথম বার ঐ অপরাধ করিলে তাহার এক মাসের অনধিক কারাদণ্ড দ্বিতীয় বার ও তৎপরে কোনবার করিলে তাহার তিন মাসের অনধিক কারাদণ্ড হইবে ইতি।

রেজিষ্টরহইতে উঠাইবার কথা।

[রেজিষ্টরহইতে নাম তুলিবার কথা।]

২১ ধারা। কোন বারস্ত্রী এই আইনমতে রেজিষ্টর হইলে পর যে স্থানে রেজিষ্টর হইয়াছে যদি সেই স্থানে সামান্য বেশ্যাবৃত্তি ত্যাগ করিয়া উক্ত বহীহইতে আপনার নাম উঠাইয়া ফেলিতে চাহে তবে স্থানীয় গবর্ণমেণ্ট তদনুযায়ি কার্য্য হইবার প্রণালীর বিধি করিতে পারিবেন ইতি।

বিবিধ বিধি।

[অভিযোগ করিবার কথা।]

২২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এতৎ কার্য্যোপলক্ষে সময়েং যে কার্য্যকারককে নিযুক্ত করেন তদ্ভিন্ন এই আইনমত মোকদ্দমা অন্য ক[illegible] উপস্থিত করা যাইতে পারিবে না ইতি।

[Presumption as to signatures]

23 In any proceeding under this Act, any notice, order, certificate, copy of regulations, or other document purporting to be signed by any person in the service of Government, or by any person whom the Local Government shall have, in exercise of the powers conferred on it by this Act, appointed to sign such document, shall on production be received in evidence and shall be presumed to have been duly signed by the person and in the character by whom and in which it purports to be signed, until the contrary is shewn

[Service of notice]

24 Every notice and order required by this Act to be served on a woman shall be served by delivery thereof either to her personally or to some person for her at her usual place of abode

[Limitation of suits]

25 Any suit against any person for anything done in pursuance of this Act shall be commenced within three months after the thing done, and not otherwise

Notice in writing of every such suit and of the cause thereof shall be given to the intended defendant one month at least before the commencement of the suit

The plaintiff shall not recover if tender of sufficient amends is made before suit, or if a sufficient sum of money is paid into Court after suit brought by or on behalf of the defendant

[Power to make rules]

26 The Local Government shall have power from time to time to declare by what officer any thing directed to be done by this Act shall be done and by what class of officers information regarding anything made an offence by this Act shall be exclusively furnished

The Local Government may also from time to time make rules consistent with this Act for the guidance of officers in all matters connected with its enforcement

The Local Government may also from time to time alter and add to any rules or regulations made under this Act Provided that such alterations and additions are not inconsistent with any of the provisions hereinbefore contained

WHITLEY STOKES

Asst Secy to the Govt of India,
Home Dept (Legislative)

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৮ । ৫ মে ।]

[স্বাক্ষর সংক্রান্ত অনুস্মৃতির কথা ।]

২৩ ধারা । এই আইনঅনুযায়ি কোন মোকদ্দমা প্রভৃতিতে কোন নোটিস কি আজ্ঞাপত্র কি সর্টিফিকট কিম্বা বিধির প্রতিলিপি কি অন্য দলীল গবর্ণমেণ্টের কোন কর্ম্মকারকের স্বাক্ষরযুক্ত, কিম্বা এই আইনক্রমে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে ঐ গবর্ণমেণ্ট যে ব্যক্তিকে কোন নোটিস প্রভৃতিতে স্বাক্ষর করিতে নিযুক্ত করেন তাঁহার স্বাক্ষর যুক্ত হইযাছে, যদি এমত ভাব দর্শায়, তবে তাহা উপস্থিত করা গেলে প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে । ও যত কাল বিপরীত প্রমাণ না হয়, তত কাল যে ব্যক্তির দ্বারা ও তদীয় যে পদোপলক্ষে ও যে অভিপ্রায়ার্থে স্বাক্ষরিত হইবার মর্ম্ম দেখায়, যথার্থ সেই ব্যক্তির দ্বারা সেই পদোপলক্ষে সেই অভিপ্রায়ে স্বাক্ষর করা গেল এমত জ্ঞান হইবে ইতি ।

[নোটিস দিবার কথা ।]

২৪ ধারা । এই আইনদ্বারা বারস্ত্রীকে যে নোটিস ও আজ্ঞাপত্র দিবার প্রয়োজন হয় তাহা নিজ সেই স্ত্রীকে কিম্বা তাহার নিয়ত বাসস্থানে কোন ব্যক্তিকে দেওযা গেলে জারী হইবে ইতি ।

[মোকদ্দমা করিবার সময়ের কথা ।]

২৫ ধারা । এই আইনঅনুসারে কোন ব্যক্তির নামে কোন কার্য্য হেতুক মোকদ্দমা হইলে, ঐ কার্য্যের যাইবাব পর তিন মাসের মধ্যে মোকদ্দমা আরম্ভ করিতে হইবে । নতুবা নয় ।

যাহাকে প্রতিবাদী করিবার মনস্থ থাকে, মোকদ্দমার আরম্ভের ন্যূনকল্পে এক মাস পুর্ব্বে ঐ মোকদ্দমার নোটিস ও তাহার হেতু লিখিত হইয়া তাঁহাকে দেওয়া যাইবে ।

যদি মোকদ্দমা করিবার পূর্ব্বে ক্ষতিপূরণের যথাযোগ্য প্রস্তাব করা যায়, কিম্বা মোকদ্দমাব আরম্ভ হইলে পব যদি প্রতিবাদী কিম্বা তাহার সপক্ষ কোন ব্যক্তি আদালতে যথোপযুক্ত টাকা দেয়, তবে বাদী মোকদ্দমার বিচাবক্রমে পাইবে না ইতি ।

[বিধি করিবার ক্ষমতার কথা ।]

২৬ ধারা । এই আইনেতে যেং কর্ম্ম করিবার আজ্ঞা হইযাছে কে তাহা কবিবেন, এবং এই আইনদ্বারা যাহা অপরাধ বলিযা ব্যক্ত হইযাছে, কেবল কোন্ শ্রেণীর কার্য্যকারকেরা তাহার সন্ধান জানাইবেন স্থানীয় গবর্ণমেণ্ট ইহা সমযেং প্রকাশ করিতে সক্ষম হইবেন ।

এবং কর্ম্মকাবকেরা এই আইন প্রবল করণ সংক্রান্ত সকল বিষযে যে বিধিমতে কর্ম্ম করিবেন, স্থানীয় গবর্ণমেণ্ট সমযেং এই আইন সঙ্গত এমত বিধি করিতে পারিবেন ।

আরো এই আইনমতে যে বিধি করা যায় স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং তাহা পরিবর্ত্তন ও বৃদ্ধি করিতে পারিবেন । কেবল সেই পরিবর্ত্তিত ও বর্দ্ধিত বিষয় এই আইনের লিখিত কোন বিধানের অসঙ্গত না হয় ।

উইট্‌লি ষ্টোক্‌স ।

দেশীয় ব্যবস্থার কর্ম্ম বিভাগে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী ।

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 17th April 1868, and is hereby promulgated for general information —

ACT No XV OF 1868

An Act to provide for the collection of fees, by means of stamps, in the High Courts and the Courts of Small Causes at the Presidency Towns

[Preamble]

WHEREAS it is expendient to amend the law relating to the collection of fees in the High Courts of Judicature and the Courts of Small Causes at Fort William in Bengal, Madras and Bombay, It is hereby enacted as follows —

[Short title]

1 This Act may be called 'The High Court Fees, Act, 1868"

[Repeal of Act XX of 1862 sections 1, 3 and 4]

2 Sections one, three and four of Act No XX of 1862 (*to provide for the levy of Fees and Stamp Duties in the High Court of Judicature at Fort William in Bengal and to suspend the operation of certain sections of Act VIII of* 1859 *in the said High Court*) are hereby repealed

[Fees to be collected by stamps]

3 All fees for the time being chargeable in the High Courts of Judicature and the Courts of Small Causes at Fort William in Bengal Madras and Bombay and their several offices shall be collected by stamps from such date in the said High Court of Judicature in Fort William as the Governor General of India in Council shall notify in the *Gazette of India* and from such date, in the said other High Courts and in each of the said Courts of Small Causes, as the Local Government shall notify in the local official Gazette

[Stamps to be impressed or adhesive]

4 All or any stamps to be used under this Act shall be impressed or adhesive as the Local Government may from time to time direct

[General rules to be made by Local Government]

5 The Local Government with the concurrence of the Chief Justice of the High Court, in the case of such Court and with the concurrence of the First Judge of the Court of Small Causes, in the case of such Court, may, from time to time, make rules for regulating the use of stamps under this Act and particularly for prescribing the application thereof to documents from time to time in use or required to be used for the purposes of such stamps, and for insuring the proper cancellation of such

[*Government Gazette, 5th May* 1868]

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৮ সালের আপ্রিল মাসের ১৭ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১৫ আইন।

ভিন্ন২ রাজধানীর হাই কোর্টে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ইষ্টাম্পদ্বারা রসুম আদায় করিবার বিধান করণার্থ আইন।

[হেতুবাদ।]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ফী আদায় করিবার যে আইন আছে তাহা সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

[সংক্ষেপ নামের কথা।]

১ ধারা। এই আইন "১৮৬৮ সালের হাই কোর্টের রসুমের আইন' নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[১৮৬২ সালের ২০ আইনের ১, ৩, ৪, ধারা রহিত হইবার কথা।]

২ ধারা। বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে রসুম ও ইষ্টাম্পের মাসুল আদায়ের বিধান করিবার ও উক্ত হাই কোর্টে ১৮৫৯ সালের ৮ আইনের কএক ধারা স্থগিত করিবার আইন নামক ১৮৬২ সালের ২০ আইনের প্রথম ও তৃতীয় ও চতুর্থ ধারা এতৎক্রমে রহিত করা গেল ইতি।

[ইষ্টাম্পদ্বারা রসুম আদায় করিবার কথা।]

৩ ধারা। বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ও তদধীন নানা কার্য্যালয়ে যে সময়ে যে ফী কি রসুম প্রাপ্য হয় তাহা ইষ্টাম্পদ্বারা আদায় করা যাইবে। এই নিয়ম কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে যে তারিখ অবধি চলিবে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে সেই তারিখ প্রকাশ করিবেন। এবং উক্ত অন্য২ হাই কোর্টে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে তারিখ অবধি চলিবে, স্থানীয় গবর্ণমেণ্ট স্ব২ স্থানের রাজকীয় গেজেটে তাহা প্রকাশ করিবেন ইতি।

[ইষ্টাম্প মুদ্রিত করিবার কিম্বা আটাল হইবার কথা।]

৪ ধারা। এই আইনমতে যে ইষ্টাম্পের ব্যবহার হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যদ্রূপ আজ্ঞা করেন, তদ্রূপে সেই সকল কি তন্মধ্যে কোন২ ইষ্টাম্প মুদ্রিত হইবে ও কোন২ ইষ্টাম্প আটাল হইবে ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ বিধি করিবার কথা।]

৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনমতে ইষ্টাম্প ব্যবহার করিবার বিধান নিরূপণের জন্যে বিধি করিবেন, বিশেষত সময়ে২ যে দলীলে ইষ্টাম্পের ব্যবহার হয় কি ব্যবহার করিবার আজ্ঞা হইবে তৎপ্রতি ঐ বিধি বর্ত্তাইবার জন্যে, এব ইষ্টাম্প একবার ব্যবহার হইলে তাহার পুনশ্চ ব্যবহার হইতে না পারিবার এবং যে ইষ্টাম্পের হানি কি ক্ষয় হয় তাহা নূতন বসাইবার এবং এই আইনমতে যে সকল ইষ্টাম্পের ব্যবহার হয় তাহার হিসাব রাখিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ হাই কোর্ট সম্পর্কে চীফ জষ্টিস সাহেবের ও ক্ষুদ্র

stamps the renewal of damaged or spoilt stamps, and keeping accounts of all stamps used under this Act

[Documents not properly stamped to be invalid]

6 No document which ought to bear a stamp under this Act shall be of any validity unless and until it is properly stamped, but if any such document is through mistake or inadvertence received, filed or used in the High Court or the Court of Small Causes without being properly stamped a Judge of the High Court or of the Court of Small Causes (as the case may be) may if he thinks fit, order that the same be stamped as in such order may be directed, and on such document being stamped accordingly the same and every proceeding relative thereto shall be as valid as if it had been properly stamped in the first instance

[Amendment of stamped instrument]

7 Where any such document is amended in order merely to correct a mistake and to make it conform to the original intention of the parties, it shall not be necessary to impose a fresh stamp

[Saving of fees allowed to sheriff &c]

8 Nothing in this Act shall apply to the fees allowed to the sheriff or attorneys of the High Court, or to the fess which any officer of such Court shall be allowed to receive in addition to any fixed salary

[Procedure in case of difference as to necessity of imposing a stamp]

9 If any difference arise between the officer whose duty it is to see that any stamp is affixed under this Act and any suitor or attorney as to the necessity of imposing a stamp or the amount thereof, the question shall when the difference arises in the High Court be referred to the Taxing Officer whose decision thereon shall be final except when the question is in his opinion one of general importance, in which case he shall refer it to the final decision of the Chief Justice of the High Court

When any such difference arises in any of the said Courts of Small Causes, the question shall be referred to the Clerk of the Court, whose decision thereon shall be final, except when the question is, in his opinion, one of general importance, in which case he shall refer it to the final decision of the First Judge of such Court

WHITLEY STOKES
Asst Secy 'o the Govt of India,
Home Dept (Legislative)

মোকদ্দমার আদালত সম্পর্কে ঐ আদালতের প্রধান জজ সাহেবের অনুমোদনক্রমে বিধি করিবেন ইতি।

[দলীলে উপযুক্ত ইষ্টাম্প না থাকিলে তাহা অসিদ্ধ হইবার কথা।]

৬ ধারা। যে দলীলে এই আইনমতে ইষ্টাম্প দেওয়া উচিত তাহাতে যত কাল উপযুক্ত ইষ্টাম্প না দেওয়া যায় তত কাল তাহার ফল দর্শিবে না। কিন্তু তদ্রূপ কোন দলীলে উপযুক্ত ইষ্টাম্প না থাকিলেও যদি ভুল কি অমনোযোগক্রমে তাহা হাই কোর্টে কি ক্ষুদ্র মোকদ্দমার আদালতে গৃহীত হইয়া কাগজপত্রের মধ্যে দেওয়া গিয়া কি ব্যবহার হইয়া থাকে, তবে হাই কোর্টের কিম্বা স্থল বিশেষে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কোন জজ সাহেব উচিত বোধ করিলে তাহাতে স্বীয় অনুজ্ঞাক্রমে ইষ্টাম্প দিবার আজ্ঞা করিবেন, ঐ দলীল ও তৎসংক্রান্ত সমস্ত কার্য্য আদৌ উপযুক্তমতে ইষ্টাম্প হইয়া যেমন সিদ্ধ হইত ঐ দলীলে তদ্রূপ ইষ্টাম্প দেওয়া গেলে তেমনি সিদ্ধ হইবে ইতি।

[ইষ্টাম্পকরা দলীল সংশোধনের কথা।]

৭ ধারা। যে দলীলে ইষ্টাম্প দেওয়া গেল যদি কেবল অশুদ্ধ কথা শুধরাইবার এবং উভয় পক্ষের মূল অভিপ্রায়ানুযায়ি করিবার নিমিত্তে তাহার সংশোধন করা যায় তবে নূতন ইষ্টাম্প দেওয়ার আবশ্যক নাই ইতি।

[শরিফ প্রভৃতির ফী রক্ষা করিবার কথা।]

৮ ধারা। হাই কোর্টের শরিফের কিম্বা আটর্ণীর যে ফী লইবার অনুমতি হইয়াছে তাহার প্রতি কিম্বা ঐ কোর্টের কোন কর্ম্মকারক নির্দ্ধারিত বেতনাতিরিক্ত যে ফী কি রসুম গ্রহণ করিবার অনুমতি পাইলে তৎপ্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না ইতি।

[ইষ্টাম্প বসাইবার আবশ্যকতা বিষয়ে মতের অনৈক্য হইলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৯ ধারা। এই আইনমতে ইষ্টাম্প বসান যায় এই বিষয়ে অবধান করা যে কার্য্যকারকের কর্ত্তব্য কোন দলীলে ইষ্টাম্প বসান আবশ্যক কি না এবং কত মূল্যের ইষ্টাম্প বসাইতে হইবে এই বিষয়ে যদি তাঁহার এবং কোন বাদির কি প্রতিবাদির কি আটর্ণীর মধ্যে মতের অনৈক্য হইয়া থাকে, তবে ঐ বিবাদ হাই কোর্টে হইলে সেই কথা টেকসিং আফিসরের বিবেচনায় অর্পিত হইবে ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু উক্ত অর্পিত প্রশ্নের উত্তরে সাধারণের ফলাফল দর্শিবে তিনি এমত অনুভব করিলে হাই কোর্টের চিফ জষ্টিস সাহেবের চূড়ান্ত নিষ্পত্তির জন্যে সেই প্রশ্ন অর্পণ করিবেন।

যদি ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালতে তদ্রূপ বিবাদ উপস্থিত হয়, তবে আদালতের ক্লার্কের বিচারার্থে অর্পিত হইবে, তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে। কিন্তু যদি সেই বিবাদীয় বিষয় তাহার বিবেচনায় সাধারণের লাভালাভজনক হইতে পারে, তবে ঐ আদালতের প্রধান জজ সাহেবের চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে তাহা অর্পণ করিবেন ইতি।

উইটলি ষ্টোক্স।
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 24th April 1868, and is hereby promulgated for general information —

Act No XVI of 1868

An Act to consolidate and amend the law relating to Principal Sadr Amins, Sadr Amins and Munsifs in Bengal, and for other purposes

[Preamble]

Whereas it is expedient to consolidate and amend the law relating to Principal Sadr Amins and Munsifs in the territories respectively under the Governments of the Lieutenant Governor of the Lower Provinces and of the Lieutenant Governor of the North Western Provinces of the Presidency of Fort William in Bengal, and to abolish the office of Sadr Amin, and to alter the designation of the officers now styled Principal Sadr Amins, And whereas it is also expedient to provide for the investment of Subordinate Judges and Munsifs in such territories with the jurisdiction of Judges of Courts of Small Causes beyond the local limits of the ordinary original civil jurisdictions of the High Courts of Judicature It is hereby enacted as follows —

PRELIMINARY

[Repeal of enactments]

1 The Regulations of Acts mentioned in the schedule to this Act are hereby repealed to the extent specified in the third column of the same schedule

[Interpretation clause]

2. In this Act—

["Local Government"]

"Local Government" means the Lieutenant Governor of the Lower Provinces or the Lieutenant Governor of the North Western Provinces of the said Presidency, as the case may be

["High Court"]

"High Court" means the High Court of Judicature at Fort William, or the High Court of Judicature of the North Western Provinces of the said Presidency, as the case may be and

["District Judge"]

"District Judge" means the Judge of a principal civil court of original jurisdiction

[Extent of Act]

3. This Act extends only to the territories for the time being respectively under the Governments of the Lieutenant-Governor of the Lower Provinces and Lieutenant-Governor of the North Western Provinces of the said Presidency

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৮ সালের আপ্রিল মাসের ২৪ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১৬ নম্বর।

বঙ্গদেশের প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করিবার ও অন্যান্য কার্য্যপক্ষের আইন।

[হেতুবাদ।]

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গপ্রভৃতি দেশের এবং উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের প্রধান সদর আমীন ও মুনসেফ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা এবং সদর আমীনের পদ উঠাইয়া দেওয়া ও যাঁহারা এইক্ষণে প্রধান সদর আমীন নামে খ্যাত হন, তাঁহারদের পদখ্যাতি পরিবর্ত্তন করা বিহিত, এবং দেওয়ানী মোকদ্দমা হাই কোর্টের আদৌ শুনিবার সাধারণ ক্ষমতা যে স্থানে বর্ত্তে তাহার বহিভূত স্থানে উক্ত প্রদেশের নিম্নশ্রেণীর জজ ও মুনসেফদিগকে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা প্রদান করা বিহিত এই২ হেতুতে নিম্নলিখিত বিধান করা গেল।

প্রথম খণ্ড।

পরিভাষা।

[যে২ বিধান রহিত হইল তাহার কথা।]

১ ধারা। এই আইনের তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে তাহার যে২ অংশ ঐ তফসীলের তৃতীয় ঘরে নির্দ্দিষ্ট হইল সেই২ অংশ রহিত করা গেল ইতি।

[অর্থ নির্ণয়ের ধারা]

২ ধারা। এই আইনেতে—

'স্থানীয় গবর্ণমেন্ট।'

'স্থানীয় গবর্ণমেন্ট' শব্দে উক্ত প্রেসিডেন্সীর অন্তর্গত বঙ্গপ্রভৃতিদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে কিম্বা বিষয় বিশেষে উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে বুঝাইবে।

"হাই কোর্ট।'

"হাই কোর্ট" শব্দেতে উক্ত প্রেসিডেন্সীর ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট অথবা বিষয় বিশেষে উত্তর পশ্চিম দেশের হাই কোর্ট বুঝাইবে।

"জিলার জজ।]'

"জিলার জজ" এই শব্দেতে দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার প্রধান আদালতের জজকে বুঝাইবে ইতি।

[আইন যতদূর ব্যাপ্ত হইবে তাহার কথা।]

৩ ধারা। যে সময়ে যে দেশ উক্ত প্রেসীডেন্সীর অন্তর্গত বঙ্গপ্রভৃতি দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ও উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন থাকে, এই আইন কেবল সেই২ দেশে ব্যাপ্ত হইবে ইতি।

SUBORDINATE JUDGES AND MUNSIFS

[First Subordinate Judges]

4 The present Principal Sadr Amíns shall be the first Subordinate Judges, and (subject to any alteration of the limits of their local jurisdiction which may be made by the Local Government) shall severally exercise the jurisdiction of Subordinate Judges under this Act within the local limits within which, immediately before the passing of this Act they respectively exercised the jurisdiction of Principal Sadr Amíns

[First Munsifs]

The present Sadr Amíns and Munsifs shall be the first Munsifs, and (subject to any alteration of the limits of their local jurisdiction which may be made by the local Government) shall severally exercise the jurisdiction of Munsifs under this Act within the local limits within which immediately before the passing of this Act, they respectively exercised the jurisdiction of Munsifs

[Appointment of Subordinate Judges and Munsifs]

5 Whenever the office of a Subordinate Judge under this Act is vacant, the Local Government may appoint to the office such person as it thinks proper

Whenever the office of a Munsif under this Act is vacant, the High Court shall nominate such person as it thinks fit to fill such office and the Local Government shall appoint him accordingly

It shall be lawful for the Local Government, with the sanction of the Governor General of India in Council, to make rules as to the qualifications of persons to be nominated Munsifs under this Act, and from time to time to alter and add to the rules so made

When such rules shall have been made, no person notwithstanding anything hereinbefore contained shall be nominated to the office of Munsif unless he possesses the qualifications prescribed by the said rules

Acting Appointments

[District Judge's power to make acting appointment to office of Munsif]

6 Any District Judge, on the occurrence within his jurisdiction of any vacancy in the office of Munsif, may pending the orders of the High Court thereon, appoint such person as he thinks fit to act in such office And he shall forthwith report to the High Court the occurrence of every such vacancy and of every such appointment

নিম্ন শ্রেণীর জজদের ও মুনসেফদের বিধি।

[নিম্ন শ্রেণীর প্রথম জজদের কথা।]

৪ ধারা। এইক্ষণে যাঁহারা প্রধান সদর আমীন আছেন, তাঁহারা নিম্ন শ্রেণীর প্রথম জজ হইবেন। এবং এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পূর্ব্বে তাঁহারা স্থানীয় যে সীমার মধ্যে প্রধান সদর আমীনের ক্ষমতানুসারে কার্য্য করিতেন, সেই সীমার মধ্যে এই আইনঅনুযায়ি নিম্ন শ্রেণীর জজের ক্ষমতানুসারে কার্য্য করিবেন। কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহারদের বিচারাধিপত্যের স্থানসংক্রান্ত সীমা পরিবর্ত্তন করিতে পারিবেন।

[প্রথম মুনসেফদের কথা।]

এইক্ষণে যাঁহারা সদর আমীন ও মুনসেফ আছেন, তাঁহারা প্রথম মুনসেফ হইবেন। এবং তাঁহারা এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পূর্ব্বে স্থানীয় যে সীমার মধ্যে মুনসেফদের ক্ষমতানুসারে কার্য্য করিতেন, সেই সীমার মধ্যে এই আইনঅনুযায়ি মুনসেফের ক্ষমতানুসারে কার্য্য করিবেন। কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহারদের বিচারাধিপত্যের স্থানসংক্রান্ত সীমা পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[নিম্ন শ্রেণীর জজদিগকে ও মুনসেফদিগকে নিযুক্ত করিবার কথা।]

৫ ধারা। এই আইনমত নিম্নশ্রেণীর জজের পদ শূন্য হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট যাঁহাকে উপযুক্ত বোধ করেন তাঁহাকে সেই পদে নিযুক্ত করিতে পারিবেন।

এই আইনমত মুনসেফের পদ শূন্য হইলে, হাই কোর্ট যাহাকে উপযুক্ত বোধ করেন তাঁহাকে সেই পদের কর্ম্ম করণার্থে মনোনীত করিবেন ও স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে তদনুসারে নিযুক্ত করিবেন।

এই আইনমতে যাঁহারা মুনসেফের পদে মনোনীত হইবেন স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি গ্রহণপূর্ব্বক তাঁহারদের কর্ম্মোপযোগিতার বিধি করিতে এবং সময়ে২ সেই বিধি পরিবর্ত্তন কি বৃদ্ধি করিতে সক্ষম হইবেন।

তদ্রূপ বিধি করা গেলে পর, পূর্ব্বোক্ত কথা সত্ত্বেও, ঐ বিধির নির্দ্ধারিত কর্ম্মোপযোগিতা প্রাপ্ত না হইলে কোন ব্যক্তি মুনসেফের পদে মনোনীত হইবেন না ইতি।

কিয়ৎ কালের নিমিত্তে নিয়োগের বিধি।

[মুনসেফের কর্ম্ম কিয়ৎ কাল করিবার জন্যে জিলার জজ সাহেবকর্ত্তৃক লোক নিযুক্ত হইবার কথা।]

৬ ধারা। কোন জিলার জজ সাহেবের ক্ষমতাধীন স্থানে মুনসেফের পদ শূন্য হইলে, তিনি হাই কোর্টের আজ্ঞার অপেক্ষা করিয়া যাঁহাকে উপযুক্ত বোধ করেন তাঁহাকে সেই পদের কর্ম্ম চালাইবার জন্যে নিযুক্ত করিবেন। এবং সেই পদ শূন্য হওয়ার ও অমুক ব্যক্তির উক্ত প্রকারে নিযুক্ত হওয়ার কথা অগোণে হাই কোর্টে রিপোর্ট করিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

Declaration

[Declaration]

7 Every person hereafter appointed under this Act shall, on his first appointment, and previously to entering on the duties of his office, subscribe, before the District Judge to whose control he is subject, the following declaration —

"I, *A B*, appointed Subordinate Judge [*or* Munsif] of   , do solemnly declare that I will faithfully perform the duties of my office to the best of my ability, knowledge and judgment"

[Subordinate Judges and Munsifs to be Civil Courts]

8 Every Subordinate Judge and Munsif under this Act shall be deemed to be a Civil Court within the meaning of the Code of Civil Procedure and of this Act

Ministerial Officers

[Appointment of ministerial officers]

9 All ministerial officers of the Courts of Subordinate Judges and Munsifs shall be nominated and appointed by those Courts respectively subject to the approval of the District Judge within whose jurisdiction such Courts are situate

Every such Court may, by order, fine, suspend or dismiss any of its ministerial officers who is guilty of any misconduct or neglect in the performance of the duties of his office But every such order shall be subject to appeal to the District Judge and the rules for the time being applicable to appeals to the Court of Session from orders of the Criminal Courts subordinate thereto shall apply to all appeals under this section

Nothing in this section shall exempt the offender from any penal or other consequences to which he may be liable under any other law in force for the time being

Suspension of Subordinate Judges and Munsifs

[Suspension by High Court or District Judge]

10 The High Court may, whenever it sees urgent necessity for so doing, suspend any Subordinate Judge under its control

[*Government Gazette, 5th May* 1868]

প্রতিজ্ঞার বিধি।

[প্রতিজ্ঞার কথা।]

৭ ধারা। ইহার পর এই আইনমতে যে প্রত্যেক ব্যক্তি নিযুক্ত হন তিনি যে জিলার জজ সাহেবের অধীন হইবেন, নিযুক্ত হইবার প্রাক্কালে ও পদের কর্ম্মে প্রবর্ত্ত হইবার পূর্ব্বে তাঁহার সম্মুখে এই প্রতিজ্ঞা করিবেন।

আমি অমুক অমুক স্থানের নিম্ন শ্রেণীর জজের (কিম্বা মুনসেফের) পদে নিযুক্ত হইয়া আপন ক্ষমতা ও জ্ঞান ও বুদ্ধিসাধ্যমতে আপন পদের কর্ম্ম বিশ্বস্তরূপে সম্পাদন করিব ধর্ম্মত এই প্রতিজ্ঞা করিলাম ইতি।

[নিম্ন শ্রেণীর জজের ও মুনসেফের দেওয়ানী আদালত হইবার কথা।]

৮ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ও এই আইনের ভাবানুসারে যাঁহাকে দেওয়ানী আদালত বলা গেল, এই আইনমত নিম্ন শ্রেণীর প্রত্যেক জজ ও মুনসেফ সেই দেওয়ানী আদালত জ্ঞান হইবেন ইতি।

আমলাদের বিধি।

[আমলাদিগকে নিযুক্ত করিবার কথা।]

৯ ধারা। নিম্ন শ্রেণীর জজদের ও মুনসেফদের আদালতের সকল আমলা ঐ২ আদালত কর্ত্তৃক মনোনীত হইয়া নিযুক্ত হইবেন। কিন্তু সেই২ আদালত যে জিলার জজ সাহেবের ক্ষমতাধীন স্থানে থাকে সেই নিয়োগ বিষয়ে তাঁহার অনুমোদনের আবশ্যক।

কোন আদালতের আমলা আপন পদের কর্ম্ম সম্পাদনকালে অন্যায়াচার কি শৈথিল্য দোষ করিলে সেই আদালত আজ্ঞা করিয়া তাঁহার অর্থদণ্ড করিতে কিম্বা তাঁহাকে কিঞ্চিৎকাল কি চিরকাল পদহইতে অপসর করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ প্রত্যেক আজ্ঞার উপর জিলার জজ সাহেবের নিকট আপীল হইতে পারিবে। সেশন আদালতের অধীন যে ফৌজদারী আদালত থাকে তাহার আজ্ঞার উপর ঐ সেশন আদালতে আপীল করিবার যে সময়ে যে বিধি বর্ত্তে, এই ধারামত সকল আপীলের প্রতি সেই বিধি বর্ত্তিবে।

যে সময়ে যে আইন প্রচলিত থাকে যদি উক্ত অপরাধী তদ্রূপ অন্য কোন আইনদ্বারা কোন দণ্ড কি অন্য ফলভোগের যোগ্য হন, তবে তিনি এই ধারার কোন কথার দ্বারা তাহাহইতে অব্যাহতি পাইবেন না ইতি।

নিম্ন শ্রেণীর জজদের ও মুনসেফদের কিঞ্চিৎ কাল অপসরণের বিধি।

[হাই কোর্ট কি জিলার জজ সাহেব কর্ত্তৃক অপসরণের কথা।]

১০ ধারা। হাই কোর্ট যখন আপনার অধীন কোন নিম্ন শ্রেণীর জজকে কিঞ্চিৎকালের নিমিত্তে কর্ম্মহইতে অবসর করা নিতান্ত আবশ্যক জ্ঞান করেন, তখন তাহা করিতে পারিবেন।

Whenever the High Court suspends any such Subordinate Judge, it shall forthwith report to the Local Government the circumstances of such suspension, and the Local Government may direct him to be removed from his office, or make such other order as the case may require

Any District Judge may whenever he sees urgent necessity for so doing, suspend any Munsif under his control.

Whenever the District Judge suspends any such Munsif he shall forthwith send to the High Court a full report of the case with the evidence, and the High Court shall make such order in the matter as it thinks fit

The High Court may at any time by order remove from his office or suspend any Munsif subject to its control

JURISDICTION

Local Limits of Jurisdiction

[Local limits of jurisdiction]

11 The Local Government may define and from time to time vary the local limits of the jurisdictions of Subordinate Judges and Munsifs

Pending Proceedings

[Jurisdiction over pending proceedings]

12 Every Court under this Act shall have the same jurisdiction over all proceedings pending in the Court for which it shall have been substituted as the Principal Sadr Amin Sadr Amin or Munsif (as the case may be) of such Court would have had if this Act had not been passed

Provided that every Munsif exercising jurisdiction under this Act within the local limits of a Sadr Munsifi shall have jurisdiction over all proceedings pending in the Court of the Sadr Amin immediately before the passing of this Act

EXTENT OF JURISDICTION

(*a*) – *Munsifs*

[Jurisdiction of Munsifs]

13 Munsifs are empowered to try all original suits cognizable by the Civil Courts of which the subject matter does not exceed in amount or value rupees one thousand

হাই কোর্ট নিম্ন শ্রেণীর জজকে কিয়ৎকালের নিমিত্ত কর্ম্মহইতে অবসর করিলে, গবর্ণমেণ্টের নিকট অগৌণে সেই অপসরণের বৃত্তান্ত জ্ঞাত করিবেন। তাহাতে স্থানীয় গবর্ণমেণ্ট সেই ব্যক্তির পদচ্যুত হইবার কিম্বা বিষয় বিবেচনায় যেমন প্রয়োজন হয় তেমনি আজ্ঞা করিতে পারিবেন।

কোন জিলার জজ সাহেব আপনার অধীন কোন মুনসেফকে কিয়ৎকালের নিমিত্তে অপসর করা নিতান্ত আবশ্যক জ্ঞান করিলে তাহা করিতে পারিবেন।

জিলার জজ সাহেব তদ্রূপ কোন মুনসেফকে কিয়ৎ কালের নিমিত্তে অবসর করিলে হাই কোর্টের নিকট প্রমাণ সহিত অগৌণে মোকদ্দমার সম্পূর্ণ বিবরণ পাঠাইবেন। তাহাতে হাই কোর্ট বিষয় বিবেচনায় যদ্রূপ বিহিত বোধ করেন তদ্রূপ আজ্ঞা করিবেন।

হাই কোর্ট কোন সময়ে আজ্ঞা করণদ্বারা আপনার অধীন কোন মুনসেফকে পদচ্যুত করিতে কিম্বা কিয়ৎকালের নিমিত্ত অপসর করিতে পারিবেন ইতি।

বিচারাধিপত্যের বিধি।

বিচারাধিপত্য স্থানের সীমা।

[ক্ষমতার স্থানীয় সীমার কথা।]

১১ ধারা। নিম্ন শ্রেণীর জজদের ও মুনসেফদের ক্ষমতা যে স্থানে ব্যাপ্ত হইবে স্থানীয় গবর্ণমেণ্ট সেই স্থানের সীমা নির্ণয় করিতে ও সময়ে২ পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

যে কার্য্য উপস্থিত আছে তদ্বিষয়ক বিধি।

[যে কার্য্য উপস্থিত আছে তৎসম্পর্কে ক্ষমতার কথা।]

২ ধারা। এই আইনমত প্রত্যেক আদালত যে আদালতের স্থলে স্থাপিত হয় সেই আদালতে মোকদ্দমাঘটিত যে কার্য্য উপস্থিত আছে, এই আইন প্রচলিত না হইলে প্রধান সদর আমীন কিম্বা বিষয়বিশেষে সদর আমীন কি মুনসেফস্বরূপ ঐ কার্য্যের উপর সেই আদালতের যে বিচারাধিপত্য থাকিত তাঁহার সেই ক্ষমতা থাকিবে।

কিন্তু এই আইনমতে যে মুনসেফ সদর মুনসেফীর সীমার মধ্যে বিচারাধিপত্য করিবেন, এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে সদর আমীনের আদালতে যে সকল মোকদ্দমা উপস্থিত ছিল, সেই সকল মোকদ্দমার উপর তাহার বিচারাধিপত্য থাকিবে ইতি।

বিচারাধিপত্যের ব্যাপকতার বিধি।

(ক) মুনসেফদের।

• [মুনসেফদের বিচারাধিপত্যের কথা।]

১৩ ধারা। যে বিষয় লইয়া বিবাদ হয় তাহা এক সহস্র টাকার অধিক কি অধিক মূল্যের না হইলে মুনসেফেরা দেওয়ানী আদালতের বিচার্য্য এমত সকল মোকদ্দমার আদৌ বিচার করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[Appeals to District Judge from Munsifs]

14 In all such suits in which an appeal is, for the time being, allowed by law an appeal shall lie from the decision of the Munsif to the District Judge to whose control he is subject

(b) —Subordinate Judges

[Original jurisdiction of Subordinate Judges]

15 Subordinate Judges are empowered to try all original suits cognizable by the Civil Courts of which the subject matter exceeds in amount or value rupees one thousand, and (if the District Judge shall have referred them under the Code of Civil Procedure) suits of which the subject matter is of any less amount or value

[Power to invest Subordinate Judges with Munsifs' powers]

16 The Local Government may invest any Subordinate Judge with the powers of a Munsif under section thirteen and may define and from time to time vary the local limits within which such powers are to be exercised

[Appellate jurisdiction of Subordinate Judges]

17 Every District Judge may from time to time, subject to the orders of the High Court refer to any Subordinate Judge under his control any appeals from decisions passed by Munsifs under section thirteen pending before the District Judge, and such Subordinate Judge shall hear and dispose of such appeals accordingly

[Appeals to District Judge from Subordinate Judges]

18 In suits decided by any Subordinate Judge in the exercise of his original jurisdiction of which the amount or value of the subject matter does not exceed rupees five thousand, an appeal shall lie to the District Judge to whose control such Subordinate Judge is subject

[Appeals to High Court from Subordinate Judges]

In all other suits decided by any Subordinate Judge whether in the exercise of his original or appellate jurisdiction, the appeal from the decision of such Judge shall be direct to the High Court

[High Court may order District Judge to transfer to a Subordinate Judge or Munsif certain civil proceedings]

19 The High Court may from time to time by order authorize the Judge of any District Court to transfer to a Subordinate Judge or Munsif subject to the control of such District Court

[মুনসেফের আজ্ঞার উপর জিলার জজ সাহেবের নিকটে আপীলের কথা।]

১৪ ধারা। যৎকালে যে আইন প্রচলিত থাকে তৎকালে উক্ত যে সকল মোকদ্দমার উপর আপীল হইতে পারে, মুনসেফ যে জিলার জজ সাহেবের অধীন থাকেন সেই মোকদ্দমায় ঐ মুনসেফের নিষ্পত্তির উপর ঐ জজ সাহেবের নিকটে আপীল হইতে পারিবে ইতি।

(খ) নিম্ন শ্রেণীর জজ।

নিম্ন শ্রেণীর জজের আদৌ বিচারাধিপত্যের কথা।]

৫ ধারা। যে বিষয় লইয়া বিবাদ হয় তাহা এক সহস্র টাকার অধিক কি অধিক মূল্যের হইলে, নিম্ন শ্রেণীর জজেরা দেওয়ানী আদালতের বিচার্য্য এমত সকল মোকদ্দমা আদৌ বিচার করিতে সক্ষম হইবেন। জিলার জজ সাহেব যদি তাঁহার প্রতি দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনমতে ন্যূন টাকার কি ন্যূন মূল্যের মোকদ্দমা অর্পণ করেন, তবে তাহাও বিচার করিতে পারিবেন ইতি।

[নিম্ন শ্রেণীর জজদিগকে মুনসেফের ক্ষমতা প্রদান করিবার ক্ষমতার কথা।]

১৬ ধারা। ত্রয়োদশ ধারামতে মুনসেফদের যে ক্ষমতা আছে স্থানীয় গবর্ণমেণ্ট নিম্ন শ্রেণীর কোন জজকে সেই ক্ষমতা প্রদান করিতে পারিবেন। এবং স্থানীয় যে সীমার মধ্যে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিতে হইবে, তাহাও নিরূপণ করিয়া সময়ে২ তাহা পরিবর্ত্তনও করিতে পারিবেন ইতি।

[নিম্ন শ্রেণীর জজদের আপীল শুনিবার ক্ষমতার কথা।]

৭ ধারা। মুনসেফ ত্রয়োদশ ধারামতে যে নিষ্পত্তি করেন জিলার জজ সাহেবের সম্মুখে তাহার উপর আপীল উপস্থিত করা গেলে তিনি হাই কোর্টের আজ্ঞার অপেক্ষায় তন্মধ্যে কোন২ আপীল সময়ে২ আপনার অধীন নিম্ন শ্রেণীর কোন জজের প্রতি অর্পণ করিতে পারিবেন। তাহা করিলে নিম্ন শ্রেণীর সেই জজ ঐ আপীল শুনিয়া নিষ্পত্তি করিবেন ইতি।

[নিম্ন শ্রেণীর জজের নিষ্পত্তির উপর জিলার জজ সাহেবের নিকট আপীলের কথা]

৮ ধারা। যে বিষয় লইয়া বিবাদ হয় তাহা পাঁচ সহস্র টাকার অধিক কি অধিক মূল্যের না হইলে, নিম্ন শ্রেণীর জজ আদৌ বিচার করিবার স্বীয় ক্ষমতানুসারে মোকদ্দমার যে নিষ্পত্তি করেন, তিনি যে জিলার জজ সাহেবের অধীন থাকেন তাঁহার নিকট তাঁহার সেই নিষ্পত্তির উপর আপীল হইতে পারিবে।

[নিম্ন শ্রেণীর জজের নিষ্পত্তির উপর হাই কোর্টে আপীল হইবার কথা।]

নিম্ন শ্রেণীর কোন জজ আদৌ কি আপীলক্রমে মোকদ্দমা শুনিবার ক্ষমতামতে অন্য যে সকল মোকদ্দমার নিষ্পত্তি করেন তাঁহার সেই নিষ্পত্তির উপর একেবারে হাই কোর্টে আপীল হইবে ইতি।

[নিম্ন শ্রেণীর জজের কিম্বা মুনসেফের প্রতি কোন২ দেওয়ানী কার্য্য অর্পণ করিতে জিলার জজ সাহেবকে হাই কোর্টের আজ্ঞা করিবার ক্ষমতার কথা]

১৯ ধারা। হাই কোর্ট সময়ে২ আজ্ঞা করণদ্বারা কোন জিলার আদালতের জজ সাহেবকে এই অনুমতি দিতে পারিবেন যে মোকদ্দমাভিন্ন দেওয়ানী যে কার্য্য কিম্বা কার্য্যশ্রেণী তৎকালে জিলার আদালতে উপ-

any civil proceedings (not being suits), or any class of such proceedings specified in such order and which may be then pending or may be thereafter instituted, in such District Court

All proceedings so transferred shall be disposed of by the Subordinate Judge or Munsif (as the case may be) according to the rules prescribed for the guidance of District Judges in the like cases

Provided that an appeal from the order of the Subordinate Judge or Munsif in such cases shall lie to the District Judge and a special appeal from his order thereon shall lie to the High Court if an appeal from the decision of the Judge in such proceedings is allowed by the law in force for the time being

(c) — Small Cause Court Powers

[Power to invest Subordinate Judge or Munsif with powers of Small Cause Court Judge]

20 The Local Government may invest, with in such local limits as it shall from time to time appoint, any Subordinate Judge with the jurisdiction of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such Courts up to the amount of rupees five hundred and any Munsif with the same jurisdiction up to the amount of rupees fifty and may whenever it thinks fit, withdraw such jurisdiction from the Subordinate Judge or Munsif so invested

[Power to invest Small Cause Court Judge with powers of Subordinate Judge]

21 Section 51 of Act No XI of 1865 *(to consolidate and amend the law relating to Courts of Small Causes beyond the local limits of the ordinary original civil jurisdiction of the High Courts of Judicature)* shall be read as if, for the words "Principal Sudder Ameen" the words "Subordinate Judge" were substituted

স্থিত থাকে কিম্বা পরে উপস্থিত করা যায় ঐ আজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট এমত কোন কার্য্য ঐ জিলার আদালতের অধীন নিম্ন শ্রেণীর জজ কি মুনসেফের প্রতি অর্পণ করেন।

তদ্রূপ যে সকল কার্য্য অর্পণ করা যায়, উক্ত স্থলে জিলার জজ সাহেবদের কার্য্য করিবার যে বিধান আছে নিম্ন শ্রেণীর জজ কিম্বা বিষয়বিশেষে মুনসেফ সেই বিধানানুসারে কার্য্য করিবেন।

কিন্তু উক্ত স্থলে নিম্ন শ্রেণীর জজের কি মুনসেফের আজ্ঞার উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল হইতে পারিবে। এবং যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে যদি উক্ত প্রকারের কার্য্যেতে জজ সাহেবের নিষ্পত্তির উপর আপীল হইতে পারে, তবে উক্ত জজের কি মুনসেফের আজ্ঞার উপর হাই কোর্টে খাস আপীল হইতে পারিবে ইতি।

(গ) ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ক্ষমতার বিধি।

নিম্ন শ্রেণীর জজের কি মুনসেফের প্রতি ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা প্রদান করিবার ক্ষমতার কথা।]

২০ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে মোকদ্দমার বিচার হইতে পারে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং স্থানীয় সীমা নিরূপণ করিয়া সেই সীমার মধ্যে পাঁচ শত টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমায় নিম্ন শ্রেণীর কোন জজকে, এবং পঞ্চাশ টাকা পর্য্যন্ত কোন মোকদ্দমায় কোন মুনসেফকে উক্ত আদালতের ক্ষমতা প্রদান করিতে পারিবেন। এবং বিহিত বোধ করিলে নিম্ন শ্রেণীর জজ কি মুনসেফ হইতে তদ্রূপ অর্পিত বিচারাধিপত্য হরণ করিতে পারে।

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রতি নিম্ন শ্রেণীর জজের ক্ষমতা প্রদান করিবার কথা।]

২১ ধারা। ১৮৬৫ সালের ১১ আইনের (অর্থাৎ ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক হাই কোর্টের সাধরণ প্রথম স্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহিভূত ক্ষুদ্র মোকদ্দমার আদালত বিষয়ক ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের) ৫১ ধারাতে প্রধান সদর আমীন এই কথার পরিবর্ত্তে নিম্ন শ্রেণীর জজ এই কথা দিয়া তাহা পাঠ করিতে হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

SCHEDULE

Number of Regulation or Act	Title or subjects	Extent of Repeal
Bengal Regulation XXIII of 1814	A Regulation for reducing into one Regulation, with amendments and modifications, the several Rules which have been passed regarding the office of Moonsiffs or Native Commissioners and of Sudder Ameens or Head Commissioners for modifying and extending their respective powers in the trial and decision of Civil Suits, and for authorizing them to discharge certain additional duties under the direction of the Zillah and City Judges	So much as has not been repealed
Bengal Regulation XVIII of 1817	A Regulation to modify the Rules in Force which prescribe an Oath of Office, to be taken by certain Native Officers, and to explain and amend other Provisions relative to the Native Ministerial Officers and Law Officers of the Civil and Criminal Courts	So far as relates to Principal Sadr Amins, Sadr Amíns and Munsifs
Bengal Regulation V of 1831	A Regulation for extending the Powers of Moonsiff and Sudder Ameens in the trial of Civil Suits, and for authorizing the Appointment of Principal Sudder Ameens at the Zillah and City Stations, for modifying the powers and duties of the Zillah City and Provincial Courts in connection with those arrangements, and for enlarging the Spere of Selection with regard to the Offices of Moonsiff and Vakeel	So much as has not been repealed
Bengal Regulation VII of 1832	A Regulation for modifying certain of the Provisions of Regulation V 1831 and for providing Supplementary Rules, to that Enactment	The whole Regulation, except so much of section 8 as provides that the rule contained in section XV Regulation IV, 1793 and the corresponding enactment contained in clause first, section XVI Regulation III 1803, shall be the rule of guidance in all suits regarding succession, inheritance, marriage and caste, and all religious usages and institutions, that may arise between persons professing the Hindoo and Mahomedan persuasions respectively
Act No VIII of 1836	Bengal judiciary system	The whole
Act No XXV of 1837	Bengal judiciary system	So much as has not been repealed
Act No XXXVII of 1850	For regulating inquiries into the behaviour of Public Servants	Section 24

WHITLEY STOKES,
Asst Secy to the Govt of India,
Home Dept (Legislative)

[*Government Gazette*, 5*th May* 1868]

তফসীল।

আইনের নম্বর।	নাম কি বিষয়।	যে পর্য্যন্ত রহিতহইল।
বঙ্গদেশীয় ১৮১৪ সা ২৩ আ	সদর আমীন ও মুনসেফদিগকে নিযুক্ত করণের বিষয়ি পূর্ব্বের চলিত কএক আইনের কোন২ কথা ফেরফার করিয়া এক আইনেতে সংগ্রহ করিবার এবং ঐ সদর আমীন ও মুনসেফদিগের নিকটে উপস্থিত হওয়া মোকদ্দমার বিচার ও নিষ্পত্তির বিষয়ে তাহারদিগের যে ক্ষমতা আছে তাহা শুধরিবার ও বাড়াইবার এবং জিলা ও শহরের জজ সাহেবদিগের হুকুমতের ভাবেতে অন্য২ কর্ম্ম নির্ব্বাহ করিবার ক্ষমতা তাহাদিগেরে দিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই সেই অংশ।
বঙ্গদেশীয় ১৮১৭ সা ১৮ আ	এদেশীয় কোন২ আমলা লোকের আপন২ পাওয়া কর্ম্মে প্রবর্ত্ত হওনের পূর্ব্বে হলফ অর্থাৎ দিব্যকরণের বিষয়ে এইক্ষণে যে সকল হুকুম চলন আছে তাহা শুধরিবার এবং অন্য যে২ কথা আদালতের এদেশ নিবাসি আমলার ও দেওয়ানী ও ফৌজদারী আদালতের মৌলবী ও পণ্ডিত লোকের সহিত সম্পর্ক রাখে তাহা শুধরিবার ও বিবরিয়া লিখিবার আইনের	যে কথা প্রধান সদর আমীনের ও সদর আমীনের ও মুনসেফের সহিত সম্পর্ক রাখে তাহা।
বঙ্গদেশীয় ১৮৩১ সা ৫ আ	দেওয়ানী মোকদ্দমার বিচারের বিষয়ে মুনসেফ ও সদর আমীনদিগের অধিক ক্ষমতা দিবার এবং জিলা ও শহরে প্রধান সদর আমীনদিগকে নিযুক্ত করিবার এবং জিলা ও শহর ও প্রবিন্স্যাল কোর্টের কর্ম্ম ও ক্ষমতা ঐ বন্দোবস্তের কারণ শুধরিবার এবং মুনসেফ ও উকীলের পদে লোক বাচনি করিয়া লইবার ক্ষমতা বাড়াইবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই সেই অংশ।
বঙ্গদেশীয় ৮৩২ সা ৭ আ	ইংরাজী ১৮৩১ সালের ৫ আইনের কোন২ হুকুম মতান্তর করিবার এবং ঐ আইনের বিষয়ি অন্য কতক হুকুম নির্দ্দিষ্ট করিবার আইনের	১৭৯৩ সালের ৪ আইনের ১৫ ধারাতে ও তদনুযায়ি ১৮০৩ সালের ৩ আইনের ১৬ ধারার প্রথম প্রকরণে যে বিধি আছে হিন্দু ও মহম্মদীয় ধর্ম্মাবলম্বিদের মধ্যে উত্তরাধিকারিত্ব ও দায়ভাগ ও বিবাহ ও জাতি এবং ধর্ম্ম রীতি ও নিয়মসংক্রান্ত সকল মোকদ্দমায় সেই বিধিমতে কর্ম্ম করিতে হইবে। ৮ ধারার যে অংশে এই বিধান হইয়াছে তদ্ভিন্ন সম্পূর্ণ আইন।
১৮৩৬ সা ৮ আ	বঙ্গদেশীয় বিচারসংক্রান্ত নিয়মবিষয়ক	সম্পূর্ণ আইন।
৮৩৭ সা ২৫ আ	বঙ্গদেশীয় বিচারসংক্রান্ত নিয়মবিষয়ক আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় সেই অংশ।
১৮৫০ সা ৩৭ আ	সরকারী কর্ম্মকারকেরদের আচরণের বিষয়ের তদারকের নিয়ম করণের আইনের	২৪ ধারা।

হুইটলি ষ্টোকস।
দেশীয় ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT

THE following Report of the Select Committee, together with the Re Amended Bill, is, by order of the President, published for general information —

WE, the Members of the Select Committee appointed to re consider the Bill " to make further provision for the survey of Steam Vessels plying within the Provinces subject to the Lieutenant Governor of Bengal," have the honor to report as follows —

We have considered the amendments proposed in Council and the papers noted in the below * and, with a few verbal alterations, recommend that they should be adopted

We have also added a Section providing for the time of the Act coming into operation

STUART HOGG
H KNOWLES
PEARY CHAND MITTRA
THOS ALCOCK

The 7th April 1868

A Bill to make further provision for the Survey of Steam Vessels plying within the Provinces subject to the Lieutenant Governor of Bengal

[Preamble]

WHEREAS it is expedient to make further provision for the survey by competent Surveyors of steam vessels plying on the rivers or waters within the Provinces subject to the Lieutenant Governor of Bengal, It is enacted as follows —

[Steam vessels to be liable to survey]

I For Section I of Act V of 1862 passed by the Lieutenant Governor of Bengal in Council, entitled an Act to provide for the periodical survey of steam vessels in the Port of Calcutta, shall be substituted the words following —" All steam vessels plying on any of the rivers or waters within the Provinces subject to the Lieutenant Governor of Bengal, except steam vessels which may ply to and from some port not in British India, shall be liable to be surveyed

---

* **Extract from a letter from the Engineer Surveyor Port of Calcutta, dated 30th June 1865**

From Master Attendant, dated 24th February 1868.

From Under-Secretary to Government of Bengal, dated 2nd March 1868.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

সভাপতি সাহেবের আজ্ঞাক্রমে মনোনীত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট ও পুন শংসোধিত পাণ্ডুলিপি সর্ব্ব সাধারণের জানিবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

মনোনীত কমিটীর অন্তর্গত আমরা " বঙ্গদেশেব শ্রীযুত লেপ্টেলেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যে যে সকল ষ্টীমব গমনাগমন করিয়া থাকে তাহার অবস্থার অনুসন্ধান করিবার অধিক বিধান করণার্থ" আইনের পাণ্ডুলিপি পুনবায় বিবেচন, কবিতে নিযুক্ত হইয়া নিম্নলিখিত রিপোর্ট অর্পণ করিতেছি।

মন্ত্রিসভায যে২ অংশ সংশোধন করিবার প্রস্তাব হইয়াছে তাহ, ও নিম্ন লিখিত পত্রাদি বিবেচনা পূর্ব্বক কএক শব্দ মাত্র পরিবর্ত্তন করিয়া তাহার গ্রাহ্য হইবার পরামর্শ দিয়াছি।

আবো এই আইন প্রচলিত হইবার সময নিরূপণের এক ধারা কবিয়াছি।

ষ্টুআর্ট হগ।
এচ নোল্‌স।
পেযাবীচাঁদ মিত্র।
তামস আলকক।

৮৬৮ সাল ৭ আপ্রিল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবণর সাহেবের শাসিত দেশেব মধ্যে যে সকল ষ্টীমর গমনাগমন করিয়া থাকে তাহার অবস্থাব অনুসন্ধান করিবার অধিক বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বঙ্গদেশেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত নদীতে কি জলে যে২ ষ্টীমর গমনাগমন করে উপযুক্ত সববেয়রদের দ্বারা সেই সকল ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করিবার অধিক বিধান করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[যে২ ষ্টীমরের অবস্থানুসন্ধান করিতে হইবে তন্নির্ণযের কথা।]

১ ধারা। " কলিকাতা বন্দরে বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান নিরূপিত সময়ে২ লওনের বিধান করণার্থ আইন" নামে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬২ সালের ৫ আইনেব ১ ধারার পরিবর্ত্তে এই কথা পাঠ করিতে হইবে, যথা, যে২ ষ্টীমর ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন বন্দরে যাত.যাত করিয়া থাকে তদ্ভিন্ন যে সকল ষ্টীমর বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত কোন নদীতে কি জলে গমনাগমন করে ১৮৬২ সালের উক্ত ৫ আইনের

---

* কলিকাতা বন্দরের ইঞ্জিনর সর্বেয়র সাহেবের ১৮৬৫ সালের ৩০ জুন তারিখের পত্রহইতে গৃহীত কথা।

মাষ্টর আটেণ্ডাণ্ট সাহেবের ১৮৬৮ সালের ২৪ ফেব্রুআরি তারিখের পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৮ সালের ২ মার্চ তারিখের পত্র।

twice in every year in the manner prescribed in the said Act V of 1862 "

[Power to appoint ports of survey]

II It shall be lawful for the Lieutenant Governor, by an order to be published in the *Calcutta Gazette,* to appoint any ports or places, in the provinces subject to his Government to be Ports of Survey for the purposes of the said Act V, 1862, and of this Act

[Other ports of survey added to Calcutta in former Act]

III In Sections 3 5 6 and 7 of the said Act V of 1862, the words or any other port of survey' shall be deemed and taken to be inserted therein after the word 'Calcutta' wherever the said word may occur in the said Sections and from and after the passing of this Act the said Sections shall be read and construed as if the said words had been so inserted

[Absence from and arrival at Port of Survey to be subsituted for absence from and return to Calcutta]

IV In Section 12 of the said Act V of 1862, the words 'shall not be in any port of survey shall be substituted for the words 'is absent from the Port of Calcutta ' and the words "arrival at some port of survey' shall be substituted for the words return to the port of Calcutta ' and the said Section shall from and after the passing of this Act, be read and construed as if the said words so to be substituted had been originally inserted in the said Act, instead of the said words for which they are so to be substituted

[Power to impose additional fees]

V It shall be lawful for the Lieutenant Governor from time to time, by an order to be published in the *Calcutta Gazette,* to direct that in any Port of Survey other than Calcutta, in addition to the fees imposed by the said Act V of 1862, there shall be paid, for every survey of a steam vessel in such port, by the owner or master thereof, such further fee, for or towards the expense of the journey of a Surveyor to such port, as in such order shall be set forth, and from time to time in like manner to alter, vary or revoke any such order and every fee so to be payable shall be recoverable by the ways and means in the said Act provided for the recovery of the fees thereby imposed

[Examinations to be instituted for Engineers]

VI Examinations shall be instituted for persons who intend to become Engineers of Steamers, or who wish to procure Certificates of Competency hereinafter mentioned

নির্দ্দিষ্টমতে বৎসরে দুইবার তাহার অবস্থার অনুসন্ধান লইতে হইবে ইতি।

[অবস্থার অনুসন্ধানার্থ বন্দর নিরূপণ করিবার ক্ষমতার কথা।]

২ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে আজ্ঞা প্রচার করিয়া ১৮৬২ সালের উক্ত ৫ আইনের ও এই আইনের উদ্দেশ্য সাধন করিবার জন্যে স্বীয় শাসিত দেশের মধ্যে অবস্থানুসন্ধানের বন্দরস্বরূপ কোন২ বন্দর কি স্থান নিরূপণ করিতে পারিবেন ইতি।

[পূর্ব্ব আইনে "কলিকাতা বন্দর" ঐ কথার পর "অন্য২ বন্দর" দিবার কথা।]

৩ ধারা। ১৮৬২ সালের উক্ত ৫ আইনের ৩, ৫, ৬, ও ৭ ধারার মধ্যে যে স্থলে "কলিকাতা" শব্দ আছে তাহার অব্যবহিত পরেই ' ও অবস্থানুসন্ধানের অন্য কোন বন্দর" এই কথা যেন প্রয়োগ হইল এমত জ্ঞান ও বোধ করিতে হইবে। সেই কথা যেন উক্ত ধারার মধ্যে আছে এই আইন প্রচলিত হইবার সময়াবধি ঐ ধারা এমতে পাঠ করিতে ও তাহার অর্থ করিতে হইবে ইতি।

[কলিকাতা বন্দরে না থাকা ও কলিকাতায় প্রত্যাগমন করা এই২ কথার পরিবর্ত্তে ' অবস্থানুসন্ধানের বন্দরে না থাকা ও তথায় প্রত্যাগমন করা" পাঠ্য হইবার কথা।]

৪ ধারা। ১৮৬২ সালের উক্ত ৫ আইনের ১২ ধারার মধ্যে " কলিকাতা বন্দরে না থাকে ' এই কথার স্থানে " অবস্থানুসন্ধানের কোন বন্দরে না থাকে" এই কথা পাঠ করিতে হইবে। এবং ' কলিকাতা বন্দরে প্রত্যাগমনের পর ' এই কথার স্থলে " অবস্থানুসান্ধানের কোন বন্দরে পঁহুছিবার পর" এই কথা পাঠ করিতে হইবে, এবং উক্ত আইনের মধ্যে পূর্ব্বোক্ত কথার স্থলে শেষোক্ত কথা যেন আদৌ মুদ্রিত হইয়াছে এই আইন প্রচলিত হইবার কালাবধি উক্ত ধারা এমতে পাঠ করিতে হইবে ইতি।

[অধিক ফী ধার্য্য করিবার ক্ষমতার কথা।]

৫ ধারা। ৮৬২ সালের উক্ত ৫ আইনমতে যে ফী ধার্য্য হইয়াছে কলিকাতাভিন্ন অবস্থানুসন্ধান করিবার কোন বন্দরে ষ্টীমরের প্রত্যেকবার অবস্থানুসন্ধান করিবার জন্যে সরবেয়রের সেই বন্দরে যাইবার যে খরচ হয় তদুপলক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞাপত্রক্রমে অধিক যত ফী নির্দ্দিষ্ট করেন ঐ ষ্টীমরের স্বামির কি অধ্যক্ষের তত ফী দিতে হইবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া এই আদেশ করিতে পারিবেন। এবং সময়ে২ সেই প্রকারে তদ্রূপ কোন আজ্ঞা মতান্তর কি পরিবর্ত্তন কি অন্যথা করিতে পারিবেন। এবং উক্ত আইনের নির্দ্ধারিত ফী অদায় করিবার যে পন্থা ও উপায় উক্ত আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে উক্ত প্রকারে যে ফী দাতব্য হয় তাহাও আদায় করিবার সেই পন্থা ও উপায় ইতি।

[ইঞ্জিনিয়রদিগের পরীক্ষা গ্রহণের কথা।]

৬ ধারা। যে ব্যক্তিরা ষ্টীমরের ইঞ্জিনিয়র হইতে মনস্থ করেন কিম্বা কর্ম্ম যোগ্যতার নিম্নলিখিত প্রকারের সর্টিফিকট পাইতে ইচ্ছা করেন তাঁহারদের পরীক্ষা দিবার বিধান হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

[The Examiners and Rules of Examination to be provided]

VII The Lieutenant Governor, or any Board or Officer duly authorized by him in that behalf shall, from time to time, nominate two or more competent persons for the purpose of examining the qualifications of the applicants for examination, and may make rules for the conduct of such examinations, and as to the qualifications to be required, and the fees to be paid by all applicants for examination

[Certificates of Competency to be given]

VIII The Lieutenant Governor, or such Board or Officer as aforesaid, shall deliver to every applicant who is reported by the examiners to have passed the examination satisfactorily a certificate (hereinafter called a " Certificate of Competency") to the effect that he is competent to act as Engineer

[Certificates of Service to be given]

IX Every person who, before the passing of this Act, has served for a period not less than one year as First or only Engineer in any Steam Vessel, or who has attained or shall attain the rank of First Class Assistant Engineer in the Service of Her Majesty, shall be entitled to a Certificate of Service Each of such Certificates of Service shall contain particulars of the name and of the length and nature of the previous service of the person to whom it is delivered, and the Lieutenant Governor or such other authority as aforesaid, shall deliver such Certificates of Service to the various persons so respectively entitled thereto, upon their proving themselves to have attained such rank, or to have served as aforesaid, and upon their giving a full and satisfactory account of the particulars aforesaid, and on payment of such fees as the Lieutenant Governor shall, by an order published in the *Calcutta Gazette*, from time to time, direct

[No Certificate of Survey if vessels have not a Certificated Engineer]

X No Certificate of Survey under the said Act V of 1862, or of this Act, shall be granted for any Steam Vessel, unless it shall have as its Engineer an Engineer possessing a Certificate of Competency or a Certificate of Service

[Penalty for plying without a Certificated Engineer]

XI The Owner, and also the Master, of any Steam Vessel subject to this Act, which shall ply on any of the rivers or waters in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, without having in charge of the engines thereof

[পরীক্ষক ও পরীক্ষার বিধি নিরূপণের কথা ।]

৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কিম্বা তিনি এতৎপক্ষে বিধি করণার্থে যে বোর্ডকে কি যে কার্য্যকারককে নিয়মিতরূপে ক্ষমতাপন্ন করেন সেই বোর্ড কি কর্ম্মকারক সময়ে২ পরীক্ষাকাঙ্ক্ষি ব্যক্তিদের যোগ্যতার পরীক্ষা গ্রহণ করিবার জন্যে দুই কি তদধিক উপযুক্ত ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন। এবং ঐ পরীক্ষার কার্য্যপ্রণালী ও যে২ বিষয়ের অভিজ্ঞতা প্রয়োজন ও পদাকাঙ্ক্ষিদের যত ফী দিতে হইবে, এই সকল বিষয়ের বিধি করিতে পারিবেন ইতি।

[যোগ্যতার সর্টিফিকট দেওনের কথা ।]

৮ ধারা। ইনি সন্তোষজনকরূপে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন পরীক্ষকেরা যে প্রত্যেক ব্যক্তির পক্ষে এই মর্ম্মের রিপোর্ট করেন, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত বোর্ড কি কার্য্যকারক তাঁহাকে ইঞ্জিনিয়রের কর্ম্মযোগ্যতার সর্টিফিকট দিবেন। ইহার পশ্চাৎ সকল ধারাতে সেই সর্টিফিকট কর্ম্ম যোগ্যতার সর্টিফিকট বলিয়া ব্যক্ত হইয়াছে ইতি।

[কর্ম্মের সর্টিফিকট দিবার কথা ।]

৯ ধারা। কোন ব্যক্তি এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে এক বৎসরের অন্যূনকালাবধি কোন ষ্টীমরে প্রথম কি একলা ইঞ্জিনিয়রের কর্ম্ম করিলে তিনি, এব শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টীমরে কর্ম্ম করিয়া যে ব্যক্তি প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়রের পদ প্রাপ্ত হইলেন কি হন তিনি কর্ম্মের সর্টিফিকট পাইবার স্বত্ববান। উক্ত কর্ম্মের সর্টিফিকট যাঁহাকে দেওয়া যায়, ঐ সর্টিফিকটে তাঁহার নাম ও তিনি তৎপূর্ব্বে যত কাল যে প্রকারের কর্ম্ম করিয়াছেন, এই সকল বিবরণ লেখা যাইবে। কোন ব্যক্তি পূর্ব্বোক্ত পদ প্রাপ্ত হইয়াছেন কিম্বা পূর্ব্বোক্ত কর্ম্ম করিয়াছেন ইহার প্রমাণ করিলে, এবং পূর্ব্বোক্ত বিবরণ সম্পূর্ণ ও হৃদ্বোধজনকরূপে দিলে এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া যত টাকা ফী নিরূপণ করেন তত টাকা দিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক তদ্রূপ স্বত্বপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তিকে কর্ম্মের সর্টিফিকট দিবেন ইতি।

[কোন ষ্টীমরের সর্টিফিকটপ্রাপ্ত ইঞ্জিনিয়র না থাকিলে অবস্থানুসন্ধান করিবার সর্টিফিকট না দিবার কথা ।]

০ ধারা। কোন ষ্টীমরের ইঞ্জিনিয়র কর্ম্মযোগ্যতার সর্টিফিকট কিম্বা কর্ম্মের সর্টিফিকট প্রাপ্ত না হইলে ১৮৬২ সালের উক্ত ৫ আইনমতে কিম্বা এই আইনমতে সেই ষ্টীমরের অবস্থানুসন্ধানের সর্টিফিকট দেওয়া যাইবে না ইতি।

[সর্টিফিকটপ্রাপ্ত ইঞ্জিনিয়রভিন্ন গমনাগমন করিলে দণ্ডের কথা ।]

১১ ধারা। এই আইনের অধীন যে ষ্টীমর বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত প্রদেশের নদনদীতে কি জলে গমনাগমন করে, ঐ ষ্টীমরের কলের অধ্যক্ষতার ভার যাঁহার প্রতি অর্পিত হয় তিনি যদি কর্ম্মের সর্টিফিকট কিম্বা কর্ম্ম যোগ্যতার

[*Government Gazette*, 5th *May* 1868]

an Engineer possessing a Certificate of Service or a Certificate of Competency, shall be liable to a fine not exceeding five hundred Rupees

[Withdrawal of Certificate]

XII It shall be lawful for the Lieutenant Governor, or such Board or authority as afore said, in case of the misconduct, negligence or incompetency of any Engineer possessing a Certificate of Competency, or a Certificate of Service, to cancel such Certificate or to suspend the same for such time as to him or them shall seem fit

[English Certificates to be available]

XIII Every Engineer's Certificate of Competency or Service, which may be granted by any competent authority in the United Kingdom, shall have in all respects the same validity and effect as if the same had been granted under the provisions of this Act

[Certificates to be made in duplicate]

XIV All Certificates whether of Competency or Service, shall be made in duplicate and one part shall be delivered to the person entitled to the Certificate, and the other shall be kept and recorded as the Lieutenant Governor shall direct. A note of all orders made for cancelling, suspending altering or otherwise affecting any Certificate in pursuance of the powers herein contained, shall be entered in the record of Certificates

[Copy of Certificate to be delivered]

XV Whenever any Engineer proves to the satisfaction of the Lieutenant Governor, or such other authority as aforesaid, that he has without fault on his part, lost or been deprived of any Certificate already granted to him a copy of the Certificate to which, by the record so kept as aforesaid, he appears to be entitled shall be delivered to him, and shall have all the effect of the original

[Short Title

XVI In citing this Act it shall be sufficient to use the expression "The Steam Boat Survey Amendment Act 1868"

[Commencement of Act]

XVII This Act shall commence and take effect, as to Sections X and XI upon the 1st day of September 1868, and as to the residue thereof, on the 1st day of May 1863

[Construction of Act]

XVIII This Act shall be read together with and as part of, the said Act V of 1862

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

সর্টিফিকটপ্রাপ্ত ইঞ্জিনিয়র না হন, তবে সেই ষ্টীমরের স্বামির এবং অধ্যক্ষের পাঁচ শত টাকা পর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

[সর্টিফিকট নিরস্ত করিবার কথা।]

১২ ধারা। যে ইঞ্জিনিয়র কর্ম্মযোগ্যতার সর্টিফিকট কিম্বা কর্ম্মের সর্টিফিকট প্রাপ্ত হন, তিনি কোন সময়ে অন্যায়াচরণ কিম্বা শৈথিল্য করিলে কিম্বা অযোগ্যতা প্রকাশ করিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত বোর্ড কি কার্য্যকারক ঐ সর্টিফিকট ব্যর্থ করিতে পারিবেন কিম্বা তিনি কি তাঁহারা যত কাল বিহিত বোধ করেন তত কাল তাহা স্থগিত রাখিতে পারিবেন ইতি।

[ইঙ্গলণ্ডীয় সর্টিফিকটের সফলতার কথা।]

১৩ ধারা। কোন ইঞ্জিনিয়র সংযুক্ত রাজ্যের অন্তর্গত উপযুক্ত ক্ষমতাপন্ন কোন ব্যক্তির স্থানে কর্ম্মযোগ্যতার কি কর্ম্মের যে সর্টিফিকট প্রাপ্ত হন, তাহা সর্ব্বতোভাবে এই আইনের বিধানমতে প্রাপ্ত সর্টিফিকটের ন্যায় সিদ্ধ ও সফল হইবে ইতি।

[সর্টিফিকট দুইং খান করিয়া লিখিবার কথা।]

১৪ ধারা। কর্ম্মযোগ্যতার কিম্বা কর্ম্মের যে সকল সর্টিফিকট দেওযা যায তাহা দুইং খান করিয়া লিখিতে হইবে। যিনি সর্টিফিকট পাইবার স্বত্ববান তাহাকে এক প্রস্থ দেওযা যাইবে, ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যদ্রূপ আজ্ঞা করেন অন্য প্রস্থ তদ্রূপ রাখিতে ও লিখিয়া রক্ষা করিতে হইবে। এই আইনলিখিত ক্ষমতানুযায়ি যে আজ্ঞাক্রমে কোন সর্টিফিকট ব্যর্থ কি স্থগিত কি পরিবর্ত্তন করা যায় কিম্বা তাহার অন্য প্রকারে লাভ কি ক্ষতি হয়, সর্টিফিকট লিখিবার বহীতে সেই সকল আজ্ঞার মর্ম্মাত্মক কথাও লিখিতে হইবে ইতি।

[সর্টিফিকটের প্রতিলিপি দিবার কথা।]

১৫ ধারা। কোন ইঞ্জিনিয়র কোন সর্টিফিকট পাইয়াছেন কিন্তু তাহার কোন দোষভিন্ন সেই সর্টিফিকট হারাইয়াছে কিম্বা তাহা অপহৃত হইয়াছে, এমত স্থলে তিনি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের হৃদ্বোধমতে সেই বিষয়ের প্রমাণ করিলে, তাঁহাকে যে সর্টিফিকট পাইবার স্বত্ববান জানা গেল, পূর্ব্বোক্ত যে বহী রাখা যায় তাহা হইতে সেই সর্টিফিকটের প্রতিলিপি দেওয়া যাইবে। ও তাহা আদিম সর্টিফিকটের তুল্য ফলবৎ হইবে ইতি।

[সংক্ষেপ নামের কথা।]

১৬ ধারা। এই আইনের উল্লেখ করিলে, "ষ্টীমপোতের অবস্থানুসন্ধান সংশোধন করিবার ১৮৬৮ সালের আইন" নামে উল্লেখ করিলেই হয় ইতি।

[আইন প্রচলিত হইবার তারিখের কথা।

১৭ ধারা। এই আইনের ১০ ও ১১ ধারার পক্ষে এই আইন ৮৬৮ সালের সেপ্টেম্বর মাসের ১ দিবস ও অবশিষ্টাংশ ১৮৬৮ সালের মে মাসের ১ দিবসাবধি আরম্ভ হইযা প্রবল হইবে ইতি।

[আইনের অর্থের কথা।]

১৮ ধারা। এই আইন ১৮৬২ সালের উক্ত ৫ আইনের সহিত তাহার অংশস্বরূপে পাঠ করিতে হইবে ইতি।

It was at the Meeting of the Council held on the 18th April proposed that the following Sections should be introduced —

[Power to investigate cause of explosions]

Whenever any explosion shall occur on board of any Steam Vessel subject to this Act, it shall be lawful for the Lieutenant Governor, if he shall think fit, to direct that investigation of the cause of such explosion be made

[Power to remove portions of engines for investigation]

Every person authorized by the Lieutenant Governor to make such investigation may enter into and upon such Steam Vessel with all necessary workmen and laborers, and remove any portion of such Steam Vessel, or of the machinery thereof, for the purpose of such investigation, and shall report the cause of such explosion

[Expense of investigations]

The expense of making such investigation shall in the first place be paid from the public Treasury, but in case the person making such investigation shall report that such explosion occurred in consequence of any negligence or misconduct of the owners of such Steam Vessel, or of their servants, the amount of such expense so paid may be recovered from them as if the same were a fine imposed under the authority of this Act

[Act not to apply to private steam boats]

Nothing in Act V of 1862 or in this Act contained shall apply to Steamers which do not ply for hire with passengers or goods or as Steam Tugs

J PITT KENNEDY

Asstt Secy to the Government of Bengal,
(Legislative Dept)

CIRCULAR ORDER BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

(CRIMINAL SIDE)

No 3

From C D FIELD Esq Registrar of the High Court of Judicature at Fort William in Bengal to all Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces,—(dated Calcutta, the 16th April 1868)

THE Court direct that in future blank Statements be not sent up with the quarterly Returns,

আপ্রিল মাসের ১৮ দিবসে মন্ত্রিসভার অধিবেশন হইলে, নিম্নলিখিত ধারা সংযোগ করিবার প্রস্তাব হইয়াছে।

[শব্দ করিয়া ফাটিবার হেতুর অনুসন্ধান লইবার ক্ষমতার কথা।]

যদি এই আইনের অধীন কোন ষ্টীমরে হঠাৎ কোন বিষয় শব্দ করিয়া ফাটে, তবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বিহিত বোধ করিলে, তাহার হেতুর অনুসন্ধান লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[অনুসন্ধান লইবার জন্যে কলের কোন অংশ সরাইয়া রাখিবার ক্ষমতার কথা।]

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তদ্রূপ অনুসন্ধান লইবার জন্যে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি প্রয়োজনীয় সকল কর্ম্মকারক ও মজুর লইয়া সেই জাহাজে ও তাহার ভিতরে যাইতে পারিবেন এবং তদ্রূপ অনুসন্ধান লইবার জন্যে ঐ ষ্টীমরের কিম্বা তাহার কলের কোন অংশ সরাইয়া দিতে পারিবেন ও ফাটিবার হেতুর রিপোর্ট করিবেন ইতি।

[অনুসন্ধান লইবার খরচের কথা।

তদ্রূপ অনুসন্ধান লইবার খরচ প্রথমে রাজ কোষ হইতে দেওয়া যাইবে। কিন্তু ঐ বিষয় ষ্টীমরের স্বামিদের কি চাকরদের কোন শৈথিল্য কি অন্যায়াচার প্রযুক্ত ফাটিল ঐ অনুসন্ধানকারী যদি এইমত রিপোর্ট করেন, তবে উক্ত যে খরচ দেওয়া গিয়াছে তাহা তাহারদের স্থানে আদায় হইতে পারিবে। এই আইনক্রমে অর্থদণ্ড হইলে তাহা আদায় করিবার যে উপায়, ঐ খরচও সেই উপায়ে আদায় হইবে।

[সাধারণ ব্যক্তির ষ্টীমপোতের প্রতি এই আইন না বর্ত্তিবার কথা।]

যে ষ্টীমর ভাড়া লইয়া স্থানে২ চড়নদারদিগকে কিম্বা মাল লইয়া যায় কিম্বা যাহা ষ্টীম টগ হয় ১৮৬২ সালের ৫ আইনের ও এই আইনের কোন কথা তদ্ভিন্ন কোন ষ্টীমরের প্রতি বর্ত্তিবে না।

জে পিট কেনিডী।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON *Bengalee Translator*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

ফৌজদারী পক্ষ।

৩ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ও আইন বহির্ভূত প্রদেশের ফৌজদারী সকল কর্তৃপক্ষের নিকট বঙ্গপ্রভৃতি দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত সি ডি ফীলড সাহেবের পত্র।

কলিকাতা ১৮৬৮ সাল ১৬ আপ্রিল।

হাই কোর্টের সাহেবেরা আজ্ঞা করিয়াছেন যে ত্রৈমাসিক রিটর্ণের সহিত যে বিবরণপত্র পাঠাইবার আজ্ঞা

[*Government Gazette, 5th May* 1868]

as they only cumber the Office Whenever, therefore, the Whipping Statement or the Statement of Solitary Confinement is blank, a note to that effect will be entered at the back of the Statement No 1 to 5 in the column of remarks, and the blank Statements will not be sent up

By Order of the High Court

(Signed) C D Field
Registrar

HOME DEPARTMENT

Notification

Public

Fort William, the 25th April 1868
No 2050

A vacancy having occurred in the Council of the Governor General by the departure to Europe otherwise than on sick leave of the Right Honorable W N Massey, and the Honorable Sir Richard Temple k c s i, having been appointed by Her Majesty to be an Ordinary Member of the Council of the Governor General of India, has this day taken the oaths and his seat in the said Council under the usual salute

E C Bayley
Secy to the Govt of India

Notification

The Viceroy and Governor General will leave the Presidency by Special Train at 5 o clock on the afternoon of Friday, the 1st May

His Excellency will remain during the—
2nd and 3rd at Bankipore
4th at Allahabad,
5th at Delhi
6th at Umballa and
7th at Kussowlie

The Viceroy will arrive in Simla on the morning of Saturday, the 9th May

By Command,

Seymour Blane, *Lieut Col*,
Mily Secy to the Viceroy

আছে তাহাতে যদি কোন কথা লেখা না থাকে, তবে পাঠাইতে হইবে না। পাঠাইলে কেবল দপ্তরের স্থান যোড়া হয়। অতএব যদি কশাঘাতের কি নির্জ্জনে কারাবদ্ধ হওয়ার বিবরণপত্রে কোন কথা লেখা না থাকে তবে ১ অবধি ৫ পর্য্যন্ত বিবরণপত্রের পৃষ্ঠে মন্তব্য কথার ঘরে সেই কথা লিখিতে হইবে। শাদা বিবরণ পত্র পাঠাইতে হইবে না।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।
John Robinson, *Bengalee Translator*

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সাধারণ।

ফোর্ট উলিয়ম, ১৮৬৮ সাল ২৫ আপ্রিল।
২০৫০ নম্বর।

মহিমবর শ্রীযুত ডবলিউ এন মাসি সাহেব পীড়ার ছুটী ভিন্ন অন্য ছুটী লইয়া ইউরোপে গমন করাতে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার এক সভ্যপদ শূন্য হইয়াছে এবং শ্রীশ্রীমতী মহারাণী মান্যবর শ্রীযুত সর রিচার্ড টেম্পল সাহেবকে, কে, সি, এস, আই, ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার নয়মিক সভাসদের পদে নিযুক্ত করাতে তিনি অদ্য শপথ গ্রহণপূর্ব্বক উক্ত সভায় আসন গ্রহণ করিলে নিয়মিত তোপধ্বনি হইল।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেব মে মাসের ১ তারিখ শুক্রবার অপরাহ্ণ বেলা ৫ ঘন্টার সময়ে রাজধানীহইতে বিশেষ রেল গাড়িতে যাত্রা করিব।

২ ও ৩ তারিখে বাঁকিপুরে
৪ ,, আলাহাবাদে,
৫ ,, দিল্লীতে,
৬ ,, অম্বালায় ও
৭ , কসৌলীতে

অবস্থিতি করত মে মাসের ৯ তারিখ শনিবার প্রাতঃ কালে শিমলায় উপস্থিত হইবেন।

আজ্ঞাক্রমে,

সিমর ব্লেন, লেপ্টেনেন্ট কর্ণেল,
রাজপ্রতিনিধির মিলিটারী সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

ORDERS BY THE LIEUTENANT GOVERNOR OF BENGAL

No 1835

APPOINTMENTS

The 22nd April 1868

Mr N H Thomson to officiate as First Judge of the Calcutta Court of Small Causes, during the absence, on leave, of Mr G S Fagan or until further orders

Mr R C Perry to be Sub Registrar of Assurances of the Sub District of Rungpore, having its Head Quarters at the Sudder Station of the District of Rungpore

Lieutenant M O Boyd to be Sub Registrar of Assurances of the Sub District of Gowhatty having its Head Quarters at the Sudder Station of the District of Kamroop

Baboo Koolodanund Mookerjee to be Principal Sudder Ameen of Kamroop

The 23rd April 1868

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Comillah —

Mr A W Cochran
„ A Bedford
Baboo Mohinee Mohun Burden B L

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Maldah —

Major F N Miles
Baboo Umbica Churn Roy Chowdry

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Balasore —

Baboo Brindabun Chunder Mundul
„ Juddoonath Seal
Mr S W Gerrard
Baboo Kalee Persad Dutt

Mr T H Hockley, Superintendent, River Ganges Navigation Works is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section 22 Act XXV of 1861, within the Patna Division for the purpose of trying cases under Act 1 of 1867, connected with the navigation of the River Ganges between Dinapore and Allahabad

Mr R Grant to officiate as Assistant Superintendent of Police, Palamow, during the absence, on leave, of Mr J S C Larminie or until further orders

The 24th April 1868

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Monghyr —

Mr H Dear
„ H Garden

[*Government Gazette, 5th May* 1868]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৮৩৫ নম্বর।

নিযোগ।

১৮৬৮ সাল ২২ আপ্রিল।

শ্রীযুত জি এস ফেগান সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত এন এচ তামসন সাহেব কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রথম জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর সি পেরি সাহেব রঙ্গপুর সব ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব রেজিষ্ট্রার হইবেন, উক্ত সব ডিষ্ট্রিক্টের সদর স্থান রঙ্গপুর জিলার সদর মোকামে হইবে।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এম ও বয়ড সাহেব গৌহাটী সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব রেজিষ্ট্রার হইবেন, উক্ত সব ডিষ্ট্রিক্টের সদর স্থান কামরূপ জিলার সদর মোকাম হইবে।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখোপাধ্যায় কামরূপের প্রধান সদর আমীন হইবেন।

৮৬৮ সাল ২৩ আপ্রিল।

নিম্নলিখিত মহাশয়েরা কমিল্লানগরে মুনিসিপল কমিস্যনর হইবেন।

শ্রীযুত এ ডবলিউ ককরান্ সাহেব।
, এ বেডফর্ড সাহেব।
, বাবু মোহিনীমোহন বৰ্দ্ধন বি এল,।

নিম্নলিখিত মহাশয়েরা মালদহের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

মেজর শ্রীযুত এফ, এন, মাইলস্ সাহেব।
শ্রীযুত বাবু অম্বিকাচরণ রায় চৌধুরী।

নিম্নলিখিত মহাশয়েরা বালেশ্বরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু বৃন্দাবনচন্দ্র মণ্ডল।
,, বাবু যদুনাথ শীল।
,, এস ডবলিউ জেরার্ড সাহেব।
, বাবু কালীপ্রসাদ দত্ত।

গঙ্গানদীর নৌকাদি গমনাগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত টি এচ হকুলি সাহেব ১৮৫৭ সালের ১ আইনমত দানাপুর ও আলাহাবাদের মধ্যগত গঙ্গা নদীতে নৌকার গমনাগমনীয় কার্য্যসংক্রান্ত মোকদ্দমার বিচারকরণার্থে পাটনা খণ্ডে ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্ট অধস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জে এস সি লার্ম্মিনি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত আর গ্রাণ্ট সাহেব পালামৌয়ের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২৪ আপ্রিল।

নিম্নলিখিত মহাশয়েরা মুঙ্গেরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত এচ ডিয়র সাহেব।
,, এচ গার্ডেন সাহেব।

Baboo Bolakee Lall

Sha Mohsin Ali

Lieutenant H M Ramsay to officiate as Assistant Inspector General of Police in that portion of the East Indian Railway which lies within the jurisdiction of the Lieutenant Governor of Bengal, during the absence, on leave of Captain Q D Parsons or until further orders

The 27th April 1868

Mr R H G Irvine to officiate as District Superintendent of Police of Moorshedabad during the absence on leave, of Captain W L N Knyvett, or until further orders

Mr W Cornish to officiate as District Superintendent of Police of Chumparun during the absence, on leave of Mr J M E Gouldsbury or until further orders

Mr A Yardley Assistant Magistrate and Deputy Collector of Aurungabad, in Gya, is vested with the powers of a Collector under Act XXI of 1867, within that Sub Division

Mr W H D Oyly to officiate as Magistrate and Collector of Bhaugulpore until further orders

Mr A Yardley to officiate as Joint Magistrate and Deputy Collector of Gya until further orders

Moulavy Hameedooddeen Ahmed Deputy Magistrate and Deputy Collector of Gya is appointed to have charge of the Sub Division of Aurungabad, during the absence on deputation of Mr A Yardley or until further orders In addition to the powers with which he is already vested in the District of Gya Moulavy Hameedooddeen is empowered under Section 38 of the Code of Criminal Procedure to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions and to exercise all the powers necessary for that purpose

Lieutenant E G Lillingston to officiate, temporarily as Deputy Commissioner of Lohardugga

The 28th April 1868

Moulavy Hossein Ali to officiate as Assistant Commissioner of Pakour until the return of Mr J F Blumhardt from leave or until further orders

Mr E J Barton to officiate as Joint Magistrate and Deputy Collector of the 24 Pergunnahs

Mr J Boxwell to officiate as Joint Magistrate and Deputy Collector of Pooree

Mr F W V Peterson to officiate as Joint Magistrate and Deputy Collector of Sylhet

[*Government Gazette, 5th May* 1868]

শ্রীযুত বলাকীলাল বাবু।

,, শাহ মহসীন আলী।

কাপ্তান শ্রীযুত কিউ, ডি, পার্সন্স সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেন্ট শ্রীযুত এচ, এম রামসে সাহেব ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়েবের যে অংশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের কর্তৃত্বাধীন সেই অংশের পোলীসের আসিষ্টান্ট ইন্সিপেক্টর জেনরলের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২৭ আপ্রিল।

কাপ্তান শ্রীযুত ডবলিউ, এল এন নিবেট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর এচ জি অর্বিন সাহেব মুরশিদাবাদের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে, এম, ই গুলসবরি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ কর্ণিস সাহেব চাম্পারণের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

গযার অন্তর্গত আরঙ্গাবাদের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ ইয়ার্ডলী সাহেব উক্ত শাখাখণ্ডে ৮৬৭ সালের ২১ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ ডয়লী সাহেব অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ভাগলপুরের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ ইয়ার্ডলী সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত গযার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুত এ ইয়ার্ডলী সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত গযার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হামিদুদ্দীন আহম্মদ আরঙ্গাবাদ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন, গযা জিলাতে তাঁহার প্রতি যে ক্ষমতা অর্পিত আছে তদতিরিক্ত তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার আবশ্যক তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত ই জি লিলিঙ্গষ্টন সাহেব কিয়ৎকালের নিমিত্তে লোহারডগার ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন।

৮৬৮ সাল ২৮ আপ্রিল।

শ্রীযুত জে এফ বুলমহার্ট সাহেবের ছুটী হইতে প্রত্যাগমন না করণ কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত মৌলবী হুসেন আলী পাকৌড়ের আসিষ্টাণ্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই জে বার্টন সাহেব ২৪ পরগনজার জইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে বক্সওয়েল সাহেব পুরীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ ডবলিউ, বি, পেটরসন সাহেব শ্রীহট্টের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

Mr E H Ruddock, Assistant Magistrate and Collector, to have charge of the Sub Division of Durbhungah, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and Deputy Collector in Tirhoot Mr Ruddock is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose

LEAVE OF ABSENCE

The 16th April 1868

Mr W E Ward, Officiating Joint Magistrate and Deputy Collector of Burdwan is allowed one week's leave under the Financial Resolution dated the 24th September 1867 to enable him to present himself for examination by the Standard of High Proficiency in Bengali at the Examination to be held in Calcutta in July next

The 21st April 1868

Syed Azimooddeen Hossein, c s i, Deputy Magistrate and Deputy Collector of Patna for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India dated 8th November 1865 from the date on which he may have availed himself of the leave

The 22nd April 1868

Mr H L Oliphant, Deputy Commissioner of Lohardugga for fifteen months under Section 11 of the Covenanted Service Absentee Rules

Mr G S Fagan, First Judge of the Calcutta Court of Small Causes, for three months from the 11th proximo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India dated 8th November 1865.

The 23rd April 1868

Mr F A Dawson Assistant Superintendent of Police, Cuttack, for two months under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865

Mr H Granville Sharp, Assistant Magistrate of Hooghly, is allowed one week's leave under the Financial Resolution, dated the 24th September 1867, to enable him to present himself for examination by the Standard of High Proficiency in Bengali at the Examination to be held in Calcutta in July next

The 24th April 1868

The three months' privilege leave, and the two months' additional leave, without pay, which were granted to Moulavy Iradut Ali, Principal

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই, এচ রডক সাহেব দরভঙ্গা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও ত্রিহুতে অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

ছুটী।

১৮৬৮ সাল ৬ আপ্রিল।

বর্দ্ধমানের একটি জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ই ওয়ার্ড সাহেব আগামি জুলাই মাসে কলিকাতায় বঙ্গভাষার উচ্চতর কষ্টির যে পরীক্ষা হইবে তাহাতে উপস্থিত হইতে পারিবার নিমিত্তে ফিনান্সাল ডিপার্টমেণ্টের ১৮৬৭ সালের সেপ্টেম্বর মাসের ২৪ তারিখের নিদ্ধারণমতে এক সপ্তাহের ছুটীর অনুমতি পাইয়াছেন।

৮৬৮ সাল ২ আপ্রিল।

পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ আজীমুদ্দীন হুসেন সি এস আই, যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মন্ত্রিবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২২ আপ্রিল।

লোহারডাগার ডেপুটী কমিসনর শ্রীযুত এচ এল অলিফান্ট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রথম জজ শ্রীযুত জি এস, ফেগন সাহেব ভারতবর্ষের পক্ষ মন্ত্রিবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে আগামি মাসের ১১ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

৮৬৮ সাল ২৩ আপ্রিল।

কটকের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ এ ডাসন সাহেব ভারতবর্ষের পক্ষ মন্ত্রিবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এচ গ্রানবিল শার্প সাহেব আগামি জুলাই মাসে কলিকাতায় বঙ্গভাষার উচ্চতর কষ্টির যে পরীক্ষা হইবে তাহাতে উপস্থিত হইতে পারিবার নিমিত্তে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ৮৬৭ সালের সেপ্টেম্বর মাসের ২৪ তারিখের নিদ্ধারণমতে এক সপ্তাহের ছুটীর অনুমতি পাইয়াছেন।

শাহাবাদের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ইরাদৎ আলী গত অক্টোবর মাসের ২ তারিখের ও জানুআরি মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে তিন মাস অনুগ্রহের ও বিনা বেতনে অতিরিক্ত দুই মাসের

Sudder Ameen of Shahabad, under orders dated respectively the 2nd October and 9th January last, are commuted to leave on private affairs

Captain J C C Daunt, v c, District Superintendent of Police, Shahabad for one week, under Section 6 of the Covenanted Service Absentee Rules in extension of the leave allowed to him under orders of the 1st instant

Captain Q D Parsons Assistant Inspector General Government Railway Police, for six months on Medical Certificate under the Financial Resolution dated 22nd February 1856 from the 17th instant, or any other day within one month of that date on which he may avail himself of the leave

Mr G Hosmer, Deputy Magistrate and Deputy Collector of City Moorshedabad for one month under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

The 27th April 1868

Captain W L N Knyvett District Superintendent of Police, Moorshedabad for one month from the 2nd proximo under Section 6 of the Covenanted Service Absentee Rules

Mr C L C Merington Officiating Joint Magistrate and Deputy Collector of Gya, for three weeks from the 3rd proximo under Section 6 of the Covenanted Service Absentee Rules

Mr J M E Gouldsbury District Superintendent of Police Chumparun for two months under the orders of the Right Hon ble the Secretary of State for India dated 5th November 1865

Mr H G Wilkins Assistant Superintendent of Police of Jehanabad Hooghly for three months, from the 4th proximo under the orders of the Right Hon ble the Secretary of State for India dated 5th November 1865

Mr J S Carstairs Officiating Joint Magistrate and Deputy Collector of the 24 Pergunnahs for fifteen months under Section 11 of the Covenanted Service Absentee Rules together with the usual preparatory leave

NOTIFICATION

The 20th April 1868

Mr A Hope c s reported his departure for England from Bombay by the Steamer *Rangoon* on the afternoon of the 11th instant

The 24th April 1868

Lieutenant H M Ramsay, Personal Assistant to the Inspector General of Police, having returned to duty on the afternoon of the 17th instant, the

ছুটী পান তাহা তাঁহার নিজ প্রয়োজনোপলক্ষে ছুটী বলিয়া গণ্য হইল।

শাহাবাদের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত জে সি, সি ডাণ্ট সাহেব বি সি, এই মাসের ১ তারিখের আজ্ঞামতে যে ছুটীর অনুমতি পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

গবর্ণমেণ্ট রেলওয়ে পোলীসের আসিষ্টাণ্ট ইনিস্পেক্টর জেনরল কাপ্তান শ্রীযুত কিউ ডি পার্সন্স সাহেব এই মাসের ১৭ তারিখ অবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিকিৎসকের সর্টিফিকটমতে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের নির্দ্ধারণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদ নগরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি হস্মর সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

৮৬৮ সাল ২৭ আপ্রিল।

মুরশিদাবাদের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত ডবলিউ এল, এন নিবেট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ২ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

গয়ার একটি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, ই সি মেরিংটন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ৩ তারিখঅবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

চাম্পারণের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, এম ই গুলসবরি সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

হুগলার অন্তর্গত জাহানাবাদের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ জি ডইলকিন্স সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে আগামি মাসের ৪ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

২৪ পরগনার একটি- জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এস কার্ষ্টেয়র্স সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে রীতিমত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

৮৬৮ সাল ২০ আপ্রিল।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত এ হোপ সাহেব এই মাসের ১১ তারিখের অপরাহ্ণে রাঙ্গুননামক বাষ্পীয় জাহাজে বোম্বাইহইতে ইংলণ্ডে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

৮৬৮ সাল ২৪ আপ্রিল।

পোলীসের ইনিস্পেক্টর জেনরল সাহেবের নিজের আসিষ্টাণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ, এম, রামসে সাহেব এই মাসের ১৭ তারিখের অপরাহ্ণে আপন

unexpired portion of the leave of absence which was granted to him, under orders of the 25th ultimo, is cancelled.

The leave of absence granted to Syed Abul Hossein, Special Sub Registrar of Gya, under orders of the 16th April, will have effect from the 23rd instant.

NOTIFICATION

The 9th April 1868

The following List of Candidates who have been passed respectively for the Senior and Junior Grades of Pleaders in the Mofussil Courts of the Lower Provinces at the Examination held in January and February last, is published for general information —

SENIOR GRADE

Names of successful Candidates	*Places where examined*
Lukhee Coomar Bose	Dacca
Khoda Bux Khan	Patna
Anund Coomar Surbadhicary	24 Pergunnahs
Radha Bullub	Patna

JUNIOR GRADE

Names of successful Candidates	*Places where examined*
1 Mahadeo Dutt	Patna
2 Koylas Chunder Mozoomdar	Dacca
3 Anund Chunder Roy	Ditto
4 Gooroo Gobind Chakee	Rungpore
5 Gooroo Dyal Chakee	Ditto
6 Durga Nath Gooho	Mymensingh
7 Juggudanund Sein	Ditto
8 Bidda Dhur Ghose	Ditto
9 Chundee Churn Sein	Dacca
10 Hurcoomar Bhuttacharjee	Ditto
11 KoylasChunder Mookerjee	Ditto
12 Juggo Mohun Dey	Sylhet
13 Surrut Chunder Dutt	Ditto
14 Juddonath Sing	24 Pergunnahs
15 Mohesh Chunder Chatterjee	Ditto
16 Ramtaran Chowdhry	Ditto
17 Doorga Sunkur Doss	Backergunge
18 Boidonath Chakee	Hooghly

The following List of Candidates who have been passed as Mooktears in the Mofussil Courts

কর্ম্মে প্রত্যাগমন করাতে গত মাসের ২৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

গয়ার বিশেষ সব রেজিষ্ট্রার শ্রীযুত সৈয়দ আবুল হুসেন আপ্রিল মাসের ১৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা এই মাসের ২৩ তারিখঅবধি প্রবল হইবে।

বিজ্ঞাপন।

গত জানুআরি ও ফেব্রুআরি মাসে বঙ্গপ্রভৃতি দেশের মফসল আদালতের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর প্লীডরদের যে পরীক্ষা হয় সেই পরীক্ষাতে যাহারা উত্তীর্ণ হইয়াছেন তাঁহাদের নামের নির্ঘণ্ট সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে,

প্রথম শ্রেণী।

পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদের নাম।	যে স্থানে পরীক্ষা দেন।
লক্ষ্মীকুমার বসু	ঢাকা।
খোদাবক্স খাঁ	পাটনা।
আনন্দকুমার সর্ব্বাধীকারী	২৪ পরগনা।
রাধাবল্লভ	পাটনা।

দ্বিতীয় শ্রেণী।

পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদের নাম।	যে স্থানে পরীক্ষা দেন।
১ মহাদেব দত্ত	পাটনা।
২ কৈলাসচন্দ্র মজুমদার	ঢাকা।
৩ আনন্দচন্দ্র রায়	ঐ
৪ গুরুগোবিন্দ চাকি	রঙ্গপুর।
৫ গুরুদয়াল চাকি	ঐ
৬ দুর্গানাথ গুহ	ময়মনসিংহ।
৭ জগদানন্দ সেন	ঐ
৮ বিদ্যাধর ঘোষ	ঐ
৯ চণ্ডীচরণ সেন	ঢাকা।
১০ হরকুমার ভট্টাচার্য্য	ঐ
১১ কৈলাসচন্দ্র মুখোপাধ্যায়	ঐ
১২ জগমোহন দে	শ্রীহট্ট।
১৩ শরচ্চন্দ্র দত্ত	ঐ
১৪ যদুনাথ সিংহ	২৪ পরগনা।
১৫ মহেশচন্দ্র চট্টোপাধ্যায়	ঐ
৬ রামতারণ চৌধুরী	ঐ
৭ দুর্গাশঙ্কর দাস	বাকরগঞ্জ।
৮ বৈদ্যনাথ চাকি	হুগলী।

গত জানুআরি ও ফেব্রুআরি মাসে বঙ্গপ্রভৃতি দেশের মফসল আদালতের মোক্তারী পরীক্ষাতে

of the Lower Provinces at the Examination held in January and February last, is published for general information —

Names of successful Candidates	*Places where examined*
1 Muksood Aly	Shahabad
2 Syud Ata Hossein	
3 Lootf Aly	
4 Kowlishur Pershad	
5 Troylukhonath Mozoomdar	Bhaugulpore
6 Ramesur Punjab	
7 Lukee Pershad	
8 Peary Mohun Roy	Mymensing
9 Dinonath Bose	
10 Jadobnarain Biswas	
11 Nityo Hume Mittra	
12 Pearee Lall Ghose	
13 Radhanath Sein Roy	
14 Chundro Kissore Gangooly	
15 Durganath Surma Biswas	
16 Tarinee Canto Neogee	
17 Bishonath Doss Biswas	
18 Rukinee Canto Chuckerbutty	
19 Dwarkanath Roy	W Burdwan
20 Gobind Chunder Pal	Dacca
21 Grish Chunder Bose	
22 Nobin Chunder Mookerjee	
23 Chunder Kishore Roy	
24 Shoshee Bhoosun Sirkar	Moorshedabad
25 Madub Chunder Chatterjee	
26 Bepin Behari Rai	
27 Kalli Bhoosun Mookerjee	
28 Gour Mohun Goopt	
29 Juddonath Mookerjee	
30 Kristo Dhun Missur	
31 Protab Chunder Roy	
32 Shama Churn Bose	Midnapore
33 Sharodapershad Buxsee	
34 Narainpershad Pal	
35 Tarachand Pal	
36 Chunder Kanto Tewary	
37 Ramcoomar Ray	
38 Bonnomalee Samonto	
39 Ramsoondur Dhur	Tipperah
40 Alimooddeen	
41 Mohima Chunder Sein (1)	
42 Mohima Churder Sein (2)	
43 Juggobundoo Roy	
44 KasheeChunderChatterjee	
45 Hur Coomar Doss	Backergunge
46 Akil Churder Sirkar	
47 Hurry Mohun Mitter	
48 Grijanun Doss	
49 Kali Mohun Sein	
50 Sodanund Doss Roy	
51 Okhoi Chunder Banerjee	
52 Khamt Chunder Doss	
53 Chunder Kanth Doss	
54 Chunder Mohun Goopt	
55 Joy Chunder Gangooly	Chittagong

(1) Son of Gungajoy Sein

(2) Son of Bhoyrub Chunder Sein

যাঁহারা উত্তীর্ণ হইয়াছেন তাঁহাদের নামের নির্ঘণ্ট সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদের নাম।	যে স্থানে পরীক্ষা দেন।
১ মুকসুদ আলী	শাহাবাদ।
২ সৈয়দ আতা হুসেন	
৩ লুতফ আলী	
৪ কৌলেশ্বরপ্রসাদ	
৫ ত্রৈলোক্যনাথমজুমদার	ভাগলপুর।
৬ রামেশ্বর পঞ্জাব	
৭ লক্ষ্মী প্রসাদ	
৮ পেয়ারীমোহন রায়	ময়মনসিংহ।
৯ দীননাথ বসু	
১০ যদুনারায়ণ বিশ্বাস	
১১ নিত্য হউম মিত্র	
১২ পেয়ারীলাল ঘোষ	
১৩ রাধানাথ সেন রায়	
১৪ চন্দ্রকিশোর গাঙ্গাল	
১৫ দুর্গানাথ শর্ম্ম বিশ্বাস	
১৬ তারিণীকান্ত নিয়োগী	
১৭ বিশ্বনাথ দাস বিশ্বাস	
১৮ রুক্মিণীকান্ত চক্রবর্ত্তী	
১৯ দ্বারকানাথ রায়	পশ্চিম বর্দ্ধমান।
২০ গোবিন্দচন্দ্র পাল	ঢাকা।
২১ গিরিশচন্দ্র বসু	
২২ নবীনচন্দ্র মুখোপাধ্যায়	
২৩ চন্দ্রকিশোর রায়	
২৪ শশিভূষণ সরকার	মুরশিদাবাদ।
২৫ মাধবচন্দ্র চট্টোপাধ্যায়	
২৬ বিপিন বেহারি রায়	
২৭ কালীভূষণ মুখোপাধ্যায়	
২৮ গৌরমোহন গুপ্ত	
২৯ যদুনাথ মুখোপাধ্যায়	
৩০ কৃষ্ণধন মিশ্র	
৩১ প্রতাপচন্দ্র রায়	
৩২ শ্যামাচরণ বসু	মেদিনীপুর।
৩৩ শারদাপ্রসাদ বক্সি	
৩৪ নারায়ণপ্রসাদ পাল	
৩৫ তারাচাঁদ পাল	
৩৬ চন্দ্রকান্ত তেওয়ারি	
৩৭ রামকুমার রায়	
৩৮ বনমালী সামন্ত	
৩৯ রামসুন্দর ধর	ত্রিপুরা।
৪০ আলিম উদ্দীন	
৪১ মহিমাচন্দ্র সেন (১)	
৪২ মহিমাচন্দ্র সেন (২)	
৪৩ জগদ্বন্ধু রায়	
৪৪ কাশীচন্দ্র চট্টোপাধ্যায়	
৪৫ হরকুমার দাস	বাকরগঞ্জ।
৪৬ অখিলচন্দ্র সরকার	
৪৭ হরিমোহন মিত্র	
৪৮ গিরিজানন্দ দাস	
৪৯ কালীমোহন সেন	
৫০ সদানন্দদাস রায়	
৫১ অক্ষয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	
৫২ ক্ষান্তচন্দ্র দাস	
৫৩ চন্দ্রকান্ত দাস	
৫৪ চন্দ্রমোহন গুপ্ত	
৫৫ জয়চন্দ্র গাঙ্গুলি	চট্টগ্রাম।

(১) গঙ্গাজয় সেনের পুত্র।

(২) ভৈরবচন্দ্র সেনের পুত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

56 Doorgadoss Banerjee	24 Pergunnahs	৫৬ দুর্গাদাস বন্দ্যোপাধ্যায়	২৪ পরগনা।
57 Rakhal Chunder Tewary		৫৭ রাখালচন্দ্র তেওয়ারি	
58 Sarodaprosad Bose		৫৮ শারদাপ্রসাদ বসু	
59 Punchanund Doss		৫৯ পঞ্চানন্দ দাস	
60 Baroda Kant Dev Haldar		৬০ বরদাকান্ত দে হাল্দার	
61 Koilas Chunder Ghose		৬১ কৈলাশচন্দ্র ঘোষ	
62 Hamidoolah		৬২ হামিদ উল্লা	
63 Abdool Wahid	Purneah	৬৩ আব্দুল ওয়াহীদ	পূর্ণিয়া।
64 Ram Unogra Lall		৬৪ রামঅনুগ্র লাল	
65 Surechyeet Lall		৬৫ সর্বী বৈতলাল	
66 Indur Sahoy		৬৬ ইন্দ্র সাহায়	
67 Irshad Hossein		৬৭ হরসাদ হোসেন	
68 Permesury Suhai	Tirhoot	৬৮ পরমেশ্বরী সহায়	ত্রিহুত।
69 Bhojraj Sing		৬৯ ভোজরাজ সিংহ	
70 Hurnundun Doss		৭০ হরনন্দন দাস	
71 Jugmohun Tewary		৭১ জগমোহন তেওয়ারি	
72 Moshaheb Lall		৭২ মোসাহেব লাল	
73 Ajoodea Pershad		৭৩ অযোধ্যা প্রসাদ	
74 Syud Ahmed Hossein		৭৪ সৈয়দ আহম্মদ হুসেন	
75 Lala Gobind Pershad		৭৫ লালা গোবিন্দ প্রসাদ	
76 Ramdhian Sing		৭৬ রামধ্যান সিংহ	
77 Seetaram		৭৭ সীতারাম	
78 Bhugwan Suhai		৭৮ ভগবান সহায়	
79 Kashinath		৭৯ কাশীনাথ	
80 Mutookdhary Suhai		৮০ মুকুটধারী সহায়	
81 Hur Persad Sing Awul		৮১ হরপ্রসাদ সিংহ আওল	
82 Muthura Persad		৮২ মথুর প্রসাদ	
83 Musaheb Lall		৮৩ মোসাহেব লাল	
84 Puttoo Lall		৮৪ পটুলাল	
85 Koonjobehary Mitter	Hooghly	৮৫ কুঞ্জবেহারি মিত্র	হুগলী।
86 Hurrish Chunder Roy		৮৬ হরিশচন্দ্র রায়	
87 Gopeshur Mookerjee		৮৭ গোপেশ্বর মুখোপাধ্যায়	
88 Kaleepudo Roy		৮৮ কালীপদ রায়	
89 Juggutchunder Sing		৮৯ জগচ্চন্দ্র সিংহ	
90 Sriram Sirkar		৯০ শ্রীরাম সরকার	
91 Wooma Churn Roy		৯ উমাচরণ রায়	
92 Sama Churn Biswas		৯২ শ্যামাচরণ বিশ্বাস	
93 Hurrish Chunder Roy	Jessore	৯৩ হরিশচন্দ্র রায়	যশোহর।
94 Nobin Chunder Chundra		৯৪ নবীনচন্দ্র চন্দ্র	
95 Romesh Chunder Banerjee		৯৫ রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়	
96 Chunder Nath Lahory		৯৬ চন্দ্রনাথ লাহিড়ী	
97 Rojoni Kant Ghose		৯৭ রজনীকান্ত ঘোষ	
98 Gonesh Chunder Biswas		৯৮ গণেশচন্দ্র বিশ্বাস	
99 Womesh Chunder Bhuttacharjee		৯৯ উমেশচন্দ্র ভট্টাচার্য্য	
100 Borada Kant Bose		১০০ বরদাকান্ত বসু	
101 Dinoobhundo Dass		১০ দীনবন্ধু দাস	
102 Jadub Chunder Gooho		০২ যাদবচন্দ্র গুহ	
103 Gopal Chunder Lahory		১০৩ গোপালচন্দ্র লাহিড়ী	
104 Mottee Lall Bose		০৪ মতিলাল বসু	
105 Chundra Coomar Sein		১০৫ চন্দ্রকুমার সেন	
106 Parish Nath Chuckrabutty		০৬ পরেশনাথ চক্রবর্ত্তী	
107 Mahomed Waris		০৭ মহম্মদ ওয়ারীশ	
108 Issan Chunder Chatterjee		০৮ ঈশানচন্দ্র চট্টোপাধ্যায়	
109 Judhisteer Churn Nundi		০৯ যুধিষ্ঠিরচরণ নন্দী	
110 Ooma Churn Bose		০ উমাচরণ বসু	
111 Goora Churn Bhuttacharjee		১ গুরুচরণ ভট্টাচার্য্য	
112 Shosi Bhoosun Dutt		১ ২ শশিভূষণ দত্ত	
113 Deno Nath Dhur		১১৩ দীননাথ ধর	
114 Bostibor Mozoomdar		১১৪ বষ্ঠীবর মজুমদার	
115 Gunga Churn Sein		১১৫ গঙ্গাচরণ সেন	

116	Bykunto Nath Khan	Rungpore	১১৬ বৈকুণ্ঠনাথ খাঁ	রঙ্গপুর।
117	Ishan Chunder Sandyal		১১৭ ঈশানচন্দ্র সান্যাল	
118	Joynath Moitro		১১৮ জয়নাথ মৈত্র	
119	Ishan Chunder Nundee		১১৯ ঈশানচন্দ্র নন্দী	
120	Denobundhoo Chowdree		১২০ দীনবন্ধু চৌধুরী	
121	Sreenath Chowdree		১২১ শ্রীনাথ চৌধুরী	
122	Hurree Madub Sircar		১২২ হরিমাধব সরকার	
123	Haradhun Nundee		১২৩ হারাধন নন্দী	
124	Bhubun Chunder Roy		১২৪ ভুবনচন্দ্র রায়	
125	Pran Nath Moitro		১২৫ প্রাণনাথ মৈত্র	
126	Rujonee Shunkur Doss		১২৬ রজনীশঙ্কর দাস	
127	Kadar Nath Moitro		১২৭ কেদারনাথ মৈত্র	
128	Enyat Allee Khan		১২৮ ইনায়ৎআলী খাঁ	
129	Joyshunker Roy		১২৯ জয়শঙ্কর রায়	
130	Prosunno Coomar Lahoree		১৩০ প্রসন্নকুমার লাহিড়ী	
131	Tara Mohun Chowdree		১৩১ তারামোহন চৌধুরী	
132	Hurrish Chunder Sein		১৩২ হরিশচন্দ্র সেন	
133	Ram Coomar Bhoomic		১৩৩ রামকুমার ভূমিক	
134	Bharut Chunder Odhicary		১৩৪ ভারতচন্দ্র অধিকারী	
135	Gokool Chunder Bunnee		১৩৫ গোকুলচন্দ্র বন্নি	
136	Tareenee Mohun Lahory		১৩৬ তারিণীমোহন লাহিড়ী	
137	Keshub Chunder Talookdar		১৩৭ কেশবচন্দ্র তালুকদার	
138	Mohesh Chunder Bhuttacharjee		১৩৮ মহেশচন্দ্র ভট্টাচার্য্য	
139	Gopal Kishore Dhur		১৩৯ গোপালকিশোর ধর	
140	Madhub Chunder Ghosal	Dinagepore	১৪০ মাধবচন্দ্র ঘোষাল	দিনাজপুর।
141	Chunder Nath Deb	Sylhet	১৪১ চন্দ্রনাথ দেব	শ্রীহট্ট।
142	Chunder Mohun Deb		১৪২ চন্দ্রমোহন দেব	
143	Kashee Nath Ghose		১৪৩ কাশীনাথ ঘোষ	
144	Eshur Chunder Surmah		১৪৪ ঈশ্বরচন্দ্র শর্ম্মা	
145	Taranath Shome		১৪৫ তারানাথ সোম	
146	Goloke Chunder Singh		১৪৬ গোলোকচন্দ্র সিংহ	
147	Koonjo Lall Dhur		১৪৭ কুঞ্জলাল ধর	
148	Dinonath Doss		১৪৮ দীননাথ দাস	
149	Prokash Chunder Dhur		১৪৯ প্রকাশচন্দ্র ধর	
150	Gobind Chunder Shome		১৫০ গোবিন্দচন্দ্র সোম	
151	Radhanath Sein		১৫১ রাধানাথ সেন	
152	Dino Dyal Deb		১৫২ দীনদয়াল দেব	
153	Denonath Ghuttuck	Nuddea	১৫৩ দীননাথ ঘটক	নদীয়া।
154	Radhaprosunno Dutt		১৫৪ রাধাপ্রসন্ন দত্ত	
155	Peary Mohun Gooptoo		১৫৫ প্যারীমোহন গুপ্ত	
156	Afzul Hossein		১৫৬ আফজল হুসেন	
157	Prankristo Chuckerbutty		১৫৭ প্রাণকৃষ্ণ চক্রবর্ত্তী	
158	Nilumbur Chuttopadya		১৫৮ নীলাম্বর চট্টোপাধ্যায়	
159	Prolad Chunder Doss		১৫৯ প্রহ্লাদচন্দ্র দাস	
160	Radhabullub Doss Chowdry		১৬০ রাধাবল্লভ দাস চৌধুরী	
161	Rammohun Roy	E. Burdwan	১৬১ রাধামোহন রায়	পূর্ব্ববর্দ্ধমান।
162	Rameshur Mookerjee		১৬২ রামেশ্বর মুখোপাধ্যায়	
163	Juggobundo Mozoomdar		১৬৩ জগদ্বন্ধু মজুমদার	
164	Mohema Chunder Mohoree		১৬৪ মহিমাচন্দ্র মহুরী	
165	Dwarkanath Mookerjea		১৬৫ দ্বারকানাথ মুখোপাধ্যায়	
166	Radhamadub Roy		১৬৬ রাধামাধব রায়	
167	Mahomed Hossein		১৬৭ মহম্মদ হুসেন	
168	Keshub Chunder Bhuttacharjee		১৬৮ কেশবচন্দ্র ভট্টাচার্য্য	
169	Russick Lall Sing		১৬৯ রসিকলাল সিংহ	
170	Janokeenath Ghose		১৭০ জানকীনাথ ঘোষ	
171	Grish Chunder Roy		১৭১ গিরীশচন্দ্র রায়	
172	Ramkoomar Mozoomdar		১৭২ রামকুমার মজুমদার	
173	Eshan Chunder Sircar		১৭৩ ঈশানচন্দ্র সরকার	
174	Rambisto Mookerjee		১৭৪ রামবিষ্ণু মুখোপাধ্যায়	
175	Rasbeharee Dutt		১৭৫ রাসবেহারী দত্ত	

[গবর্ণমেণ্ট গেজেট। ৮৬৮। ৫ মে।]

176 Ramkulpo Gangooly
177 Bhoirub Chunder Banerjea
178 Tarinee Churn Chowdry
179 Haradhun Chuckerbutty
180 Koonjobeharee Mitter
181 Satkowree Khan
182 Jugobundhoo Ghose
183 Kundurpomohun Chatterjee
184 Madhobindoo Hazarah
185 Bissessur Chowdry
186 Prem Chand Haldar
187 Khetter Nath Singh
188 Nobokisto Mitter
189 Digumber Sen
190 Mokhun Lall Roy
191 Nimye Chund Banerjee
192 Omesh Chunder Roy
193 Grish Chunder Roy
194 Jadbindoo Mozoomdar
195 Ramgopal Chatterjee
196 Hurish Chunder Roy
197 Ramkomul Banerjee

} F Burdwan

NOTIFICATION

The 17th April 1868

It is hereby notified for general information that the Lieutenant Governor having sanctioned the transfer of the undermentioned Mouzah from the District of Luckimpore to the Sub Division of Sooteah in District of Durrung the Eastern boundary of the Luckimpore District and the Western boundary of the Durrung District will hereafter be the ' Moramor river in lieu of the ' Koshoo Jan" the present one

Mousah Gombheeree

The five Khunds of Mouzah Kullungpore

Dhenoodhora
Neej Gohpore
Bador Gaon

} Mouzah Gonpore

Mouzah Kolabary

DECLARATION

The 22nd April 1868

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz*., for a Sub Divisional Dead House at Nowadah, it is hereby declared that a plot of land, measuring one cottah more or less, in the village Nowadah Pergunnah Sumaie Zillah Gya, is required

It is bounded on the North by fallow land, South by the high road to Kadirgunge, East by

[*Government Gazette*, 5th *May* 1868.]

---

১৭৬ রামকল্প গঙ্গোপাধ্যায
৭৭ ভৈরবচন্দ্র বন্দ্যোপাধ্যায
৭৮ তারিণীচরণ চৌধুরী
৭৯ হারাধন চক্রবর্ত্তী
১৮০ কুঞ্জবেহারী মিত্র
১৮১ সাতকোড়া খাঁ
৮২ জগদ্বন্ধু ঘোষ
১৮৩ কন্দর্পমোহন চট্টোপাধ্যায
১৮৪ মাধবিন্দু হাজরা
১৮৫ বিশ্বেশ্বর চৌধুরী
১৮৬ প্রেমচাদ হালদার
৮৭ ক্ষেত্রনাথ সিংহ
৮৮ নবকৃষ্ণ মিত্র
৮৯ দিগম্বর সেন
১৯০ মাখনলাল রায
৯১ নিমাইচাঁদ বন্দ্যোপাধ্যায
৯২ উমেশচন্দ্র রায
৯৩ গিরিশচন্দ্র রায
১৯৪ যদুবিন্দু মজুমদার
৯৫ রামগোপাল চট্টোপাধ্যায
৯৬ হরিশচন্দ্র রায
৯৭ রামকমল বন্দ্যোপাধ্যায়

} পূর্ব্ববর্দ্ধমান।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ১৭ আপ্রিল।

সর্ব্বসাধারণের জ্ঞানার্থে ইহাতে প্রকাশ করা যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত সকল মৌজা লক্ষ্মীপুর জিলা হইতে দরঙ্গজিলার অন্তর্গত সুটিয়া শাখাখণ্ডভুক্ত করিয়াছেন ইহার পর 'কু যান' নদীর পরিবর্ত্তে 'মরাম" নদী লক্ষ্মীপুর জিলার পূর্ব্ব সীমা ও দরঙ্গ জিলার পশ্চিম সীমা হইবে।

গম্ভীরী। মৌজা।

কলঙ্গপুর মৌজার পাঁচ খণ্ড।

ধেনুধরা
নিজ গোহপুর
বাদ গাঁ

} গোহপুর মৌজা।

কলাবাড়ী মৌজা।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২২ আপ্রিল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নবদহে শাখখণ্ডের শবঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত গয়া জিলার অন্তর্গত সুমাই পরগনার নবদহ গ্রামে ন্যূনাধিক /১ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা পতিত ভূমি, দক্ষিণ সীমা কাদিরগঞ্জে গমনের রাস্তা, পূর্ব্ব সীমা পতিত ভূমি,

fallow land and West by the old high road to Girvak closed in consequence of the erection of the Lock up

This Declaration is made under the provisions of Section 2 Act VI of 1857 to all whom it may concern

H L **Dampier**

Offg Secretary to the Government of Bengal

পশ্চিম সীমা গিরিয়কে গমনের পুরাতন রাজপথ, কাজিঘর প্রস্তুত প্রযুক্ত এই পথ বন্ধ হইয়াছে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

এচ এল ডাম্পিয়র

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT

Communication

No 185

The 28th April 1868

Declaration

28 The number of marks whether full or less than full to which each candidate shall be entitled for his answers, as well to the written questions as to those put at the *viva voce* examination shall be determined by the Judge with such assistance as abovementioned if called in, and the Judge shall thereupon declare as to each candidate whether he has or has not passed the examination and report the result *i e* the names of the successful candidates and the number of marks obtained by each to the Registrar of the High Court, who shall lay it before the Government Examiners and on their approval transmit the same to the Government The Government Examiners shall have authority to correct any irregularities or misapprehensions in the conduct of the examination, which require such correction and to report to Government any points which may deserve attention

29 The names of the successful candidates shall be published in the *Calcutta Gazette* After which certificates signed by the Judge shall be distributed to them

EXAMINATION OF MOOKTEARS

30 The examination of Mooktears under Section 34 of the abovementioned Rules passed by the High Court, shall be held by the Zillah Judge in every District, assisted, if he think fit by any subordinate Judicial or Magisterial Officer whom he may call in Candidates for admission as Mooktears in Districts where there is no resident Judge will be examined by the Judge

যত অঙ্কপাত করিতে হইবে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণকালে তাহা পৃথকরূপে লিখিবেন।

২৪। দ্বাদশ প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে সর্ব্বসুদ্ধ ১৬০ অঙ্ক হইবে।

২৫। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিদিগকে চারি প্রশ্নের ন্যূন করা যাইবে না। সম্পূর্ণ উত্তরের ৫০ অঙ্ক পাত হইবে।

২৬। হাই কোর্টের সাহেবেরা পূর্ব্বোক্ত মফস্বল আদালতে উকীল ও মোক্তারদিগের কর্ম্মোপযোগিতার ও গ্রাহ্য হওনের ও নাম লেখাইবার যে বিধি প্রণয়ন করিয়াছেন তাহার ৮ ধারাতে যে২ বিষয়ের উল্লেখ হইয়াছে পরীক্ষার্থে ঐ লিখিত এবং বাচনিক প্রশ্নেরও এমন ভাব হইবে যে পদাকাঙ্ক্ষিদের সেই২ বিষয়ের জ্ঞান স্ফূর্ত্তি হয় ও সেই প্রশ্ন এমন প্রস্তুত করিতে হইবে যে উক্ত ধারার নির্দ্দিষ্ট বিষয়ের পার্শ্বে যে২ আইন ও বিধান ও পুস্তকের উল্লেখ হইয়াছে তাহা আলোচন করিলে পদাকাঙ্ক্ষিরা উত্তীর্ণ হইতে পারেন।

২৭। লিখিত প্রত্যেক পত্রের নিমিত্ত [illegible]০ অঙ্ক ও বাচনিক পরীক্ষাতে ৩০ অঙ্ক পাত না হইলে পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইবেন না।

৮। লিখিত প্রশ্নের এবং বাচনিক পরীক্ষার উত্তরের উপলক্ষে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ অঙ্ক কি ন্যূন অঙ্কপাত হইবে, পূর্ব্বোক্ত সহায় ব্যক্তি আহূত হইলে জজ সাহেব তাঁহার সহায়তাতে এই কথা নিরূপণ করিবেন। এবং প্রত্যেক পদাকাঙ্ক্ষির বিষয়ে ইনি উত্তীর্ণ হইয়াছেন, ইনি হন নাই, ইহা ব্যক্ত করিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে ঐ পরীক্ষার ফলের রিপোর্ট করিবেন। বিশেষত যে পদাকাঙ্ক্ষিরা উত্তীর্ণ হইয়াছেন তাহাদের নাম, এবং প্রত্যেক জনের নামে যত অঙ্কপাত হইয়াছে তাহা জ্ঞাত করিবেন। রেজিষ্ট্রার সাহেব গবর্ণমেণ্ট পরীক্ষকদের সম্মুখে তাহা অর্পণ করিবেন, ও তাঁহাদের অনুমোদন হইলে গবর্ণমেণ্টে প্রেরণ করিবেন। যদি পরীক্ষার কার্য্য চলনে কোন নিয়মভঙ্গ কি ভ্রান্তি হইয়া থাকে, তবে তন্মধ্যে যাহা সংশোধন করা কর্ত্তব্য গবর্ণমেণ্ট পরীক্ষকেরা তাহা সংশোধন করিতে সক্ষম আছেন এবং কোন বিষয়ে গবর্ণমেণ্টের মনোযোগ করা কর্ত্তব্য হইলে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

৯। পরীক্ষোত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। তৎপরে তাঁহারদিগকে জজ সাহেবের স্বাক্ষরিত সার্টিফিকেট দেওয়া যাইবে।

মোক্তারদের পরীক্ষার বিধি।

৩০। হাই কোর্টের সাহেবেরা পূর্ব্বোক্ত যে বিধি প্রণয়ন করিয়াছেন তাহার ৩৪ ধারামতে প্রত্যেক জিলার জজ সাহেব মোক্তারেরদের পরীক্ষা লইবেন। তিনি উচিত বোধ করিলে সাহায্যের নিমিত্তে অধীন কোন দেওয়ানী কি ফৌজদারী কর্তৃপক্ষকে আহ্বান করিবেন। যে জিলাতে জজ সাহেব অবস্থিত না হন যদি এমত জিলার কোন ব্যক্তি মোক্তারের পদ পাইতে চাহেন তবে ঐ স্থানের ম্যাজিষ্ট্রেটী পদ যে জিলার

of the Zillah to which the Magistracy is subordinate

31 The examination shall be held once in each year, on such dates within the first half of February, as shall be appointed and duly notified by the Government Examiners, and shall consist partly of questions in writing and partly of a *vivâ voce* examination

32 The examination shall be conducted in English or in the Vernacular of the District, at the option of the candidate

33 Previously to each examination the Government Examiners shall prepare not less than two written papers of questions of which one shall embrace the subjects of Criminal Law and Procedure, and one those of Civil Law and Procedure and shall forward them to the Judge

34 There shall also be a single *vivâ voce* examination in all the above subjects

35 There shall be six questions on each paper The number of marks to which a candidate shall be entitled for a full answer to each question shall be fixed separately by the Government Examiners and specified upon the paper of questions

36 The aggregate number of marks for full answers to the whole of the six questions on each paper shall be 160

37 The full number of marks for the *viva voce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50

38 The written questions and also the questions put at the *vivâ voce* examination, shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Rule 34 of the aforesaid Rules

39 To be entitled to pass a candidate must obtain 100 marks at least in each of the written papers, and 30 in the *vivâ voce* examination

40 The number of marks whether full or less than full, which each candidate shall receive for his answers as well to the written questions as to those put at the *vivâ voce* examination shall be determined by the Judge, who shall thereupon declare as to each candidate whether he has or has not passed the examination, and report the result, *i e*, the names of the successful candidates and the number of marks obtained by each, to the Registrar of the High Court, who shall lay it before the Government Examiners, and on their approval transmit the same to the Government The Government Examiners shall have authority to correct any irregularities or misapprehensions in regard to the

[গবর্ণমেণ্ট গেজেট। ৮৬৮। ১২বে।]

অধীন থাকে সেই জিলার জজ সাহেব পরীক্ষা লইবেন।

৩১। গবর্ণমেণ্ট পরীক্ষকেরা ফেব্রুআরি মাসের প্রথম অর্দ্ধাংশের মধ্য কোন দিন নিরূপণ করিয়া সেই দিনের উপযুক্ত সম্বাদ দিবেন। প্রতিবৎসর সেই একবার পরীক্ষা হইবে। অংশতঃ লিখিত ও অংশতঃ বাচনিক প্রশ্নদ্বারা পরীক্ষা হইবে।

৩২। পদাকাঙ্ক্ষির ইচ্ছামতে ইংলণ্ডীয় ভাষায় কি জিলার চলিত ভাষায় পরীক্ষা হইবে।

৩৩। প্রত্যেকবার পরীক্ষা হইবার পূর্ব্বে গবর্ণমেণ্ট-পরীক্ষকেরা লিখিত প্রশ্নের ন্যূনকল্পে দুই পত্র প্রস্তুত করিয়া জজ সাহেবের নিকটে পাঠাইবেন। এক পত্রে ফৌজদারী আইন ও কার্য্যবিধানের, অন্য পত্রে দেওয়ানী আইন ও কার্য্য বিধানের প্রশ্ন থাকিবে।

৩৪। উক্ত সকল বিষয়ে একটি বাচনিক পরীক্ষাও হইবে।

৩৫। প্রত্যেক পত্রে ছয় প্রশ্ন থাকিবে। এক২ প্রশ্নের সম্পূর্ণ উত্তরের উপলক্ষে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্কপাত করা যাইবে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা তাহা নিরূপণ করিয়া প্রশ্নের কাগজে তাহা নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন।

৩৬। ছয় প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে সর্ব্বসুদ্ধ ১৬০ অঙ্ক হইবে।

৩৭। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিদিগকে ন্যূনকল্পে চারি প্রশ্ন করা যাইবে তাহার সম্পূর্ণ উত্তর হইলে ৫০ অঙ্ক হইবে।

৩৮। পূর্ব্বোক্ত বিধির ৩৪ ধারাতে যে২ বিষয়ের উল্লেখ হইয়াছে ঐ লিখিত এবং বাচনিক পরীক্ষার প্রশ্ন সব এমন ভাব করিতে হইবে যে সেই২ বিষয়ে পদাকাঙ্ক্ষিদের জ্ঞানানুভূত হয়।

৩৯। লিখিত প্রত্যেক পত্রে ১০০ শত অঙ্কের ন্যূন ও বাচনিক পরীক্ষাতে ৩০ অঙ্কের ন্যূন হইলে পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইবেন না।

৪০। লিখিত ও বাচনিক পরীক্ষাতে প্রশ্নের উত্তর উপলক্ষে যে পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ কি ন্যূন যত অঙ্কপাত হইবে তাহা জজ সাহেব নিরূপণ করিবেন। ও প্রত্যেক পদাকাঙ্ক্ষির বিষয়ে ইনি উত্তীর্ণ হইয়াছেন ইনি হন নাই ইহা ব্যক্ত করিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে পরীক্ষার ফলের রিপোর্ট করিবেন। বিশেষত যে পদাকাঙ্ক্ষিরা উত্তীর্ণ হইয়াছেন তাঁহারদের নাম, এবং প্রত্যেক জনের নামে যত অঙ্কপাত হইয়াছে তাহা জ্ঞাত করিবেন। রেজিষ্ট্রার সাহেব গবর্ণমেণ্ট পরীক্ষকদের সম্মুখে তাহা অর্পণ করিবেন, ও তাঁহারদের অনুমোদন হইলে গবর্ণমেণ্টে প্রেরণ করিবেন। যদি পরীক্ষার কার্য্যচলনে কোন নিয়মভঙ্গ কি ভ্রান্তি হইয়া থাকে, তবে তন্মধ্যে যাহা সংশোধন করা কর্ত্তব্য গবর্ণমেণ্ট পরীক্ষকেরা তাহা সংশোধন করিতে সক্ষম আছেন এবং কোন বিষয়ে

conduct of the examination which may require such correction, and to report to Government any points which may deserve attention

41 The names of the successful candidates will be published in the *Calcutta Gazette* After which certificates signed by the Judge shall be distributed to them

General Rule

42 No candidate will be allowed to enter the examination room with any books or private memoranda and any one found attempting to do so, will forfeit all fees paid by him and will not be permitted to undergo examination Any candidates detected in the act of using unfair means, such as communicating with each other or copying from their neighbours or from private memoranda or books, &c will be summarily ejected from the examination room, and shall forfeit all benefit to be derived from the previous portion of the examination and all right to proceed further together with all fees paid by them

গবর্ণমেণ্টের মনোযোগ করা কর্ত্তব্য হইলে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

৪১। পরীক্ষোত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইইবে। তৎপরে তাঁহারদিগকে জজ সাহেবের স্বাক্ষরিত সর্টিফিকট দেওয়া যাইবে।

সাধারণ বিধি।

৪২। উক্ত পদাকাঙ্ক্ষি কোন ব্যক্তি কোন পুস্তক কি স্মরণার্থক কোন লিপি লইয়া পরীক্ষার ঘরে যাইতে পারিবেন না। কোন ব্যক্তি তাহা করিবার চেষ্টা করিয়া ধরা পড়িলে, পূর্ব্বে যে সকল ফী দিয়াছেন তাহা রাজস্বত্ত হইবে, ও তাঁহাকে পরীক্ষা দিবার অনুমতি হইবে না। যদি কোন ব্যক্তি পরীক্ষাকালে অন্য কোন ব্যক্তির সঙ্গে বলাবলি করেন কিম্বা যিনি নিকট বসিয়াছেন তাঁহার কাগজ দেখিয়া কিম্বা আপনার স্মরণার্থক লিপি কি পুস্তকাদি দেখিয়া লেখেন কিম্বা তদনুরূপ কোন অন্যায় কার্য্য করেন, তবে ধরা পড়িলেই তাঁহাকে তৎক্ষণাৎ পরীক্ষার ঘরহইতে তাড়িয়া দেওয়া যাইবে। ও তৎপূর্ব্বে পরীক্ষার দ্বারা তাঁহার যে উপকার হইতে পারিত তাহাও রহিত হইবে। ও সেই কালে আর পরীক্ষা দিতে পারিবেন না ও তিনি যে ফী দিয়াছেন তৎসমুদয় বাজস্বত্ত হইবে।

The following Orders issued by the Government of India, in the Financial Department, are re published for general information —

No 2464

The 20th April 1868

Resolution by the Government of India Financial Department (*Separate Revenue—Assessed Taxes*)

The Governor General of India in Council, in accordance with the authority given him under Section 35 of Act IX of 1868 is pleased to prescribe the following rules for the guidance of Officers in matters connected with the enforcement of the said Act

1 Owing to the exemption of all persons whose annual profits are less than Rs 500, the number of persons required to take out certificates under Act IX of 1868 will be about one fifth the number required to take out licenses under Act XXI and XXIX of 1867 The work performed and the experience gained under the License Tax Act will greatly diminish the labor and difficulty of carrying out the Certificate Act The Governor General in Council therefore hopes that excepting in the Presidency towns and some few of the larger towns in India, the provisions of the Act will be carried out by the ordinary executive officers of Government and their subordinates without extra assistance or special establishments

[*Government Gazette,* 12*th May* 1868]

ভারতবর্ষের গবর্ণমেণ্ট ফিনানসিয়ল ডিপার্টমেণ্টে নিম্নলিখিত যে আজ্ঞা প্রচার করিয়াছেন তাহা সর্ব্বসাধারণের জানিবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

২৪৬৪ নম্বর।

৮৬৮ সাল ২০ আপ্রিল।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট অবধারিত টাক্সস ক্রান্ত পৃথক রাজস্ব বিষয়ক এই নির্দ্ধারণ করিয়াছেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৮ সালের ৯ আইনের ৩৫ ধারাক্রমে যে ক্ষমতা প্রাপ্ত হইলেন, তদনুসারে তিনি উক্ত আইন প্রবলকরণসংক্রান্ত কার্য্যকারকদের কার্য্যসাধনের নিম্নলিখিত বিধি করিয়াছেন।

১। যে ব্যক্তিদের আয় বৎসর ৫০০৲ টাকার ন্যূন হয়, তাঁহাদের টাক্স লাগিবে না এই হেতুক ১৮৬৭ সালের ২১ ও ২৯ আইনমতে যাঁহাদের অনুমতিপত্র লইতে হইয়াছিল তাঁহাদের সংখ্যা অপেক্ষা যাহারা ১৮৬৮ সালের ৯ আইনমতে সর্টিফিকট লইবেন, তাঁহাদের সংখ্যা পাঁচ অংশের এক অংশ পর্য্যন্ত ন্যূন হইবে। লাইসেন্স টাক্স অনুসারে কর্ম্ম সম্পাদন হইয় যে জ্ঞানলাভ হইয়াছে তদ্দারা সর্টিফিকটের আইন সফল করিবার পরিশ্রম ও আয়াস ন্যূন হইবে। এই হেতুক রাজধানী এবং ভারতবর্ষের অন্তর্গত বৃহৎ২ নগরভিন্ন অন্য সকল স্থানে ঐ আইনের বিধান সফল করিবার নিমিত্তে অতিরিক্ত সাহায্যের কিম্বা বিশেষ আমলাগণের প্রয়োজন হইবে না, যাহারা রাজসংক্রান্ত কর্ম্ম নির্ব্বাহ করিয়া থাকেন অধীন কর্ম্মকারক সহিত তাঁহারাই সেই কার্য্য করিতে পারিবেন, ও কোন স্থলে অতিরিক্ত

Where such extra assistance is necessary it will probably not be required for more than a few months

2 The powers of Collector under the Act are primarily given to the Collector of land revenue and the powers of a Commissioner to the Commissioner of land revenue

The different powers of a Collector are as follows —

1st —The determination of what persons are liable to take out certificates and under which class of Schedule A each person is to be assessed and the preparation of a list in accordance with such determination (Secs 12 and 13)

2nd — The granting certificates and receiving payment for the same (Sec 10)

3rd —The hearing and disposing of petitions objecting to the assessment (Secs 14 and 15)

4th — The serving of notices on defaulters (Secs 17 and 28)

5th —The prosecution of persons before the Magistrate—

(*a*) for not taking out a certificate (Sec 17)

(*b*) for refusing to produce a certificate on demand (Sec 18)

6th —The recovery of the tax by process of the revenue law (Sec 29)

The Collector has also certain powers with respect to the assessment of Joint Stock Companies and their servants

The powers of a Commissioner are confined to the hearing and deciding appeals from orders passed by the Collector on petitions of objection (Sec 15)

Under Section 31, the Local Governments can confer *any* or *all* of these powers on any person other than the Collector and Commissioner of land revenue

In determining what persons if any, should be entrusted with any or all of the powers of a Collector or Commissioner Local Governments will be guided by considerations of convenience to the tax payers and the means at the disposal of Government for utilizing its own officers, or, where it may be necessary, non official persons It may be convenient, for instance to confer the powers of a Collector so far as regards the preparation of the list and the granting certificates, on one person, and to reserve the remaining powers for another It may also sometimes be proper, while giving an officer power, to deter

সাহায্যের আবশ্যক হইলেও, কএক মাসের অধিক হইবে না, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের এই আশা হইতেছে।

২। আইনমতে কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে তাহা প্রথমে ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের প্রতি ও কমিস্যনরের যে ক্ষমতা তাহা ভূমির রাজস্বের কমিস্যনর সাহেবের প্রতি অর্পিত হইবে।

কালেক্টরের এই২ কার্য্য করিবার ক্ষমতা আছে।

প্রথম। কে২ ব্যক্তি সর্টিফিকেট [illegible] হন এবং A চিহ্নুত তফসীলের কোন্ শ্রেণীমতে প্রত্যেক জনের টাক্স ধার্য্য করিতে হইবে ইহা নিরূপণ করণ এবং ঐ নিরূপণানুসারে নির্ঘণ্ট প্রস্তুত করণ (১২ ও ১৩ ধারা)

দ্বিতীয়। সর্টিফিকেট প্রদান ও তজ্জন্যে টাকা গ্রহণ (০ ধারা)

তৃতীয়। যত টাকা টাক্স ধার্য্য হয় তাহার আপত্তিসূচক দরখাস্ত গ্রহণ ও নিস্পত্তি করণ (১৪ ও ৫ ধার)

চতুর্থ। বাকীদারদের নামে নোটিস দেওন। (১৭ ও ২৮ ধারা)

পঞ্চম। (ক) সর্টিফিকট গ্রহণ না করা প্রযুক্ত (১৭ ধারা) ও

(খ) সর্টিফিকট দেখাইবার আদেশ হইলে তাহা না দেখানপ্রযুক্ত (১৮ ধারা)

মাজিষ্ট্রেট সাহেবের নিকট ব্যক্তিদের নামে অভিযোগ করণ।

ষষ্ঠ। রাজস্বসংক্রান্ত আইনের প্রণালীমতে টাক্স অদায় করণ (২৯ ধারা।)

জাইন্ট ষ্টাক কোম্পানির ও তৎসংক্রান্ত কর্ম্মকারকদের টাক্স ধার্য্যকরণ বিষয়েও কালেক্টর সাহেবের কিছু ক্ষমতা আছে।

কমিস্যনরের এই মাত্র ক্ষমতা, কালেক্টর সাহেব আপত্তিসূচক দরখাস্তের উপর যে আজ্ঞা করেন তিনি সেই আজ্ঞার উপর আপীল শুনিযা নিস্পত্তি করিবেন (৫ ধারা)

৩১ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্ট ভূমির রাজস্বের কালেক্টর ও কমিস্যনর ভিন্ন কোন ব্যক্তির প্রতি উক্ত ক্ষমতার মধ্যে সকল কিম্বা কোন ক্ষমতা প্রদান করিতে সক্ষম হন।

যদি অন্য ব্যক্তির প্রতি কালেক্টর কি কমিস্যনরের সকল কি কোন ক্ষমতা প্রদান করা হয়, তবে কি প্রকারের লোকদিগকে প্রদান করিতে হইবে স্থানীয় গবর্ণমেণ্ট টাক্স দায়িরদের স্বচ্ছন্দতা বিবেচনায় এবং স্বীয় কর্ম্মকারকদিগকে ঐ কর্ম্মে নিযুক্ত করিবার কিম্বা আবশ্যক স্থলে আপনার কর্ম্মকারক ভিন্ন ব্যক্তিদিগকে কর্ম্ম দিবার যে সুযোগ থাকে ইহা বিবেচনা করিয়া সেই ক্ষমতার্পণ করিবেন। যথা স্থলবিশেষে নির্ঘণ্ট প্রস্তুত করিবার ও সর্টিফিকট দিবার যে ক্ষমতা কালেক্টর সাহেবের প্রতি বর্ত্তে তাহা এক ব্যক্তিকে এবং তাঁহার অন্য সকল ক্ষমতা অন্য ব্যক্তিকে প্রদান করা বিধেয় হইতে পারে। স্থলান্তরে কাহাকে কোন্ শ্রেণীভুক্ত করা উচিত ইহা নিরূপণের ভার এক ব্যক্তির

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১২ মে।]

mine the classes in which each person is to be assessed to reserve to another officer the preparation of the list so far as regards some of the higher classes.

The Governor General in Council authorises Local Governments to entertain the necessary establishments in anticipation of the formal sanction, application for which should be made without delay

3 To each person entrusted with any or all of the powers of a Collector or Commissioner there should, ordinarily, be assigned a definite portion of the district, in which he may exercise such powers So soon as the Local Governments have determined what officers shall exercise any or all of the powers of a Collector and Commissioner in each district, or portion of a district, the preparation of the lists prescribed in Section 13 should be commenced Although these lists will have no legal force until the 1st day of May their preparation should not be delayed Under the terms of Section 5 and 10, only one certificate is necessary for each person, however many professions or trades such person may exercise and in how many soever places or districts This certificate must be granted by the Collector of the district in which the principal place of business of such person is situate The Collector must therefore before determining the class in which any person is to be assessed, be careful to ascertain whether that person exercises or intends to exercise any profession or trade in any other place or district, and if so he must communicate with the Collector of that district in order to form a fair estimate of the annual profits of such person, and to determine which is the principal place of business of such person Section 3 sufficiently provides for the determination of any difference of opinion as to the district in which payment is to be made and the certificate granted The Governor General in Council is pleased to declare, as a general rule that the ordinary place of residence of the person assessed and in the case of a firm the ordinary place of residence of the head acting partner shall be held to be the principal place of business of such person or firm

4 In determining the class in which any person is to be assessed, the Collector, while abstaining from inquisitorial proceedings and interrogations of the person himself should avail himself of every proper means of arriving at a fair estimate of the truth Besides his official subordinates, some of the respectable inhabitants of the town, such as the heads of trades and professions, will generally be able and willing to assist the Collector in the process of classificaiton

প্রতি এবং উচ্চতর কোন২ শ্রেণীর নামের নির্ঘণ্ট করিবার ভার অন্যের প্রতি অর্পণ করা বিহিত হইতে পারে।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব স্থানীয় সকল গবর্ণমেন্টকে এই অনুমতি প্রদান করিতেছেন যে তাঁহারা নিয়মিতরূপে অনুমতি প্রাপণাপেক্ষায় আবশ্যক কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিয়া অগৌণে সেই অনুমতি প্রার্থনা করেন।

৩। কালেক্টরের কি কমিসানরের কোন২ কিম্বা সমুদয় ক্ষমতা যে প্রত্যেক ব্যক্তিকে প্রদান করা যায়, তিনি জিলার যে অংশের মধ্যে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন এমত বিশেষ অংশ নিরূপণ করা উচিত। প্রত্যেক জিলাতে কি জিলার অংশে কোন্ কার্য্যকারকদিগকে কালেক্টরের ও কমিসানরের সকল কি কোন ক্ষমতা দিতে হইবে, স্থানীয় নানা গবর্ণমেন্ট ইহা নির্ণয় করিলেই ১৩ ধারার নির্দ্দিষ্ট নির্ঘণ্ট প্রস্তুত করণ কার্য্যের আরম্ভ করা কর্ত্তব্য। যদ্যপি আইনমতে সেই নির্ঘণ্ট মে মাসের ১ তারিখের পূর্ব্বে প্রবল না হয় তথাপি তাহার প্রস্তুত করণ কার্য্যের বিলম্ব করা উচিত নয়। ৫ ও ১০ ধারার নিয়মানুসারে কোন এক ব্যক্তির যত বৃত্তি কি ব্যবসায় হউক ও যত স্থানের কি জিলার মধ্যে ঐ ব্যবসায়াদি করুন, তাঁহার কেবল এক সর্টিফিকটের আবশ্যক। ঐ ব্যক্তির প্রধান কার্য্যালয় যে জিলার মধ্যে থাকে সেই জিলার কালেক্টর সাহেব ঐ সর্টিফিকট দিবেন। অতএব যে শ্রেণীভুক্ত করিয়া কোন ব্যক্তির টাক্স ধার্য্য করিতে হইবে, ইহা নিরূপণ করিবার পূর্ব্বে সেই ব্যক্তি অন্য কোন স্থানের কি জিলার মধ্যে কোন জীবিকাবৃত্তি কি ব্যবসায় চালাইতেছেন কি চালাইবার মনস্থ করেন কালেক্টর সাহেবের প্রথমে ইহা নির্ণয় করা আবশ্যক। যদি অন্য স্থানেও তাঁহার ব্যবসায় থাকে তবে সেই স্থানের কালেক্টর সাহেবের সঙ্গে উক্ত কালেক্টরের লিখন পঠন করিতে হইবে। তাহা করিলে তিনি সেই ব্যক্তির বার্ষিক লব্ধির যথার্থ নিরূপণ করিতে এবং তাহার প্রধান স্থান কোনটা ইহা নির্ণয় করিতে পারিবেন। কোন্ জিলাতে টাকা দিতে হইবে ও কোন্ জিলাতে সর্টিফিকট লইতে হইবে এই বিষয়ের মতভেদ হইলে ৩১ ধারাতে তাহা মিটাইবার যথোচিত নিয়ম হইয়াছে। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই সাধারণ বিধি করিতেছেন, যথা যাহার টাক্স ধার্য্য হয়, তিনি নিয়ত যে স্থানে বাস করেন এবং কুঠী হইলে সেই কুঠীর প্রধান কার্য্যাধ্যক্ষ অংশী যে স্থানে নিয়ত বাস করেন তাহাই ঐ ব্যক্তির কি কুঠীর কর্ম্মের প্রধান স্থান জ্ঞান করিতে হইবে।

৪। কোন ব্যক্তির যে শ্রেণীমতে টাক্স ধার্য্য করিতে হইবে, কালেক্টর সাহেব ইহা নির্ণয় করিতে উদ্যত হইয়া পরীক্ষকের ন্যায় পুঙ্খানুপুঙ্খরূপে সেই ব্যক্তিকে প্রশ্নাদি না করিয়া সত্যাবস্থার যথার্থ নিরূপণ করিবার উপযুক্ত উপায়মতে কার্য্য করিবেন। কার্য্যালয়ে আপন অধীন কার্য্যকারকের স্থানে কিছু২ জানিতে পারিবেন। তদ্ভিন্ন নগরের মধ্যে যাঁহারা বাণিজ্য ব্যবসায়ের শ্রেষ্ঠ লোক হন সম্ভ্রান্ত এমত কোন২ ব্যক্তি সাধারণমতে শ্রেণীবদ্ধ করিবার কার্য্যেতে কালেক্টর সাহেবের সাহায্য করিতে সক্ষম ও ইচ্ছুক হইবেন। যদি কোন ব্যক্তি

If any person volunteers information to the Collector either orally or by a written statement regarding his own annual profits, such information should be received and accepted *quantum valeat*

5 In making any assessment of annual profits under Schedule A the following profits must be left out of the account that is to say 1 Rents or profits from land or from houses, whether the recipients be proprietors, lessees or cultivators 2 Interest of money invested in the funds or any stock or otherwise except in the case of bankers or money dealers or where such interest arises in the course of the regular transactions of any profession or trade

6 The lists will be in the form 1 appended the classes being kept separate If any person or firm intends to exercise more than one trade or profession, each such trade or profession should be entered in column 3 and each place where each such trade or profession is intended to be exercised should be entered in column 4 For natives of India, the lists will be in the Vernacular Separate lists will be made in English for Europeans Eurasians &c If any person is removed from one class to another or entirely exempted a note to that effect will be made in the column of remarks

The notification (form 2) should be filed with the list, and a notification to like intent should be made public throughout the district or portion of the district to which the list refers

7 Certificates will be granted in form 3 As it is necessary that all the places in wich the certificate holder intends to exercise his profession or trade during the year of assessment should be specified, the necessary information must be obtained at the time of application for the certificate If it should then appear that the profits gained in any other place or district have been overlooked the Collector will not grant the certificate until he has after due inquiry amended if necessary the list in respect of the class in which the applicant should be charged In case a notice has been served, it may be necessary to serve a fresh notice fifteen days after such amendment if the new assessment has not meanwhile been paid

8 A register should be kept in form 4 of all certificates granted, the particulars being filled up at the time of granting the certificate to which they refer Separate registers should be kept for

স্বেচ্ছামতে বাচনিক কিম্বা লিখিত বর্ণনাদ্বারা কালেক্টর সাহেবকে আপনার বার্ষিক লব্ধির সকল কথা জানাইতে প্রস্তাব করেন, তবে সেই কথা গ্রাহ্য করা এবং যথাযোগ্যমতে স্বীকার করা উচিত।

৫। A চিহ্নিত তফসীলঅনুসারে বার্ষিক লব্ধির উপর টাক্স নিদ্ধার্য্য করণ কালে এই২ লব্ধি ত্যজ্য, যথা, ১। বাটী কি ভূমি হইতে যে ভাড়া কি কর প্রাপ্তি হয় তৎপ্রাপক ব্যক্তি অধিকারী হউন কিম্বা পাট্টাদার কি কৃষাণ হউন তাহা ত্যজ্য।২। ফণ্ডেতে কি কোন ষ্টাক প্রভৃতিতে যে টাকা গচ্ছিত থাকে তাহার সুদ ত্যজ্য কিন্তু বণিকের ও পোদ্দারদের ঐ টাকার সুদ ত্যজ্য নয়। এবং কোন বৃত্তির কি ব্যবসায়ের নিয়মিত কার্য্যক্রমে যে সুদ উৎপন্ন হয় তাহাও ত্যজ্য নহে।

৬। এই বিধির শেষে যে২ পাঠ আছে নির্ঘণ্ট তাহার ১ নম্বরের পাঠে লিখিতে হইবে। শ্রেণী সকল স্বতন্ত্র রাখিতে হইবে। যদি কোন ব্যক্তি কি কুঠী দুই কি তদধিক বাণিজ্য কি ব্যবসায় চালাইবার মনস্থ করেন, তবে উক্ত প্রত্যেক বাণিজ্য কি ব্যবসায় ৩ ঘরে লিখিতে হইবে। এবং উক্ত প্রত্যেক বাণিজ্য কি ব্যবসায় যে প্রত্যেক স্থানে চালাইবার মনস্থ থাকে সেই স্থানের নাম ৪ ঘরে লিখিতে হইবে। ভারতবর্ষ জাত লোকদের উক্ত নির্ঘণ্ট দেশের প্রচলিত ভাষায় করা যাইবে। ইউরোপীয় ইউরেশীয় প্রভৃতি লোকদের পৃথক২ নির্ঘণ্ট ইঙ্গলণ্ডীয় ভাষায় করা যাইবে। যদি কোন ব্যক্তির নাম এক শ্রেণীহইতে উঠাইয়া অন্য শ্রেণীভুক্ত করা যায়, কিম্বা যদি তিনি সম্পূর্ণরূপে অব্যাহতি পান, তবে মন্তব্য কথার ঘরে সেই মর্ম্মাত্মক কথা লিখিতে হইবে।

২ নং পাঠের জ্ঞাপনপত্র নির্ঘণ্টপত্রের সহিত গাঁথিয়া রাখিতে হইবে এবং নির্ঘণ্ট যে জিলা কিম্বা জিলার যে অংশ সংক্রান্ত হয়, সেই মর্ম্মের জ্ঞাপনপত্র সেই জিলার কিম্বা সেই অংশের সর্ব্বত্র প্রচার করিতে হইবে।

৭। সর্টিফিকট ৩ নং পাঠে লিখিয়া দেওয়া যাইবে। যে বৎসরের টাকস ধার্য্য হয় সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তি সেই বৎসরের মধ্যে যে সকল স্থানে আপনার বাণিজ্য কি ব্যবসায় চালাইতে মনস্থ করেন, ইহা নির্দ্দিষ্ট করা আবশ্যক হওয়াতে যে সময়ে সর্টিফিকট পাইবার প্রার্থনা করা যায়, সেই সময়ে ঐ প্রয়োজনীয় সম্বাদও প্রাপ্ত হইতে হইবে। তৎকালে অন্য কোন স্থানে কি জিলাতে যে প্রাপ্তি হয় তাহা ভ্রান্তিক্রমে ছাড়া হইয়াছে ইহা যদি দৃষ্ট হয়, তবে যে শ্রেণীভুক্ত করিয়া প্রার্থকের টাকুস ধার্য্য করিতে হইবে, কালেক্টর সাহেব প্রয়োজনমত উপযুক্ত অনুসন্ধান করিয়া যতকাল ঐ শ্রেণীসম্পর্কে নির্ঘণ্ট সংশোধন না করেন, তত কাল সর্টিফিকট দিবেন না। যদি নোটিস পূর্ব্বে দেওয়া গিয়া, থাকে তবে উক্ত প্রকারে সংশোধন করিলে পর পঞ্চদশ দিনের মধ্যে নূতন নোটিস দিবার আবশ্যক হইতে পারে। ইতিমধ্যে যদি নূতন হারানুসারে টাকুস দেওয়া যায় তবে নূতন নোটিস দিবার প্রয়োজন নাই।

৮। যে সকল সর্টিফিকট দেওয়া যায় ৪ নম্বরের পাঠে তাহার রেজিষ্টর রাখা উচিত। ঐ সর্টিফিকট যে বিশেষ কথা লক্ষ করিয়া দেওয়া যায় তাহা সর্টিফিকট দিবার সময়ে লিখিয়া দিতে হইবে। প্রত্যেক

each class of certificate, and different sets of registers for Native and European certificate holders If subsequently any person is removed from one class to another or entirely exempted, the certificate should be amended or annulled, the fact being noted in the column of remarks in the register and a new entry being made under the class to which the certificate has been removed

শ্রেণীর সর্টিফিকটের পৃথক রেজিষ্টর রাখিতে হইবে। এবং সর্টিফিকটপ্রাপ্ত এদেশীয় ও ইউরোপীয় লোকদের পৃথক২ রেজিষ্টর রাখিতে হইবে। তৎপরে যদি কোন ব্যক্তির নাম এক শ্রেণীহইতে অন্য শ্রেণীতে দেওয়া যায় কিম্বা একেবারে তুলিয়া ফেলা যায়, তবে সর্টিফিকট সংশোধন কি নিরাকরণ করিতে হইবে ও সেই কথা রেজিষ্টরের মন্তব্য কথার ঘরে লিখিতে হইবে। ও সর্টিফিকট যে শ্রেণীভুক্ত করা গেল সেই শ্রেণীমতে তাঁহার নাম নূতন লিখিতে হইবে।

9 Before passing orders on any petition of objection preferred under Section 15 the Collector must carefully examine the evidence presented by the petitioner, and call for such further evidence as may be necessary to arrive at a proper decision in the case The ascertained profits of the year of account preceding the year of assessment will be *primâ facie* the basis of the Collector's decision Any special circumstances tending to prove that the profits of the year of assessment will materially differ from the profits of the previous year will be allowed due weight

৯। ১৫ ধারামতে আপত্তিসূচক দরখাস্ত করা গেলে, দরখাস্তকারী যে প্রমাণ উপস্থিত করেন কালেক্টর সাহেব অত্যন্ত মনোযোগপূর্ব্বক তাহা বিচার করিবেন এবং সেই বিষয়ের যথার্থ নিষ্পত্তি করিবার জন্যে অধিক যে প্রমাণের আবশ্যক হয় তিনি সেই প্রমাণ গ্রহণ করিবেন, পরে ঐ দরখাস্ত বিষয়ে আজ্ঞা প্রচার করিবেন। যে বৎসরের টাক্স ধার্য্য হয় তাহার পূর্ব্ব বৎসরের হিসাব অনুসারে যত প্রাপ্তি নির্দ্ধারিত হয়, তাহাই আপাতত কালেক্টর সাহেবের নিষ্পত্তির মূল হইবে। যে বৎসরের টাক্স ধার্য্য হইবে কোন বিশেষ গতিকপ্রযুক্ত সেই বৎসরের আয় পূর্ব্ব বৎসরের আয়হইতে অনেক ন্যূন কি অধিক হইবার সম্ভাবনা ইহার যে প্রমাণ দর্শান যায় তাহারও উপযুক্ত বিবেচনা করিতে হইবে।

10 Against the gross receipts no deductions should be allowed on account of disbursements or expenses not wholly and exclusively incurred on account of the profession or trade in respect of the profits of which the assessment has been made, nor on account of the maintenance of the person himself, or his family, or domestic establishment, nor on account of any public or local rates cesses or taxes Deductions from the gross receipts may be allowed on account of the following items of expenditure —

১০। যে বৃত্তির কি ব্যবসায়ের আয় ধরিয়া টাক্স ধার্য্য হয় সম্পূর্ণরূপে ও কেবল সেই বৃত্তি কি ব্যবসায় হেতুক যে টাকা খরচ না হয় মোট আয়হইতে সেই টাকা বাদ দিবার, কিম্বা সেই ব্যক্তির কি তাঁহার পরিবারাদির কি ঘরের লোকপ্রভৃতির ভরণপোষণের টাকা কিম্বা রাজকীয় কি স্থানীয় রেট কি শুল্ক কি টাক্সের নিমিত্তে যে টাকা দেওয়া যায় তাহা বাদ দিবার অনুমতি হইবে না। নিম্নলিখিত হেতুতে যে টাকা খরচ হয়, মোট আয়হইতে সেই টাকা বাদ দিবার অনুমতি হইবে।

Sums expended in the repairs of implements utensils, or articles used solely for the purpose of the profession or trade calculated on the average expenditure for the past three years

বৃত্তির কি ব্যবসায়ের কার্য্যে যে হেতিয়ার কি যন্ত্র কি দ্রব্য ব্যবহার হয় তাহা সারাইবার জন্যে পূর্ব্ব তিন বৎসরাবধি যত টাকা খরচ হইয়াছে গড় ধরিয়া এক বৎসরের তত খরচ বাদ দেওয়া যাইতে পারিবে।

Sums expended for insurance of the premises implements, or stock of the profession or trade

বৃত্তি কি ব্যবসায় যে বাটীতে চলে সেই বাটীর ও উক্ত বৃত্ত্যাদির যন্ত্রাদির ও মালের বিমার নিমিত্তে যত টাকা খরচ হইয়াছে সেই টাকা।

Rent paid for any premises used for such profession or trade, provided that if such premises shall not have been exclusively used for such profession or trade, a fair proportion only of such rent shall be deducted from the gross receipts

ঐ বৃত্তির কি ব্যবসায়ের নিমিত্তে যে বাটীর ব্যবহার হয় তাহার ভাড়া। যদি সেই বৃত্তি কি ব্যবসায় ভিন্ন অন্য কার্য্যে সেই বাটীর ব্যবহার হইয়া থাকে তবে মোট আয় হইতে ঐ ভাড়ার উপযুক্ত অংশ মাত্র বাদ দেওয়া যাইবে।

Ten per cent on the rack rent of such premises on account of repairs, if such repairs are at the cost of the petitioner

যদি দরখাস্তকারির খরচে সেই বাটীর মেরামত হয়, তবে মেরামতের জন্যে ঐ বাটীর উচ্চতম ভাড়ার উপর শত করা দশ টাকা।

Sums expended in the payment of persons employed solely in such profession or trade

কেবল সেই বৃত্তি কি ব্যবসায় সংক্রান্ত কর্ম্মকারকদের বেতনাদির জন্যে যে টাকা দেওয়া যায় তাহা।

The amount of any losses of the stock in trade

বাণিজ্যসংক্রান্ত দ্রব্যের ক্ষতি হইলে তাহার মূল্য।

The amount of any bad debts for the first time ascertained and written off as such during the year

বৎসরের মধ্যে যে ঋণ প্রথমবার অসাধ্য নিশ্চিত হইয়া খাতায় অসাধ্য বলিয়া লেখা গিয়াছে সেই ঋণের টাকা।

[*Government Gazette*, *12th May* 1868]

Sums paid during the year for insurance of the life of person assessed or his wife not exceeding one tenth of the said profits

Under the present Act, on deductions from the Imperial Tax on account of Municipal Taxes can be authorized

11 The Collector must write his final order on every petition of objection, and supply the petitioner with a copy of such order on plain paper with its date on his application for the same A register (form 5) of petitions received and disposed of should be kept by each Collector

12 If it should appear in the course of the investigation that the petitioner exercises any profession or trade in any other place or district the Collector must previous to passing final orders make due inquiries as to the profits gained in that other place or district

13 Commissioners will be guided by the above rules, so far as they may be applicable in determining appeals from the Collector s orders A register (form 6) of all appeals will be kept by each officer exercising the powers of a Commissioner

14 In the case of persons commencing any profession or trade in the course of the year of assessment it will be necessary for the Collector to estimate the *annual* profits of such persons For this purpose the assessment should be delayed for a time in order that the Collector may be able to form a fair judgment as to the class in which such persons are to be charged The Collector will then calculate what would be the probable profits for an entire year and classify the person accordingly, entering his name in the list The certificate will be granted on payment of one quarter, one half, three quarters, on the full tax of the class in which the person is so placed according to the date on which the business was commenced The decision of this date rests with the Collector under Section 12 It will be entered in the remark columns of the list (form 1) and register of certificates (form 4)

15 It will be observed that no notice can be served on a defaulter under Section 17 until at least fifteen days after the entry of his name in the list prepared under Section 13 Under no circumstances, therefore, can such notice be served before the 16th day of May Notices will be in form 7 If the notices refer to the second instalment, it will be in form 8 A register of all such notices should be kept in form 9 Particular endeavours should be made to cause personal service of the notice The mode in which the notice has been

যে ব্যক্তির টাক্স ধার্য্য হইলে তাঁহার কি তদীয় স্ত্রীর জীবনের উপর বিমাস্বরূপ উক্ত প্রাপ্তির দশাংশের অনধিক যত টাকা বৎসরে দেওয়া যায় তাহা।

এই আইনঅনুসারে মুনিসিপল টাক্স হেতুক রাজকীয় টাক্সহইতে কিছু বাদ দিতে হইবে না।

১১। কালেক্টর সাহেব আপত্তিসূচক দরখাস্তের উপর শেষ আজ্ঞা লিখিবেন, এবং দরখাস্তকারী প্রার্থনা করিলে তিনি সাদা কাগজে সেই আজ্ঞার প্রতিলিপি ও তাহার তারিখ লেখাইয়া তাঁহাকে দিবেন। যত দরখাস্ত প্রাপ্ত হওয়া ও নিষ্পত্তি করা যায়, প্রত্যেক কালেক্টর সাহেব (৫ নং পাঠে) তাহার রেজিষ্টর রাখিবেন।

২। দরখাস্তকারী অন্য কোন স্থানে কি জিলাতে কোন বৃত্তি কি ব্যবসায় চালাইতেছেন অনুসন্ধানকালে যদি ইহা দৃষ্ট হয় তবে ঐ অন্য স্থানে কি জিলাতে কত লাভ হয়, শেষ আজ্ঞা করিবার পুর্ব্বে কালেক্টর সাহেবের সেই বিষয়ের যথোচিত সন্ধান লইতে হইবে।

১৩। কমিস্যনর সাহেবদের নিকট কালেক্টর সাহেবের আজ্ঞার উপর আপীল হইলে পূর্ব্বোক্ত বিধি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে তাঁহারা সেই পর্য্যন্ত সেই বিধিমতে ঐ আপীল নিষ্পত্তি করিবেন। যে প্রত্যেক কার্য্যকারক কমিস্যনরের ক্ষমতামতে কার্য্য করেন তিনি ৬ নম্বরের পাঠে সকল আপীলের রেজিষ্টর রাখিবেন।

১৪। যে বৎসরের টাক্স ধার্য্য হয়, কোন ব্যক্তি সেই বৎসরের মধ্যে কোন বৃত্তি কি ব্যবসায় আরম্ভ করিলে, সেই ব্যক্তির বার্ষিক প্রাপ্তির অনুমান করা কালেক্টর সাহেবের আবশ্যক। তদ্রূপ ব্যক্তিদিগকে যে শ্রেণীভুক্ত করিয়া তাঁহাদের টাক্স ধার্য্য করিতে হইবে, কালেক্টর সাহেব ইহার যথার্থ বিচার করিতে পারেন এই নিমিত্তে কিঞ্চিৎকাল ঐ টাক্স ধার্য্য করণের বিলম্ব করা উচিত। পরে সম্পূর্ণ বৎসরের যত প্রাপ্তি সম্ভাবনা কালেক্টর সাহেব ইহার হিসাব করিয়া তদনুসারে তাঁহাকে শ্রেণীভুক্ত করিয়া তাঁহার নাম নির্ঘণ্টপত্রে লিখিয়া দিবেন। ঐ ব্যক্তির নাম যে শ্রেণীতে লেখা যায় তিনি যে তারিখে কর্ম্ম আরম্ভ করিয়াছেন তদনুসারে তাঁহার সেই শ্রেণীর সম্পূর্ণ টাক্সের চতুর্থাংশ কিম্বা অর্দ্ধেক কিম্বা তিন অংশ দিতে হইবে। কালেক্টর সাহেব ২ ধারামতে তারিখ নির্দ্ধার্য্য করিবেন। এবং ১ নং পাঠের নির্ঘণ্টপত্রের ও ৪ নং পাঠের সর্টিফিকটের রেজিষ্টরের মন্তব্য কথার ঘরে ঐ তারিখ লিখিতে হইবে।

১৫। ১৩ ধারামতে যে নির্ঘণ্টপত্র প্রস্তুত করা যায় কোন ব্যক্তির নাম তাহাতে লেখা গেলে পর ন্যূনকল্পে পঞ্চ দশ দিন গত না হইলে ৭ ধারামতে বাকীদার বলিয়া তাঁহার নামে নোটিস দেওয়া যাইতে পারিবে না। এই কথা মনে রাখা কর্ত্তব্য। মে মাসের ১৬ তারিখের পুর্ব্বে তদ্রূপ নোটিস কখন দেওয়া যাইতে পারিবে না। ৭ নম্বরের পাঠে নোটিস লিখিতে হইবে। নোটিস যদি দ্বিতীয় কিস্তি সম্পর্কীয় হয়, তবে ৮ নম্বরের পাঠে লিখিতে হইবে। উক্ত প্রকারের সকল নোটিসের রেজিষ্টর ৯ নম্বরের পাঠে রাখিতে হইবে। নোটিস যাঁহার নামে হয়, নিজ তাঁহাকেই তাহা দিবার

served should in all cases be entered in the register of notice. The Collector should be prepared to produce in case of necessity good evidence of the service of the notice. The form of notice (form 9) to be served upon defaulting Joint Stock Companies (form 10) is appended.

16. After the expiry of seven days from service of the notice, the defaulter may be prosecuted before the Magistrate. It will only be necessary for the Collector to prove the legal service of the notice, and it will not be competent to the Magistrate to make any further investigation or to enquire into the propriety of the assessment. It will be his duty, on being satisfied that the notice has been legally served and that the demand has not been paid, to award the full penalty of twice the demand. He has under the Act no power of mitigating this penalty.

17. The tax in this case having become a penalty, the option of paying by instalments or of objecting to the assessment will be lost. A register of prosecutions (form 11) before the Magistrate under Sections 17 and 18 should be kept.

18. The Local Governments will make rules for the recovery of the tax by revenue processes under Section 29, and prescribe the form of register for recording particulars of such processes.

19. The Magistrate will at once make over to the Collector all penalties recovered under Section 17, and the Collector will thereupon grant the necessary certificate. Fines under Section 18 will be dealt with as ordinary fines by a Magistrate under the Criminal Law.

20. Firms are to be assessed as persons and the partners will not be liable as such to individual assessment. The above rules will therefore apply to firms as if they were persons.

21. Every Joint Stock Company has an option under the Act of paying Rs. 500 on each Branch or Agency in British India or of paying one per cent. on the dividend declared by such Company during the year ending the 31st March previous to the year of assessment. Should a Joint Stock Company elect to pay on the dividend, it must through the proper officer, on or before the 30th April, deliver a return to the Collector stating the amount of the said dividend. Where no such dividend was declared, the Company, by making a return to that effect, will be entitled to complete exemption from the tax. It follows that if any

বিশেষ যত্ন করা উচিত। নোটিস যে প্রকারে দেওয়া যায় এই কথা সর্ব্বদা নোটিসের রেজিষ্টরে লিখিতে হইবে ঐ নোটিস উপযুক্তমতে দেওয়া গিয়াছে আবশ্যক হইলে কালেক্টর সাহেবের ইহার প্রমাণ করিতে সক্ষম হওয়া উচিত। জাইন্ট ষ্টাক কোম্পানি টাক্স না দিলে ৯ নম্বরের পাঠের যে নোটিস তাঁহাদের নামে দিতে হইবে তাহার ১০ নম্বরের পাঠ নিম্নভাগে দেওয়া যাইবে।

৬। নোটিস দেওয়া গেলে পর সাত দিন গত হইলে মাজিষ্ট্রেট সাহেবের নিকট বাকীদারের নামে নালিশ হইতে পারিবে। নোটিস আইনমতে দেওয়া গিয়াছে কালেক্টর সাহেবের কেবল এই কথার প্রমাণ করিতে হইবে। মাজিষ্ট্রেট সাহেব অধিক অনুসন্ধান লইবার কিম্বা উপযুক্ত টাক্স অবধারিত হইয়াছে কি না এই বিষয়ের কোন সন্ধান লইবার ক্ষমতাপন্ন নহেন। নোটিস আইনমতে দেওয়া গিয়াছে ও দাওয়ার টাকা দেওয়া যায় নাই ইহা হৃদ্বোধমতে জানিলে সম্পূর্ণ দণ্ড অর্থাৎ দাওয়ার দ্বিগুণ দণ্ডের আজ্ঞা করা তাঁহার কর্ত্তব্য। আইনমতে তাঁহার সেই দণ্ডের লাঘব করিবার ক্ষমতা নাই।

৭। উক্ত স্থলে যখন টাক্স দণ্ড হইল তখন ইচ্ছা হইলে কিস্তি করিয়া দেওয়ার কিম্বা আপত্তি করিবার যে অনুমতি আছে তাহা রহিত হইবে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ১৭ ও ১৮ ধারাক্রমে যে অভিযোগ হয় ১১ ন পাঠে তাহার রেজিষ্টর রাখিতে হইবে।

১৮। স্থানীয় গবর্ণমেন্ট ২৯ ধারানুসারে রাজস্ব আদায়ের কার্য্য প্রণালীমতে টাক্স আদায় করিবার বিধি করিবেন। এবং ঐ কার্য্যের বিবরণ লিখিয়া রাখিবার রেজিষ্টরের পাঠ নির্দ্দিষ্ট করিবেন।

১৯। ১৭ ধারামতে যে সকল দণ্ড আদায় করা যায় মাজিষ্ট্রেট সাহেব তাহা অর্পণে কালেক্টর সাহেবকে দিবেন। তাহা হইলে কালেক্টর সাহেব প্রয়োজনমত সর্টিফিকট দিবেন। ফৌজদারী আইনমতে মাজিষ্ট্রেট সাহেবেরা সাধারণ অর্থদণ্ড লইয়া যে কার্য্য করেন ১৮ ধারামত অর্থদণ্ড লইয়া তদ্রূপ কার্য্য হইবে।

২০। ব্যক্তিরদের ন্যায় কুঠীর টাক্স ধার্য্য হইবে এবং ব্যক্তিবিশেষের উপর যে টাক্স ধার্য্য হয় অংশিরা অংশিপ্রযুক্ত তজ্জন্যে দায়ী হইবেন না। অতএব কুঠীকেই ব্যক্তি বিবেচনা করিয়া পূর্ব্বোক্ত বিধি তৎপ্রতি বর্ত্তিবে।

২১। আইনমতে প্রত্যেক জাইন্ট ষ্টাক কোম্পানি যদি ইচ্ছা করেন, তবে ব্রিটনীয় ভারতবর্ষে তাহার যত শাখা কি এজেন্টী থাকে তাহার প্রত্যেকের উপর ৫০০৲ টাকা দিতে পারিবেন, অথবা যে বৎসরের টাক্স ধার্য্য হয় তৎপূর্ব্ব মার্চ মাসের ৩ তারিখ পর্য্যন্ত, এক বৎসরে যত টাকা ডিবিডেণ্ড প্রকাশ করিয়াছেন তাহার উপর শত করা ১ টাকা দিতে পারিবেন। যদি জাইন্ট ষ্টাক কোম্পানি ডিবিডেণ্ডের উপর টাক্স দিতে স্থির করেন, তবে আপ্রিল মাসের ৩০ তারিখে কি তৎপূর্ব্বে কালেক্টর সাহেবকে উপযুক্ত কার্য্যকারকের দ্বারা রিটর্ণ দিবেন। উক্ত ডিবিডেণ্ড যত টাকার ছিল তাহা ঐ রিটর্ণে ব্যক্ত থাকিবে। যদি ডিবিডেণ্ড প্রকাশ না হইয়া থাকে, তবে কোম্পানি

Joint Stock Company commences business during the year of assessment, such Company by electing to pay on its dividend of the previous year may obtain exemption from the tax. The Governor General in Council is pleased to exempt all such Companies whether they make a return or not. Although in strictness no Joint Stock Company will be legally entitled to claim taxation at one per cent on its dividend in lieu of paying Rs 500 on each Branch or Agency unless the return be delivered on or before the 30th April, Collectors are authorized to accept such return and to proceed to assessment thereon if it be delivered within a reasonable time after that date on good cause being shown for the delay. Joint Stock Companies have not the option of paying by instalments.

22. The mode of assessment on official salaries having been entirely changed, all orders relating to such assessment under the License Tax Act or relating to refund of the License Tax are cancelled as being inapplicable and unnecessary in the present state of the Law. Assessments on such salaries will be made in accordance with the provisions of Section 23 of Act IX of 1868 and the following rules.

23. No servant of Government is liable to taxation in that capacity if his pay be less than Rs 1,000 per annum. Under the term 'pay' is included all pay and allowances of appointment whether substantive, officiating or temporary, excepting special sums allowed to meet disbursements on the public service (not being fixed monthly allowances ordinarily paid with the salary of an office or employment whether the service for which such allowance is nominally granted be performed or not). All sums stopped under the authority of Government in the nature of payments to pension or annuity funds, to regimental mess or band funds, or the like should be deducted from the pay previous to assessment. Every servant of Government, therefore (with the exceptions prescribed in Section 3) whose net pay and allowances thus calculated amount to Rs 83 5 4 per mensem is liable to assessment on that net pay at the rate of one per cent to be deducted at the time of payment by the Examiner of Claims, or other officer exercising the like functions.

সেই মর্ম্মের রিটর্ণ করিলে টাক্সহইতে সম্পূর্ণ অব্যাহতি পাইতে পারিবেন। অতএব টাক্স যে বৎসরের হয়, যদি কোন জাইণ্ট ষ্টাক কোম্পানি সেই বৎসরে কর্ম্ম আরম্ভ করিয়া পূর্ব্ব বৎসরের ডিবিডেণ্ডের উপর টাক্স দিবার মনস্থ প্রকাশ করেন তবে টাক্স হইতে অব্যাহতি পাইবেন। তদ্রূপ কোম্পানি রিটর্ণ করুন কি না করুন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব সেই সকল কোম্পানিকে টাক্সহইতে অব্যাহতি দিতেছেন। বিধি দৃঢ়মতে মানিলে, কোন জাইণ্ট ষ্টক কোম্পানি যদি আপ্রিল মাসের ৩০ তারিখে কি তৎপূর্ব্বে রিটর্ণ না দেন, তবে প্রত্যেক শাখার কি এজেন্সীর উপর ৫০০৲ টাকার পরিবর্ত্তে আইনমতে ডিবিডেণ্ডের উপর শতকরা এক টাকা টাক্স দিবার ক্ষমতার দাওয়া রাখিতে পারিবে না। তথাপি কালেক্টর সাহেবদের প্রতি এই অনুমতি হইয়াছে, যে সেই তারিখের পর উপযুক্ত সময়ের মধ্যে ঐ রিটর্ণ দিলে এবং বিলম্বের বিশিষ্ট কারণ দর্শাইলে, তাঁহারা সেই রিটর্ণ গ্রাহ্য করিয়া তদনুসারে টাক্স ধার্য্য করণ কার্য্যে প্রবর্ত্ত হইবেন। জাইণ্ট ষ্টাক কোম্পানির কিস্তি করিয়া টাক্স দিবার অনুমতি নাই।

২২। রাজকীয় পদসংক্রান্ত বেতনের উপর টাক্স ধার্য্য করণের নিয়মের সম্পূর্ণ পরিবর্ত্তন হইয়াছে। এই হেতুক লাইসেন্স টাক্সের আইনঅনুসারে ঐ টাক্স ধার্য্য করণের এবং লাইসেন্স টাক্স ফিরিয়া দেওনের যে সকল আজ্ঞা হইয়াছে আইনের বর্ত্তমান অবস্থায় তাহা বর্ত্তে না ও অনাবশ্যক আছে বলিয়া সেই সকল আজ্ঞা রহিত করা গেল। ৮৬৮ সালের ৯ আইনের ২৩ ধারার বিধান ও নিম্ন লিখিত বিধিমতে ঐ বেতনের উপর টাক্স ধার্য্য হইবে।

২৩। গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের বেতন বৎসর ১০০০৲ টাকার ন্যূন হইলে তাঁহার টাক্স লাগিবে না। কর্ম্মপদ স্থায়ি হইলে কিম্বা একটিং কি কিয়ৎকালীন হইলে সেই পদসংক্রান্ত সকল মাহিয়ানা ও উপরি টাকা ‘বেতন’ শব্দের মধ্যে ধর্ত্তব্য। এবং কোন পদের কি কর্ম্মের বেতনের সহিত অবধারিত যে টাকা মাসে২ দেওয়া যায় ও যে কর্ম্মের নিমিত্তে দেওয়া যায় সেই কর্ম্ম করা গেলে কি না গেলেও দেওয়া গিয়া থাকে ঐ টাকার উপর টাক্স লাগিবে, কিন্তু রাজকীয় কর্ম্মসংক্রান্ত কোন খরচের নিমিত্তে যে বিশেষ টাকা দেওয়া যায় তাহার টাক্স লাগিবে না। গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে পেনসনের কি আনুইটি ফণ্ডের কি সৈনিক ভোজের কি বাদ্যযন্ত্রের ফণ্ড প্রভৃতির নিমিত্তে যে সকল টাকা বেতন হইতে কাটিয়া লওয়া যায় টাক্স ধার্য্য করিবার পূর্ব্বে তাহা বাদ দিতে হইবে। অতএব ৩ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন গবর্ণমেণ্টের যে প্রত্যেক কার্য্যকারক মাসে২ নিট ৮৩ /৪ টাকা বেতন ও উপরি টাকা পান, তাঁহার সেই নিট বেতনের উপর শতকরা এক টাকার হিসাবে টাক্স লাগিবে। একজামিনর অফ ক্লেমস কিম্বা অন্য যে কার্য্যকারক ঐ কর্ম্ম সম্পাদন করেন বেতন দেওয়ার সময়ে তিনি ঐ টাক্স কাটিয়া লইয়া বেতনাদি দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ১২ মে ।]

24 Every such officer will keep a register in form 12 showing the deductions made on account of the tax under the Act

25 Any servant of Government who is allowed to exercise any other profession or a trade on his own account will be liable to separate assessment by the Collector under Schedule A in respect solely of his profits from such profession or trade In classifying such persons the Collector will entirely leave out of the account their official salaries, whether those salaries be less than Rs 1,000 per annum, or equal or exceed that amount

26 The case of persons holding employments under public institutions such as Municipalities the Asiatic Society and the like, has not been specially provided for in the Act Such persons are liable to assessment by the Collector under Schedule A Collectors are authorized however to give such persons the option of being assessed in the same manner as servants of Government or servants of Companies at one per cent on their salaries In many cases this arrangement will be favorable to such persons in lessening the actual amount of tax, while in all cases there will be the advantage of the mode of payment by deductions from time to time, from their salaries instead of payment in a lump sum or by two instalments

27 If any servant of Government has insured his life or that of his wife he may make application to the Examiner of Claims or other officer whose duty it is to deduct the tax from his salary and on proving to the satisfaction of that officer the amount of any payment made on account of such insurance during the year of assessment he will be entitled to a refund of the tax on such payment Provided that such payment together with the fund subscriptions which may have been deducted from his salary and therefore exempted from assessment, does not exceed ten per cent of the full salary If it do so exceed ten per cent refund will be disallowed on the excess

28 On or before the 30th April, each Joint Stock Company, through its proper officer, is bound to deliver to the Collector a list of persons in its employ whose salaries on that date are at the rate of Rs 1,000 or more per annum This list will serve as a check on subsequent payments to be de

[*Government Gazette* 12th May 1864.]

২৪। আইনমত টাক্সের নিমিত্তে যত টাকা তদ্রূপে কাটিয়া লওয়া যায় উক্ত প্রত্যেক কার্য্যকারক ১২ নং পাঠে তাহার রেজিষ্টর রাখিবেন।

* ২৫। যদি গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক আপনার লাভার্থে অন্য কোন বাণিজ্য কি ব্যবসায় করিবার অনুমতি পান তবে সেই বাণিজ্য কি ব্যবসায়হইতে তাঁহার যে প্রাপ্ত হয় কালেক্টর সাহেব A চিহ্নিত তপসীলমতে সেই প্রাপ্তির উপর তাঁহার স্বতন্ত্র টাক্স ধার্য্য করিবেন। তাঁহাদের রাজকীয় পদসংক্রান্ত বেতন বৎসর ১০০০৲ টাকা কি তাহার ন্যূন কি অধিক হউক ঐ ব্যক্তিদিগকে শ্রেণীবদ্ধ করণ কালে কালেক্টর সাহেব তাঁহাদের সেই বেতনের কোন অংশ ধরিবেন না।

২৬। মুনিসিপালিটি ও এসিয়াটিক সোসাইটি প্রভৃতি রাজস্থাপিত বিদ্যাদির সভাতে যাহারা কর্ম্মপ্রাপ্ত হন তাঁহাদের পক্ষে আইনে কোন বিশেষ বিধান নাই। কালেক্টর সাহেব A চিহ্নিত তপসীলমতে তাঁহাদের উপর টাক্স ধার্য্য করিতে পারিবেন। কিন্তু তাঁহারা যদি গবর্ণমেণ্টের কিম্বা কোন কোম্পানির কার্য্যকারকের ন্যায় বেতনের উপর শতকরা ৲ টাকা টাক্স দিতে চাহেন তবে কালেক্টর সাহেবদের প্রতি তাঁহাদের তদ্রূপ করিতে অনুমতি দিবার ক্ষমতা দেওয়া গিয়াছে। এরূপ করিলে অনেক ব্যক্তির পক্ষে টাক্স কিছু ন্যূন হওয়াতে তাঁহাদের যৎকিঞ্চিৎ উপকার হইবে ও সকল ব্যক্তির পক্ষে এই লাভ হইবে যে, আপনারদের টাক্সের টাকা মোটে কিম্বা দুই কিস্তি করিয়া না দিয়া মাসেং তাঁহাদের বেতনহইতে অল্প করিয়া দিবেন।

২৭। গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক আপনার জীবনের কিম্বা আপন স্ত্রীর জীবনের উপর বিমা গ্রহণ করিলে তিনি একসামিনর অফ ক্লেমসের নিকটে কিম্বা অন্য যে কার্য্যকারক বেতনহইতে টাক্স কাটিয়া লন তাঁহার নিকটে প্রার্থনা করিলে এবং যে বৎসরের উপর টাক্স ধার্য্য হইয়াছে, সেই বৎসরে ঐ বিমাপত্রের নিমিত্তে যত টাকা দিয়াছেন ঐ কার্য্যকারকের হৃদ্বোধমতে তাহা প্রমাণ করিলে তিনি সেই টাকার উপর টাক্স ফিরিয়া পাইতে পারিবেন। কিন্তু এমন স্থলে প্রয়োজন যে, উক্ত হেতুতে তাঁহার দত্ত টাকা, এবং ফণ্ডের নিমিত্তে চাঁদা বলিয়া যত টাকা তাঁহার বেতন হইতে বাদ দেওয়া গিয়া থাকে তাহা সর্ব্বশুদ্ধ তাঁহার বেতনের উপর শতকরা দশ টাকার অধিক না হয়। যদি শতকরা দশ টাকার অধিক হয়, তবে তদধিক টাকার টাক্স ফিরিয়া পাইতে পারিবেন না।

২৮। যত জন কোন জাইণ্ট ষ্টাক কোম্পানির নিকটে কর্ম্ম করিয়া এপ্রিল মাসের ৩০ তারিখে বৎসর ১০০০৲ টাকা কি তাহার অধিক হারে বেতন পান কালেক্টর সাহেবের নিকটে উপযুক্ত কার্য্যকারকের দ্বারা উক্ত কোম্পানির সেই তারিখ কি তৎপূর্ব্বে তাঁহাদের নামের লিষ্ট পাঠাইতে হইবে। তাঁহাদের বেতন-

ducted from the salaries at the rate of one per cent. But it must be observed that if the rate of any such person's salary is altered during the year, the assessment will be made at one per cent on the actual salary paid. The Collector will take steps to satisfy himself that such is the case. The Collector will make arrangements with the Companies as to the time and method of receiving the amount of deductions from the salaries of persons in their employ. The payments to the Collector should be made at least once a quarter, if monthly payments be found inconvenient.

57 Except as is otherwise provided in chapter XI, the Magistrate of the District, or a Magistrate in charge of a Division of a District, may without any complaint take cognizance of any offence coming to his knowledge and may issue a summons, or, in cases where a warrant may issue, a warrant of arrest against the person known or suspected to have committed such offence, in the same manner as if a complaint had been made against him

The Magistrate of the District or Magistrate in charge of a Division of a District, may in like

ষ্ট্রেট সাহেব কোন ব্যক্তিকে আজ্ঞা করিতে পারিবেন যে সেই অর্থানুসারে সাধারণের অনিষ্টজনক কর্ম্ম পুনশ্চ না করে কি না করিতে থাকে ইতি।

চতুর্থ অধ্যায়।

আহ্বানপত্রের বিধি।

[ব্যক্তিকে উপস্থিত করাইবার কার্য্যের কথা]

৫৩ ধারা। কোন অপরাধ করা গেলে কি করা গিয়াছে এমত বোধ হইলে, সেই অপরাধের অনুসন্ধান করণাভিপ্রায়ে যাহাকে অপরাধী জানা গেল কি যাহার প্রতি সন্দেহ থাকে তাহাকে উপস্থিত করাইবার উপায় এই, আহ্বান কিম্বা ধৃত করা ইতি।

[নালিশ হইলে আহ্বানপত্র কি পরওয়ানা পাইতে পারিবার কথা।

৫৪ ধারা। নালিশ হইলে সমন (অর্থাৎ আহ্বানপত্র) অথবা গ্রেফ্তারের পরওয়ানা অর্থাৎ ধৃত করিবার ক্ষমতাপত্র পশ্চাৎ লিখিত বিধিমত দেওয়া যাইতে পারিবে ইতি।

[বাদির পরীক্ষা গ্রহণের কথা।]

৫৫ ধারা। কোন অপরাধের জন্যে কোন ব্যক্তির নামে সমন কি পরওয়ানা বাহির হয় এই অভিপ্রায়ে যখন জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করা যায়, কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেবহইতে সমর্পণ না হইলেও তদ্রূপ নালিশ গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন কোন জিষ্ট্রেটের নিকটে নালিশ করা যায় তখন ঐ মাজি ট বাদিকে সেই বিষয়ের জিজ্ঞাসাবাদ করিবেন। াহার উত্তর লিখিয়া লওয়া যাইবে, ও বাদী এবং ষ্ট্রেট সাহেব তাহাতে স্বাক্ষর করিবেন।

[আহ্বানপত্র কি পরওয়ানা দিবার কথা।]

ধারা। যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উক্ত ও্র নালিশ উপযুক্তমতে করা যায়, তিনি বিচার কা লনের উপযুক্ত কারণ দৃষ্টি করিলে অভিযুক্ত ব্য আপনার সম্মুখে কিম্বা ক্ষমতাপন্ন অন্য কোন মা টের সম্মুখে উপস্থিত করাইবার জন্যে আহ্বান পত্র ন কিম্বা যে স্থলে পরওয়ানা দেওয়া যাইতে পারে স্থলে পরওয়ানা দিবেন।

নালিশ ডিসমিস্ করিবার কথা।]

যদি জিষ্ট্রেটের বিবেচনাতে বিচারকার্য্য চলিবার বিশিষ্ট হেতু না থাকে, তবে তিনি ঐ না ডিসমিস করিবেন ইতি।

[ন হইলেও অপরাধ বিচারার্থে গ্রহণ করিবার]

৭। এই আইনের ১১ অধ্যায়ের যে স্থলে প্রকার বিধান হইয়াছে তদ্ভিন্ন অন্য স্থলে জিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট যদি কোন অপরাধের কথা অবগত হন নালিশ না হইলেও তিনি সেই অপরাধ বিচার করিতে পারিবেন। ও যাহাকে অপরাধী জানা গেল, কি যাহার প্রতি সন্দেহ থাকে, তা নালিশ হইলে যেমন করিতে পারিতেন, তদ্রূপ আহ্বানপত্র দিতে অথবা যে স্থলে পরওয়ানা দেওয়া যাইতে পারে সেই স্থলে তাহাকে ধরিয়া আনিবার দিতে পারিবেন।

মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার খণ্ডের কর্প্রাপ্ত মাজিষ্ট্রেট সাহেব আপনার অধীন

manner direct any other Magistrate or Subordinate Magistrate under his orders to take cognizance of any such offence and such Magistrate or Subordinate Magistrate shall thereupon act as if a complaint had been duly made before himself

[Proviso]

The provisions of this section shall not apply to the offences described in chapters XIX, XX and XXI of the Indian Penal Code

[Form of summons]

58 Every summons issued by a Magistrate to an accused person shall be in writing and shall be signed and sealed by such Magistrate, and shall be in the form (B) given in the appendix to this Act or to the like effect

[Summons by whom served]

59 A summons shall ordinarily be issued through a Police officer, but the Magistrate issuing the summons may, if immediate service be necessary and no Police officer be immediately available, direct the summons to be served by a other person

[Summons how served]

60 The ummons shall be served on c oused personally by exhibitin the origi nd delivering or tendering a copy to him or ase the accused person shall not be found opy may be left for him with some adult mal mber of his family residing with him

[Service when accused cannot be]

found,

61 When the accused person can family and there is no adult male member erving on whom the service can be mad n some officer shall fix a copy of the sum conspicuous part of the house in wh accus ed person ordinarily resides

[Issue of war ant in additio to ss]

62 A Magistrate may (notwithstg such summons) either b fore the appe of the accused person as required by th ons or after hi default in so appearing, warrant of arrest is ue t h m

[Summons or warrant for offence ted be yond local jur sdiction.]

63 Any Magis r te may issue ons or warrant for the apprehension of an within his jurisdiction in respect of any own or suspected to have been committe person in a different District or Divisio rict or on the hi h seas, or in a foreign and for

অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা নিম্ন শ্রেণীর মাজিষ্ট্রেটকে তদ্রূপ কোন অপরাধের বিচার করিবার আদেশ করিতে পারিবেন। তাহা হইলে, সেই মাজিষ্ট্রেট সাহেব কিম্বা নিম্ন শ্রেণীর মাজিষ্ট্রেট আপনার নিকট নালিশ হইবার মত কার্য্য করিবেন।

উপবিধি।

এই ধারার বিধান ভা ভবর্ষের দণ্ডবিধির আইনের ১৯ ও ২০ ও ২১ অধ্যায়ের লিখিত অপরাধের প্রতি খাটিবে না ইতি।

[আহ্বানপত্র লিখিবার পাঠ।]

৫৮ ধারা। অভিযুক্ত কোন ব্যক্তির নামে মাজিষ্ট্রেট সাহেব যে প্রত্যেক আহ্বানপত্র দেন তাহা লিখিয়া দেওয়া যাইবে ও তাহাতে ঐ মাজিষ্ট্রেট সাহেবের দস্তখত ও মোহর থাকিবে। তাহা ক্রোড়পত্রের লিখিত (B) চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবে ইতি।

[আহ্বানপত্র য দ্বারা দিতে হইবে তাহার কথা।]

৫৯ ধারা। আহ্বানপত্র প্রায় নিয়ত পোলীস কর্ম্মকারকের দ্বারা দেওয়া যাইবে। কিন্তু যদি সে অযোগে দেওয়া আবশ্যক হয় ও পোলীসের কারককে তৎকালে পাঠান যাইতে না পারে, তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব আহ্বানপত্র দেন তিনি অন্যবস্থার ব্যক্তির দ্বারা ঐ পত্র দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[আহ্বানপত্র যে প্রকারে দিতে হইবে তাহের কথা।]

৬০ ধারা। নিজ অভিযুক্ত ব্যক্তিকে মূল আ পত্র দেখাইয়া তাহার প্রতিলিপি দেন কি প্রস্তাব করণ দ্বারা ঐ আহ্বানপত্র তাহাকে দে যাইবে। যদি অভিযুক্ত ব্যক্তির সন্ধান না পাওয়া তবে তাহাকে দিবার জন্যে তাহার পরিবারের বয় প্রাপ্ত যে কোন পুরুষ তাহার সঙ্গে বাস করে তাহাকে ঐ প্রতিলিপি দেওয়া যাইতে পারিবে ইতি।

[অভিযুক্ত ব্যক্তির সন্ধান পাওয়া না গেলে আহ্বান পত্র দিবার নিয়মের কথা।]

৬১ ধারা। যদি অভিযুক্ত ব্যক্তির সন্ধান না পাওয়া যায়, ও যাহার হাতে সমন দেওয়া যাইতে পারে, তদীয় পরিবারের বয় প্রাপ্ত এমত কোন পুরুষ না থাকে তবে ঐ পত্রবাহি কর্ম্মকারক অভিযুক্ত ব্যক্তির নিয়ত বাসগৃহের কোন প্রকাশ স্থানে ঐ আহ্বানপত্রের নকল লাগাইয়া দিবে ইতি।

[সমন বাহির হইলেও পরওয়ানা দিতে পারিবার কথা।]

৬২ ধারা। উক্ত প্রকারের আহ্বানপত্র দেওয়া গেলেও, ঐ পত্রের আজ্ঞাক্রমে অভিযুক্ত ব্যক্তির উপস্থিত হইবার পূর্ব্বে কিম্বা উপস্থিত হইবার ত্রুটি হইলে পর, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন ইতি।

বিচারাধিপত্যের বহিভূত স্থানে অপরাধ হইলে, সমন কি পরওয়ানা দিবার কথা।]

৬৩ ধারা। কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের কি জিলার কোন খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের মধ্যে যে অপরাধ হইলে তিনি অপরাধিকে আহ্বান করিতে কিম্বা তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে ক্ষমতাপন্ন হন, কোন ব্যক্তি ভিন্ন জিলাতে কি জিলার ভিন্ন খণ্ডে কি সমুদ্রপথে কিম্বা

which, if committed within the jurisdiction of such Magistrate, he might issue a summons or warrant

[Provisions in this chapter as to form, service and issue of summons to apply to all summonses]

64 The provisions relating to a summons and its service and issue contained in this chapter, shall be applicable to every summons issued under this Act.

[To be continued]

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT

THE following Bill was read in the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 2nd May 868 and was referred to a Select Committee are to report thereon after the 6th of June next —

A *Bill for the prevention of Cruelty to Animals*

[Preamble]

WHEREAS it is expedient to make provision for the prevention of cruelty to animals it is enacted as follows —

[Interpertation of animals]

I The word animal' shall be taken to mean any domestic or tamed quadruped or any domestic or tamed bird

[Penalty on cruelty to animal]

II Every person who shall cruelly and wantonly beat, ill treat, torture or over drive or cause to be beaten ill treated, tortured, or over driven any animal shall be liable to a fine which may extend to one hundred Rupees

[Penalty upon overloading]

III Every person who shall overload or cause to be overloaded any animal or any vehicle drawn by any animal, or who shall drive or attempt to drive any overloaded animal or any animal attached to any overloaded vehicle shall be liable to a fine which may extend to one hundred Rupees

[Penalty on persons neglecting to feed impounded animals]

IV If any person who shall impound or confine, or cause to be impounded or confined, any animal shall refuse or neglect to provide and supply daily good and sufficient food and water for such animal

[*Government Gazette*, 19*th May* 1868]

বিদেশে তদ্রূপ অপরাধ করিয়াছে এমত জানা গেলে কি সন্দেহ হইলে ঐ জিলার কিম্বা জিলায় ঐ খণ্ডের মাজিষ্ট্রেট আপন বিচারাধিপত্যের মধ্যবর্ত্তি ঐ ব্যক্তির নামে আহ্বানপত্র কি ত হাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন ইতি।

[এই অধ্যায়ে আহ্বানপত্রের পাঠের ও তাহা দিবার ও বাহির হইবার যে কোন বিধান থাকে তাহা সকল সমনের উপর খাটিবার কথা।]

৬৪ ধারা। এই অধ্যায়ে আহ্বানপত্রের ও তাহা দিবার ও বাহির হইবার যে সকল বিধান লেখা হইয়াছে, তাহা এই আইনমতে দত্ত প্রত্যেক আহ্বানপত্রের প্রতি খাটিতে পারিবে ইতি।

[ক্রমশ প্রকাশ্য।]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের মে মাসের ২ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। আগামি জুন মাসের ৬ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণ করা বিহিত, এই হেতু নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[জন্তু শব্দের অর্থ।]

১ ধারা। জন্তু শব্দে গ্রাম্য বা পোষিত চতুষ্পদ কিম্বা গ্রাম্য বা পোষিত পক্ষি গণ্য ইতি।

[জন্তুর প্রতি নৃশংস ব্যবহারের দণ্ডের কথা।]

২ ধারা। যদি কেহ আপনি কি অন্যের দ্বারা নৃশংসরূপে ও অকারণে কোন জন্তুকে প্রহার করে কিম্বা কষ্ট কি যন্ত্রণা দেয় কি সাধ্যাতিরেকে চালায়, তবে তাহার এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[অত্যধিক বোঝাই করণের দণ্ডের কথা।]

৩ ধারা। যদি কেহ কোন জন্তুর উপর কিম্বা জন্তুতে যে গাড়ি টানে তাহার উপর অত্যধিক বোঝাই দেয়, কি দেওয়ায় কিম্বা অতিরিক্ত বোঝাই জন্তুকে কি অত্যধিক বোঝাই গাড়িতে যোতান জন্তুকে চালায়, কি চালাইতে উদ্যোগ করে, তবে তাহার এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কোন ব্যক্তি খোয়াড়ে বদ্ধ জন্তুর আহার দিবার শৈথিল্য করিলে তাহার দণ্ডের কথা।]

৪ ধারা। কোন ব্যক্তি যদি কোন জন্তু খোয়াড়ে বদ্ধ কি আটক করিয়া কি খোয়াড়ে বদ্ধ কি আটক করাইয়া প্রতিদিন ঐ জন্তুর উত্তম ও প্রচুর পরিমাণের আহার ও জল দিতে অস্বীকার কি শৈথিল্য করে, তবে

during the time it shall be so confined or impounded, he shall be liable for every day during which he may so refuse or neglect to provide or supply such food and water, to a fine which may extend to five Rupees

[Penalty on baiting animals or inciting them to fight]

V Every person who shall incite any quadrupeds or birds, whether domestic or wild to fight or shall bait any animal or shall aid or shall abet any one in so doing shall be liable to a fine which may extend to fifty Rupees

[Penalty on improperly carrying animals]

VI Every person who shall convey or carry, or cause to be conveyed or carried any animal in such a manner or position as to subject such animal to unnecessary pain or suffering shall forfeit and pay a penalty not exceeding fifty Rupees

[Penalty on permitting diseased animals to go at large or die in public places]

VII Every person who shall wilfully and knowingly permit any animal of which he may be owner, to go at large in any public street, road or thoroughfare, while such animal is diseased with glanders or shall wilfully neglect or permit any diseased animal of which he may be owner to die in any public street, road or thoroughfare, shall be liable to a fine which may extend to one hundred Rupees

[Penalty on employing animal unfit for labor

VIII Every person who shall employ or cause to be employed in any work or labor any animal, which in consequence of any disease, infirmity wounds or sores, is unfit to be so employed, shall be liable to a fine which may extend to fifty Rupees

[Repeal of Clauses]

IX Section LXVII of Act IV of 1866, and Clause 16 of Section XL of Act II of 1866, respectively, passed by the Lieutenant Governor of Bengal in Council are hereby repealed

[Limit of Act]

X This Act shall extend to the Town of Calcutta, and to the Suburbs of the Town of Calcutta as defined by any Notification under Section I of the said Act II of 1866

[Power to extend Act]

XI It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order published in the *Calcutta Gazette*, to extend this Act to any, city, town station, bazaar cantonment village or tract of country, to be mentioned and defined in such order and from time to time, by any order published as aforesaid, to revoke, vary, amend, or alter any such order

যত দিন সে উক্তরূপ আহার ও জল দিতে অস্বীকার কি শৈথিল্য করে তাহার দিনপ্রতি সেই ব্যক্তির পাঁচ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[জন্তুর লড়াই করাইলে কি লড়াইয়ের নিমিত্তে রাগাইয়া দিলে দণ্ডের কথা।]

৫ ধারা। কোন ব্যক্তি গ্রাম্য বা বন্য কোন চতুষ্পাদ জন্তুকে কি পক্ষিকে লড়াই করিতে রাগাইয়া দিলে কিম্বা লড়াই করাইলে অথবা সেই কার্য্যকারি ব্যক্তির সহায়তা কি সাহায্য করিলে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[অবিহিতরূপে জন্তু লইয়া যাইবার দণ্ডের কথা।]

৬ ধারা। যাহাতে জন্তুর অনর্থক ক্লেশ বা কষ্ট হয়, যদি কোন ব্যক্তি কোন জন্তু এমত ভাবে চালান করে কি লইয়া যায় কি চালান করায় কি পাঠাইয়া দেয় তবে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড দিতে হইবে ইতি।

[রোগা জন্তু ছাড়িয়া দিলে কিম্বা কোন প্রকাশস্থানে মরিতে দিলে দণ্ডের কথা।]

৭ ধারা। কোন ব্যক্তি কোন জন্তুর স্বামী হইয়া যদি ইচ্ছা কি জ্ঞানপূর্ব্বক ঐ জন্তুকে পীড়িত অবস্থায় কোন রাজপথে কি পথে কি সাধারণের গমনীয় পথে চরণার্থে যাইতে দেয় কিম্বা ইচ্ছা কি জ্ঞানপূর্ব্বক কোন রাজপথে, কি পথে কি সাধারণের গমনীয় পথে মরিতে দেয়, তবে সেই ব্যক্তির এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কার্য্যে অক্ষম জন্তুকে কার্য্য করাইলে দণ্ডের কথা।]

৮ ধারা। কোন জন্তু রোগ কি দুর্ব্বলতা, কি আঘাত কি ক্ষত প্রযুক্ত কার্য্য করিতে অনুপযুক্ত হইলেও যদি কোন ব্যক্তি আপনি কি অন্যের দ্বারা তাহাকে কর্ম্ম করায়, তবে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[ধারা রহিত করণের কথা।]

৯ ধারা। এতৎক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের মন্ত্রিসভার প্রচলিত ৮৬৬ সালের ৪ আইনের ৬৭ ধারা ও ১৮৬৬ সালের ২ আইনের ৪০ ধারার ১৬ প্রকরণ রহিত করা গেল ইতি।

[আইন যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।]

১০ ধারা। ১৮৬৬ সালের উক্ত ২ আইনের ১ ধারানুযায়ি কোন জ্ঞাপনিদ্বারা কলিকাতা নগরের ও তৎশাখানগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে এই আইন সেই সীমার মধ্যে প্রবল হইবে ইতি।

[আইন প্রচলিত করিবার ক্ষমতার কথা।]

১১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব যে নগরে, শহরে, স্থানে, বাজারে, সৈন্যাবাসে, গ্রামে, কি প্রদেশে এই আইন প্রচলিত করিতে চাহেন তিনি, কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশপূর্ব্বক সেই নগরাদির নাম ও তাহার সীমা প্রকাশ করিবেন এবং পূর্ব্বোক্ত প্রকারের জ্ঞাপনি প্রকাশ করিয়া সময়ে২ তদ্রূপ কোন আজ্ঞা রহিত, প্রকারান্তর, সংশোধন কি পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[গবর্নমেণ্ট গেজেট। ৮৬৮। ৯ মে।]

STATEMENT OF OBJECTS AND REASONS

The law at present in force for preventing cruelty to animals in Calcutta having hitherto failed to hinder the occurrence of numerous cases of very gross cruelty, it seems expedient to amend the law so as more effectually to check such cases.

With this view the present Bill has been prepared, which makes but little change in the substantive law, but points out more clearly the class of acts which come within the meaning of the word "cruelty." Provision is also made for extending the law to places not in the town or suburbs of Calcutta in which it may be considered that it would operate beneficially.

PEARY CHAND MITTRA.

The 18th April 1868.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Dept.

[অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।]

জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণার্থ যে ব্যবস্থা কলিকাতায় প্রবল আছে তদ্দ্বারা অনেক স্থলে অত্যন্ত নৃশংস ব্যবহার নিবারিত হইতে পারে নাই। এই হেতুক সেই ব্যবস্থা সংশোধন করিয়া সেই ব্যবহার ফলজনকরূপে দমন করা বিহিত বোধ হইল।

এই অভিপ্রায়ে এই পাণ্ডুলিপি প্রণীত হইয়াছে। কিন্তু ইহাতে মূল ব্যবস্থার যৎকিঞ্চিৎ পরিবর্ত্তন হইল। "নৃশংস ব্যবহার" শব্দের অর্থের মধ্যে যেং ক্রিয়া শ্রেণী আইসে তাহা পূর্ব্বাপেক্ষা স্পষ্টরূপে ব্যক্ত করা গেল। কলিকাতা নগর কি শাখানগরভিন্ন অন্য যেং স্থানে প্রচলিত করিলে মঙ্গল সম্ভবেনা এমত স্থানেও এই ব্যবস্থা প্রচলিত করিবার বিধান করা গিয়াছে।

প্যারীচাঁদ মিত্র।

৮৬৮ সাল ১৮ আপ্রিল।

জে পিট কেনেডী।
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

THE following Bill was read in the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 9th May 1868, and was referred to a Select Committee who are to report thereon within five days:—

A Bill to amend the Law respecting Appeals in cases under Regulation VII of 1822.

[Preamble.]

WHEREAS by Section XXIX of Regulation VII of 1822 it is provided that the decisions of Collectors in suits brought under the provisions of this Regulation should be appealable to the Board of Revenue or other authority exercising the powers of the Board of Revenue at any time before the expiration of three months from the date of the decision appealed against, and it is expedient to shorten the time for bringing such appeal: It is enacted as follows:—

[Appeals under Section 29 Regulation VII 1822 to be presented within one month from date of decision appealed against.]

1. No petition of appeal presented under the provisions of Section XXIX of Regulation VII of 1822 shall be received after the expiration of one month from the date of the decision against which such appeal is presented, unless sufficient cause shall be shewn for the delay to the satisfaction of the authority to which such appeal is presented.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE only cases before the Revenue Authorities in which a longer period than one month is allowed

নিম্নলিখিত পাণ্ডুলিপি ৮৬৮ সালের মে মাসের ৯ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটির প্রতি অর্পিত হইয়াছে। পঞ্চ দিবসের মধ্যে তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

৮২২ সালের ৭ আইনমত মোকদ্দমার উপর আপীল বিষয়ক ব্যবস্থা সংশোধনার্থ পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

৮২২ সালের ৭ আইনের ২৯ ধারায় এই বিধান। ঐ আইনের বিধানমতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তাহাতে কালেক্টর সাহেবেরদের যে নিষ্পত্তি হয় সেই নিষ্পত্তির তারিখঅবধি তিন মাস অতীত হওনের পূর্ব্বে কোন সময়ে রেবিনিউ বোর্ডের নিকটে কিম্বা যে কর্ত্তৃপক্ষ রেবিনিউ বোর্ডের ক্ষমতাতে কর্ম্ম করেন তাঁহার নিকটে ঐ নিষ্পত্তির উপর আপীল হইতে পারিবে। কিন্তু উক্ত আপীল উপস্থিত করিবার সময় সংক্ষেপ করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[৮২২ সালের ৭ আইনের ২৯ ধারাতে যে আপীল করা যায় নিষ্পত্তির তারিখঅবধি এক মাসের মধ্যে তাহা উপস্থিত করিবার কথা।]

১ ধারা। ৮২২ সালের ৭ আইনের ২৯ ধারার বিধানমতে আপীলের যে দরখাস্ত উপস্থিত করা যায় তাহা যে নিষ্পত্তির উপর হয় সেই নিষ্পত্তির তারিখঅবধি এক মাস অতীত হইবার পূর্ব্বে উপস্থিত না করা গেলে গ্রাহ্য হইবে না। কিন্তু যে কার্য্যকারকের নিকটে আপীল করা যায় তাঁহার হৃদ্বোধমতে বিলম্বের বিশিষ্ট হেতু দর্শান গেলে এক মাসের পরও গ্রাহ্য হইতে পারিবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

৮২২ সালের ৭ আইনমতের মোকদ্দমায় কালেক্টর সাহেবের আজ্ঞার উপর যে আপীল করা যায়

for an appeal from the orders of a Collector, are cases under Regulation VII of 1822, in which, by the 29th Section of the Law, a period of three months is allowed

This length of time has been found practically inconvenient now that, by the creation of the offices of Commissioner of Revenue in 1829 and of Uncovenanted Deputy Collectors in 1833, the proceedings of the Revenue Authorities undergo revision, always it may be said twice and sometimes three times before they are final This inconvenience is felt principally in the disposal of the Dearah Survey cases, which are decided under the provisions of the law above quoted and the object of the present Bill is to substitute in that law one month, for three months, as the period of appeal in those and in all other cases decided under Regulation VII of 1822

E T TREVOR

The 2nd May 1868

J PITT KENNEDY

Asst Secy to the Govt of Bengal,

Legislative Department

THE following Bill, as settled by the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 9th May 1868 is, by order of the President, published for general information —

A Bill to amend the District Municipal Improvement Act

[Preamble]

WHEREAS it is expedient to exempt owners of unoccupied houses, in places subject to the provisions of the District Municipal Improvement Act from some portion of the rate to which they are now liable in respect of such houses, It is enacted as follows —

[Remission on account of vacant house Proviso]

1 When any house in any place shall have been vacant for sixty consecutive days during any year the Municipal Commissioners shall remit so much not exceeding one half of the rate for that year, as may be proportionate to the number of days during which such house may have remained unoccupied Provided that notice in writing shall have been given to the Municipal Commissioners of the vacancy of such house, and that the amount of rate to be remitted shall be calculated from the date of the delivery of such notice to the end of the quarter then current Provided

রাজস্বের কার্য্যকারকদের সম্মুখে তদ্ভিন্ন অন্য আপীল করিবার এক মাসের অধিক মিয়াদ নাই। উক্ত আইনের ২৯ ধারার বিধানমতে কেবল ঐ২ আপীলের তিন মাস মিয়াদ দেওয়া গিয়াছে।

১৮২৯ সালে রাজস্বের কমিস্যনরী পদ ও ১৮৩৩ সালে অচিহ্নিত ডেপুটী কালেক্টরের পদ স্থাপন হওয়া ও রাজস্বের কার্য্যকারদের কার্য্য চূড়ান্ত হইবার পূর্ব্বে সর্ব্বদাই দুইবার কখন২ তিন বার পুনর্ব্বিবেচিত হইয়া থাকে। এই অবস্থায় উক্ত দীর্ঘ মিয়াদ কার্য্যপক্ষে অসুবিধাজনক হইয়াছে। দিয়ারার জরীপী কার্য্যের যে মোকদ্দমা পূর্ব্বোল্লিখিত আইনের বিধানমতে নিষ্পত্তি হইয়া থাকে সেই নিষ্পত্তি করণে এই অসুবিধার বিলক্ষণ উপলব্ধি হইল। এই হেতু ১৮২২ সালের ৭ আইনমতে উক্ত ও অন্য যে সকল মোকদ্দমার নিষ্পত্তি হয় তাহার উপর উক্ত আইনে আপীলের যে তিন মাস মিয়াদ আছে তৎপরিবর্ত্তে এক মাস করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

ই টি ট্রেবর

১৮৬৮ সাল ২ মে।

জে পিট কেনিডী,

ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,

বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের মে মাসের ৯ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া সভাপতির আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

মফস্সলের নগরাদির সৌষ্ঠব করণের আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

মফস্সলের নগরাদির সৌষ্ঠব করণের আইনের বিধানাধীন স্থানে যে বাটী শূন্য হয়, এইক্ষণে স্বামিদের ঐ বাটীর যে টাক্স দিতে হয় তাহার কোন অংশ হইতে তাঁহাদিগকে মুক্ত করা বিহিত, এই হেতু নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[বাটী শূন্য হইলে টাক্স ক্ষমা হইবার কথা ও উপবিধি।]

১ ধারা। কোন স্থানে যদি কোন বাটী কোন বৎসরের মধ্যে ক্রমান্বয়ে ষাইট দিন শূন্য থাকে, তবে উক্ত বাটী যত দিন শূন্য থাকে মুনিসিপাল কমিস্যনরেরা হারাহারি হিসাব করিয়া ঐ ঘরের সেই বৎসরের অর্দ্ধেক টাক্সের অনধিক ক্ষমা করিতে পারিবেন। কিন্তু বাটী শূন্য হইলে মুনিসিপাল কমিস্যনরদিগকে লিখিত সংবাদ দিতে হইবে, সেই সংবাদ দিবার তারিখঅবধি তৎকালীন চলিত তিন মাসের শেষ পর্য্যন্ত হিসাব করিয়া তদনুসারে টাক্স ক্ষমা করা যাইবে। শূন্য হইয়া সেই২ সংবাদ যে তিন মাসের মধ্যে দেওয়া যায় কেবল সেই তিন মাস বলবৎ থাকিবে। তৎপরের তিন মাসের প্রথম পনের দিনের মধ্যে তদ্রূপ শূন্য

also that no notice of vacancy given under this Section shall have effect beyond the end of the quarter in which it may be given, unless a similar notice of continued vacancy be given within the first fifteen days of the following quarter

[Construction]

II This Act shall be read with and as part of the "District Municipal Improvement Act"

J PITT KENNEDY,
Asst Secy to the Govt of Bengal
Legislative Department

ORDERS BY THE LIEUTENANT GOVERNOR OF BENGAL

No 2032

APPOINTMENTS

The 6th May 1868

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Noakhally —

Baboo Jugodishnath Roy
„ Mohesh Chunder Bose

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Comillah —

Mr V Irwin
„ E Delanney

Syed Munsoor Ali Khan to be a Member of the Local Committee of Public Instruction at Moorshedabad for the management of the Nizamut School

Mr J G Farquharson to be Special Sub Registrar of Assurances of the Sub Districts of Monghyr and Bhaugulpore

The 7th May 1868

Colonel J C Brooke, officiating Agent to the Governor General with the King of Oude, is vested with the powers of a Magistrate in the 24 Pergunnahs for the trial of cases arising within the limits of the premises of the King of Oude

The 8th May 1868

Baboo Jadub Chunder Chuckerbutty to officiate as Moonsiff of Culna, in Burdwan, during the absence, on deputation, of Baboo Gooroopershad Sen, or until further orders

Mr H A Cockerell to be Magistrate and Collector of Tirhoot

Mr A J Elliot to be Magistrate and Collector of Gya, but to continue to officiate as Civil and Sessions Judge of Dinagepore

Mr J Lambert to officiate as District Superintendent of Police, Patna, during the absence,

[*Government Gazette, 19th May* 1868]

থাকার সংবাদ না দেওয়া গেলে তাহার কোন ফল দর্শিবে না ইতি।

[ব্যাখ্যা।]

২ ধারা। এই আইন "মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণের আইনের" সঙ্গে ও তাহার অংশস্বরূপ পাঠ ও জ্ঞান করিতে হইবে ইতি।

জে পিট কেনেডী,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২০৩২ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ৬ মে।

নিম্নলিখিত মহাশয়েরা নওয়াখালীর সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুক্ত বাবু জগদীশনাথ রায়।
,, বাবু মহেশচন্দ্র বসু।

নিম্নলিখিত মহাশয়েরা কমিল্লা নগরের মুনিসিপাল কমিস্যনর হইবেন।

শ্রীযুক্ত বি আর্বিন সাহেব।
,, ই ডিলানী সাহেব।

শ্রীযুক্ত সৈয়দ মন্সুর আলী খাঁ মুরশিদাবাদস্থ নিজাম বিদ্যালয়ের কার্য্যসম্পাদনার্থ সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর হইবেন।

শ্রীযুক্ত জে জি ফরকোয়ার্সন সাহেব মুঙ্গের ও ভাগলপুর সব ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির বিশেষ সব রেজিষ্ট্রার হইবেন।

১৮৬৮ সাল ৭ মে।

অযোধ্যার রাজার বাটীর সীমার মধ্যে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় অযোধ্যার রাজার পক্ষে শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের একটিং এজেণ্ট কর্ণেল শ্রীযুক্ত জে সি ব্রুক সাহেব তাহার বিচার করণার্থে ২৪ পরগনায় মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৮ সাল ৮ মে।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুক্ত বাবু গুরুপ্রসাদ সেনের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র চক্রবর্ত্তী বর্দ্ধমানের অন্তর্গত কালনার মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুক্ত এচ এ কক্রেল সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুক্ত এ জে এলিয়ট সাহেব গয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু দিনাজপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

রাজকীয় কার্য্যোপলক্ষে লেপ্টেনেণ্ট শ্রীযুক্ত ডবলিউ ই চেম্বর্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা

on deputation, of Lieutenant W E Chambers or until further orders

Mr E I Shuttleworth to be District Superintendent of Police Gya

Captain G M Bowie to be District Superintendent of Police, Jessore but to continue to officiate, until further orders as Deputy Inspector General of the Second Police Circle

Mr W D Pratt to officiate as District Superintendent of Police Shahabad during the absence on leave, of Captain J C C Daunt v c or until further orders

Mr A Anley to officiate as District Superintendent of Police, Jessore during the absence on deputation, of Captain G M Bowie or until further orders

The following Assistant Superintendents of Police are transferred —

Mr A L W Jerdon from Sarun to Hooghly

„ A. Blair from Tirhoot to Gya

„ H V H Roberts, from Dacca to the 24 Pergunnahs

The 9th May 1868

Sub Assistant Surgeon Rajmohun Banerjee to be House Physician to the First Physician's Wards in the Calcutta Medical College Hospital

Baboo Gopal Chunder Sen Deputy Magistrate and Deputy Collector of Bancoorah is transferred to Burdwan and vested with the powers of a Magistrate in the latter District

The 12th May 1868

Mr W F Meres to be an Assistant to the Magistrate and Collector of Mymensing to have charge of the Sub Division of Jamalpore and to exercise the powers of a Magistrate and Deputy Collector in that District

Lieutenant Colonel J Dawson to be a Municipal Commissioner for the Town of Burdwan

Baboo Deenonath Addy Deputy Magistrate and Deputy Collector of Nuddea, to have charge of the Sub Division of Meherpore

Baboo Brohmonath Sen Deputy Magistrate and Deputy Collector of Nuddea to have temporary charge of the Sub Division of Bongong

Coomar Brojendronarain Deb Deputy Magistrate and Deputy Collector of Meherpore is transferred to the Sudder Station of the District of Nuddea

Lieutenant W E Rutherfurd Assistant Commissioner, Seebsaugor is transferred to Durrung

[গবর্ণমেণ্ট গেজেট । ৬৮ । ১৯ মে ।]

অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে লাম্বর্ট সাহেব পাটনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন ।

শ্রীযুত ই আই শটলওয়ার্থ সাহেব গয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন ।

কাপ্তান শ্রীযুত জি এম বৌই সাহেব যশোহরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পোলীসের দ্বিতীয় চক্রের ডেপুটী ইনিস্পেক্টর জেনরলের কর্ম্ম করিতে থাকিবেন ।

কাপ্তান শ্রীযুত জে সি সি ডণ্ট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ ডি প্রাট সাহেব শাহাবাদের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন ।

রাজকীয় কার্য্যোপলক্ষে কাপ্তান শ্রীযুত জি এম বৌই সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ আন্‌লী সাহেব যশোহরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন ।

পোলীসের নিম্নলিখিত আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন ।

সারণ হইতে হুগলীতে শ্রীযুত এ এল ডবলিউ জার্ডন সাহেব ।

ত্রিহুত হইতে গয়ায় শ্রীযুত এ ব্লের সাহেব ।

ঢাকা হইতে ২৪ পরগনায় শ্রীযুত এচ বি এচ রবর্টস্ সাহেব ।

১৮৬৮ সাল ৯ মে ।

সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু রাজমোহন বন্দ্যোপাধ্যায় কলিকাতা মেডিকাল কালেজ হাসপাতালের ফার্ষ্ট ফিজিশন ওয়ার্ডের হৌস ফিজিশন্ হইবেন ।

বাঁকুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র সেন বৰ্দ্ধমানে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন ।

১৮৬৮ সাল ১২ মে ।

শ্রীযুত ডবলিউ এফ মিয়র সাহেব ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া জামালপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা ক্রমে কর্ম্ম করিবেন ।

লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত জে ডাসন সাহেব বৰ্দ্ধমান নগরের এক জন মুনিসিপাল কমিসনর হইবেন ।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ আঢ্য মেহেরপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রহ্মনাথ সেন কিয়ৎকালের নিমিত্তে বনগাঁ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ।

মেহেরপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কুমার ব্রজেন্দ্র নারায়ণ দেব নদীয়ার সদর মোকামে নিযুক্ত হইয়াছেন ।

শিবসাগরের আসিষ্টাণ্ট কমিসনর লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ই রুদরফড সাহেব দরঙ্গে নিযুক্ত হইয়াছেন ।

Lieutenant E N De LaTouche, Assistant Commissioner, Durrung, is transferred to Kamroop

LEAVE OF ABSENCE

The 6th May 1868

Mr C N Banerjee, Deputy Magistrate and Deputy Collector of Beerbhoom for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

Baboo Poornanund Surma Burooah, Extra Assistant Commissioner of Gowalparah is allowed leave of absence, without pay, from the 23rd August to 9th October 1867

Moulvie Syed Hossein Ali Sub Assistant Commissioner in charge of Pakour, Sonthal Pergunnahs, for ten days without pay, in addition to the five days' casual leave during the Mohurrum

Dr B N Hyatt Medical Officer of Ranchee, for fifteen days, from the date on which he may have availed himself of the leave, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency The privilege leave granted to him under orders of the 18th ultimo, is cancelled

Moonshee Moynooddeen, late Assessor of License Tax at Gowalparah is allowed leave of absence from the 4th December 1867 to the 2nd February 1868, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

Baboo Kedarnath Pundit Deputy Magistrate and Deputy Collector of Shahabad, for one month, from the 27th instant under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

The 7th May 1868

Mr R S O'Connor, District Superintendent of Police, Singbhoom, for one year, without pay, under the Financial Notification of the Government of India, dated the 4th June 1864, together with thirty days' preparatory leave

The 8th May 1868

Lieutenant J Gregory Deputy Commissioner, Naga Hills, for fifteen days, on private affairs, under the Financial Notification, dated the 22nd February 1856, in extension of the leave allowed to him in orders of the 20th March last

Dr B N Hyatt, Medical Officer of Ranchee, for twenty months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

The 9th May 1868

Mr R Grant, Assistant Superintendent of Police Hazareebaugh, for two months, from the 1st instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

দরঙ্গের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত ই এন ডি, লাটুশ্ সাহেব কামরূপে নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬৮ সাল ৬ মে।

বীরভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি এন বন্দ্যোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

গোয়ালপাড়ার অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত বাবু পূর্ণানন্দ শর্ম্মা বড়ুয়া ১৮৬৭ সালের আগষ্ট মাসের ২৩ তারিখ অবধি অকটোবর মাসের ৯ তারিখ পর্য্যন্ত বিনাবেতনে ছুটী পাইয়াছেন।

সাঁওতাল পরগনার পাকৌড়ের কর্ম্মের ভারপ্রাপ্ত সব আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত মৌলবী সৈয়দ হুসেন আলী মহরমের সময়ে যে পাঁচ দিন ছুটী পান তদতিরিক্ত বিনা বেতনে দশ দিনের ছুটী পাইয়াছেন।

রাঞ্চির চিকিৎসক ডাক্তর শ্রীযুত বি এন হায়্যাট সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি পনের দিনের ছুটী পাইয়াছেন, গত মাসের ১৮ তারিখের আজ্ঞামতে তিনি যে অনুগ্রহের ছুটী পান তাহা রহিত হইল।

গোয়ালপাড়ার লাইসেন্স টাক্সের ভূতপূর্ব্ব আসেসর শ্রীযুত মুন্শী ময়নুদ্দীন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ১৮৬৭ সালের ডিসেম্বর মাসের ৪ তারিখঅবধি ৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ২ তারিখ পর্য্যন্ত ছুটীর অনুমতি পাইয়াছেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেদারনাথ পণ্ডিত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ২৭ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৭ মে।

সিংহভূমের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর এস ও'কনর সাহেব ফিনানসিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের বিজ্ঞাপনমতে বিনা বেতনে এক বৎসরের ছুটী পাইয়াছেন। তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে ত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৮ মে।

নাগাপর্ব্বতের ডেপুটী কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেব গত মার্চ মাসের ২০ তারিখের আজ্ঞা মতে যে ছুটী পান তদতিরিক্ত নিজ প্রয়োজনের নিমিত্তে ফিনানসিয়ল ডিপার্টমেণ্টের ৮৫৬ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের বিজ্ঞাপনমতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

রাঁঞ্চির চিকিৎসক ডাক্তর শ্রীযুত বি এন হায়্যাট সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বিশ মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৯ মে।

হাজারীবাগের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর গ্রাণ্ট সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

The 11*th May* 1868

Dr R F Hutchinson, Civil Surgeon of Patna for ten days, under Section 6 of the Covenanted Service Absentee Rules from the 20th instant

The 12*th May* 1868

Mr F J G Campbell Assistant Magistrate and Deputy Collector of Jamalpore, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules

Baboo Puddolochun Doss Moonsiff of Gowalparah, for twenty two days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules in continuation of the time allowed to him under the Rules to join his present appointment

Mr J F Campbell, Extra Assistant Commissioner, Luckimpore, for two months, under the orders of the Secretary of State for India dated 8th November 1865

Baboo Kamikhyanath Acharja, Sub Assistant Surgeon, on Special duty at Nuddea for one month, from the 24th ultimo under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

NOTIFICATION

The 5*th May* 1868

The services of Dr A FitzGerald, Civil Surgeon of Moteeharee, are placed at the disposal of the Government of India in the Military Department

The 8*th May* 1868

The extension leave granted to Captain J C C Daunt v c, District Superintendent of Police Shahabad under orders of the 24th ultimo, is cancelled at his own request

The 9*th May* 1868

The following Officers of the Civil Service reported their departure from India per Steamer *Simla*, which was left at sea by the Pilot on the 15th ultimo *viz* —

Mr F H Pellew
" H F J Kean
" P Hurley

NOTIFICATION

The 6*th May* 1868

The following Resolution of the Government of India in the Financial Department is published for general information —

No 2284

GOVERNMENT OF INDIA,

FINANCIAL DEPARTMENT

Leave and Allowances

Fort William, the 24*th April* 1868

Read—

The undermentioned correspondence regarding a proposal to mitigate the operation of the rule contained in

১৮৬৮ সাল ১১ মে।

পাটনার সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত আর এফ হচিন্‌সন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এই মাসের ২০ তারিখ অবধি দশ দিনের ছুটী পাইযাছেন।

জামালপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত এফ জে জি কাম্বেল সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইযাছেন।

গোয়ালপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু পদ্মলোচন দাস স্বীয় বর্ত্তমান কর্ম্মস্থানে পঁহুছিতে পারিবার নিমিত্তে যে সমযের অনুমতি পান, তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে বাইশ দিনের ছুটী পাইযাছেন।

লক্ষ্মীপুরের অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত জে এফ কাম্বেল সাহেব ভারতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্ট্রেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিশেষ কর্ম্মোপলক্ষে নদীয়া গমনকারী সব আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু কামাক্ষানাথ আচার্য্য অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মাসের ২৪ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৫ মে।

মতিহারির সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত এ ফিট্‌স্‌জেরলড সাহেব মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইযাছেন।

১৮৬৮ সাল ৮ মে।

শাহাবাদের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত জে সি সি ডণ্ট সাহেব বি, সি গত মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে অতিরিক্ত ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

১৮৬৮ সাল ৯ মে।

নিম্নলিখিত কার্য্যকারকেরা শিমলা নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব সেই জাহাজ গত মাসের ৫ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

শ্রীযুত এফ এচ পেলু সাহেব।
,, এচ এফ জে কীন সাহেব।
,, পি হলে সাহেব।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৬ মে।

ফিনান্‌সিযল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টে নিম্নলিখিত নিদ্ধারণ সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

২২৮৪ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ফিনানসিযল ডিপার্টমেণ্ট।

ছুটী ও পাথেয়।

ফোর্ট উলিয়ম ১৮৬৮ সাল ২৪ আপ্রিল।

নির্দ্ধারণ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই বি করিয়াছেন। কোন কার্য্যকারক রাজকীয় কার্য্যোপলক্ষ

the Resolution No 1467 passed in this Department on the 23rd July 1866 for deductions on account of table money in the cases of Public Officers provided with free passage when they travel on duty by sea

---

The 7th May 1868

The following Resolution of the Government of India, in the Home (Legislative) Department is published for the information and guidance of all Officers subordinate to the Government of Bengal —

No $\frac{31}{195}$

Extract from the Proceedings of the Government of India, in the Home Department, (Legislative), under date the 27th April 1868

RESOLUTION

The Governor General in Council has observed that Public Officers are in the habit of addressing demi official communications to the Legislative Branch of this Department, or to Members of the Council of the Governor General on the subject of Bills pending before the Council of His Excellency for making Laws and Regulations and that the practice has become a source of considerable inconvenience and confusion His Excellency in Council therefore, requests that all Local Governments and Administrations will be so good as to inform all Officers serving under them that, if such Officers wish to offer any remarks in regard to Bills under consideration they should do so through the Local Government under which they may be serving This Resolution is not intended to apply to Judges of the High or Chief Courts

---

NOTIFICATION

The 7th May 1868

Under Section 6 of the Indian Registration Act, 1866, the Lieutenant Governor is pleased to make the following alterations in the limits of the Nazir ka hat and Chittagong Sub-Districts —

On and after the 15th May 1868, the Sub District of Nazir ka hat shall cease to exist, and the Sub District of Chittagong shall be conterminous with the Sub Division of Chittagong

The Office or Offices of the Chittagong Sub District as hereby defined shall be at Chittagong

[*Government Gazette, 19th May* 1868]

কিয়ৎকালের নিমিত্তে সদর স্থানে অনুপস্থিত থাকিলে যদি ১৮৬৬ সালের জুলাই মাসের ২৩ তারিখের আজ্ঞামতে তাঁহার বিনাব্যয়ে সমুদ্রপথে গমনের উপায় করা যায়, তবে স্থলপথে যাত্রা করিতে হইলে তিনি প্রতিদিন যত টাকা লইবার অনুমতিপ্রাপ্ত হন তাঁহার আহারীয় খরচ যত দিন দিতে হয় তত দিনের নিমিত্তে তিনি ঐ টাকার অর্দ্ধেক লইতে পারিবেন।

১৮৬৮ সাল ৭ মে।

দেশীয় ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিম্নলিখিত নির্দ্ধারণ বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন সকল কার্য্যকারকের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা গেল।

$\frac{৩১}{১৯৫}$ নম্বর।

দেশীয় ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কার্য্য হইতে উদ্ধৃত কথা।

নির্দ্ধারণ।

মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভার সম্মুখে আইনের পাণ্ডুলিপি উপস্থিত থাকিলে রাজকীয় কার্য্যকারকেরা এই ডিপার্টমেণ্টের ব্যবস্থা বিভাগের কর্ম্মকারকদের নিকটে কিম্বা শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার সভ্যদের নিকটে তদ্বিষয়ের পত্র প্রেরণ করিয়া থাকেন ও সেই রীতিতে বহুক্লেশ ও বিশৃঙ্খলতা হয়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণরজেনেরল সাহেব ইহা দেখিতে পাইয়া এই আদেশ করিয়াছেন। স্থানীয় গবর্ণমেণ্টের ও কর্তৃত্বকার্য্য নিরূপণাধিকারী কর্তৃপক্ষ সাহেবদের অধীন কার্য্যকারকেরা যখন বিবেচনাধীন কোন পাণ্ডুলিপির বিষয়ে আপনাদের মনোগত ভাব জানাইতে চাহেন, তখন যে গবর্ণমেণ্টের অধীন কর্ম্ম করিয়া থাকেন তাহার দ্বারা সেই বিষয়ের পত্র পাঠাইবেন। উক্ত গবর্ণমেণ্ট তাঁহাদিগকে এই কথা জ্ঞাত করুন। এই নির্দ্ধারণ হাই কি প্রধান কোর্টের কার্য্যকারকদের প্রতি বর্ত্তে না।

বিজ্ঞাপন

১৮৬৮ সাল ৭ মে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৬ সালের ভারতবর্ষীয় রেজিষ্টরী আইনের ৬ ধারামতে নাজিরকা হাট ও চট্টগ্রাম সব ডিষ্ট্রিক্টের সীমার নিম্নলিখিত পরিবর্ত্তন করিলেন।

১৮৬৮ সালের মে মাসের ১৫ তারিখ অবধি নাজিরকাহাট সব ডিষ্ট্রিক্ট উঠিয়া যাইবে এবং চট্টগ্রাম সব ডিষ্ট্রিক্টেরসীমা, চট্টগ্রাম শাখাখণ্ডের সীমার সহিত মিলিবে।

চট্টগ্রাম সব ডিষ্ট্রিক্টের যে কার্য্যালয় কি কার্য্যালয় সকল উক্ত সীমার মধ্যে থাকে তাহা চট্টগ্রামে হইবে।

The following Notification published in the *Bombay Government Gazette* Extraordinary of the 2nd instant, is re published for general information —

PART I

NOTIFICATION

MILITARY DEPARTMENT

Bombay Castle, 2nd May 1868

His Excellency the Governor in Council has the pleasure of publicly announcing that the Force under the Command of Lieutenant General SIR ROBERT NAPIER G C S I and K C B, and Commander in Chief of the Bombay Army completely routed the Abyssinian Army which opposed it near Magdala on the 10th April King THEODORUS, on the two following days, sent into the British Camp all the Europeans who were in his power, both Captives and those in his service, in all sixty one persons, men, women, and children King THEODORUS refusing to surrender himself and shutting himself up in Magdala, that fortress was taken by Assault on 13th April, and King THEODORUS was killed in defending it No report has been received of any one of the British Force being killed One Officer and fifteen men were wounded in the engagement of the 10th April

His Excellency in Council directs that a Royal Salute be fired from the Garrison of Bombay this day in honour of this Victory

---

DECLARATION

The 6th May 1868

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz*, for the site of a Police Station at Burrabazar, Pergunnah Burrabhoom, Zillah Maunbhoom, it is hereby notified that for the above purpose, a piece of land, measuring, more or less, 3 beegahs, 2 cottahs and 10 gundahs, bounded on the North by the public road on the South by the plot of garden surrounding the house of Rakhal Sooree on the West by a Tank, distant 150 feet from the Station house, and on the East by a line drawn from the public road skirting a peepul tree to a line with Rakhal's compound on the South, is required

This Declaration is made under the provisions of Section 2 Act VI of 1857, to all whom it may concern

---

DECLARATION

The 7th May 1868

Whereas it appears to the Hon'ble the Lieutenant Governor of Bengal that land is requir-

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৯ মে।]

বোম্বাই গবর্ণমেন্ট গেজেটের ক্রোড়পত্রে নিম্নলিখিত যে বিজ্ঞাপন প্রকাশ হইয়াছে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

প্রথম খণ্ড।

বিজ্ঞাপন।

সমরসম্পর্কীয় কার্য্যবিভাগ।

বোম্বাই দুর্গ, ১৮৬৮ সাল ২ মে।

মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর সাহেব আহ্লাদ পূর্ব্বক সাধারণ সমীপে প্রকাশ করিতেছেন যে লেপ্টেনেন্ট জেনরল শ্রীযুত সর্ রবর্ট নেপিয়র জি, সি, এস, আই ও কে, সি, বি, সাহেবের এবং বোম্বাই সৈন্যের প্রধান সেনাপতির অধীন সৈন্যগণ আপ্রিল মাসের ১০ তারিখে মাগডালার নিকট বিপক্ষ আবসিনীয় সৈন্যগণকে সম্পূর্ণরূপে পরাভব করিয়াছে। তৎপরে থিওডোরস্ রাজা ইউরোপীয় পুরুষ স্ত্রী ও বালক বালিকা সুদ্ধ যাহাদিগকে বন্দী রাখিয়াছিলেন এবং আপনার অধীন কোন পদে নিযুক্ত করিয়াছিলেন এমত একষাট্টি জনকে ক্রমান্বয়ে দুই দিনে ব্রিটনীয় শিবিরে প্রেরণ করিলেন। তিনি আত্ম সমর্পণে অস্বীকৃত হইয়া ম্যাগডালার আশ্রয় গ্রহণ করিলে আপ্রিল মাসের ১৩ তারিখে সেই দুর্গ আক্রমণ করিয়া গ্রহণ কালে থিওডোরস রাজা তাহা রক্ষা করণে হত হইয়াছেন। ব্রিটনীয় কোন সৈন্য হত হওয়ার সংবাদ পাওয়া যায় নাই, ১০ আপ্রিল তারিখের যুদ্ধে এক জন সৈন্যাধ্যক্ষ ও পঞ্চদশ জন সৈন্য আহত হইয়াছে মাত্র।

মন্ত্রি সভাধিষ্ঠিত মহিমবর উক্ত শ্রীযুত আজ্ঞা করিলেন যে, এই জয় লাভ জন্য বোম্বাই দুর্গ হইতে অদ্য রাজ—সম্মানসূচক তোপধ্বনি করা যায়।

বিজ্ঞাপন।

৮৬৮ সাল ৬ মে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মানভূম জিলার বড়ভূম পরগনার বড় বাজারে থানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৩/২৲০ গণ্ডা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা রাজ পথ, দক্ষিণ সীমা রাখাল শুঁড়ির বাটী বেষ্টিত বাগান পশ্চিম সীমা ষ্টেশন হৌস হইতে ৫০ ফুট দূরস্থ পুষ্করিণী পূর্ব্বসীমা রাজপথহইতে পিপুলগাছের নিকট দিয়া রাখালের বাটীর সীমার দক্ষিণ দিগে যে রেখা টানা যায় তাহা।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধান মতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৭ মে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতার

ed to be taken by Government at the public expense, for a public purpose, *viz*, for purposes connected with the Calcutta Water works, it is hereby declared that a plot of land, situated in Baparee tollah Lane, in the Town of Calcutta measuring 17 cottahs and 10 chittacks, more or less, is required

The land is bounded on the North and West by Bapareetollah Lane; on the East partly by Mulunga Lane and partly by a public drain and on the South partly by Bapareetollah Lane and partly by land belonging to the Justices

This Declaration is made under the provisions of Section 2, Act VI of 1857, to all whom it may concern

H L DAMPIER,
Offg Secretary to the Government of Bengal

PUBLIC WORKS DEPARTMENT

No 204

The 12th May 1868

Notification

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken up at the public expense for a public purpose, *viz*, for the erection thereon of the necessary buildings for the Juggutsingpore Sub Division of the Cuttack Districts, *viz*, Court House Lock up, School and Officer's Residence, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, situated in Mouzah Panisalia, Pergunnah Gundits, District of Cuttack, being about 1,200 feet long by 520 feet average breadth, and bounded on the North by the Cuttack and Machgaon Road on the East by a Date Tope pertaining to Ununt Churn Mahanti, on the South and West by a piece of Lakhiraj land belonging to Purmanund Mahanti, &c

This Declaration is made, under Sections 2 and 33 of Act VI of 1857, to all whom it may concern

F H RUNDALL, *Lt Col*, R E,
Jt Secy to the Govt of Bengal, P W D,
Irrigation Branch

[*Government Gazette*, 19*th May* 1868]

জল যোগাওনের কার্য্যসম্পর্কীয় কার্য্যের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতার বেপারিটোলা লেনে স্থিত ন্যূনাধিক ৮২॥৵ ছটাক পরিমিত ভূমির প্রযোজন।

উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা বেপারিটোলা লেন, পূর্ব্ব সীমা অংশত মলঙ্গা লেন ও অংশত সরকারী নর্দ্দমা, দক্ষিণ সীমা অংশত বেপারিটোলা লেন ও অংশত জষ্টিসদের অধিকৃত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

২০৪ নম্বর।

১৮৬৮ সাল ১২ মে।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইযাছেন যে রাজকীয কার্য্যার্থে অর্থাৎ কটক জিলার জগৎসিংহপুর শাখাখণ্ডের প্রয়োজনীয বাটী অর্থাৎ কাছারীঘর, কাঁজিঘর, বিদ্যালয, ও কার্য্যকারকের বাস গৃহ নির্ম্মাণার্থে রাজকীয অর্থব্যযে গবর্ণমেণ্টের ভূমি লওযা আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কটক জিলার অন্তর্গত গণ্ডিত পরগনার পানিশালিয়া মৌজায় ন্যূনাধিক ১২০০ ফুট দীর্ঘ ও গড়ে ৫২০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা কটক ও মাছগাঁয়ের পথ, পূর্ব্ব সীমা অনন্তচরণ মহন্তের খর্জ্জুরের বাগান, দক্ষিণ ও পশ্চিম সীমা পরমানন্দ মহন্ত প্রভৃতির লাখেরাজ ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এফ এচ রণ্ডেল, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে জলসেচন শাখার
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS ভুমিবিষয়ক ইশ্‌তিহার।

জেলা ভাগলপুর।

এস্তাহারনামা কাছারী কালেক্‌টরী জেলা ভাগলপুর এতৎ দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা ভাগলপুরের মধ্যবর্ত্তি নিম্ন লিখিত মাহাল ১৮৬৮ ইং ২৮ মার্চ তারিখে সরকারের প্রাপ্য বাকি মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আকটানুসারে বাকি রাজস্বন্যায় আদায় করা যাইতে পারে, তাহা আদায় নিমিত্তক ৮৬৮ সালের ২৫ মেই তারিখে জেলা ভাগলপুরের কালেক্‌টরী কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি। সন ’৮৬৮ ই. ২৮ এপরেল।

এস্তমুরারি জম' ধার্য্য হওয়া মাহাল।

১২৯ তালুকা লক্ষ্মণপুর তপে বেলপাতা মালিক মেষ্টর চারনিশ মেকনেশ উইলশন সাহেব যাহার সদর জম ৮৫১ ৵০

W H D'Oyly,
Offg Collector

জেলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারী কালেকটরী জেলা মেদিনীপুর।

সন ৮৫৯ সালের ১ আইনের ৬ ধারা অনুসারে এহার দ্বারায সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনীপুরের নিম্ন লিখিত মহাল ১৮৬৮ সালের ২৮ মার্চের প্রাপ্য বাকি মালগুজারি এবং অন্য২ দাওযা যাহা চলিত আইন এবং আক্‌ট অনুসারে বাকি রাজস্বের ন্যায আদায় করা যাইতে পারে তাহা আদায নিমিত্তে ১৮৬৮ সালের ২৮ মেই মোতাবক বাঙ্গলা ১২৭৫ সালের ১৬ জ্যৈষ্ঠ আমলী ২৭৫ সালের ১৭ জ্যৈষ্ঠ বৃহস্পতিবার জেলা মেদিনীপুরের কালেক্‌টর সাহেবের কাছারিতে প্রকাশ্য নীলামে ধরা যাইবে ও বিনা বাধাতে নীলাম হইবে ইতি। সন১৮৬৮ সাল তারিখ ২৭এপ্রেল।

১ শ্রেণী।

ইস্তমরারি জম। ধার্য্য হওয়া মহাল।

৩৫৩ নং	তৌজা ম কাসিমাচক পংকাশীজোড়া সদর জমা তাং শ্রীমত্যা অন্নপুর্ণা দেই মাদর মহাফেজ দ্বারক নাথ সাহু নাবালগ জওজে ৺ ফকিরমোহন সাহু ও উদয়চান্দ সাহু ও গোপীমোহন সাহু।	৯১১৸৴৭	নিজ মহলের বাকি মালগুজারি এবং পুলবন্দী খরচার নিমিত্তে নীলাম হইবে।

H J Reynolds
Offg Collector

জেলা পাবনা।

এস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জেলা পাবনা।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমত এই জেলার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল বাকি রাজস্ব আদায নিমিত্ত বোর্ডের নিদ্ধারিত (১৮৬৮ সালের ২৮ জুন রবিবার জন্য) ২৯ জুন মো ১২৭৫ সালের ৭ আষাঢ় সোমবার টাকা দাখিলের শেষ দিবস অবধার্য্যে লাটবন্দী করা গেল এবং ঐ দিবস সূর্য্যাস্তের পুর্ব্বে বাকির টাকা দাখিল না হইলে কথিত মহাল, তৎপর দিবস অর্থাৎ ৮৬৮ সালের ৩০ জুন মোং ২৭৫ সালের ১৮ আষাঢ় মঙ্গলবার অত্রকালেক্‌টরি কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি ৮৬৮ সা. তা ২ আর্প্রিল।

তৌজীর নম্বর।	মহালের নাম।	মালিকের নাম।	সদর জমা	মন্তব্য।
৮৫৩	প কুড়রিয়া	খরিদাসূত্রে কথ রুদ্দীনমহম্মদ আহছান চৌধুরী।	৬১৪৬৷৴১	মালিক অন্য মহালের দরুন বাকি আদায় না করা হেতু এই মহাল নীলামে ধরা যাইবেক।

W V G Tayler,
Collector

জিলা পাবনা।

এস্তাহারনামা কাছারি কালেক্‌টরী জেলা পাবনা।

এতদ্দ্বারা সম্বাদ দেওযা যাইতেছে যে, ১৮৫৯ সালের ১ আইনের বিধানমত এই জেলার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল, ’৮৪৮ সালের ২০ আইনের মর্ম্মানুযায়ি গত ৮ মার্চ হইতে ২৭ মাচ পর্য্যন্তকার দৈনিক দণ্ডের টাকা আদায নিমিত্ত বোর্ডের নিদ্ধারিত আগামী (৮৬৮। ২৮ জুন রবিবার জন্য) ২৯ জুন মোং ১২৭৫ সালের ৭ আষাঢ় সোমবার টাকা দাখিলের শেষ দিবস অবধার্য্যে লাটবন্দি করা গেল এবং ঐ দিবস সূর্য্যাস্তের পুর্ব্বে ঐ দণ্ডের টাকা দাখিল না হইলে উক্ত মহাল, তৎপরদিবস অর্থাৎ ১৮৬৮ সালের ৩০ জুন মোং ১২৭৫। ১৮

আষাঢ় মঙ্গলবার অত্র কালেক্টরী কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি ১৮৬৮ সাল তারিখ ৩১শে মার্চ।

তৌজির নম্বর।	মহালের নাম।	মালিকের নাম।	সদর জমা।	মন্তব্য।
১০৫	পঃ বিরাহিমপুর	শারদাপ্রসাদ গঙ্গোপাধ্যায় ও নীলকমল মুখোপাধ্যায় প্রভৃতি	১২৭৩০।৭	মালিক মধ্যে দেবেন্দ্রনাথ ঠাকুর ও নীলকমল মুখোপাধ্যায় ট্রষ্টির নিকট প্রাপ্য দণ্ডের টাকার নিমিত্ত এই মহাল লাটবন্দী করা গেল।

W V G Tayler
Collector

জিলা যশোহর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে সন ৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানানুসারে জেলা যশোহরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল বর্ত্তমান সনের ২৮ মার্চ তারিখের বাকি আদায় না হওয়াতে তাহা আদায় নিমিত্ত সন ১৮৬৮ সালের ২৬ মেই মোতাবেক বাঙ্গলা সন ১২৭৫ সালের ১৪ জ্যৈষ্ঠ রোজ মঙ্গলবার অত্র কালেক্টরী কাছারিতে বিনাওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে ইতি সন ১৮৬৮ সাল তারিখ ১ মেই।

প্রথম শ্রেণী চিরকালের বন্দবস্ত হওয়া মহাল।

৪২নং তৌজি পঃ মাহাম্মদ সাহি তরফ কাশীনাথপুর তালুক শিবপ্রসাদ সেন ও উগ্রকন্ট সেন ও দুর্গাপ্রসাদ সেন ও কমলাকান্ত সেন ও বাণীকণ্ঠ সেন ও হরগোবিন্দ সেন ও রামকান্ত সেন ও জিতরাম ধর ও রায় রাধাচরণ সদর জমা ১৫৯৭৷৵১১

২৭৩নং তৌজি পঃ এমাদপুর মৌজে শ্রীপুর ওগয়রহ তালুক ভগবানচন্দ্র পোদ্দার ও আনন্দচন্দ্র চৌধুরী ও ভগবানচন্দ্র মুন্সী ও ভগবতী দাস্যা সদর জমা ৩১৩৭৷৵৯

দ্বিতীয় শ্রেণী মেয়াদি বন্দবস্তী মহাল।

৪৪০ নং তৌজি মোতালক সুন্দরবন চক বয়ারসিঙ্গা সাধুখার মাটা বন্দবস্ত গ্রহীতা দেবচন্দ্র মুখোপাধ্যায় সন ১২৭৪ সাল হইতে ছানি বন্দোবস্ত না হওয়া পর্য্যন্ত আবাদকারি স্বত্ব সদর জমা ৩১২২৸৶০

৪৪২৬নং তৌজি মোতালক ঐ চক খড়িবা ডেমসাখালি বন্দবস্ত গ্রহীতা ছইন হো সাহেব ইং সন ১২৭৪ সাল লাং ১২৮৭ সাল বসদ পুরা ৫৩৫৭৴০ টাকা জমা সন ১৩০৩ সাল পর্য্যন্ত মেয়াদ জমা সন ১২৭৪ সাল আবাদকারি স্বত্ব সদর জমা ২৭৬৭।৵০

J Monro,
Offg Collector

INSOLVENT COURT

Court for the Relief of Insolvent Debtors at Calcutta

In the Matter of ALBERT JOHN DE HOCHEPIED LARPENT and another, Insolvents

Notice is hereby given that Saturday the 6th day of June next is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 7th day of January 1860 until the thirtieth day of April 1868 has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office,
Calcutta, 14*th May* 1868

যোত্রহীনের আদালত।

কলিকাতা যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আলবার্ট জান ডিহচিপিড লারপেন্ট সাহেব ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওযা যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি জুন মাসের ৬ তারিখ শনিবার নিদ্ধারিত হইযাছে, এব ৮৬০ সালের জানুআরি মাসের ৭ তারিখ অবধি ১৮৬৮ সালের আপ্রিল মাসের ৩০ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিযাছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালযে তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষযে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওযা স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুনানির দিবসের পুর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহবের দপ্তরখানা।
কলিকাতা, ৮৬৮ সাল ১৪ মে।

[*Government Gazette*, 19*th May* 1868]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালযে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এডওয়ার্ড জোসেফ ডিন সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MAY 19, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৯ মে।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা মেদিনীপুর।

কাছারি ডেপুটী কালেকটরী সব ডিবিজান কাথী জেলা মেদিনীপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে মেদিনীপুর জিলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মাহালাতে গবর্ণমেন্টের মালিকীস্বত্ব ইংরেজী সন ১৮৬৮। ৫ জুন মো আমলী সন ১২৭৫। আষাঢ় মাহার ৫ তারিখ সোমবার মোং কাথীর ডেপুটী কালেকটরী কাছারিতে বিক্রয় হইবেক।

এই২ মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ৮৬৮ সাল তারিখ ২৪ আপ্রিল।

ইষ্টৌজেমেণ্টে নম্বর।	জিলার বহীতে নম্বর।	মহাল ও পরগ নার নাম।	ন্যূনাধিক যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য করা পরিমাণ।	রাস্তার টাক্স।	মোট।		
			এ রু প					
২৯	৩৮	গুরুপ্রসাদ চক একারপুর প মাজনামুঠা	৩৫।০।০	৭৲	৵	৭৵	৫৲	এই সকল মাহালের এইক্ষণে কোন বন্দবস্ত নাই খরিদের তারিখঅবধি খরিদার দখল পাইবেক।
৩০	১৩৩৮	জগন্নাথ চক মৌ- পায়রাবাদী প মাজনামুঠা	১৩৯।০।০	২৬৲	।০	২৬।০	৫২৲	
৩৪	২২৯২	রঘুনাথ চক পঃ মাজনামুঠা	৩।০।০	৭৲	৵	৭৵	১৫৲	
৪১	৬৫৫	লক্ষ্মীজনার্দ্দন চক মৌ- হবিন, ডুমুর বেড়্যা পঃ নাড়ুয়, মুঠা	৫৯।০।০	১৫৲	৶	১৫৶	৩০৲	
৫৪	৬২৯	ভোগপুর পঃ রাণীজোড়া	৬।০।০	৯৲	৵	৯৵	১৮৲	
৫৫৩	৬৩০	ঐ ঐ	৬।৩।০	১০৲	৵	১০৵	২০৲	

A. RATTRAY,
Deputy Collector

জেলাত্রিপুরা।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা ত্রিপুরা এই যে।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মধ্যবর্ত্তী নীচের ইষ্টেটমেন্টের লিখিত খাসমহালাতে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৮ সালের ২৭ জুন মোতাবেক ১২৭৫ সনের ১৫ আষাঢ় রোজ শনিবার অত্র জেলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহালাত যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি।

৩। সরকার জমীদারস্বরূপ গ্রামে চৌকীদারের যে খরচ এ পর্য্যন্ত দিয়াছেন তাহা ভবিষ্যতে ইহার লিখিত মহালাতের সদর জমার অতিরিক্ত খরিদ্দারান আদায় করিবেন ইতি সন ১৮৬৮ ইং তারিখ ৭ আপ্রিল।

রাজকীয় মহালের তৌজীয়তের নম্বর।	জিলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	ন্যূনাধিক যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				ধার্য্যকরা রাজস্ব।	রাস্তার টাকা।	মোট।		
১২ ১৮৬৩ ।৬৪	০	পরগণে পুরচণ্ডী হি- ৶ আনি মহাল নাওর	৬৮।০।০	৯৮॥৶২	৸৶১০	৯৯।৵০	১৯৭৲	এই মহালের বিক্রি ১২৭৪সনের ১ বৈশাখ হইতে গণ্য হইবেক।
৩ ৮৬৬ ।৬৭	৫৯৫	পঃ পুরচণ্ডী তালুক রায় চান্দ রঘু তিলক উদয় মুং উলুকত নেছা	১৫।০।০	২১৲	।০	২১।০	৪২৲	ঐ

J D Ward,
Collector

জিলা ঢাকা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি।

ইহাদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জেলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালের গবর্ণমেন্টের মালিকিস্বত্ব ইংরেজী ১৮৬৮ সনের ২৯ জুন মোতাবেক ২৭৫ সনের ১৭ আষাঢ় রোজ সোমবার জেলা ঢাকার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৮ ইং ১৫ আপ্রিল মোং ১২৭৫ বাং ৪ বৈশাখ।

ইষ্টেটমেণ্টের নম্বর।	জেলার তৌজির নম্বর।	পরগনা ও মহালের নাম।	জমির পরিমাণ ন্যুনাধিক।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্যকরা সদর জমা	রোড সেস।	মোট জমা		
			এ রু পো					
৩১৭	৮৯৫৩	পরগণে ইসাথাবাদ তালুক হবিনাব	০।০।		০	০	৫৲	এই মহাল বিনা করে বিক্রী হইবেক।

G Graham
Offg Collector

জেলা নদীয়া।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা নদীয়া।

ইহার দ্বারায় ঘোষণা করা যাইতেছে যে নীচের লিখিত ইষ্টেট সমস্ত যাহা নদীয়া জেলার মধ্যে আ
ঐ সকল ইষ্টেটের গবর্ণমেণ্টের মালিকীস্বত্ব জেলা নদীয়ার কালেক্টরি কাছারীতে সন ১৮৬৮ সালের ৫ জু
মাতাবেক সন ১২৭৫ সালের ২৪ জ্যৈষ্ঠ তারিখে নীলামে ধরা যাইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীন হইবেক ই
সন ১৮৬৮ সাল তারিখ ২৫ আপ্রিল মোং সন ১২৭৫ সাল তারিখ ১৪ বৈশাখ।

নম্বর ইষ্টেট।	নম্বর তৌজি।	নাম মহাল ও পরগনা।	একর ন্যূনাধিক।	সদর জমা।	রোড ফণ্ড।	একুন জমা।	ধার্য্য মূল্য।	বিক্রয়ের নিয়ম।
১৫০	২৮৮৭	মৌজে বিন্দু গ্রাম পং বেলগা।	১৭।২।২৬		০		৭৩॥১	দশগুণ মূল্যে লাখরাজস্বরূ বিক্রয় হইবেক
	১৫৫৪	ঐ	৩৩।০।৩৬		০		৯২॥০	ঐ
১৮২ ১৮৮	২২০১	ঐ	১৪।১।০		০		৫৫৲	ঐ
১৮৯	২২০২	ঐ	০।১।২৭		০		৬।/৮	ঐ

J WESTLAND,
Offg Collector

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এডওয়ার্ড জোসেফ ডিম সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 2, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ২ জুন।

HOME DEPARTMENT

LEGISLATIVE.

No 13 of 1868

A Bill for regulating the Procedure of the Courts of Criminal Judicature not established by Royal Charter

[Continued from page 620]

CHAPTER IX

PRELIMINARY ENQUIRY BY THE POLICE

[Police to enquire into certain offences only when ordered by Magistrate]

125 No Police officer shall, without an express order from Magistrate, enquire into or take cognizance of any offence punishable under the Indian Penal Code, other than the offences described in column 3 of the second schedule hereto annexed, as offences for which a Police officer may arrest without warrant.

[Magistrate may direct enquiry]

But a Magistrate, upon the report of a Police officer or otherwise, may direct enquiry to be made by a Police officer into any offence punishable

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক সভা।

৮৬৮ সালের ৩ নম্বর।

ফৌজদারী যে সকল আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই সকল আদালতে মোকদ্দমার কার্য্যের বিধান করণের আইনের পাণ্ডুলিপি।

[৬২০ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

নবম অধ্যায়।

পোলীসের দ্বারা প্রথম স্থলের অনুসন্ধান হইবার বিধি।

[মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা না হইলে কোনং অপরাধের অনুসন্ধান লইতে পোলীসের কর্ম্মকারকদের ক্ষমতা না থাকার কথা।]

১২৫ ধারা। যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারক পরওয়ানাভিন্ন ধৃত করিতে পারে, এই আইনের অন্তভাগের তফসীলের ৩ ঘরের নির্দ্দিষ্ট তদ্রূপ অপরাধ ভিন্ন পোলীসের কোন কর্ম্মকারক মাজিষ্ট্রেট সাহেবের নিকটে স্পষ্ট আজ্ঞা না পাইলে, ভারতবর্ষের দণ্ডবিধির আইনক্রমে দণ্ডনীয় কোন অপরাধের অনুসন্ধান লইতে কিম্বা তাহা গ্রহণ করিতে পারিবেন না।

[অনুসন্ধান লইতে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

কিন্তু ভারতবর্ষের দণ্ডবিধির আইনমতে কিম্বা কোন বিশেষ কি স্থানবিশেষের আইনমতে যে অপরাধ দণ্ডনীয় হয় মাজিষ্ট্রেট সাহেব পোলীসের কর্ম্মকারকের

under the Indian Penal Code or under any special or local law

[Saving of powers vested in Police by special or local law]

126 Nothing in section 125 shall be held to interfere with the exercise of any powers vested in a Police officer by any special or local law, or with the performance of any duty which is imposed upon him by such law

[Upon complaint preferred, Police officer in charge to proceed in person or depute an officer to make enquiry]

127 Upon complaint or information being Preferred to an officer in charge of a Police station, of the commission within the limits of such station of any of the offences specified in column 3 of the second schedule hereto annexed, as offences for which Police officers may arrest without warrant he shall send immediate intimation to the Magistrate having jurisdiction, and shall proceed in person, or shall depute one of his subordinate officers to proceed to the spot to enquire into the facts and circumstances of the case, and to take such measures as may be necessary for the discovery and apprehension of the offender

[Preliminary enquiry]

Any Magistrate on receiving intimation of the commission of any such offence may at once proceed, or depute an officer exercising any of the powers of a Magistrate to proceed, to hold a preliminary enquiry into or otherwise to dispose of such case in the manner provided in this Act

[Where local enquiry dispensed with]

128 Provided that, when any complaint is made against any person by name, and the case is not of a serious nature the officer in charge of a Police station need not proceed in person or depute a subordinate officer to make an enquiry on the spot unless such local enquiry shall appear to be necessary

[Where officer in charge sees no sufficient ground for enquiry]

129 If on any complaint or information being preferred to an officer in charge of a Police station, it appears to him that there is no sufficient ground for entering on an enquiry or that the immediate apprehension of the accused is not necessary for the ends of justice, he shall not proceed in the case but shall report the substance of the complaint or information for the orders of the Magistrate having jurisdiction

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২ জুন।]

নিকটে সেই অপরাধের রিপোর্ট পাইলে কি না পাইলেও তাহার দ্বারা তদ্বিষয়ের অনুসন্ধান হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[বিশেষ কি স্থানবিশেষের আইনক্রমে পোলীসের প্রতি অর্পিত ক্ষমতা রক্ষা করিবার কথা।]

১২৬ ধারা। কোন বিশেষ কি স্থানবিশেষের আইনক্রমে পোলীসের কর্ম্মকারকের প্রতি যে ক্ষমতার্পণ করা গেল, কিম্বা ঐ আইন দ্বারা তাহারদের প্রতি যে কোন কর্ত্তব্য কর্ম্ম অর্পিত হয়, তাহার সঙ্গে ১২৫ ধারার কোন কথার সম্পর্ক থাকে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[নালিশ হইলে তাহার অনুসন্ধান করণার্থে পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারকের স্বয়ং গমন করিবার কিম্বা অধীন কর্ম্মকারককে প্রেরণ করিবার কথা।]

১২৭ ধারা। এই আইনের অন্তভাগের তফসীলের ৩ ঘরের নির্দ্দিষ্ট যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারকের পরওয়ানাভিন্ন ব্যক্তিকে ধরিতে পারে, পোলীসের কোন থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারকের নিকটে ঐ থানার অন্তর্গত স্থানে তদ্রূপ অপরাধ হওনের নালিশ করা গেলে কি তদ্বিষয়ের সম্বাদ দেওয়া গেলে, সেই স্থানে যে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা থাকে ঐ কর্ম্মকারক তাঁহাকে অগৌণে ঐ কথা জ্ঞাত করিয়া, ঐ বিষয়ের বৃত্তান্ত ও পূর্ব্বাপর ঘটনার অনুসন্ধান করণার্থে ও অপরাধির সন্ধান লইয়া তাহাকে ধরিবার জন্যে যাহা আবশ্যক হয় এমত কার্য্য করণার্থে, আপনি তৎ স্থানে গমন করিবেন, কিম্বা আপনার অধীন কোন কর্ম্মকারককে পাঠাইবেন।

[প্রথমস্থলীয় অনুসন্ধানের কথা।]

মাজিষ্ট্রেট সাহেব উক্ত প্রকারের কোন অপরাধ হওয়ার সম্বাদ প্রাপ্ত হইলে, তৎক্ষণাৎ সেই বিষয়ের প্রথমস্থলীয় অনুসন্ধান করণার্থে কিম্বা তৎসম্পর্কে এই আইনের নির্দ্দিষ্ট প্রকারান্তরের কার্য্য করণার্থে স্বয়ং সেই স্থানে গমন করিবেন, কিম্বা মাজিষ্ট্রেটের কোন ক্ষমতাক্রমে কর্ম্মকারি কোন কার্য্যকারককে প্রেরণ করিবেন ইতি।

[স্থানীয় অনুসন্ধানের অনাবশ্যকতার কথা।]

১২৮ ধারা। কিন্তু কোন ব্যক্তির নাম ধরিয়া তাহার উপর নালিশ হইলে, যদি ব্যাপারটি গুরুতর না হইয়া থাকে, তবে তৎস্থানে অনুসন্ধান করা আবশ্যক বোধ না হইলে, ঐ অনুসন্ধান করিবার জন্যে পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারকের স্বয়ং গমন করা কি অধীন কর্ম্মকারককে প্রেরণ করা প্রয়োজন, নাই ইতি।

[পোলীসের থানার ভারপ্রাপ্ত কর্ম্মকারক অনুসন্ধান করার উপযুক্ত হেতু দৃষ্টি না করিলে তাহার কথা।]

১২৯ ধারা। পোলীসের কোন থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারকের নিকটে নালিশ হইলে কি সম্বাদ দেওয়া গেলে, তিনি তদ্বিষয়ের অনুসন্ধান করণের কোন উপযুক্ত হেতু নাই, কিম্বা যথার্থ বিচার হওনার্থে অপরাধিকে অগৌণে ধৃত করিবার প্রয়োজন নাই, বোধ করিলে সেই বিষয়ের কার্য্য করিতে নিবৃত্ত থাকিবেন, ও মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা পাইবার জন্যে তাঁহাকে সেই নালিশের কি সম্বাদের মর্ম্ম জ্ঞাত করিবেন ইতি।

[All persons to give information of certain offences]

130 It shall be the duty of every person who is aware of the commission of any offence made punishable under section 382, 392, 393, 394, 395, 396, 397, 398, 399, 402 435 436 449 450 455, 457, 458, 459 or 460, of the Indian Penal Code, to give information of the same to the nearest Police officer, whenever the person so aware has reason to believe that, if such information be withheld, the offender may not be brought to justice, or may have his escape facilitated

[Complaint to Police to be in writing]

131 Every complaint or information preferred to an officer in charge of a Police station shall be reduced into writing, and the substance thereof shall be entered in a diary to be kept by him, in such form as shall from time to time be prescribed by the Local Government

[Procedure when a Police officer deputes a subordinate to arrest without warrant]

132 When any officer in charge of a Police station requires any officer subordinate to him to make without a warrant an arrest which may lawfully be made by such officer without a warrant he shall deliver to the Police officer required to make the arrest an order in writing, specifying the person to be arrested and the offence for which the arrest is to be made

The provisions of sections 68 to 87 (both inclusive) shall be applicable to every order in writing issued under this section

[Police may pursue offenders into other jurisdictions]

133 A Police officer may pursue, with a view to arrest, any person accused of any of the offences specified in column 3 of the second schedule hereto annexed as offences for which Police officers may arrest without a warrant into the limits of another Police officer, whether subordinate to the same Magistrate as himself, or to the Magistrate of any other District, and whether such place be under the same Local Government or not

[Search by officer in charge of Police station]

134 Whenever an officer in charge of a Police station considers that the production of anything is essential to the conduct of an enquiry into any offence which he is authorized to investigate, he

[কোনং অপরাধের সম্বাদ দেওয়া সকল লোকের কর্ত্তব্যের কথা।]

১৩০ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৮২, ৩৯২, ৩৯৩, ৩৯৪, ৩৯৫, ৩৯৬, ৩৯৭, ৩৯৮, ৩৯৯, ৪০২, ৪৩৫, ৪৩৬, ৪৪৯, ৪৫০, ৪৫৫, ৪৫৭, ৪৫৮, ৪৫৯, ৪৬০, ধারামতে যেং অপরাধ দণ্ডনীয় হয়, কোন ব্যক্তি এমত কোন অপরাধের কথা জানিয়া যদি সম্বাদ না দেয় তবে অপরাধির বিচার না হওয়া সম্ভব কিম্বা তাহার পলায়ন করা সুগম হইবে বোধ করিলে, ঐ ব্যক্তির তদ্রূপ অপরাধ হওয়ার সম্বাদ জ্ঞাত করা কর্ত্তব্য ইতি।

[পোলীসের নিকট নালিশ লিখিয়া দিবার কথা।]

১৩১ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারকের নিকটে যে নালিশ করা যায় কি তাঁহাকে যে সম্বাদ দেওয় যায় তাহা লিখিয়া লওয়া যাইবে। সেই কর্ম্মকারক রোজনামা রাখিবেন। ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে পাঠ নির্দ্দিষ্ট করেন, তাঁহার সেই রোজনামাতে ঐ নালিশপ্রভৃতির মর্ম্ম সেই পাঠে লিখিতে হইবে ইতি।

[পোলীসের কর্ম্মকারক পরওয়ানাভিন্ন ধৃত করিতে অধীন ব্যক্তিকে প্রেরণ করিলে তাহার কর্ত্তব্যের কথা।]

১৩২ ধারা। পোলীসের যে কর্ম্মকারক আইনমতে যাহাকে পরওয়ানাভিন্ন ধরিতে পারে, যদি পোলীসের কোন থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক আপনার অধীন তদ্রূপ কর্ম্মকারককে পরওয়ানাভিন্ন সেই ব্যক্তিকে ধরিতে আজ্ঞা করেন, তবে পোলীসের যে কর্ম্মকারককে ঐ আজ্ঞা করেন, তাহাকে আজ্ঞাপত্র লিখিয়া দিবেন। যাহাকে ধরিতে হইবে আজ্ঞাপত্রে তাহার নাম ও যে অপরাধের নিমিত্তে তাহাকে ধরিতে হইবে তাহা লেখা থাকিবে।

এই ধারামতে যে প্রত্যেক আজ্ঞা লিখিয়া দেওয়া যায়, ৬৮ অবধি ৮৭ পর্য্যন্ত সমস্ত ধারার বিধান সেইং আজ্ঞার প্রতি বর্ত্তিবে ইতি।

[ভিন্নং এলাকার মধ্যে অপরাধিদের পশ্চাদ্ধাবমান হইবার কথা।]

১৩৩ ধারা। এই আইনের অন্তর্ভাগের তফসীলের ৩ ঘরের নির্দ্দিষ্ট যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারকেরা অভিযুক্ত ব্যক্তিকে পরওয়ানাভিন্ন ধরিতে পারে, যাহার নামে তদ্রূপ কোন অপরাধকরণাভিযোগ হয়, পোলীসের কোন কর্ম্মকারক তাহাকে ধরিবার জন্যে পোলীসের অন্য কর্ম্মকারকের এলাকার মধ্যে গমন করিতে পারিবে, আপনি যে মাজিষ্ট্রেট সাহেবের অধীন থাকে সেই অন্য এলাকা সেই মাজিষ্ট্রেট সাহেবের অধীন কি ভিন্ন জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন, ও স্থানবিশেষের একি গবর্ণমেণ্টের কি ভিন্ন গবর্ণমেণ্টের অধীন থাকিলেও, তাহাতে গমন করিতে পারিবে ইতি।

[পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক দ্বারা অন্বেষণ হইবার কথা।]

১৩৪ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কোন কর্ম্মকারক যে অপরাধের তদন্ত লইতে ক্ষমতাপন্ন হন যদি তদনুসন্ধানে কোন দ্রব্য উপস্থিত করা আবশ্যক বোধ করেন, তবে তিনি ঐ থানার ক্ষমতার

[*Government Gazette, 2nd June* 1868]

may search or cause search to be made for the same, in any house or place within the limits of such station

In such case, the officer in charge of the Police station shall if practicable, conduct the search in person

If unable to conduct the search in person, and there is no other person competent to make the search present at the time the officer in charge of the Police station may require any officer subordinate to him to make the search, and he shall deliver to such officer an order in writing specifying the property for which search is to be made and the house or place to be searched and the subordinate officer may thereupon search for the property in such house or place

The provisions of sections 111 to 114 (both inclusive) relating to search warrants, shall be applicable to a search under this section made by or under the direction of an officer in charge of a Police station

[When officer in charge of Police station may require another to issue search-warrant]

135 An officer in charge of a Police station, may require an officer in charge of another Police station, whether subordinate to the same Magistrate as himself or to a Magistrate of another District to cause a search to be made in any house or place, in any case in which the former officer might cause such search to be made within the limits of his own station

[Police officer's power to summon witnesses]

136 An officer in charge of a Police station may, by an order in writing require the attendance before himself of any person being within the limits of his station, who from the statement of the complainant or otherwise appears to be acquainted with the facts and circumstances of any case into which he is enquiring under section 127 and such person shall be bound to obey such requisition

[Oral examination of witnesses by Police]

137 An officer in charge of a Police station or other Police officer making an enquiry may examine orally any person supposed to be acquainted with the facts and circumstances of the case

Nothing in this section shall preclude such Police officer from reducing into writing any statement made by the person so examined

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২ জুন।]

ব্যাপ্য কোন গৃহে কি স্থানে সেই দ্রব্যের অন্বেষণ করিতে কি করাইতে পারিবেন।

এমত স্থলে যদি সাধ্য হয়, তবে পোলীসের কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক আপনি দ্রব্য অন্বেষণের কার্য্য নির্ব্বাহ করিবেন।

আপনি তাহা করিতে না পারিলে ও সেই অন্বেষণ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি তৎকালে উপস্থিত না থাকিলে, পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক আপনার অধীন কোন কর্ম্মকারককে ঐ দ্রব্যের অন্বেষণ করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও সেই কর্ম্মকারককে আজ্ঞাপত্র দিবেন। যে গৃহে কি স্থানে ও যে দ্রব্যের অন্বেষণ করিতে হইবে তাহা ঐ পত্রে নির্দ্দিষ্ট থাকিবে। অধীন কর্ম্মকারক সেই আজ্ঞাপত্র পাইলে ঐ গৃহে কি স্থানে ঐ দ্রব্যের অন্বেষণ করিতে পারিবেন। ১১১ ও ১১২ ও ১১৩ ও ১১৪ ধারাতে অন্বেষণের পরওয়ানার যে২ বিধান আছে এই ধারামতে পোলীসের থানার ভারপ্রাপ্ত কর্ম্মকারকের দ্বারা কি তাঁহার আজ্ঞাক্রমে যে অন্বেষণ করা যায় তাহারও প্রতি সেই বিধান খাটিবে ইতি।

[পোলীসের এক থানার কর্ম্মকারক যে স্থলে অন্য থানার কর্ম্মকারককে অন্বেষণের পরওয়ানা দিবার আদেশ করিতে পারিবেন তাহার কথা।]

১৩৫ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক আপনি যে মাজিষ্ট্রেট সাহেবের অধীনে থাকেন, সেই কিম্বা অন্য জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন পোলীসের অন্য থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারককে কোন গৃহে কি স্থানে কোন দ্রব্যের অন্বেষণ করাইবার আদেশ করিতে পারিবেন। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ অন্য এলাকার কর্ম্মকারক তদ্রূপ গতিকে আপন এলাকার সীমার মধ্যে অন্বেষণ করাইবার ক্ষমতাপন্ন হন ইতি।

[সাক্ষিদিগকে আহ্বান করিতে পোলীসের কর্ম্মকারকের ক্ষমতার কথা।]

১৩৬ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক ১২৭ ধারামতে যে ব্যাপারের বৃত্তান্ত ও পূর্ব্বাপর ঘটনার অনুসন্ধান করিতেছেন, তাহা আপন থানার এলাকার সীমার মধ্যবর্ত্তি কোন ব্যক্তি সেই বিষয় অবগত আছে যদি বাদির কথামতে কি প্রকারান্তরে ইহা বোধ করেন, তবে আজ্ঞাপত্র লিখিয়া সেই ব্যক্তিকে আপনার সাক্ষাতে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। ও সেই ব্যক্তির সেই আজ্ঞা মানিতে হইবে ইতি।

[পোলীসের দ্বারা সাক্ষিদের বাচনিক সাক্ষ্য গ্রহণের কথা।]

১৩৭ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক কিম্বা পোলীসের অন্য যে কর্ম্মকারক অনুসন্ধান করিতেছেন তিনি মোকদ্দমার বৃত্তান্ত ও পূর্ব্বাপর ঘটনা যে ব্যক্তির জ্ঞাত থাকা অনুভব হয় এমত কোন ব্যক্তির বাচনিক সাক্ষ্য গ্রহণ করিতে পারিবেন।

যাহার সেইরূপে সাক্ষ্য লওয়া যায়, এই ধারার কথাক্রমে পোলীসের কর্ম্মকারকের পক্ষে সেই ব্যক্তির কথা লিখিয়া লইবার কোন বাধা নাই।

[Proviso.]

Provided that any statement so reduced into writing shall not be signed by the person making it, nor shall it be treated as part of the record or used as evidence.

[No inducement to be offered to confess]

138. No Police officer or other person shall offer any inducement to an accused person, by threat or promise or otherwise, to make any disclosure or confession

[Police not to record statement or confession]

139 No Police officer shall record any statement or any admission or confession of guilt, which may be made before him by a person accused of any offence

[Proviso]

Provided that nothing in this section shall preclude a Police officer from reducing any such statement, admission or confession into writing for his own information or guidance

[Confession to Police not to be used as evidence]

140 No confession or admission of guilt made to a Police officer, shall be used as evidence against a person accused of any offence

[Confession made while accused is in custody not to be used as evidence]

141 No confession or admission of guilt made by any person whilst he is in the custody of a Police officer, shall be used a evidence against such person, unless it be made in the immediate presence of a Magistrate duly authorized to try, or to hold the preliminary enquiry into, the offence of which the person in custody is accused

The provisions of sections 195, 196 and 197 shall apply to any confession or admission so made

[So much of statement made by accused as relates to fact thereby discovered, may be received]

142 When any fact is deposed to in evidence as discovered in consequence of information received from a person accused of any offence or in the custody of a Police officer, so much of such information, whether it amounts to a confession or admission of guilt or not, as relates distinctly to the fact so discovered, and as would independently

বর্জ্জিত কথা।

কিন্তু যে ব্যক্তি উক্ত প্রকারের লিখিত কথা কহিয়াছিল তাহার সেই কথাতে স্বাক্ষর করিতে হইবে না, ও তাহা মোকদ্দমার কাগজপত্রের মধ্যে গণ্য হইবে না, ও প্রমাণস্বরূপে ব্যবহার হইবে না ইতি।

[দোষ স্বীকার করিবার প্রবৃত্তি না জন্মাইবার কথা।]

১৩৮ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক কি অন্য ব্যক্তি ভয় প্রদর্শনের কি অঙ্গীকারপ্রভৃতি কোন কথার দ্বারা অভিযুক্ত ব্যক্তিকে কোন কথা প্রকাশ কি স্বীকার করিবার প্রবৃত্তি দিবে না ইতি।

[বর্ণনা কি দোষ স্বীকাররূপ কথা পোলীসের কর্ম্মকারকের রিকার্ড না করিবার কথা।]

১৩৯ ধারা। কোন অপরাধের অভিযুক্ত ব্যক্তি পোলীসের কর্ম্মকারকের সাক্ষাতে ঐ অপরাধের যে কোন কথা কহে কি স্বীকার কি কবুল করে, তাহা তিনি রিকার্ড করিবেন না।

উপবিধি।

কিন্তু পোলীসের কর্ম্মকারক যদি আপনার স্মরণার্থে কি তদ্দৃষ্টে কর্ম্ম করণার্থে তদ্রূপ কোন কথা, কি দোষ স্বীকার কি কবুল করণরূপ কথা লিখিয়া রাখিতে চাহেন, তবে এই ধারার কোন কথাতে তাহা করিবার বাধা নাই ইতি।

[পোলীসের কর্ম্মকারকের নিকটে যাহা স্বীকার করা যায় তাহা প্রমাণস্বরূপে গ্রাহ্য না হইবার কথা।]

১৪০ ধারা। যাহার নামে কোন অপরাধের অভিযোগ হয়, সেই ব্যক্তি পোলীসের কর্ম্মকারকের নিকটে অপরাধ কবুল কি স্বীকার করিলেও সেই কথা তাহার বিপক্ষ প্রমাণস্বরূপে ব্যবহার হইবে না ইতি।

[অভিযুক্ত ব্যক্তি নিরুদ্ধ হইয়া যাহা স্বীকার করে তাহা প্রমাণস্বরূপে গ্রাহ্য না হইবার কথা।]

৪১ ধারা। রুদ্ধ ব্যক্তির নামে যে অপরাধের অভিযোগ হয়, যে মাজিষ্ট্রেট সাহেব বৈধমতে সেই অপরাধের বিচার করিতে কিম্বা তাহার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ক্ষমতাপন্ন হন যদি ঐ ব্যক্তি তাঁহারই সাক্ষাতে ঐ অপরাধ স্বীকার না করে, তবে পোলীসের কর্ম্মকারকের নিকট রুদ্ধ থাকিয়া অপরাধ কবুল কি স্বীকার করিলেও তাহা তাহার বিপক্ষ প্রমাণস্বরূপে ব্যবহার হইবে না। তদ্রূপে যাহা স্বীকার কি কবুল করা যায় ১৯৫ ১৯৬, ১৯৭, ধারার বিধান তাহার প্রতি খাটিবে ইতি।

[অভিযুক্ত ব্যক্তির ব্যক্ত কি স্বীকৃত কথাদ্বারা যে ক্রিয়া প্রকাশ হয় তৎসম্পর্কীয় উক্ত কথা গ্রাহ্য হইবার কথা।]

১৪২ ধারা। কোন ব্যক্তি অপরাধহেতু অভিযুক্ত হইয়া কিম্বা পোলীসের কর্ম্মকারকের নিকট রুদ্ধ থাকিয়া যে কথা জানায়, সেই কথার দ্বারা কোন ক্রিয়া জানা গেল বলিয়া যদি সাক্ষ্য দেওন কালে সেই ক্রিয়ার সাক্ষ্য দেওয়া যায়, তবে ঐ প্রকাশিত ক্রিয়ার সঙ্গে উক্ত যে কথার স্পষ্ট সম্পর্ক থাকে, এবং ঐ ব্যক্তির জ্ঞাপিত না হইলে উক্ত যে কথা প্রমাণে গ্রাহ্য হইতে

of such information have been receivable in evidence, may be received in evidence

[Enquiry by the Police]

143 If the person arrested appears from the information obtained to have committed the offence charged, and the offence is not bailable, the officer in charge of the Police station shall forward him under custody to the Magistrate having jurisdiction in respect of the offence, and shall bind over the prosecutor and witnesses to appear on a fixed day before such Magistrate

When any subordinate Police officer has made any enquiry under this chapter, he shall if so required by the officer in charge of the Police station, submit a report of such enquiry to him, or he may do so without such requisition and the officer in charge of the Police station shall then proceed as if he had made the enquiry himself

[Accused not to be detained by Police more than twenty four hours without special authority]

144 No Police officer shall without the special order of a Magistrate detain an accused person in custody for a longer period than under all the circumstances of the case is reasonable and such period shall in no case exceed twenty four hours

If the enquiry has not been completed within twenty four hours, and if there are grounds for believing that the accusation is well founded, the officer in charge of the Police station shall forward the accused person to the Magistrate with a short despatch stating the offence for which he has been arrested

[Procedure of Police in case of deficient evidence]

145 If it appears to the officer in charge of the Police station that there is not sufficient evidence or reasonable ground of suspicion to justify the transmission of the accused person to the Magistrate he shall release him on bail or on his own recognizance to appear when required, and shall submit a report of the case for the orders of the Magistrate

[Daily record of proceedings]

146 A Police officer making an enquiry under this chapter, shall day by day enter his proceedings in a diary, setting forth the time at which the complaint or other information reached him, the time at which he began and closed his enquiry, the place or places visited by him, and a statement of the circumstances elicited by his enquiry

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ২ জুন ।]

পারিত, সেই কথা অপরাধ স্বীকার করার তুল্য হইলে কি না হইলেও প্রমাণে গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[পোলীসের দ্বারা অনুসন্ধানের কথা।]

১৪৩ ধারা। যাহাকে ধরা গেল যদি প্রাপ্ত সম্বাদ দ্বারা তাহাকে অপরাধী বোধ করা যায ও সেই অপরাধের নিমিত্তে দর্শনপ্রতিভূ গ্রহণীয় না হয়, তবে ঐ অপরাধবিষয়ে যে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা থাকে পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক তাঁহার নিকটে ঐ ব্যক্তিকে প্রহরির জিম্মায় পাঠাইবেন, ও বাদী ও সাক্ষিরা নিরূপিত দিনে সেই মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে উপস্থিত হইবে তাঁহাদের স্থানে এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্র লইবেন।

যখন পোলীসের অধস্থ কোন কর্ম্মকারক এই অধ্যায়মতে অনুসন্ধান করে, তখন পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক তাহাকে আপনার নিকট ঐ অনুসন্ধানের রিপোর্ট পাঠাইতে আজ্ঞা করিলে তাহা পাঠাইবে। কিম্বা তদ্রূপ আজ্ঞা না পাইলেও তাহা করিতে পারিবে। তাহা হইলে পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক আপনি যেন সেই অনুসন্ধান করিলেন এই ভাবে কর্ম্ম করিবেন ইতি।

[বিশেষ আজ্ঞা না হইলে, অভিযুক্ত ব্যক্তিকে ২৪ ঘণ্টার অধিক কাল পোলীসের কর্ম্মকারকদের আটক করিয়া না রাখিবার কথা।]

১৪৪ ধারা। মাজিষ্ট্রেটের বিশেষ আজ্ঞা না হইলে, বৃত্তান্তের ভাবব্যাপার বুঝিয়া অভিযুক্ত ব্যক্তিকে যত কাল আটক করিয়া রাখা যুক্তিসিদ্ধ হয, পোলীসের কোন কর্ম্মকারক তাহাকে তদধিক কাল আটক করিবে না। ও কোন প্রকারে চব্বিশ ঘণ্টার অধিক কাল রাখিবে না।

যদি ঐ অনুসন্ধানের কার্য্য চব্বিশ ঘণ্টার মধ্যে সমাপ্ত না হইয়া থাকে, তবে অভিযোগ সমূলক জ্ঞান করিবার হেতু থাকিলে, পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক মাজিষ্ট্রেটের নিকটে ঐ অভিযুক্ত ব্যক্তিকে পাঠাইবেন, ও সে যে অপরাধের অভিযোগে ধৃত হইয়াছে তদ্‌জ্ঞাপক এক সংক্ষেপ পত্রও তাহার সঙ্গে দিবেন ইতি।

[প্রমাণের ন্যূনতা হইলে পোলীসের কর্ম্মকারকদের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৪৫ ধারা। মাজিষ্ট্রেটের নিকটে যে প্রমাণ কি যদ্রূপসন্দেহক্রমে অভিযুক্ত ব্যক্তিকে পাঠান যাইতে পারে, পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক এমত উপযুক্ত প্রমাণ নাই কি সন্দেহ করিবার যুক্তিমতের হেতু নাই, জ্ঞান করিলে, অভিযুক্ত ব্যক্তির স্থানে দর্শনপ্রতিভূ লইয়া, কিম্বা সে আজ্ঞা পাইলে উপস্থিত হইবে এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্র লইয়া, তাহাকে ছাড়িয়া দিবেন, ও মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা পাইবার জন্যে ঐ ব্যাপারের রিপোর্ট পাঠাইবেন ইতি।

[কার্য্যের রোজনামার কথা।]

৪৬ ধারা। পোলীসের যে কর্ম্মকারক এই অধ্যায়মতে অনুসন্ধান করেন, তিনি আপন কার্য্যের বৃত্তান্ত দিন২ রোজনামায় লিখিবেন, অর্থাৎ নালিশ কি অন্য সম্বাদ যে সময়ে তাঁহার নিকটে পঁহুছে, ও তিনি অনুসন্ধানের কার্য্য যে সময়ে আরম্ভ ও যে সময়ে সমাপ্ত করেন, ও যে স্থানে কি যে২ স্থানে যান, ও অনুসন্ধান দ্বারা যে সকল বৃত্তান্ত অবগত হন তাহার বিবরণ লিখিবেন।

He shall forward day by day a copy of such diary to the District Superintendent of Police who shall without delay bring to the notice of the Magistrate of the District any part of such diary which he considers it to be important that such Magistrate shall know

The Magistrate of the District is entitled to call for and inspect such diary

In cases where there is no District Superintendent of Police, the Police officer shall forward day by day a copy of the diary to the Magistrate of the District

Such diary shall not be evidence of the facts stated therein, except against the Police officer who made it

[Report of Police officer]

147 The enquiry shall be completed without unnecessary delay and as soon as it is completed the Police officer making the same shall send to the Magistrate a report in such form as is prescribed by the Local Government, setting forth the names of the parties, the nature of the complaint, and the names of the witnesses, without any expression of opinion as to the guilty of the accused person, and shall also send to the Magistrate any weapon or article which it may be necessary to produce before him

The Police officer shall state whether the accused person has been forwarded in custody, or has been released on bail or on his own recognizance

If the accused person be detained in custody, the Police officer shall state the fact and the cause of the detention

[Admission to bail]

148 A person accused of any offence entered as not bailable in column 5 of the second schedule hereto annexed, shall not be admitted to bail if there appear reasonable ground for believing that he has been guilty of the offence imputed to him

But a person accused of any offence entered as bailable shall be admitted to bail, if sufficient bail be tendered for appearance before the Magistrate having jurisdiction in respect of the offence

[Bail not to be excessive Terms of security]

149 The bail to be taken under section 148 shall not be excessive, and the surety or sureties shall bind himself or themselves under a specific penalty to produce the accused person before the Magistrate on or before a fixed day, to answer the complaint

[*Government Gazette*, 2nd *June* 1868]

পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের নিকটে সেই রোজনামার প্রতিলিপি দিন২ পাঠাইবেন। রোজনামার যে কোন কথা তাঁহার বিবেচনামতে মাজিষ্ট্রেট সাহেবের জ্ঞাত হওযা প্রযোজন, তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবকে তাহা অগোণে জ্ঞাত করিবেন।

জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ রোজনামা আনাইয়া দৃষ্টি করিতে পারিবেন।

যদি কোন স্থানে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট না থাকেন, তবে পোলীসের কর্ম্মকারক ঐ রোজনামার প্রতিলিপি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দিন২ পাঠাইবেন।

ঐ রোজনামাতে যে সকল বৃত্তান্ত লেখা থাকে ঐ রোজনামাই তাহার প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে না, কিন্তু পোলীসের যে কর্ম্মকারক তাহা লিখিলেন তাঁহারই বিপক্ষ প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[পোলীসের কর্ম্মকারকের রিপোর্টের কথা।]

১৪৭ ধারা। অনাবশ্যক বিলম্ব না করিয়া অনুসন্ধানের কার্য্য সমাপ্ত করিতে হইবে। সমাপ্ত হইলেই পোলীসের যে কার্য্যকারক ঐ অনুসন্ধান করেন, তিনি স্থানবিশেষের গবর্ণমেন্টের নির্দ্দিষ্ট পাঠে রিপোর্ট লিখিয়া মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইবেন। তাহাতে উভয় পক্ষের নাম, ও যে অপরাধের নালিশ হয় তাহা ও সাক্ষিদের নাম লেখা থাকিবে, কিন্তু অভিযুক্ত ব্যক্তি দোষী কি নির্দ্দোষী এই বিষযের কোন মতামত লিখিতে হইবে না। কোন অস্ত্র কি অন্য দ্রব্য মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করা প্রয়োজন হইলে তাহাও পাঠাইবেন।

অভিযুক্ত ব্যক্তিকে প্রহরির সতর্কতায় পাঠান গিয়াছে কিম্বা দর্শনপ্রতিভূ লইয়া কি প্রতিজ্ঞাপত্র লেখাইযা লইযা তাহাকে ছাড়িযা দেওযা গিযাছে, এই কথাও পোলীসের কর্ম্মকারকের লিখিতে হইবে।

যদি অভিযুক্ত ব্যক্তিকে রুদ্ধ করিয়া রাখা যায়, তবে সেই কথা, ও অবরোধ করিবার হেতু জানাইবেন ইতি।

[দর্শনপ্রতিভূর কথা।]

১৪৮ ধারা। যে অপরাধ হেতুক দর্শনপ্রতিভূ গ্রহণীয় নয় যাহার নামে এই আইনের তফসীলের ৫ ঘরের লিখিত এমত অপরাধের অভিযোগ হয়, সেই ব্যক্তিকে ঐ অপরাধের অপরাধী জানিবার উপযুক্ত হেতু থাকিলে তাহার স্থানে দর্শনপ্রতিভূ গ্রাহ্য হইবে না।

যে অপরাধ হইলে দর্শনপ্রতিভূ গ্রহণীয়, কাহার নামে এমত অপরাধের অভিযোগ হইলে, ঐ অপরাধ বিষযে যে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা থাকে সেই ব্যক্তি তাঁহার সম্মুখে উপস্থিত হইবার উপযুক্ত প্রতিভূ দিতে চাহিলে, গ্রাহ্য হইবে ইতি।

[অতিরিক্ত প্রতিভূ না লইবার কথা ও প্রাতিভাব্যের নিয়মের কথা।]

১৪৯ ধারা। ১৪৮ ধারার বিধানমতে যে প্রতিভূ লওয়া যায তাহা অতিরিক্ত না হয। ও অভিযোগের উত্তর দিবার জন্যে অভিযুক্ত ব্যক্তিকে নিরূপিত দিনে কি তৎপূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করিব, না করিলে নির্দ্দিষ্ট দণ্ড দিব প্রতিভূ কি প্রতিভূগণ আপনাকে কি আপনারদিগকে এই মর্ম্মের প্রতিজ্ঞায বদ্ধ করিবেন ইতি।

[Prosecutors and witnesses to execute recognizances to appear]

150 Every prosecutor and witness, whose attendance before the Magistrate is deemed necessary by the Police officer making the enquiry, shall execute a recognizance in the form (E) given in the appendix or to the like effect, for appearance before the Magistrate having jurisdiction in respect of the offense on a fixed day

Such day shall be the day whereon the accused person is to appear if he shall have been admitted to bail, or the day on which he may be expected to arrive at the Court of the Magistrate, if he is to be forwarded in custody

The officer in whose presence the recognizance is executed shall forward it with his report to the Magistrate

The prosecutor or witnesses shall not be accompanied by any Police officer on their way to the Court of the Magistrate

[Prosecutors and witnesses not to be subjected to restraint]

151 A Police officer shall not subject any prosecutor or witness to restraint or unnecessary inconvenience, nor require him to give any security for his appearance other than his own recognizance

[Recusant prosecutors and witnesses may be forwarded in custody]

But if any prosecutor or witness refuses to attend or to execute the recognizance directed in section 150, the officer in charge of a Police station may forward him under custody to the Magistrate who may detain him in custody until he executes such recognizance, or until the hearing before the Magistrate

[Police to report apprehensions]

152 Officers in charge of Police stations shall report to the Magistrate of the District, or to such Magistrate as the Magistrate of the District may direct, the cases of all persons apprehended within the limits of their respective stations, whether such persons shall have been admitted to bail or otherwise

[Discharge of person apprehended]

No person who has been apprehended shall be discharged, except on bail, or on his own recognizance, or under the special order of a Magistrate

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ২ জুন ।]

[বাদিদের ও সাক্ষিরদের উপস্থিত হইবার প্রতিজ্ঞা পত্র লিখিয়া দিবার কথা ।]

১৫০ ধারা । পোলীসের যে কর্ম্মকারক অনুসন্ধান করেন, তিনি মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে যে বাদির ও সাক্ষির উপস্থিত হওযা আবশ্যক বুঝেন, সেই ব্যক্তি ক্রোড়পত্রের E চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে প্রতিজ্ঞাপত্র, অর্থাৎ অপরাধ বিষয়ে যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্য থাকে নিরূপিত দিনে তাঁহার সম্মুখে উপস্থিত হইব এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিবে ।

যদি অভিযুক্ত ব্যক্তির দর্শনপ্রতিভূ গ্রহণ হইয়া থাকে তবে মাজিষ্ট্রেট সাহেবের আদালতে তাহার যে দিনে উপস্থিত হইতে হইবে, কিম্বা তাহাকে প্রহরির সতর্কতায় প্রেরণ করা গেলে ঐ আদালতে তাহার যে দিনে উপস্থিত হইবার সম্ভাবনা, উক্ত নিরূপিত দিন সেই দিন হইবে ।

যে কর্ম্মকারকের সাক্ষাতে প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করা যায়, তিনি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপন রিপোর্টের সঙ্গে সেই প্রতিজ্ঞাপত্র প্রেরণ করিবেন ।

মাজিষ্ট্রেট সাহেবের আদালতে বাদির কি সাক্ষিদের গমন কালে পোলীসের কোন কর্ম্মকারক তাহারদের সঙ্গে২ যাইবে না ইতি ।

[বাদী ও সাক্ষিদিগকে অবরোধ না করিবার কথা ।]

১৫১ ধারা । পোলীসের কর্ম্মকারক কোন বাদিকে কি সাক্ষিকে অবরোধ করিবেন না, ও অনাবশ্যক ক্লেশ দিবেন না । ও আপনাদের প্রতিজ্ঞাপত্রভিন্ন তাহাদের উপস্থিত হইবার অন্য প্রাতিভাব্য চাহিবেন না ।

[বাদিরা ও সাক্ষিরা যাইতে স্বীকার না করিলে তাহারদিগকে প্রহরির জিম্মায় পাঠাইবার কথা ।]

কিন্তু যদি কোন বাদী কি সাক্ষী উপস্থিত হইতে, কিম্বা ৫০ ধারার নির্দ্দিষ্ট প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিতে স্বীকার না করে, তবে পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক ঐ বাদিকে কি সাক্ষিকে প্রহরির সতর্কতায় মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে পারিবেন । সেই প্রতিজ্ঞাপত্র যত কাল না করে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যত কাল সেই মোকদ্দমা শুনা না যায়, মাজিষ্ট্রেট সাহেব তত কাল ঐ বাদিকে কি সাক্ষিকে রুদ্ধ করিতে পারিবেন ইতি ।

[ব্যক্তিদিগকে ধৃত করিলে পোলীসের রিপোর্ট করিবার কথা ।]

১৫২ ধারা । যাহারা পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারকদের ক্ষমতার ব্যাপ্য স্থানের মধ্যে ধৃত হয, তাহাদের দর্শনপ্রতিভূ গ্রহণ করা গেলে কি না গেলেও ঐ কর্ম্মকারকেরা জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেব অন্য যে মাজিষ্ট্রেটের নিকট রিপোর্ট করিতে আজ্ঞা করেন তাঁহার নিকটে ঐ ব্যক্তির ধৃত হইবার রিপোর্ট করিবেন ।

[ধৃত ব্যক্তিকে মুক্ত করিবার কথা ।]

কোন ব্যক্তি ধৃত হইলে সেই ব্যক্তির স্থানে দর্শনপ্রতিভূ কিম্বা তাহার স্বাক্ষরিত প্রতিজ্ঞাপত্র না লইয়া, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের বিশেষ আজ্ঞা না হইলে, তাহাকে মুক্ত করা যাইবে না ইতি ।

[Police to enquire and report on unnatural and sudden deaths.]

153. Unless otherwise provided by any local or special law, the officer in charge of a Police station, on receiving notice or information of the unnatural or sudden death of any person, shall immediately give intimation to the nearest Magistrate, and proceed to the place where the body of such deceased person is, and there in the presence of two or more respectable inhabitants of the neighbourhood, shall make enquiry, and report the apparent cause of death, describing any mark of violence which may be found on the body, and stating in what manner or by what weapon or instrument such mark appears to have been inflicted.

The report shall be signed by such Police officer and other persons or by so many of them as concur therein, and shall be forthwith forwarded to the Magistrate.

When there may be any doubt regarding the cause of death, such Police officer shall forward the body with a view to its being examined by the Civil Surgeon, if the state of the weather and the distance admit of its being so forwarded without risk of putrefaction on the road.

[Substitute for officer in charge of Police station during his absence or illness.]

154. The powers to be exercised by an officer in charge of a Police station under this chapter shall be exercised, in the event of his absence or illness, by the Police officer next in rank present at the Police station, above the rank of a constable.

CHAPTER X.

OF CONTEMPTS AND DISOBEDIENCE OF ORDERS.

[Procedure in certain cases of contempt.]

155. When any such offence as is described in section 175, 178, 179, 180 or 228 of the Indian Penal Code, is committed in the view or presence of any Court of Justice, the Court may cause the offender, whether he be a European British subject or not, to be detained in custody, and at any time before the rising of the Court on the same day may take cognizance of the offence and adjudge the offender to punishment by fine not exceeding two hundred rupees, or by imprisonment in the civil jail for a period not exceeding one month, unless such fine be sooner paid.

In every such case the Court shall record the facts constituting the contempt, with any statement the offender may make, as well as the finding and sentence.

[অপঘাত ও অকস্মাৎ মৃত্যুর অনুসন্ধান করিয়া রিপোর্ট করিবার কথা।]

১৫৩ ধারা। যদি স্থানীয় কি বিশেষ আইনেতে প্রকারান্তরের বিধান না থাকে, তবে পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক কোন ব্যক্তির অপঘাত কি অকস্মাৎ মৃত্যুর জ্ঞাপনি কি সম্বাদ পাইলে তাঁহার কর্ত্তব্য যে অবিলম্বে নিকটস্থ মাজিষ্ট্রেট সাহেবকে সেই কথা জ্ঞাত করিয়া ঐ মৃত ব্যক্তির দেহ যে স্থানে থাকে সেই স্থানে গমনপূর্ব্বক দুই কি ততোধিক সম্ভ্রান্ত প্রতিবাসির সাক্ষাতে ঐ মৃত্যুর দৃষ্ট কারণের অনুসন্ধান করিয়া তাহার রিপোর্ট লেখেন, ও শরীরে আঘাতের কোন চিহ্ন দেখা গেলে তাহার প্রকারাদি, ও সেই আঘাত যে প্রকারে ও যে অস্ত্র কি যন্ত্রদ্বারা হইবার মত দেখায় তাহাও লিখিবেন।

পোলীসের ঐ কর্ম্মকারক ও অন্য ব্যক্তিরা, কিম্বা তাহারদের ক[illegible]জন ঐ রিপোর্টের কথায় সম্মত হন তাঁহারা তাহাতে স্বাক্ষর করিবেন। ও সেই রিপোর্ট অগৌণে মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠান যাইবে।

যে কারণে মৃত্যু হইয়াছে যদি তদ্বিষয়ে কোন সন্দেহ থাকে তবে কাল ও স্থানের দূরত্ব বিবেচনায় ঐ শব পথে পচিয়া যাইবার আশঙ্কাবিনা সিবিল চিকিৎসক সাহেবের নিকটে পাঠান যাইতে পারিলে, পোলীসের কর্ম্মকারক ঐ সাহেবের দৃষ্টির জন্যে ঐ দেহ প্রেরণ করিবেন ইতি।

[পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক অনুপস্থিত কি পীড়িত হইলে তাঁহার প্রতিনিধির কথা।]

১৫৪ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারক যদি অনুপস্থিত থাকেন কি পীড়িত হন তবে এই অধ্যায়মতে তাঁহার যে ক্ষমতা আছে তাহার অধীন পদস্থ যে কর্ম্মকারক থানায় থাকেন, তিনি সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন কিন্তু কনষ্টাবলের উচ্চ শ্রেণীর কর্ম্মকারক না হইলে করিবেন না ইতি।

দশম অধ্যায়।

অবজ্ঞার ও আজ্ঞা অমাননসংক্রান্ত বিধি।

[কোন২ স্থলে অবজ্ঞা হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৫৫ ধারা। যখন কোন আদালতের দৃষ্টিগোচরে কি সাক্ষাতে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭৫, ১৭৮, ৭৯ ১৮০ কি ২২৮ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ করা যায়, তখন অপরাধী ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে কি না হইলেও, ঐ আদালত তাহাকে প্রহরির নিকটে অবরুদ্ধ করিতে পারিবেন, ও সেই দিনে আদালত ভঙ্গ হইবার পূর্ব্বে কোন সময়ে ঐ অপরাধের বিচার করিয়া অপরাধির দুই শত টাকার অনধিক অর্থদণ্ডের, কিম্বা দেওয়ানী কারাগারে এক মাসের অনধিক কাল বদ্ধ হইবার আজ্ঞা করিতে পারিবেন। ইতিমধ্যে ঐ অর্থদণ্ড দেওয়া গেলেই তাহাকে মুক্ত করা যাইবে।

উক্ত প্রত্যেক স্থলে যে কার্য্যদ্বারা অবজ্ঞা হইল, ও অপরাধী সেই বিষয়ে যে কোন উত্তর করিল, ও আদালতের যে বিচার ও দণ্ডাজ্ঞা হয়, আদালত তাহা রিকার্ড করিবেন।

If the Court, in any case, considers that a person accused of any offence above referred to should be imprisoned, or that a fine exceeding two hundred rupees should be imposed upon him, such Court, after recording the facts constituting the contempt and the statement of the accused person as before provided, shall forward the case to a Magistrate, or, if the accused person be a European British subject, to a Justice of the Peace and shall cause bail to be taken for the appearance of such accused person before such Magistrate or Justice of the Peace, or if sufficient bail be not tendered, shall cause the accused person to be forwarded under custody to such Magistrate or Justice of the Peace

If the case be forwarded to a Magistrate, he shall proceed to try the accused person in the manner provided by this Act for trials before a Magistrate, and such Magistrate may adjudge the offender to punishment, as provided in the section of the Indian Penal Code under which he is charged

If the case be forwarded to a Justice of the Peace, he shall enquire into the circumstances, and shall have the same powers of punishing the offender as are vested by the statute 53 George III, c 155, s 105, in a Justice of the Peace for the punishment of an assault, and may deal with the offender in the same manner as is provided in that behalf in the said statute

If such Justice of the Peace shall consider the offence to require a punishment more severe than he is competent to award under the said statute he may commit the offender to the High Court

In no case tried under this section shall any Magistrate adjudge imprisonment or a fine exceeding two hundred rupees for any contempt committed in his own presence against his own Court

[Discharge of offender on submission or apology]

156 When any Court has adjudged an offender to punishment or forwarded him to a Magistrate or Justice of the Peace for trial under section 155, for refusing or omitting to do any thing which he was lawfully required to do, or for any intentional, insult or interruption, the Court may discharge the offender, or remit the punishment, on his submission to the order or requisition of such Court, or on apology being made to its satisfaction

